সাক্ষাৎ ও বিদায়কালে মুআনাকা করা

প্রশ্ন : মুআনাকা কয়বার করতে হয় এবং তা কি শুধু সাক্ষাতের সময়ই করতে হয়, নাকি বিদায়কালেও?

উত্তর : সফর থেকে আগমনকারী বা দীর্ঘদিন পর সাক্ষাৎকারী ব্যক্তির সাথে সাক্ষাৎকালে মুআনাকা করা সুন্নাত। তবে ওই সুন্নাত একবার মুআনাকার (গলা মেলানোর) দ্বারা আদায় হয়ে যায়। আমাদের দেশে তিনবার মুআনাকার যে প্রচলন রয়েছে তার প্রমাণ কোনো কিতাবে পাওয়া যায় না। বিদায়কালে মুআনাকা থেকে বিরত থাকা বাঞ্ছনীয়। (৫/১৪২/৮৫৬)

Scanned by CamScanner

📖 فتاوی محمودیہ (ادارۂ صدیق) ۱۹/ ۱۱۸ : سوال- معانقہ کا سنت طریقہ کیا ہے بعض لوگوں کو دیکھا ہے کہ تین مرتبہ کاندھے سے ملتے ہیں اور بعض لوگ صرف ایک طرف ملتے ہیں صحیح طریقہ کیا ہے؟

الجواب- حامدا ومصلیا، صرف ایک طرف کافی ہے۔

ঈদের নামাযের পর মুআনাকা

প্রশ্ন : ঈদের নামাযের পর মুআনাকা করার বিধান কী?

উত্তর : ঈদ উপলক্ষে মুআনাকা করার কোনো ভিত্তি ইসলামী শরীয়তে নেই। তাই এ প্রথা বর্জনীয়। (৬/৫৫৩/১৩০৬)

📖 المعجم الأوسط (دار الحرمين) ١/ ٣٧ (٩٧) : عن أنس قال: «كان أصحاب النبي صلى الله عليه وسلم إذا تلاقوا تصافحوا، وإذا قدموا من سفر تعانقوا».

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٨١ : ونقل في تبيين المحارم عن الملتقط أنه تكره المصافحة بعد أداء الصلاة بكل حال، لأن الصحابة - رضي الله تعالى عنهم - ما صافحوا بعد أداء الصلاة، ولأنها من سنن الروافض اهـ ثم نقل عن ابن حجر عن الشافعية أنها بدعة مكروهة لا أصل لها في الشرع، وأنه ينبه فاعلها أولا ويعزر ثانيا ثم قال: وقال ابن الحاج من المالكية في المدخل إنها من البدع، وموضع المصافحة في الشرع، إنما هو عند لقاء المسلم لأخيه لا في أدبار الصلوات فحيث وضعها الشرع يضعها فينهى عن ذلك ويزجر فاعله لما أتى به من خلاف السنة اهـ

ঈদের দিন মুআনাকার প্রথা

প্রশ্ন : ঈদের দিন মুআনাকা করার কী হুকুম?

উত্তর : বিশেষভাবে ঈদের দিন মুআনাকা করার যে প্রথা বর্তমান সমাজে চলছে ইসলামের সোনালি যুগে তার প্রমাণ পাওয়া যায় না বিধায় তা পরিহারযোগ্য। (৬/৮০৭/১৪২৮)

Scanned by CamScanner

📖 المعجم الأوسط (دار الحرمين) ١/ ٣٧ (٩٧) : عن أنس قال: «كان أصحاب النبي صلى الله عليه وسلم إذا تلاقوا تصافحوا، وإذا قدموا من سفر تعانقوا».

📖 فتاوی رشیدیہ (زکریا) ص ١٤٨ : سوال- معانقہ کرنا بالخصوص عیدین کے روز کس درجہ کا گناہ ہے مکروہ ہے یا حرام؟

جواب- معانقہ ومصافحہ بوجہ تخصیص کہ اس روز میں اس کو موجب سرور اور باعث مؤدت اور ایام سے زیادہ مثل ضروری کے جانتے ہیں بدعت ہے اور مکروہ تحریمی اور علی الاطلاق ہر روز مصافحہ کرنا سنّت ہے ایسا ہی بشرائط خود یوم العید کے ہے اور علی ہذا معانقہ جیسا بشرائط خود دیگر ایام میں ہے ویسا ہی یوم عید کے ہے کوئی تخصیص اپنی رائے سے کرنا بدعت ضلالہ ہے۔

মহিলাদের পরস্পর মুআনাকা করা

প্রশ্ন : মহিলারা পরস্পর মুআনাকা করতে পারবে কি না? এবং পুরুষ-মহিলা মুআনাকা করতে পারবে কি না?

উত্তর : মহিলাদের পরস্পর সালাম-মুসাফাহার ওপর সমাপ্ত করাই শ্রেয়। মুআনাকা নিষেধ না হলেও বর্তমানে প্রচলিত মুআনাকা শরীয়তে বর্ণিত পদ্ধতিতে না হওয়ায় মহিলাদের পরস্পর মুআনাকা থেকে বিরত থাকাই শ্রেয়।
আর পুরুষের জন্য স্বীয় স্ত্রী ব্যতীত অন্য মাহরাম মহিলার সাথে মুসাফাহা-মুআনাকা থেকেও বিরত থাকা ভালো। (৮/৮২৬/২৩৫৫)

📖 الدر المختار (سعيد) ٦/ ٣٦٧ : (وما حل نظره) مما مر من ذكر أو أنثى (حل لمسه) إذا أمن الشهوة على نفسه وعليها «لأنه - عليه الصلاة والسلام - كان يقبل رأس فاطمة» وقال - عليه الصلاة والسلام -: «من قبل رجل أمه فكأنما قبل عتبة الجنة» وإن لم يأمن ذلك أو شك، فلا يحل له النظر والمس.

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٢٨ : وأما نظره إلى ذوات محارمه فنقول: يباح له أن ينظر منها إلى موضع زينتها الظاهرة والباطنة وهي الرأس والشعر والعنق والصدر والأذن والعضد والساعد والكف والساق والرجل والوجه، ...وما حل النظر إليه حل مسه

Scanned by CamScanner

ونظره وغمزه من غير حائل ولكن إنما يباح النظر إذا كان يأمن على نفسه الشهوة، فأما إذا كان يخاف على نفسه الشهوة فلا يحل له النظر، وكذلك المس إنما يباح له إذا أمن على نفسه وعليها الشهوة، وأما إذا خاف على نفسه أو عليها الشهوة فلا يحل المس له، ولا يحل أن ينظر إلى بطنها أو إلى ظهرها، ولا إلى جنبها، ولا يمس شيئا من ذلك، كذا في المحيط. وللابن أن يغمز بطن أمه وظهرها خدمة لها من وراء الثياب، كذا في القنية.

📖 احسن الفتاوی (سعید) ۸/ ۴۰۷ : الجواب- پاکستان اور ہندوستان کے عوام میں معانقہ کا مروجہ طریقہ کہ سینہ کے علاوہ پیٹ بھی ملادیتے ہیں اس کا بطریق خصوصیت نبویہ بھی کوئی ثبوت نہیں، علاوہ ازیں اس میں اور بھی کئی مفاسد ہیں، لہذا یہ رسم قبیح واجب الترک ہے۔

মুআনাকার সময় পঠিত দু'আ

প্রশ্ন : আমরা মুআনাকা করার সময় যে দু'আ পড়ে থাকি اللهم زد محبتي لله ورسوله এটা কি কোনো হাদীস দ্বারা প্রমাণিত? যদি হয়ে থাকে তাহলে তা কী এবং তার মান কী? এবং দু'আটি পড়ার শরয়ী হুকুম কী?

উত্তর : মুআনাকা করার বিষয়টি নবীজির হাদীস দ্বারা প্রমাণিত। তবে প্রচলিত দু'আটি আমরা কোনো হাদীসের কিতাবে পাইনি। হাদীসের কিতাবে এ ব্যাপারে যা পাওয়া যায় তা হলো রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) হযরত হাসান অথবা হুসাইন (রা.)-এর সাথে মুআনাকা করার সময় এ বলে দু'আ করেছিলেন :

اللّٰهُمَّ أحبه وأحب من يحبه

আর মুসলিম শরীফের বর্ণনায় দু'আটি এরূপ :

اللهم إني أحبه فأحبه وأحب من يحبه

উল্লিখিত হাদীসদ্বয়ের অর্থ ও মর্ম এবং প্রশ্নে বর্ণিত দু'আটির অর্থ প্রায় একই হওয়ার কারণে মুআনাকার সময় প্রশ্নে বর্ণিত দু'আটি পড়া যেতে পারে, তবে সুন্নাতের নিয়্যতে পড়বে না। (১৫/১৮৪/৫৯৩৬)

📖 صحيح البخاري (دار الحديث) ٢/ ٩١ (٢١٢٢) : عن أبي هريرة الدوسي رضي الله عنه، قال: خرج النبي صلى الله عليه وسلم في

Scanned by CamScanner

طائفة النهار، لا يكلمني ولا أكلمه، حتى أتى سوق بني قينقاع، فجلس بفناء بيت فاطمة، فقال «أثم لكع، أثم لكع» فحبسته شيئا، فظننت أنها تلبسه سخابا، أو تغسله، فجاء يشتد حتى عانقه، وقبله وقال: «اللّٰهُمَّ أحبه وأحب من يحبه»، قال سفيان: قال عبيد الله: أخبرني أنه رأى نافع بن جبير، أوتر بركعة ".

📖 سنن أبي داود (دار الحديث) ٤/ ٢٢١٠ (٥٢٢٠) : عن الشعبي، أن النبي صلى الله عليه وسلم: «تلقى جعفر بن أبي طالب فالتزمه، وقبل ما بين عينيه».

📖 جواہر الفقہ (مکتبۂ تفسیر القرآن) ۱ /۲۰۲ : بس مختصر بات یہی ہے کہ سنت رسول ﷺ اور تعامل صحابہ میں اس کی جو حد منقول ہے اس کو اسی حد پر رکھا جائے۔

Scanned by CamScanner

باب حقوق الوالدين

পরিচ্ছেদ : মা-বাবার হক

পিতা-মাতার গীবত করা ও তাদের মারধর করা

প্রশ্ন : আমাদের এলাকায় কিছু পরিবারের সন্তানরা পিতা-মাতার সাথে ভালো ব্যবহার করে না। এমনকি পিতা-মাতাকে মারধর পর্যন্ত করে এবং পিতা-মাতার গীবত করে। আর যে সমস্ত সন্তান পিতা-মাতা অসহায় হওয়ার পরও তাদের দেখাশোনা করে না, তাদের টাকা-পয়সা দেয় না—এমন অবস্থায় পিতা-মাতা যদি তাদের ওপর রাগ করে বলে তুই আমার বাড়ি থেকে বের হয়ে যা অথবা সম্পদ থেকে মাহরুম করে, তাহলে পিতা-মাতা গোনাহগার হবে কি না? এবং পিতা-মাতার গীবত করা সন্তানের জন্য বৈধ হবে কি না? যদি কোনো সন্তান পিতা-মাতার গীবত করে তাহলে শরীয়তে তার শাস্তি কী?

উত্তর : শরীয়তের আলোকে বিনা কারণে সন্তানকে সম্পদ থেকে মাহরুম করা বৈধ নয়। তবে সন্তান যদি বাস্তবে পিতা-মাতার অবাধ্য হয় এবং উক্ত সম্পদকে অপব্যবহার করার আশঙ্কা হয়—এমতাবস্থায় উক্ত সন্তানকে সম্পদ থেকে বঞ্চিত করা অবৈধ হবে না। আর পিতা-মাতাকে গালিগালাজ করা ও মারধর করা এবং গীবত করা জঘন্যতম অপরাধ। এর কঠোর শাস্তি আখিরাতে ভোগ করতে হবে। এ ধরনের সন্তানের পরিণাম ভালো হবে না দুনিয়াতেও। শরীয়তে এর কোনো নির্দিষ্ট শাস্তি নেই বিধায় উক্ত সন্তানের বিচার সামাজিকভাবে করা যেতে পারে। (১৫/২৫৫/৫৯৯০)

📖 سورة الإسراء الآية ٢٣- ٢٤ : ﴿وَقَضَىٰ رَبُّكَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا إِمَّا يَبْلُغَنَّ عِنْدَكَ الْكِبَرَ أَحَدُهُمَا أَوْ كِلَاهُمَا فَلَا تَقُلْ لَهُمَا أُفٍّ وَلَا تَنْهَرْهُمَا وَقُلْ لَهُمَا قَوْلًا كَرِيمًا ○ وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ وَقُلْ رَبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيَانِي صَغِيرًا﴾

📖 خلاصة الفتاوى (رشيديه) ٤/ ٤٠٠ : ولو كان ولده فاسقا فأراد أن يصرف ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه؛ لأن فيه إعانة على المعصية ولو كان ولده فاسقا لا يعطى له أكثر من قوته.

📖 رد المحتار (سعيد) ٤/ ٦٦ : وعزر كل مرتكب منكر أو مؤذي مسلم بغير حق بقول أو فعل.

Scanned by CamScanner

📖 الدرالمختار (سعيد) ٦/ ٤١٠ : بالفعل وبالتعريض وبالكتابة وبالحركة وبالرمز و (بغمز العين والإشارة باليد) وكل ما يفهم منه المقصود فهو داخل في الغيبة وهو حرام.

📖 احسن الفتاوی (سعید) ۹/ ۳۰۴ : الجواب- بے دین اولاد کو بقدر قوت سے زائد دینا خلاف اولی ہے، لہذا اپنے مصارف کے لئے یا کسی کار خیر میں لگانے کی نیت سے جائیداد فروخت کرنا جائز بلکہ مستحب ہے۔

📖 فتاوی حقانیہ (مکتبہ سید احمد) ۵/ ۱۶۹ : والدین کو مارنے یا گالی گلوچ کرنے پر شرعا کوئی حد مقرر نہیں بلکہ اس کی سزا حاکم وقت اور قاضی کی صوابدید پر ہے کہ وہ جرم کی نوعیت کے مطابق سزا تجویز کرے اگر کوڑے مارنے کی سزا تجویز کرے تو یہ سزا انتالیس کوڑوں سے زیادہ اور تین سے کم نہ ہو یا پھر اس کو جیل میں اس وقت تک ڈال دیا جائے جب تک کہ وہ اپنے جرم سے توبہ نہ کرے۔

পিতার-মাতার অসন্তুষ্টি সত্ত্বেও লেখাপড়া চালিয়ে যাওয়া

প্রশ্ন : আমি বর্তমানে একটি মাদরাসায় ইফতা প্রথম বর্ষে পড়ছি। মাদরাসার কানুন হলো, এই কোর্সে দুই বছর পূর্ণ করতেই হবে। এ শর্তের ওপরই আমি এখানে ভর্তি হয়েছি। প্রকাশ থাকে যে শর্তটি মুখে উচ্চারণ করা হয়নি। বরং ভর্তি ফরমে লিখিত ছিল। কিন্তু আফসোসের বিষয় হলো, আমাদের পারিবারিক আর্থিক অনটনের কারণে আমার পিতা-মাতা আমার লেখাপড়ার কারণে অসন্তুষ্ট। কারণ যদি আমি পড়ালেখা না করে চাকরি করতাম তাহলে কিছু হলেও তারা আর্থিক সচ্ছলতা পেতেন। এদিকে এক বছর পড়ে যদি চলে যাই তাহলে শর্ত ভঙ্গ হবে এবং উস্তাদরা মনে কষ্ট নেবেন। তাঁদের বদ দু'আ পড়ারও প্রবল আশঙ্কা রয়েছে। কারণ আমি নিয়মিত খিদমতের দ্বারা তিন-চারজন উস্তাদের মন জয় করতে পেরেছি। তাই আমি জানতে চাই,

১) বর্তমানে আমার করণীয় কী?
২) কার কথাকে প্রাধান্য দেব?
৩) মুস্তাহাব কাজের ক্ষেত্রে পিতা-মাতার কথা মেনে চলব, না পীর সাহেবের কথা মেনে চলব?

উত্তর : জরুরত পরিমাণ ইলমে দ্বীন অর্জন করা প্রত্যেক মুসলমানের জন্য ফরযে আইন, তার বেশি অর্জন করা ফরযে আইন নয়। যদি মা-বাবা খিদমত ও জীবিকা নির্বাহের জন্য আর্থিক সাহায্য-সহযোগিতার মুখাপেক্ষী হন তাহলে তাঁদের খিদমত করা ওয়াজিব। তাই প্রশ্নোক্ত অবস্থায় আপনার জন্য আপনার মা-বাবার কথাকে প্রাধান্য

Scanned by CamScanner

দেওয়া ও তাঁদের খিদমত করা জরুরি। উস্তাদ ও পীর সাহেবের কাছে গিয়ে পারিবারিক অবস্থা এবং পিতা-মাতার নির্দেশ শুনিয়ে তাঁদের কাছ থেকে অনুমতি নিয়ে মাতা-পিতার খিদমত করতে গেলে ওয়াদা ভঙ্গের গোনাহ হবে না এবং উস্তাদদের বদ দু'আও লাগবে না। (১৯/৬৩২)

📖 سورة الإسراء الآية ٢٣ : ﴿وَقَضَىٰ رَبُّكَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا إِمَّا يَبْلُغَنَّ عِندَكَ الْكِبَرَ أَحَدُهُمَا أَوْ كِلَاهُمَا فَلَا تَقُل لَّهُمَا أُفٍّ وَلَا تَنْهَرْهُمَا وَقُل لَّهُمَا قَوْلًا كَرِيمًا﴾

📖 سنن أبي داود (دار الحديث) ٤/ ٢١٢٦ (٤٩٩٥) : عن زيد بن أرقم، عن النبي صلى الله عليه وسلم، قال: «إذا وعد الرجل أخاه، ومن نيته أن يفي له فلم يف ولم يجئ للميعاد فلا إثم عليه».

📖 الدر المختار (سعيد) ٦/ ٤٠٨ : وله الخروج لطلب العلم الشرعي بلا إذن والديه.

📖 رد المحتار (سعيد) ٦/ ٤٠٨ : (قوله وله الخروج إلخ) أي إن لم يخف على والديه الضيعة بأن كانا موسرين، ولم تكن نفقتهما عليه. وفي الخانية: ولو أراد الخروج إلى الحج وكره ذلك قالوا إن استغنى الأب عن خدمته فلا بأس، وإلا فلا يسعه الخروج، فإن احتاجا إلى النفقة ولا يقدر أن يخلف لهما نفقة كاملة أو أمكنه إلا أن الغالب على الطريق الخوف فلا يخرج، ولو الغالب السلامة يخرج.

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٦٥ : وقال محمد - رحمه الله تعالى - في السير الكبير إذا أراد الرجل أن يسافر إلى غير الجهاد لتجارة أو حج أو عمرة وكره ذلك أبواه فإن كان يخاف الضيعة عليهما بأن كانا معسرين ونفقتهما عليه وماله لا يفي بالزاد والراحلة ونفقتهما فإنه لا يخرج بغير إذنهما.

জালেম-ফেতনাবাজ পিতার সাথে সন্তানের করণীয়

প্রশ্ন : জনৈক ব্যক্তির পিতা ইংরেজি শিক্ষিত ও দ্বীনদার, তবে খুবই খিটখিটে মেজাজ। সাধারণ ব্যাপারেও তাঁর মেজাজ গরম হয়ে যায় এবং মানুষের সাথে ঝগড়া-বিবাদ লেগেই থাকেন। অধিকাংশ ক্ষেত্রে তিনি দ্বীনি ও দুনিয়াবী কাজগুলো নিজের ইচ্ছাস্বাধীন মতো করতে ভালোবাসেন। কখনো তিনি দ্বীনি কাজগুলো নিজ ইচ্ছামতো করতে গিয়ে মারাত্মক আকারের ফেতনা সৃষ্টি করে যাচ্ছেন। সাথে সাথে দুনিয়াবী কাজের মধ্যে

Scanned by CamScanner

অনেক ক্ষেত্রে ফেতনা হয়ে গেছে। আর বাড়িতে তাঁর বিবি-বাচ্চাদের সাথে চরম দুর্ব্যবহার চালাতেই থাকেন। জায়গায়-বেজায়গায় তাঁর মাকে মানুষের সামনে ও আত্মীয়স্বজনের সামনে মারধর করতে, গালিগালাজ করতে ও অপমানিত করতে বিন্দুমাত্র কুণ্ঠা বোধ করেন না। তাঁর মাকে সর্বদা বান্দির ন্যায় খাটাতে থাকেন এবং তাঁর আরাম-আয়েশের দিকে লক্ষ করেন না। অসহায় মায়ের এই করুণ দৃশ্য দেখে বারবার বিভিন্নভাবে তাঁর সন্তানরা পিতাকে অনেক অনেক বুঝিয়েছে।

এখন প্রশ্ন হলো, সন্তানের উক্ত পিতার অত্যাচার হতে মাতাকে রক্ষা করার কী উপায় হতে পারে? এবং দ্বীন ও দুনিয়ার কাজসমূহ স্বাধীনভাবে সমাধানের কুফল হতে পিতাকে রক্ষা করার এমন কী উপায় বা সমাধান কোরআন-হাদীস বা শরয়ী কানুন মোতাবেক হতে পারে। অনুগ্রহপূর্বক তা বিস্তারিত জানালে আনন্দিত হব।

উত্তর : সন্তানের করণীয় হলো, তাদের পিতার হেদায়েতের জন্য মহান আল্লাহ তা'আলার কাছে দু'আ করা এবং নিম্নে বর্ণিত পদ্ধতিগুলো অবলম্বন করা :

(১) সম্মান ও আদবের প্রতি খেয়াল রেখে নম্রতা ও হিকমতের সহিত আরো ভালো করে বোঝানোর চেষ্টা করা। প্রয়োজনে এ কাজে পিতার কাছে বিশ্বস্ত ও নির্ভরযোগ্য এমন কোনো ব্যক্তির সহায়তা নেওয়া যেতে পারে।

(২) সম্ভব হলে কিছুদিনের জন্য পিতাকে তাবলীগে পাঠিয়ে দেওয়ার ব্যবস্থাও করা যেতে পারে।

(৩) কোনো হক্কানী পীর বা আলেমের সাথে সম্পর্ক স্থাপন করে দেওয়া যেতে পারে। আর এ পদ্ধতিই অধিক ফলপ্রসূ হওয়ার ব্যাপারে আশা করা যায়।

(৪) হক্কানী উলামায়ে কেরামের লিখিত বই-পুস্তক অধ্যয়নের জন্য ব্যবস্থা করে দেওয়া যেতে পারে। (১০/২২১/৩০১৩)

📖 رد المحتار (سعيد) ٤/ ٧٨ : في فصول العلامي: إذا رأى منكرا من والديه يأمرهما مرة، فإن قبلا فبها، وإن كرها سكت عنهما واشتغل بالدعاء والاستغفار لهما فإن الله تعالى يكفيه ما أهمه من أمرهما.

📖 جامع الفتاوی (ربانی بکڈپو) ۱/ ۴۸۹ : سوال-کیا لڑکے کو یہ حق حاصل ہے کہ اپنے والدین کو امر بالمعروف اور نہی عن المنکر کرے؟

جواب-حاصل ہے اگر والدین قبول کرلیں فبہا ونعمت ورنہ سکوت اختیار کرے اور ان کے لئے استغفار کرے ان کو امر بالمعروف کرنے میں احترام اور نرمی کا برتاؤ ضروری ہے-

📖 فتاوی محمودیہ (ادارۂ صدیق) ۱۹/ ۵۵ : سوال-میرے والد صاحب کی حرکتیں بے جا ہیں، انہوں نے اپنی بہو سے زناء کیلئے کہا وہ شراب بھی پیتے ہے مجھے ان کے ساتھ کیا سلوک کرنا چاہئے؟

Scanned by CamScanner

الجواب۔ کوشش کیجئے کہ وہ کسی صاحب نسبت بزرگ کی خدمت میں جایا کریں، موقع ملے تو ان کو ایسی تبلیغی جماعت کے ساتھ روانہ کر دیجئے جو صحیح طریقہ پر کام کرنے والی ہو جو اصول کی بھی پابندی کرے، اور ان کیلئے ہمیشہ دعاء خیر کرتے رہا کریں، اگر وہ پڑھنا جانتے ہوں تو حضرت اقدس اشرف علی تھانوی رحمہ اللہ تعالی کی دوسرے بزرگ کی کتابیں ان کو دیجئے کہ وہ ان کا مطالعہ کیا کریں، اگر وہ نہ پڑھیں تو خود کسی دوسرے سے ان کو کتابیں سنوائیں۔ اللہ پاک اصلاح فرمائے، اٰمین۔

জালেম ও ব্যভিচারী পিতার সাথে করণীয়

প্রশ্ন : আমার পিতা একজন জালেম ও ব্যভিচারী। পাড়া-প্রতিবেশীদের ওপর জুলুম ও হক নষ্ট করে। তিনবার ব্যভিচারী প্রমাণিত হয়েছেন। এমতাবস্থায় তাঁর সাথে আমার সম্পর্ক রাখা ঠিক হবে কি? এমনকি সম্প্রতি আমার ছোট ভাইয়ের বউয়ের সাথে ব্যভিচার করার কারণে আমার ছোট ভাই বউ তালাক দিতে বাধ্য হয়েছে। এখন আমার পিতার চেহারা দেখতেও আমার ঘৃণা লাগে। এত কিছু জানার পরও যদি আমার মা আমার পিতার সাথে সম্পর্ক রাখেন, আমার মায়ের সাথে কি আমার সম্পর্ক রাখা ঠিক হবে? কোরআন-হাদীসের আলোকে আমার করণীয় কী?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে পাপের জন্য পাপী নিজেই দায়ী এবং এর শাস্তি তাকেই ভোগ করতে হবে। তবে সামর্থ্য থাকা সত্ত্বেও পাপীকে পাপ থেকে বিরত রাখার চেষ্টা না করলে সেও কিয়ামতের দিবসে জিজ্ঞেসিত হবে। তবে বিরত রাখতে গিয়ে ভিন্ন কোনো পাপের পথ অবলম্বন করা যাবে না। জুলুম, অত্যাচার, ব্যভিচার যেমন পাপের কাজ; তেমনিভাবে মা-বাবার সঙ্গে দুর্ব্যবহার করাও অন্যায় কাজ। কাজেই আপনার পিতা-মাতাকে বিরত রাখতে গিয়ে আপনি সম্পর্ক ছিন্ন করে নতুন কোনো পাপ করবেন, এর অনুমতি শরীয়ত দেয় না। হ্যাঁ, এ ক্ষেত্রে আপনার করণীয় হলো, তাদের জন্য আল্লাহর দরবারে বেশি বেশি দু'আ ও ক্ষমা প্রার্থনা করা এবং নম্র ও মার্জনীয় ভাষায় তাদের নসীহত করা, সম্ভব হলে পিতাকে বুঝিয়ে তাবলীগের চিল্লায় পাঠিয়ে দেবে। আশা করা যায়, আল্লাহ পাক তাঁদেরকে সঠিক বুঝ দিয়ে দেবেন। আপনিও এই প্রচেষ্টার প্রতিদান পাবেন এবং তাঁদের পাপের দরুন আল্লাহর দরবারে জিজ্ঞেসিত হওয়া থেকে মুক্তি পাবেন। (১৬/২৩৭/৬৫০৬)

📖 رد المحتار (سعيد) ٤/ ٧٨ : في فصول العلامي: إذا رأى منكرا من والديه يأمرهما مرة، فإن قبلا فبها، وإن كرها سكت عنهما واشتغل بالدعاء والاستغفار لهما فإن الله تعالى يكفيه ما أهمه من أمرهما.

Scanned by CamScanner

📖 فتاوی محمودیہ (ادارۂ صدیق) ١٩/ ٥٥ : سوال- میرے والد صاحب کی حرکتیں بے جا ہیں، انہوں نے اپنی بہو سے زناء کیلئے کہا وہ شراب بھی پیتی ہے مجھے ان کے ساتھ کیا سلوک کرنا چاہئے؟

الجواب- کوشش کیجئے کہ وہ کسی صاحب نسبت بزرگ کی خدمت میں جایا کریں، موقع ملے توان کوایسی تبلیغی جماعت کے ساتھ روانہ کردیجئے جو صحیح طریقہ پر کام کرنے والی ہو جو اصول کی بھی پابندی کرے، اور ان کیلئے ہمیشہ دعاء خیر کرتے رہا کریں، اگر وہ پڑھنا جانتے ہوں تو حضرت اقدس اشرف علی تھانوی رحمہ اللہ تعالی کسی دوسرے بزرگ کی کتابیں ان کو دیجئے کہ وہ ان کا مطالعہ کیا کریں، اگر وہ نہ پڑھیں تو خود کسی دوسرے سے ان کو کتابیں سنوائیں۔ اللہ پاک اصلاح فرمائے، اٰمین۔

মা ও স্ত্রীর হকসমূহ

প্রশ্ন : আমার মায়ের মাথার সমস্যার কারণে এবং স্বভাবের রুক্ষতার কারণে স্ত্রীর সাথে একত্র করতে পারি না, ঝগড়া হয়ে থাকে। কিন্তু আমি মায়ের হক পুরো করতে গিয়ে স্ত্রীকে তালাক ছাড়া সব রকমের শাস্তি দিয়েছি। এখন আমি মায়ের জন্য দেশে বাড়িঘর করে খাবারদাবারের ব্যবস্থা করা সত্ত্বেও মা ঢাকার বাড়ি আসতে চান। আমি অন্যায়কে ভয় করি, তাই নাও করতে পারি না। কিন্তু ঢাকা এলে যে সমস্যা হচ্ছে, তার সমাধান কী হবে, তাও জানি না। অতএব মা ও স্ত্রীর কী কী হক রয়েছে? বিস্তারিত বলে দেবেন এবং আমার মাকে আমি ঢাকা আনব কি না, তাও জানাবেন।

উত্তর : শরীয়তে মা এবং স্ত্রী উভয়ের হক আদায়ের প্রতি গুরুত্বারোপ করা হয়েছে। সুতরাং শরীয়তের বিধান অনুযায়ী উভয়ের হক আদায়ের প্রতি যত্নবান হতে হবে। মায়ের হক আদায় করতে গিয়ে স্ত্রীর প্রতি জুলুম ও অন্যায় করা কখনো জায়েয হবে না। মায়ের সম্মান প্রদর্শন এবং প্রয়োজনে সার্বিক খিদমত করা যেমনি আপনার দায়িত্ব, তেমনিভাবে স্ত্রী যদি একা থাকতে চায় তার ব্যবস্থা করাও আপনার কর্তব্য। সুতরাং আপনার স্ত্রীর যদি ঢাকা একা থাকতে চায়, তাহলে আপনি আপনার মাকে বুঝিয়ে সার্বিক খিদমতের ব্যবস্থা করে দেশের বাড়িতে রাখার চেষ্টা করবেন। আর যদি আপনার স্ত্রী খুশিমনে আপনার মাকে ঢাকা আনতে সম্মতি প্রদান করে তাহলে ঢাকায় নিয়ে আসতে পারেন, তবে শরীয়তের দৃষ্টিতে মায়ের সার্বিক খিদমতের দায়িত্ব আপনার ওপরই থাকবে। স্ত্রীর ওপর শ্বশুর-শাশুড়ির খিদমত করা ওয়াজিব বা ফরয নয়। কোনো রকম চাপ সৃষ্টি ছাড়া খুশিমনে করতে চাইলে ভালো কথা, নচেৎ আপনি নিজে বা খাদেম রেখে মায়ের খেমদত করবেন। আরো বিস্তারিত জানার জন্য হক্কানী উলামায়ে কেরামের লিখিত মাতা-পিতা ও স্ত্রীর হকসংক্রান্ত পুস্তিকাদি পাঠ করতে পারেন। (১২/৫৪৪/৪০২৮)

Scanned by CamScanner

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ١٢٠٨ (٣٦٦٢) : عن أبي أمامة، أن رجلا قال: يا رسول الله، ما حق الوالدين على ولدهما؟ قال: «هما جنتك ونارك».

📖 سنن أبي داود (دار الحديث) ٢/ ٩١٨ (٢١٤٢) : عن حكيم بن معاوية القشيري، عن أبيه، قال: قلت: يا رسول الله، ما حق زوجة أحدنا عليه؟، قال: «أن تطعمها إذا طعمت، وتكسوها إذا اكتسيت، أو اكتسبت، ولا تضرب الوجه، ولا تقبح، ولا تهجرإلا في البيت.

📖 مبسوط السرخسي (دار المعرفة) ٥/ ٢٠٦ : لأن المستحق عليها بالنكاح تسليم النفس إلى الزوج للاستمتاع وما سوى ذلك من الأعمال تؤمر به تدينا ولا تجبر عليه في الحكم نحو كنس البيت وغسل الثياب والطبخ والخبز.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٣ / ٦١٢ : وإنما ذكروا عدم الوجوب للزوجة، نعم صرحوا بأن الأب إذا كان مريضا أو به زمانة يحتاج إلى الخدمة فعلى ابنه خادمه.

📖 فتاوی دار العلوم (مکتبۂ دار العلوم) ٨/ ۴١٢ : زید کو اس حالت میں یہ کرنا چاہئے کہ اپنی زوجہ کو لے کر علیحدہ رہے اور والدین کی خدمت اور فرمانبرداری کرتا رہے اور جو کچھ ان کا حق ہے ادا کرے تاکہ دارین میں فلاح پاوے۔

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۵ / ١٧۵ : الجواب—بیوی اگر اپنی خوشی سے شوہر کے والدین کی خدمت کرتی ہے تو یہ بہت اچھی بات ہے، اور بیوی کے لئے موجب سعادت، لیکن یہ اخلاقی چیز ہے نہ کہ قانونی، اگر شوہر کے والدین سے الگ رہنا چاہے تو شوہر شرعی قانون کی رو سے بیوی کو اپنے والدین کی خدمت پر مجبور نہیں کر سکتا۔

স্ত্রীকে তালাক দেওয়ার জন্য সন্তানকে নির্দেশ দেওয়া

প্রশ্ন : কোনো পিতা যদি ছেলেকে আদেশ করে যে তোমার স্ত্রীকে তালাক দাও, তাহলে ছেলের কী করণীয় রয়েছে? শরীয়তের দৃষ্টিতে বিষয়টি জানিয়ে বাধিত করবেন।

উত্তর : শরীয়তসম্মত কারণ ছাড়া পিতা-মাতা পুত্রবধূকে তালাক দেওয়ার আদেশ করা নাজায়েয এবং তা পালন করা ছেলের জন্য জরুরি নয়। বরং বিনা কারণে তালাক দিলে

Scanned by CamScanner

ছেলে গোনাহগার হবে। তবে শরীয়তসম্মত কারণ বিদ্যমান থাকলে ও নিরুপায় হয়ে প্রয়োজনে এক তালাক দেওয়া যেতে পারে। (১৬/২১০/৬৪৬২)

📖 مسند أحمد (مؤسسة الرسالة) ٣٦/ ٣٩٢ (٢٢٠٧٥) : عن معاذ قال: أوصاني رسول الله صلى الله عليه وسلم بعشر كلمات قال: " لا تشرك بالله شيئا وإن قتلت وحرقت، ولا تعقن والديك، وإن أمراك أن تخرج من أهلك ومالك، الحديث -

📖 مرقاة المفاتيح (أنور بكڈپو) ١/ ٢٣٥ : أما باعتبار أصل الجواز فلا يلزمه طلاق زوجة أمراه بفراقها، وإن تأذيا ببقائها إيذاء شديدا؛ لأنه قد يحصل له ضرر بها، فلا يكلفه لأجلهما؛ إذ من شأن شفقتهما أنهما لو تحققا ذلك لم يأمراه به فإلزامهما له مع ذلك حمق منهما، ولا يلتفت إليه، وكذلك إخراج ماله -

📖 فتاوی محمودیہ (زکریا) ۴ / ۵۱ : جبکہ بیوی میں دینی اخلاقی معاشرتی کسی قسم کی خرابی نہیں اور وہ اپنے شوہر کے والدین کو نہیں ستاتی بلکہ ان کی خدمت کرتی ہے اور ان کو خوش رکھتی ہے ادھر شوہر کو یہ بھی اندیشہ ہے کہ اگر بیوی کو طلاق دیدی بیوی کی حق تلفی ہوگی، تو ان مجموعی حالات کی پیش نظر طلاق نہیں دینی چاہئے طلاق نہ دینے سے زید گنہگار نہیں ہوگا۔

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ۸/ ۴۱۶ : اگر حقیقت میں بیوی کا قصور نہ ہو اور والد اپنے بیٹے کو طلاق دینے پر مجبور کریں تو ان کی اطاعت ضروری نہیں ہے ایسی صورت میں طلاق دینا جائز نہ ہوگا، والد کو بھی اپنی بات پر اصرار نہ کرنا چاہئے اور لڑکے کو طلاق دینے پر مجبور نہ کرنا چاہئے، طلاق دینے سے بچوں کی پرورش تعلیم و تربیت پر بھی بڑا اثر پڑتا ہے۔

বিয়ের পর মেয়েদের ওপর মা-বাবার হক

প্রশ্ন : মেয়েদের ওপর মা-বাবার হক বিয়ের পর বাকি থাকে কি? থাকলে বিস্তারিত জানাবেন।

উত্তর : মেয়েদের ওপর পিতা-মাতার হক বিবাহের আগে ও পরে সমপর্যায়ের। তবে বিবাহের পর মেয়ে পিতা-মাতার হক আদায় করতে গিয়ে স্বামীর হক যাতে কোনোভাবে খর্ব না হয় সে দিকে পূর্ণ খেয়াল রাখতে হবে। (১০/২৯/২৯৮৪)

📖 فتاوی دار العلوم (مکتبۂ دار العلوم) ۸/ ۴۱۷ : اعلیٰ قدر مراتب دونوں کی اطاعت ضروری ہے، جو امور متعلق حق شوہری کے ہیں ان میں شوہر کی اطاعت ضروری ہے اور

Scanned by CamScanner

جو امور متعلق والدین کی خدمت وراحت کے ہیں ان میں والدین کی اطاعت لازم ہے، یہ نہیں کہ ایک کی وجہ سے دوسرے کے حقوق ادانہ کرے کیونکہ خدا تعالی کی نافرمانی میں کسی کی اطاعت درست نہیں۔

অবাধ্য সন্তানকে ত্যাজ্য করা

প্রশ্ন : যে ছেলে পিতাকে শারীরিকভাবে নির্যাতন, অপমান, হয়রানি, মিথ্যা অপবাদ, সমাজে মান-সম্মানহানি করেছে–এমন অবাধ্য সন্তানকে শরীয়তে ত্যাজ্য করা যাবে কি না বা দেশের প্রচলিত আইনের আশ্রয় নেওয়া যাবে কি না?

উত্তর : মাতা-পিতাকে অকারণে কষ্ট দেওয়া মহা অপরাধ। আল্লাহ তা'আলা এর শাস্তি আখিরাতে দেবেন। দুনিয়াতেও সন্তান এর মন্দ পরিণাম ভোগ করবে। এর প্রতিরোধ পিতা সামাজিকভাবে করতে পারেন। তবে ত্যাজ্য করা ইসলামে গ্রহণযোগ্য নয়। এ ধরনের অবাধ্য সন্তানকে সম্পত্তি থেকে বঞ্চিত করতে হলে তার পদ্ধতি হলো, অন্য ওয়ারিশদের সম্পত্তি দান করে যাওয়া। (৮/৪৮২/২২৩৩)

📖 کفایت المفتی (امدادیہ) ۸/ ۴۰۲ : جو لڑکا والدین کا نافرمان ہو، انہیں ایذا پہنچائے وہ تو خود ہی عاق ہے یعنی نافرمان، رہا یہ کہ عاق کردینا یعنی اس کو میراث سے محروم کردینا تو یہ کوئی شرعی بات نہیں ہے اور نہ شرعا اس کی اجازت ہے اگرچہ عوام میں یہ بات مشہور ہے مگر بے اصل ہے۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴/ ۴۳۹ : الجواب- لڑکے کی سعادت اس میں ہے کہ والدین کی اطاعت کرے اور اپنی خواہش پر ان کی خواہش کو غالب رکھے، لیکن اگر اس کے قلب میں ہندہ کی محبت اتنی گھر کر گئی ہے کہ وہ مجبور اور مغلوب ہو گیا، تو پھر والدین کو بھی اس کی رعایت چاہئے، اب جبکہ شادی کو اتنی مدت گذر گئی اور اثر بھی مرتب ہو گیا تو اس کی جدائی پر مجبور نہ کیا جاوے کہ اس میں بہت سے مفاسد ہیں، شریعت میں عاق کرنا لغو ہے اس کا کوئی اثر نہیں پڑتا، اگر والد باضابطہ تحریر لکھ دیں کہ میرے انتقال کے بعد میرے ترکہ میں سے میرے فلاں بیٹے کو میراث نہ دی جائے تو شرعا یہ تحریر بالکل بیکار اور ناقابل عمل ہو گی، اور والد کے انتقال کے بعد وہ لڑکا بھی شرعا وراثت کا حقدار ہو گا، نافرمانی کی وجہ سے اس کا حصہ ختم نہیں ہو گا، نہ کم ہو گا۔

Scanned by CamScanner

তালাকপ্রাপ্তা মায়ের খিদমত

প্রশ্ন : পিতা-মাতার খিদমত করা ও তাদের কথা মানা আবশ্যক। কিন্তু আমার পিতা আমার মাকে আমি দুধের শিশু অবস্থায় তালাক দিয়ে বিদায় করে দেয়। আমার পিতাই আমাকে লালন-পালন করেছে এবং আমাকে মাদরাসায় লেখাপড়া করিয়ে হাফেজ-আলেম বানিয়েছে। আমার জন্য ওই মাতার সাথে দেখা-সাক্ষাৎ করা ও তার খিদমত করা জরুরি কি না? হলে আমার ওপর পিতার হক বেশি, না মাতার হক বেশি? যদি পিতা ওই মায়ের সাথে দেখা-সাক্ষাৎ খিদমত করাকে অপছন্দ করে, তাহলে আমার করণীয় কী?

উত্তর : ছেলের প্রতি মাতা-পিতা উভয়ের হক থাকলেও ক্ষেত্রবিশেষে মাতার হক বেশি। মা-বাবার সাথে সদ্ব্যবহার এবং তাদের প্রয়োজনীয় খিদমত করা আল্লাহ তা'আলার হুকুম। পিতার সন্তুষ্টির জন্য আল্লাহ তা'আলার হুকুমকে অমান্য করার অনুমতি নেই। পিতা অসন্তুষ্ট হলেও মায়ের প্রয়োজনীয় খিদমতও আঞ্জাম দেওয়া আপনার ঈমানী দায়িত্ব। তবে পিতাকে বুঝিয়ে সন্তুষ্ট করার চেষ্টা করবেন। অন্যথায় গোপনীয়তা রক্ষা করে মায়ের খিদমত করতে হবে। কোনো অবস্থায় মায়ের প্রয়োজনীয় খিদমত ছাড়ার অনুমতি নেই। (১১/৪৫০/৩৫৭৯)

📖 سنن الترمذی (دار الحديث) ٤/ ٨٧ (١٨٩٧) : عن بهز بن حكيم قال: حدثني أبي، عن جدي قال: قلت: يا رسول الله، من أبر؟ قال: «أمك» قال: قلت: ثم من؟ قال: «أمك» قال: قلت: ثم من؟ قال: «أمك» قال: قلت: ثم من؟ قال: «ثم أباك، ثم الأقرب فالأقرب.

📖 فتاوی محمودیہ (زکریا) ١٧/ ٤٣١ : سوال-کلام ربانی اور احادیث کے مطابق باپ کا حق ودرجہ مرتبہ زائد ہے یاماں کا؟

الجواب- احترام کے لحاظ سے باپ کا رتبہ زیادہ ہے اور خدمت کے لحاظ سے ماں کا حق زیادہ ہے-

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ٢/ ٤٤٨ : شریعت نے اولاد کیلئے والدین کو حسن سلوک اور تعاون میں برابر کے شریک قرار دیئے ہیں جبکہ بعض احادیث کے روشنی میں والدہ زیادہ حسن سلوک کی مستحق ہے، لہذا والد کے کہنے سے بیٹے کیلئے والدہ سے حسن سلوک سے پیش نہ آنا نامناسب ہے، کیونکہ اللہ تعالی نے قرآن پاک میں مختلف مقامات پر والدین کے ساتھ حسن سلوک کے بارے میں کسی ایک کی تخصیص نہیں فرمائی ہے، لہذا دونوں کے ساتھ حسن سلوک سے پیش آنا اور فرمانبرداری کرنا ضروری ہے-

Scanned by CamScanner

পিতা-মাতা, স্ত্রী-সন্তান এদের মধ্যে সর্বাধিক হক কার

প্রশ্ন : স্ত্রী-সন্তান, পিতা-মাতা থাকলে তাদের মধ্যে কার হক অগ্রগণ্য? সকলের হক পরিপূর্ণ আদায় করার সামর্থ্য না থাকলে ধারাবাহিকভাবে কার হক কিভাবে আদায় করব?

উত্তর : স্ত্রী ও সন্তানের ভরণপোষণের দায়িত্ব শরীয়ত কর্তৃক নির্ধারিত। পিতা-মাতা সামর্থ্যহীন হলে তখন তাদের ভরণপোষণ সন্তানের দায়িত্ব। সবার হক একত্রে আদায়ে সম্পূর্ণ অপারগ হলে প্রথমে স্ত্রী, দ্বিতীয় নম্বরে নাবালক সন্তান, তৃতীয় নম্বরে মাতা-পিতা অগ্রাধিকারযোগ্য বলে কিতাবে উল্লেখ রয়েছে। (১১/৮৫৪/৩৭৩২)

📖 الدر المختار (سعيد) ٣/ ٦١٢ : (فروع) لو لم يقدر إلا على نفقة أحد والديه فالأم أحق، ولو له أب وطفل فالطفل أحق به، وقيل يقسمها فيهما-

📖 البحر الرائق (سعيد) ٤/ ٢٢٣ : ولا يجبر الابن على نفقة ابويه المعسرين اذا كان معسرا.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٣ / ٦١٢ : وإنما ذكروا عدم الوجوب للزوجة، نعم صرحوا بأن الأب إذا كان مريضا أو به زمانة يحتاج إلى الخدمة فعلى ابنه خادمه.

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ٥/ ٢٣ : والدین اگر خود غنی ہوں تو اولاد کو ان کے اخراجات برداشت کرنے پر مجبور نہیں کیا جاسکتا، چاہے اولاد خوشحال ہی کیوں نہ ہو، لیکن جب والدین کا متبادل بندوبست نہ ہو توان کے اخراجات کے ذمہ داری بالغ اولاد پر عائد ہوتی ہے، تاہم اگر اولاد خود تنگدست ہو تو اسے اس کیلئے مجبور کرنا بھی مناسب نہیں۔

একজন ব্যক্তির আয়-রোজগারে কার কার হক আছে

প্রশ্ন : আমি চাকরি করি। ঢাকায় থাকি। আমার মাসিক আয় ৩৫ হাজার টাকা। মাসিক ব্যয় ২৫ হাজার টাকা। আমার বাবা নেই। মা জীবিত আছেন। তিনি ছোট ছেলের সাথে গ্রামের বাড়িতে থাকেন। আমার মা ও ভাই-বোন আর্থিকভাবে মোটামুটি সচ্ছল। আমার এই আর্থিক আয়-রোজগারের ওপর আমার মা, ভাই-বোনসহ অন্য নিকটাত্মীয়দের কোনো হক রয়েছে কি না? এবং থাকলে তার পরিমাণ কতটুকু?

Scanned by CamScanner

উত্তর : পিতা-মাতা আর্থিকভাবে অসচ্ছল হলে তাদের ভরণপোষণের ব্যয়ভার গ্রহণ করা সন্তানের নৈতিক ও ধর্মীয় দায়িত্ব, যা পালন করা আবশ্যক। অন্যথায় সন্তান গোনাহগার হবে। অনুরূপভাবে ভাই-বোন তথা রক্তের বন্ধন সম্পর্কীয় মাহরাম যাদের সাথে বিবাহ হারাম–এমন আত্মীয়দের কেউ যদি দরিদ্র এবং উপার্জনে অক্ষম হয় তবে তাকে সামর্থ্য অনুযায়ী আর্থিক সাহায্য-সহযোগিতা করাও জরুরি। তবে তারা আর্থিকভাবে সচ্ছল হলে তাদের সাহায্য করা জরুরি নয়, কিন্তু তা বড়ই পুণ্যের কাজ। অতএব প্রশ্নোক্ত অবস্থায় আপনার মা, ভাই-বোন ও রক্ত সম্পর্কীয় মাহরাম আত্মীয়স্বজনরা যদি অর্থনৈতিকভাবে পরিপূর্ণ সচ্ছল হয় এবং আপনার সাহায্যের প্রয়োজন না হয়–এমতাবস্থায় আপনার আয়-রোজগারে তাদের অনিবার্য হক না থাকলেও যথাসম্ভব মায়ের জন্য প্রতি মাসে কিছু টাকা পাঠানো উচিত। (১৭/২২৬/৭০১৭)

📖 الدر المختار (سعيد) ٣/ ٦٢١- ٦٢٣ : (و) تجب (على موسر) ولو صغيرا (يسار الفطرة) على الأرجح ورجح الزيلعي والكمال إنفاق فاضل كسبه. وفي الخلاصة: المختار أن الكسوب يدخل أبويه في نفقته. وفي المبتغى: للفقير أن يسرق من ابنه الموسر ما يكفيه إن أبى ولا قاضي ثمة وإلا أثم (النفقة لأصوله) ولو أب أمه ذخيرة (الفقراء) ولو قادرين على الكسب والقول لمنكر اليسار والبينة لمدعيه-

📖 رد المحتار (سعيد) ٣/ ٦٢٣ : (قوله الفقراء) قيد به؛ لأنه لا تجب نفقة الموسر إلا الزوجة (قوله ولو قادرين على الكسب) جزم به في الهداية، فالمعتبر في إيجاب نفقة الوالدين مجرد الفقر، قيل وهو ظاهر الرواية فتح، ثم أيده بكلام الحاكم الشهيد، وقال وهذا جواب الرواية. اهـ والجد كالأب بدائع، فلو كان كل من الابن والأب كسوبا يجب أن يكتسب الابن وينفق على الأب بحر عن الفتح: أي ينفق عليه من فاضل كسبه على قول محمد كما مر (قوله والقول إلخ) أي لو ادعى الولد غنى الأب

Scanned by CamScanner

باب الهدية

পরিচ্ছেদ : হাদিয়া

বাচ্চার জন্য দেওয়া হাদিয়ায় মা-বাবার তসরুফ

প্রশ্ন : হাবীবের একটি ছেলে হওয়ার পর আত্মীয়স্বজনদের পক্ষ থেকে অনেক জোড়া কাপড় এসেছে। তার মা-বাবা এখান থেকে কিছু দান অথবা ব্যবহার করতে পারবে কি না?

উত্তর : ছেলেমেয়ের জন্য কাপড়চোপড় ইত্যাদি যা উপহার হিসেবে আসে তা তাদেরই মালিকানায় থাকবে। সুতরাং পিতা-মাতার জন্য তা ব্যবহার বা কাউকে দান করা বৈধ নয়। যদি নষ্ট হওয়ার আশঙ্কা থাকে তাহলে বিক্রি করে তার মূল্য বাবদ পাওয়া টাকা হেফাজত করবে অথবা ছেলেমেয়ের প্রয়োজনে তাদের জন্য ব্যয় করবে। (৪/২০২)

📖 فتاوى قاضيخان (أشرفيه) ٣/ ١٤٨ : إذا وهب للصغير هبة فعوض الأب أو الوصى للواهب من مال الصغير لا يجوز لأنه تبرع -

📖 تنقيح الفتاوى الحامدية (دار المعرفة) ٢/ ٩٣ : (سئل) فيما إذا اتخذ زيد لخادمه عمرو كسوة وسلمها له ولبسها على سبيل التمليك ثم خرج الخادم من عنده ويريد زيد الآن أخذ الكسوة منه فهل ليس له ذلك والكسوة المزبورة صارت ملكا للخادم؟

(الجواب) : نعم اتخذ لولده الصغير ثيابا ثم أراد أن يدفع إلى ولد له آخر لم يكن له ذلك؛ لأنه لما اتخذه ثوبا لولده الأول صار ملكا للأول بحكم العرف فلا يملك الدفع إلى غيره إلا إذا بين للأول عند اتخاذه أنها عارية؛ لأن الدفع إلى الأول يحتمل الإعارة وإذا بين ذلك صح بيانه وكذا إذا اتخذ ثيابا لتلميذه فأبق التلميذ بعدما دفع فأراد أن يدفع إلى غيره فهو على هذا إن بين وقت الاتخاذ أنها إعارة يمكنه الدفع إلى غيره خانية من فصل هبة الوالد لولده والهبة للصغير-

(أقول) والتقييد بقوله فأبق التلميذ بعدما دفع يفيد الفرق بينه وبين الولد الصغير من حيث إن التلميذ لا يملكها إلا بعد الدفع إليه بخلاف الولد فإنه بمجرد اتخاذ الأب صارت ملكه؛ لأنه هو

Scanned by CamScanner

الذي يقبض له ولذا قيد الولد بالصغير أما الكبير فلا بد من التسليم أيضا كما صرح به في جامع الفتاوى ثم إن قوله إن بين وقت الاتخاذ إلخ يفيد أنه لو سلمها لتلميذه ولم يبين أنها إعارة ليس له دفعها إلى غيره ولعل وجهه أنه جعلها في مقابلة خدمته له فلا تكون هبة خالصة فلا يمكنه الرجوع فيها وإلا فما المانع منه تأمل قال المؤلف كتبت على صورة دعوى ما صورته حيث بين إقراره أنه بجهة التمليك فدعوى التمليك لا تسمع لما قاله الخير الرملي - رحمه الله تعالى - ناقلا عن جامع الفصولين في خلل المحاضر والسجلات برمز التتمة عرض علي محضر كتب فيه ملكه تمليكا صحيحا ولم يبين أنه ملكه بعوض أو بلا عوض قال أجبت أنه لا تصح الدعوى ثم رمز لشروط الحاكم اكتفى به في مثل هذا بقوله وهب له هبة صحيحة وقبضها ولكن ما أفاد في التتمة أجود وأقرب إلى الاحتياط. اهـ

বাচ্চার জন্য দেওয়া হাদিয়ায় হস্তক্ষেপ

প্রশ্ন : ক) আকীকার অনুষ্ঠানে সন্তানের নানার বাড়ি থেকে স্বেচ্ছায় আনীত জিনিসকে সন্তানের পিতার সম্পদের সাথে মিলিয়ে উভয় মালের সমষ্টি থেকে আকীকার অনুষ্ঠান করা জায়েয হবে কি না? প্রকাশ থাকে যে আনীত জিনিসগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো, ছাগল ও চাল। এর সাথে অন্য সামগ্রী। জানার বিষয় হলো, এ রকম অনুষ্ঠান জায়েয আছে কি না?

খ) আকীকার অনুষ্ঠানে যে সকল উপহার দেওয়া হয় ছেলের পিতার জন্য এই সম্পদগুলো নিজের মালিকানায় খরচ করা বৈধ হবে কি না? আর যদি বৈধ না হয় তাহলে উক্ত টাকা নাবালেগ ছেলের কাপড় ও ওষুধের জন্য ব্যয় করা বৈধ হবে কি না?

উত্তর : সন্তান ভূমিষ্ঠ হওয়ার সপ্তম দিনে তার আকীকা করা মুস্তাহাব। এ কাজটি বাবা, দাদা, নানা যে কেউ করতে পারেন। প্রত্যেকে পৃথক পৃথকভাবেও করতে পারেন, সম্মিলিতভাবেও করতে পারেন। সুতরাং প্রশ্নের বর্ণনা মতে নানা ও বাবা সম্মিলিতভাবে আকীকা করা জায়েয হবে। আকীকার অনুষ্ঠানে আনীত উপহার সন্তানের ব্যবহার উপযোগী বস্তু হলে তা সন্তানের বলে বিবেচিত হবে। টাকা-পয়সা বা অন্য সামগ্রী, অর্থাৎ সন্তানের জন্য উপযোগী নয়–এমন বস্তু হলে তখন পূর্বে থেকেই ফয়সালা করতে হবে, দাতা বাবার আত্মীয়স্বজন হলে এ বস্তু তাঁর বলে বিবেচিত হবে, আর মায়ের আত্মীয়স্বজন হলে ওই উপহারসামগ্রী মাতার বলে বিবেচিত হবে। সন্তানের নিজস্ব

Scanned by CamScanner

সম্পদ থাকাবস্থায় পিতা ধনী হওয়া সত্ত্বেও সন্তানের সম্পদ থেকে তার খরচ সমাধা করতে পারবে। (৯/৯৪৬/২৯৪১)

📖 سنن الترمذى (دار الحديث) ٣/ ٥١٠ (١٥٢٢) : عن سمرة قال: قال رسول الله صلى الله عليه وسلم: «الغلام مرتهن بعقيقته يذبح عنه يوم السابع، ويسمى، ويحلق رأسه».

📖 خلاصة الفتاوى (رشيديه) ٤ /٤٠٠ : رجل وهب للصغير شيئا من المأكول يباح للوالدين أن يأكلا منه، كذا روى عن محمد رجل اتخذ وليمة للختان فأهدى الناس هدايا ووضعوا بين... ... ويقول عند الهدية هذا للصبى أو لم يقل.

📖 الدر المختار (سعيد) ٥ /٦٩٦ : ويباح لوالديه أن يأكلا من مأكول وهب له، وقيل لا، انتهى، فأفاد أن غير المأكول لا يباح لهما إلا لحاجة وضعوا هدايا الختان بين يدي الصبي فما يصلح له كثياب الصبيان فالهدية له، وإلا فإن المهدي من أقرباء الأب أو معارفه فللأب أو من معارف الأم فللأم، قال هذا لصبي أو لا، ولو قال: أهديت للأب أو للأم فالقول له، وكذا زفاف البنت خلاصة وفيها: اتخذ لولده أو لتلميذه ثيابا ثم أراد دفعها لغيره ليس له ذلك ما لم يبين وقت الاتخاذ أنها عارية، وفي المبتغى: ثياب البدن يملكها بلبسها بخلاف نحو ملحفة ووسادة.

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۴ /۲۲۸ : تحفہ میں ملی ہوئی بکری کا عقیقہ جائز ہے۔

আকীকা ও খতনা অনুষ্ঠানে আসা হাদিয়া খরচ করা

প্রশ্ন : আমাদের এলাকায় সন্তান হলে সাত দিন পর আকীকা অনুষ্ঠান হয় এবং ছেলেকে খতনা করার সাত দিন পর একটি অনুষ্ঠান হয়। উক্ত অনুষ্ঠানে তার আত্মীয়স্বজন একত্রিত হয়। আর কেউ কেউ সন্তানদের কোলে নিয়ে স্বর্ণ-রুপা দেয়। আবার অনেক সময় দেখা যায়, বন্ধুর ছোট সন্তানকে আদর করে অনেক টাকা দেয়। জানার বিষয় হলো, পিতা উক্ত হাদিয়াগুলো পরিবারে খরচ করতে পারবে কি না?

উত্তর : আকীকার অনুষ্ঠানে আনীত উপহার সন্তানের ব্যবহার উপযোগী বস্তু হলে তা সন্তানের বলে বিবেচিত হবে। পিতা-মাতার জন্য বাচ্চাদের প্রয়োজন ছাড়া নিজেদের

Scanned by CamScanner

জরুরতে তা খরচ করা বৈধ হবে না। তবে নগদ টাকা-পয়সা সাধারণত অনুষ্ঠানের খরচের কারণে পিতা-মাতাকে সহযোগিতার উদ্দেশ্যে দেওয়া হয় বিধায় স্থান-কাল, পাত্র-বিশেষে পিতা-মাতা ওই টাকার মালিক হবে, যদি দাতাগণ বাচ্চার জন্য দেওয়ার কথা স্পষ্টভাবে উল্লেখ না করে থাকেন। (১৯/৬৩০/৮৩৪৩)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٦ : وضعوا هدايا الختان بين يدي الصبي فما يصلح له كثياب الصبيان فالهدية له، وإلا فإن المهدي من أقرباء الأب أو معارفه فللأب أو من معارف الأم فللأم، قال هذا لصبي أو لا، ولو قال: أهديت للأب أو للأم فالقول له.

📖 البحر الرائق (سعيد) ٧/ ٢٨٨ : أما لو اتخذ الأب وليمة للختان فأهدى الناس هدايا ووضعوا بين يدي الولد فإن كانت الهبة تصلح للصبي مثل ثياب الصبيان أو شيء يستعمله الصبيان فالهدية للصبي وإن كانت غير تلك كالدراهم والدنانير والحيوان ومتاع البيت ينظر إلى المهدي إن كان من أقرباء الأب أو معارفه فهو للأب وإن كان من أقرباء الأم أو معارفها فهو للأم وسواء كان المهدي يقول عند الهدية هذا للصبي أو لم يقل.

📖 بہشتی زیور ٥/ ٣٩٧ : ختنہ وغیرہ کسی تقریب میں چھوٹے بچوں کو جو کچھ دیا جاتا ہے اس سے خاص اس بچہ کو دینا مقصود نہیں ہوتا، بلکہ ماں باپ کو دینا مقصود ہوتا ہے اس لئے وہ سب نیوتہ بچہ کی ملک نہیں بلکہ ماں باپ اسکے مالک ہیں جو چاہیں سو کریں، البتہ اگر کوئی شخص خاص بچہ ہی کو کوئی چیز دیوے تو پھر وہی بچہ اسکا مالک ہے اگر بچہ سمجھدار ہے تو خود اسی کا قبضہ کر لینا کافی ہے جب قبضہ کر لیا تو مالک ہو گیا اگر بچہ قبضہ نہ کرے یا قبضہ کرنے کے لائق نہ ہو تو اگر باپ ہو تو اس کے قبضہ کر لینے سے اور اگر باپ نہ ہو تو دادا قبضہ کر لینے سے بچہ مالک ہو جائے گا۔

ছোট বাচ্চাদেরকে দেওয়া টাকার হুকুম

প্রশ্ন : একটি শিশুর বয়স এক বছর। শিশুকে আত্মীয়স্বজন বা প্রতিবেশীরা মাঝে মাঝে দেখতে আসে। তখন শিশুর হাতে বা কখনো শিশুকে দেওয়ার নামে শিশুর মা বা নানির হাতে টাকা দেয়। শিশুটি নানি বাড়িতেই থাকে। এরূপ শিশুর নামে টাকা জমতে জমতে ২০ হাজার টাকা হয়ে গেছে। টাকাগুলো শিশুর নানির কাছেই জমা ছিল। তিনি সাংসারিক বিভিন্ন কাজে খরচ করে ফেলেছেন। এখন এই টাকা সম্পর্কে শিশুর মা জানতে চায় যে এ টাকাগুলো কী করতে হবে? নানি খরচ করে ফেললেও এই টাকা

Scanned by CamScanner

যখন-তখন দিতে বা বাচ্চার জন্য খরচ করতে তৈরি আছে। টাকাগুলোর মালিক শিশু, নাকি শিশুর বাবা? কখন, কিভাবে এবং কার ওপর টাকাগুলোর খরচ করতে হবে?

উত্তর : প্রশ্নোক্ত ২০ হাজার টাকার মালিক শিশু। শিশুর অভিভাবক এ ধরনের টাকার মালিক হয় না। শিশুর অভিভাবক একমাত্র তার প্রয়োজনেই যেমন–খাদ্য, বস্ত্র ইত্যাদিতে উক্ত টাকা খরচ করতে পারবে। (৫/২৩৭/৮৮১)

📖 امداد الفتاوی (زکریا) ۳ /۴۸۰ : الجواب- فی الدر المختار ولطفل الفقیر الحر لأن نفقة المملوک علی ملکه والغنی فی ماله الحاضر (۵/۳۳۶) اس روایت سے معلوم ہوا کہ جو نابالغ مالک کسی مال کا ہو اول نفقہ اسی مال میں ہوگا مال کے ہوتے ہوئے باپ پر واجب نہ ہوگا، پس صورت مذکورہ میں یہ عطیات اس نابالغ کے ضروری نفقات میں صرف کر دیئے جائیں۔

বেনামাযী ও সুদি ব্যাংক আমানতকারীর হাদিয়া

প্রশ্ন : অনেক আত্মীয়স্বজন আমাকে বিভিন্ন সময়ে টাকা হাদিয়া দেয়। প্রশ্ন হলো, বেনামাযী এবং সুদি ব্যাংকে টাকা রাখে–এমন আত্মীয়ের হাদিয়া নেওয়া ঠিক হবে কি না?

উত্তর : আত্মীয়স্বজন তাদের হালাল ও বৈধ উপার্জন থেকে আপনাকে হাদিয়া দিয়ে থাকলে তা গ্রহণ করা বৈধ হবে, অন্যথায় বৈধ হবে না । (১৭/২৫/৬৯১৫)

📖 خلاصة الفتاوى (رشيديه) ٤/ ٣٤٨ : وفى الفتاوى: رجل أهدى إلى إنسان أو أضافه إن كان غالب مال المهدى حراما لا ينبغى أن يقبل ولا ياكل من طعامه حتى يخبره أن ذلك المال حلال ورثه أو استقرضه، ولو كان غالب ماله حلالا لا بأس به مالم يبين أنه حرام.

কোম্পানির হাদিয়া ডাক্তারদের গ্রহণ করা

প্রশ্ন : ডাক্তারদের ওষুধ কোম্পানির পক্ষ থেকে উপঢৌকন হিসেবে যে ওষুধ বা খাতা-কলম বা টাকা-পয়সা দেওয়া হয় তা ডাক্তারদের জন্য গ্রহণ করা বৈধ হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : রোগীর সঠিক অবস্থা বিবেচনায় এনে যে ওষুধ রোগীর জন্য ফলপ্রসূ তা প্রেসক্রিপশনে লেখা ডাক্তারের নৈতিক দায়িত্ব। এ দায়িত্ব আদায়ে কোনো রকম ত্রুটি না হওয়ার শর্তে ডাক্তারের জন্য ওষুধ কোম্পানির স্বেচ্ছায় প্রদত্ত প্রশ্নে বর্ণিত উপঢৌকন গ্রহণ করা অবৈধ বলা যাবে না। (১৬/৩২০/৬৪৮৯)

📖 الفتاوى البزازية مع الهندية (زكريا) ٦/ ٣٦٢ : ولا بأس بقبول هدية المستقرض؛ لأنها غير مشروطة فى القرض، فمن جرت عادته بالمهاداة قبل القرض فالأفضل القبول؛ لأن قبولها من حقوق المسلم على المسلم، وكذا إذا كان المهدى معروفا بالجود والسخاوة أو كانت بينهما مودة.

📖 فتاوی رشیدیہ (زکریا) ص ٥٢٧ : الجواب—اگر مباح میں سعی کی اور کچھ لیا بشرطیکہ کسی وجہ سے سعی کے ذمہ پر واجب نہ ہوئے تو درست ہے اور رشوت نہیں، سعى له عند السلطان وأتم أمره لا بأس بقبول هديته بعده وقبله بطلبه سحت وبدونه مختلف فيه، ومشايخنا على أنه لا بأس به-

ডাক্তারকে হাদিয়া/উপহার দেওয়া

প্রশ্ন : ডাক্তারদের হাদিয়া বা উপহার দেওয়া যাবে কি না?

উত্তর : ডাক্তারকে তার পরিশ্রমের বিনিময়ে ফির নামে হোক বা মজুরি নামে হোক বা হাদিয়া বা উপহার নামে হোক–সবই তার পারিশ্রমিক বলা হবে। নির্দিষ্ট পদ্ধতিতে ওই পারিশ্রমিক নিতে হয়। আর ডাক্তার হতে কোনো অবৈধ কাজ উদ্ধার করার জন্য টাকা-পয়সা বা কোনো জিনিস হাদিয়া নামে হোক বা যেকোনো নামে হোক ঘুষ বলা হবে। (২/১৬)

📖 البحر الرائق (سعيد) ٦ /٢٦٢ : وذكر الأقطع أن الفرق بين الهدية والرشوة أن الرشوة ما يعطيه بشرط أن يعينه والهدية لا شرط معها اهـ

📖 رد المحتار (سعيد) ٥/ ٣٦٢ : وفي الأقضية قسم الهدية وجعل هذا من أقسامها فقال: حلال من الجانبين كالإهداء للتودد وحرام منهما كالإهداء ليعينه على الظلم وحرام على الآخذ فقط، وهو أن يهدى ليكف عنه الظلم والحيلة أن يستأجره إلخ قال: أي في الأقضية هذا إذا كان فيه شرط أما إذا كان بلا شرط لكن يعلم

Scanned by CamScanner

يقينا أنه إنما يهدي ليعينه عند السلطان فمشايخنا على أنه لا بأس به، ولو قضى حاجته بلا شرط ولا طمع فأهدى إليه بعد ذلك فهو حلال لا بأس به وما نقل عن ابن مسعود من كراهته فورع، الرابع: ما يدفع لدفع الخوف من المدفوع إليه على نفسه أو ماله حلال للدافع حرام على الآخذ؛ لأن دفع الضرر عن المسلم واجب ولا يجوز أخذ المال ليفعل الواجب، اهما في الفتح ملخصا. ولو قضى حاجته بلا شرط ولا طمع فأهدى إليه بعد ذلك فهو حلال لا بأس-

📖 فيه أيضا ٥/ ٣٧٣ : وكذا قوله وكل من عمل للمسلمين عملا حكمه في الهدية حكم القاضي اهـ

📖 امداد المفتين (دار الاشاعت) ص ٨١٠ : یہ حکیم کی اجرت جانے اور تشخیص مرض اور تجویز نسخے کی ہے اس میں کسی قسم کی کراہت نہیں ہے، بلاشبہ جائز ہے بشر طیکہ حکیم حکیم ہو یعنی کسی حاذق طبیب نے اس کو علاج کرنے کی اجازت دی ہو ورنہ معالجہ کرنا جائز نہیں۔

সার্ভিসিং বিল থেকে ড্রাইভারকে কিছু দেওয়া

প্রশ্ন : আমি একটি গাড়ি সার্ভিসিং কোম্পানির মালিক। বিভিন্ন ড্রাইভার আমার কাছে এসে গাড়ি ঠিক করে। উল্লেখ্য, আমি বাজার রেটে সার্ভিসিং করি এবং মালিকের কাছ থেকে যত টাকা নিই, তত টাকারই ভাউচার করি। এখন জানার বিষয় হলো, গাড়ি সার্ভিসিং করার পর আমার লভ্যাংশ থেকে ড্রাইভারকে যদি আমি খুশি হয়ে কিছু বখশিশ দিই, তা জায়েয হবে কি না? আর যদি ড্রাইভার আমার কাছ থেকে তা চেয়ে নেয়, তবে তার হুকুম কী?

উত্তর : প্রশ্নোক্ত অবস্থায় আপনি খুশি হয়ে ড্রাইভারকে বখশিশ দিতে পারবেন। তবে ড্রাইভারের জন্য দাবি করে চেয়ে নেওয়ার যেমন অধিকার নেই, চাইলে আপনি প্রদান করতেও বাধ্য নন। হ্যাঁ, স্বেচ্ছায় দিলে অবৈধ হবে না। (১৬/৮৫৮/৬৮৫৫)

📖 رد المحتار (سعيد) ٥/ ٣٦٢ : ولو قضى حاجته بلا شرط ولا طمع فأهدى إليه بعد ذلك فهو حلال لا بأس به وما نقل عن ابن مسعود من كراهته فورع

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ٥/ ٣٦٨ : أب الصبي إذا أهدى إلى معلم الصبي أو إلى مؤدبه في العيد إن لم يسأل ولم يلح عليه لا بأس به؛ لأنه بر وبر المعلم مستحب.

📖 فتاوی محمودیہ (ادارۂ صدیق) ١٢/ ٦١٨ : سوال- عمر نے ایک مکان تعمیر کیا اس کے لئے اس کو لوہے کی ضرورت پیش آئی اور وہ ایک تجربہ کار شخص کو ساتھ لے کر لوہا خریدنے گیا وہاں ۵۰۰۰/ روپے کا لوہا خریدا بعد کو اس سے معلوم ہوا کہ دوکاندار نے اس تجربہ کار شخص کو ۵۰/ روپیئے دیئے، کیونکہ وہ اس کی دوکان پر گاہک کو لے گیا... ... تو یہ کمیشن لینا جائز ہے یا نہیں؟

الجواب- یہ روپیہ اس شخص کیلئے درست ہے اس کی کوشش اور محنت کا عوض ہے۔

অমুসলিমের সাথে উপহারের আদান-প্রদান

প্রশ্ন : কোনো পরিচিত অমুসলিমের দেওয়া উপহার গ্রহণ করা বা তাকে কোনো উপহার দেওয়া, তাকে খানা খাওয়ানো অথবা তার দেওয়া কোনো খানা খাওয়া জায়েয কি না? উত্তম কোনটি? উল্লেখ্য, আলোচ্য অমুসলমান হিন্দু, খ্রিস্টান, ইহুদি, বৌদ্ধ বা চাকমা যে কেউ হতে পারে।

উত্তর : বিধর্মীদের সাথে আন্তরিক বন্ধুত্ব নিষিদ্ধ। ইসলাম ও দ্বীনের স্বার্থে সম্পর্ক রাখা যেতে পারে। দ্বীন ও ইসলামের ক্ষতির আশঙ্কা না থাকলে বিধর্মীদের সাথে বৈধ খাওয়া-দাওয়া এবং হাদিয়ার আদান-প্রদানে আপত্তি নেই। (৮/৭০১/২৩১৯)

📖 الدر المختار (سعيد) ٦/ ٧٥٤ : (والإعطاء باسم النيروز والمهرجان لا يجوز) أي الهدايا باسم هذين اليومين حرام (وإن قصد تعظيمه) كما يعظمه المشركون (يكفر) قال أبو حفص الكبير: لو أن رجلا عبد الله خمسين سنة ثم أهدى لمشرك يوم النيروز بيضة يريد تعظيم اليوم فقد كفر وحبط عمله اهـ ولو أهدى لمسلم ولم يرد تعظيم اليوم بل جرى على عادة الناس لا يكفر وينبغي أن يفعله قبله أو بعده نفيا للشبهة ولو شرى فيه ما لم يشتره قبل.

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٤٧ : ولا بأس بطعام المجوس كله إلا الذبيحة، فإن ذبيحتهم حرام ولم يذكر محمد - رحمه الله تعالى - الأكل ... أهل الشرك أنه هل يحل أم لا

Scanned by CamScanner

وحكي عن الحاكم الإمام عبد الرحمن الكاتب أنه إن ابتلي به المسلم مرة أو مرتين فلا بأس به وأما الدوام عليه فيكره كذا في المحيط.وذكر القاضي الإمام ركن الإسلام علي السغدي أن المجوسي إذا كان لا يزمزم فلا بأس بالأكل معه وإن كان يزمزم فلا يأكل معه لأنه يظهر الكفر والشرك ولا يأكل معه حال ما يظهر الكفر والشرك ولا بأس بضيافة الذمي وإن لم يكن بينهما إلا معرفة كذا في الملتقط.وفي التفاريق لا بأس بأن يضيف كافرا لقرابة أو لحاجة كذا في التمرتاشي.

📖 احسن الفتاوی(سعید) ۸/ ۱۲۳ : سوال-کافر کی دعوت قبول کرنا جائز یا نہیں؟
الجواب- جو کافر زندیق نہ ہو یعنی خود کو مسلمان نہ کہتا ہو اس کے گھر کا کھانا جائز ہے بشرطیکہ اس کی آمدن اسلام یا اس کے اپنے مذہب کی رو سے حلال ہو ورنہ نہیں، البتہ اس کا ذبیحہ بہر حال حرام اور مردار ہے۔

টাকা স্ত্রীর হস্তগত হওয়ার আগেই তালাক দিলে টাকার মালিক স্বামী থাকবে

প্রশ্ন : পাঁচ ভাই একই পরিবারে বসবাস করে। তাদের খাওয়াদাওয়া সব কিছুই একসাথে। সকলে মিলে বড় ভাইকে বিদেশে পাঠিয়েছে। বড় ভাই তার চাচার কাছে তার স্ত্রীর জন্য ২০০০ টাকা পাঠিয়েছে। চাচা ওই টাকা খরচ করে ফেলেছে। অতঃপর ভাতিজার স্ত্রীকে বলেছে, তোমার জন্য ২০০০ টাকা পাঠিয়েছিল। আমি খরচ করে ফেলেছি, তোমাকে পরে দিয়ে দেব। কিছুদিন পর চাচা মারা যায়। চাচা মারা যাওয়ার কিছুদিন পর ভাতিজা তার স্ত্রীকে তালাক দিয়ে দেয়। এখন চাচার ছেলেরা ওই টাকা পরিশোধ করতে চায়। তবে টাকাটা কাকে দেবে? চাচাতো ভাইকে দেবে, নাকি তার স্ত্রীকে দেবে? যদি চাচাতো ভাই পায় তাহলে কি সে একা পাবে? না অন্য ভাইয়েরাও শরীক থাকবে? যেহেতু তারা টাকা দেওয়ার সময় একান্নভুক্ত পরিবার ছিল। বর্তমানে প্রত্যেকে পৃথক হয়ে গেছে। মোটকথা, চাচার ছেলেরা এ টাকা কাকে দিলে তাদের জিম্মাদারি থেকে মুক্তি পাবে?

উত্তর : স্বামীর পাঠানো টাকা স্ত্রীর হস্তগত না হওয়া পর্যন্ত ওই টাকায় স্ত্রীর অধিকার সাব্যস্ত হয় না। তাই প্রশ্নে বর্ণিত অবস্থায় চাচার ওয়ারিশগণ উক্ত টাকা চাচাতো ভাইয়ের নিকট আদায় করলেই দায়মুক্ত হয়ে যাবে। অতঃপর একান্নভুক্ত পরিবারের প্রচলিত প্রথা ও চুক্তি অনুসারে ন্যায্য খাতে ওই টাকা ব্যয় করা যাবে। (৪/২২২/৬৬৮)

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ٤/ ٣٠٧ : ثم رأيت التصريح به بعينه في فتاوى الحانوتي، فإذا كان سعيهم واحدا ولم يتميز ما حصله كل واحد منهم بعمله يكون ما جمعوه مشتركا بينهم بالسوية وإن اختلفوا في العمل والرأي كثرة وصوابا كما أفتى به في الخيرية.

📖 الفقه الإسلامى وأدلته ٥/ ١٩ : ما نوع شرط القبض؟ اختلف الفقهاء، فقال الحنفية والشافعية: القبض شرط للزوم الهبة، حتى إنه لا يثبت الملك للموهوب له قبل القبض.

📖 فتاوی رشیدیہ (زکریا) ص۵۲۹ : سوال-زید شہر آگرہ میں مقیم ہے اور ہزار روپیہ مثلا یا کم وبیش شہر دہلی میں ایک شخص کے پاس امانۃً جمع کردیا ہے زید یہ چاہتا ہے کہ اپنے اس روپیہ کا مالک اپنی زوجہ کو بنادیوے، اندریں صورت شرعا کوئی طریقہ ایسا ہو سکتا ہے کہ بغیر اس روپیہ کی موجودگی کے فقط زبان کے اقرار سے یا کاغذ تحریر کرنے سے وہ روپیہ مذکور زید کے ملک سے خارج ہو کر اس کی زوجہ کی ملکیت میں داخل ہو جائے یا اس روپیہ کو زید حاضر کرکے زوجہ کو دست بدست دیوے تب ہی زوجہ اس روپیہ کی مالک بنے اس روپیہ کے حاضر کرنے کی ضرورت ہے یا فقط زبانی اقرار بطور ایجاب وقبول کافی ہے؟

جواب-ملک زوجہ کی خاص اس روپیہ میں بغیر قبضہ کے نہیں ہو سکتی۔

Scanned by CamScanner

باب الأسماء والألقاب

পরিচ্ছেদ : নাম ও উপাধী

শাদ্দাদ হুসাইন নাম রাখা

প্রশ্ন : 'শাদ্দাদ হোসাইন' নামটির অর্থ কি? এধরণের নাম রাখা যাবে কিনা?

উত্তর : 'শাদ্দাদ'-এর আভিধানিক অর্থ :

১. অতিমাত্রায় সাহায্যকারী
২. অতি শক্তিশালী
৩.শক্তি প্রেরণকারী
৪. শত্রুর উপর আক্রমণকারী

আর 'হুসাইন'-এর আভিধানিক সুন্দর কমনীয় প্রভৃতি। এধরণের নাম রাখতে কোনো অসুবিধা নেই। উপরন্তু শাদ্দাদ এবং হুসাইন উভয়টি সাহাবীর নাম। (৩/২৪২/৫৫৬)

📖 صحيح البخاري (٦٣٠٦) : عن بشير بن كعب العدوي، قال: حدثني شداد بن أوس رضي الله عنه: عن النبي صلى الله عليه وسلم: " سيد الاستغفار أن تقول ... ...، الحديث-

الإصابة في تمييز الصحابة (دار الكتب العلمية) ٣/ ٢٥٨ : شدّاد بن أوس بن ثابت الخزرجيّ، ... ... وقال البخاريّ: يقال شهد شدّاد بدرا، ولم يصح. وروى عن النّبي صلّى الله عليه وسلم -

খোদাবখশ, রাব্বী, এলাহী ইত্যাদি নাম রাখা

প্রশ্ন : ইমরান, ঈসমাঈল, ঈসা, মুসা এবং খোদাবখশ, এলাহী, রাব্বী, রাব্বানী, মাহীনুর রহমান নামগুলো রাখা যাবে কিনা? এবং এগুলোর অর্থ জানালে বাধিত হব। বিশেষ করে ইমরান শব্দের সঠিক অর্থ জানালে বাধিত হব।

উত্তর : আল্লাহ তাআলার নামের সাথে আবদ মিলিয়ে নাম রাখা অথবা নবীদের সাথে মিলিয়ে নাম রাখা উত্তম। অতএব ইমরান, ইসমাঈল, ঈসা, মূসা নাম রাখা ও রাব্বানী, খোদাবখশ, নাম রাখা ভালো। তবে এলাহী, রাব্বী নাম রাখা বর্জনীয় এবং মাহীনুর রহমান নামের অর্থও ভাল না। আরবী مهين শব্দের অর্থ হীন, নীচ, নিকৃষ্ট, তুচ্ছ, ঘৃণ্য। ইমরান হযরত মূসা আঃ-এর পিতার নাম এবং মরিয়ম আঃ-এর পিতার নামও। (১৫/৩০/৫১৩৯)

Scanned by CamScanner

📖 سورة التحريم الآية ١٢ : ﴿وَمَرْيَمَ ابْنَتَ عِمْرَانَ الَّتِي أَحْصَنَتْ فَرْجَهَا فَنَفَخْنَا فِيهِ مِنْ رُوحِنَا وَصَدَّقَتْ بِكَلِمَاتِ رَبِّهَا وَكُتُبِهِ وَكَانَتْ مِنَ الْقَانِتِينَ﴾

📖 صحيح مسلم (١٦٥) : عن أبي العالية، حدثنا ابن عم نبيكم صلى الله عليه وسلم ابن عباس، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «مررت ليلة أسري بي على موسى بن عمران عليه السلام، رجل آدم طوال جعد كأنه من رجال شنوءة، ورأيت عيسى ابن مريم مربوع الخلق إلى الحمرة والبياض، سبط الرأس».

📖 رد المحتار (سعيد) ٦ /٤١٧ : (قوله أحب الأسماء إلخ) هذا لفظ حديث رواه مسلم وأبو داود والترمذي وغيرهم عن ابن عمر مرفوعا. قال المناوي وعبد الله: أفضل مطلقا حتى من عبد الرحمن، وأفضلها بعدهما محمد، ثم أحمد ثم إبراهيم اهـ وقال أيضا في موضع آخر: ويلحق بهذين الاسمين أي عبد الله وعبد الرحمن ما كان مثلهما كعبد الرحيم وعبد الملك، وتفضيل التسمية بهما محمول على من أراد التسمي بالعبودية، لأنهم كانوا يسمون عبد شمس وعبد الدار، فلا ينافي أن اسم محمد وأحمد أحب إلى الله تعالى من جميع الأسماء، فإنه لم يختر لنبيه إلا ما هو أحب إليه هذا هو الصواب ولا يجوز حمله على الإطلاق اهـ

📖 فتاوی محمودیہ (زکریا) ١٥ /٣٨٥ : الجواب—حامدا ومصليا، ربانی نام رکھنا درست ہے اس کا ترجمہ اللہ والا، لیکن پیغمبروں کے نام کے موافق نام رکھنا یا پھر ایسا نام رکھنا جس میں عبد آئے اور اللہ کے کسی نام کی طرف مضاف ہو بہتر وپسندیدہ ہے جیسے عبد الرحمن وغیرہ۔

রাব্বী নাম রাখা যাবে না

প্রশ্ন : আমার ছোট ভাইয়ের নাম রাব্বী, আমরা তাকে এ নামেই ডাকি। জানার বিষয় হল, শরীয়তের দৃষ্টিতে শুধু রাব্বী নাম রাখা বৈধ কিনা? বৈধ না হলে কেন? আমরা তার এ নাম রাখার কারণে আমাদের কোন গুনাহ হয়েছে কি?

Scanned by CamScanner

উত্তর : রব শব্দের অর্থ পালনকর্তা। সত্যিকার অর্থে পালনকর্তা শুধুমাত্র আল্লাহ তা'আলাই। মানুষের নাম রাব্বী রাখার মধ্যে যেহেতু আক্বীদা বিনষ্টের আশংকা রয়েছে, তাই রাব্বী নামসহ এ ধরণের নাম রাখা অবশ্যই বর্জনীয়। (১২/৩০২/৩৯৫০)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١٥/ ٨ (٢٢٤٩) : عن أبي هريرة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: " لا يقولن أحدكم: عبدي، فكلكم عبيد الله، ولكن ليقل: فتاي، ولا يقل العبد: ربي، ولكن ليقل: سيدي ".

📖 مرقاة المفاتيح (أنور بكڈپو) ٨/ ٥٢٠ : (ولا يقل العبد: ربي) أي: بالنداء أو الإخبار؛ لأن الإنسان مربوب متعبد بإخلاص التوحيد، فكره المضاهاة بالاسم لئلا يدخل في معنى الشرك إذ العبد والحر فيه بمنزلة واحدة.

নাম রাখার ব্যাপারে ইসলামের দৃষ্টিভঙ্গি

প্রশ্ন : ক) নাম রাখার ব্যাপারে ইসলামের দৃষ্টিভঙ্গি কি ? এবং কি ধরনের নাম রাখা উচিত?
খ) আমার মেয়েটির জন্য কয়েকটি সুন্দর, আনকমন ও সহজ উচ্চারণ করা যায় এমন কয়েকটি নাম নির্বাচন করে দিবেন যেন আমরা পছন্দনীয়টি গ্রহন করতে পারি। তবে তার প্রথম অক্ষর "ম" হওয়া চাই।

উত্তর : ক) দায়িত্বশীলদের কর্তব্য হল সন্তানের একটি ভাল নাম রাখা। আল্লাহর নামের সাথে আবদ যোগ করে অথবা নবী ও সাহাবী ও নেককারগণের এবং ভালো অর্থবোধক নাম রাখা।
খ) উক্ত মেয়েটির নাম মাইমুনা, মাহমুদা, মাসউদা, মুহসিনা, মুমিনা, মুনীরা এধরনের নাম নির্বাচন করা যায়। (১০/৫৯২/৩২১০)

📖 سنن أبي داود (دار الحديث) ٤/ ٢١٠٧ (٤٩٤٨) : عن أبي الدرداء، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «إنكم تدعون يوم القيامة بأسمائكم، وأسماء آبائكم، فأحسنوا أسماءكم».

📖 فيه أيضا ٤/ ٢١٠٩ (٤٩٥٢) : عن ابن عمر، أن رسول الله صلى الله عليه وسلم: غير اسم عاصية، وقال: «أنت جميلة» .

Scanned by CamScanner

📖 سنن الترمذى (دار الحديث) ٤/ ٥٤٤ (٢٨٣٩) : عن عائشة، «أن النبي صلى الله عليه وسلم كان يغير الاسم القبيح»

📖 اسلام اور تربیت اولاد ۱/ ۹۴ (مولانا حبیب اللہ رحمہ اللہ) : نام رکھتے وقت والد یا گھر کے بڑے فرد یا مربی کو چاہئے کہ بچہ کیلئے ایسا نام منتخب کرے جو پر معنی اچھا اور پیارا سا ہو۔

ইসলাম গ্রহণ করার পর পূর্বের নাম পরিবর্তন করা

প্রশ্ন : কোন বিধর্মী যদি ইসলাম ধর্ম গ্রহন করে, তবে তাদের পূর্বের নাম পরিবর্তন করার প্রয়োজন আছে কিনা? যদি থাকে তবে দলীল সহ উত্তর দানে বাধিত করতে হুজুরের মর্জি কামনা করি।

উত্তর : যে নাম অনৈসলামিক তথা শিরকের আক্বীদা বিশ্বাসের সাথে সামঞ্জস্যশীল হয় তা পরিবর্তন করে ইসলামের সাথে সামঞ্জস্যশীল নাম রাখা জরুরী। অনুরূপ যে নাম অহংকার ও গর্ববোধক হয় তা পরিবর্তন করার প্রমাণও বহু হাদিসে রয়েছে। তাই যে নবমুসলিমের নাম পরিবর্তন করার বিধানে পড়ে তা অবশ্যই পরিবর্তন করতে হবে। (৩/১১৫/৪৯১)

📖 سنن أبى داود (دار الحديث) ٤/ ٢١٠٩ (٤٩٥٢) : عن ابن عمر، أن رسول الله صلى الله عليه وسلم: غير اسم عاصية، وقال: «أنت جميلة».

📖 فيه أيضا ٤/ ٢١١٣ (٤٩٦١) : عن أبي هريرة، يبلغ به النبي صلى الله عليه وسلم قال: «أخنع اسم عند الله تبارك وتعالى يوم القيامة رجل تسمى ملك الأملاك».

📖 سنن الترمذى (دار الحديث) ٤/ ٥٤٤ (٢٨٣٩) : عن عائشة، «أن النبي صلى الله عليه وسلم كان يغير الاسم القبيح»

রহমান ভাই বলে সম্বোধন করা

প্রশ্ন : অনেক লোকে (عبد الرحمن) -কে বাংলায় আব্দুর রহমান ডাকে, এতে কি গোনাহগার হবে বা আল্লাহর নাম মনে না করে শুধু রহমান ভাই ডাকলে তাতে কি শিরিক বা গোনাহ হবে?

Scanned by CamScanner

উত্তর : আব্দুর রহমানকে বাংলায় বললে অথবা রহমান ভাই বললে গোনাহ না হলেও আদবের পরিপন্থী, তাই পুরা নাম বলাটাই সমীচীন। (১২/৯৫/৩৮২১)

প্রশ্ন : পিতা-মাতার কোনো সন্তান তাদের কথামতো চলে না। তাই এ ব্যাপারে একদিন পিতা-মাতা ছেলের ব্যাপারে কথা-কাটাকাটি করতে গিয়ে পিতা যদি বলেন যে এই ছেলের উপার্জন আল্লাহ যেন আমাকে না খাওয়ান, অথবা আমি দু'আ করি, আল্লাহ যেন তার টাকা আমাকে না খাওয়ান। এখানে পিতার এভাবে বলার দ্বারা কি ওয়াদা হয়ে যাবে? আর এ জন্য করণীয় কী?

উত্তর : প্রশ্নোল্লিখিত পিতার বাক্য কামনার পর্যায়ভুক্ত, ওয়াদা নয়। তাই এ ধরনের কথা দ্বারা কিছু করার প্রয়োজন নেই। (৭/৪৭৬)

📖 البحر الرائق (سعيد) ٢٩٧/٤ : والأصل أن الأيمان مبنية على العرف عندنا لا على الحقيقة اللغوية كما نقل عن الشافعي، ولا على الاستعمال القرآني كما عن مالك، ولا على النية مطلقا كما عن أحمد؛ لأن المتكلم إنما يتكلم بالكلام العرفي أعني الألفاظ التي يراد بها معانيها التي وضعت في العرف

📖 الفقه الإسلامى وأدلته ٣٩٨/٣ : فذهب الحنفية: إلى أن الأيمان مبنية على العرف والعادة، لا على المقاصد والنيات؛ لأن غرض الحالف هو المعهود المتعارف عنده، فيتقيد بغرضه. هذا هو الغالب عندهم.

Scanned by CamScanner

'এই রাতের নামায রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর আমলের সমান বা এর চেয়ে বেশি' বলা ভ্রষ্টতা

প্রশ্ন : আমাদের মসজিদের ইমাম সাহেব গত বছর রমাজানে তারাবীহ নামাযের পর বলেন, আজ আমরা যারা জামাতের সহিত নামায আদায় করলাম আমাদের প্রত্যেকের আমলনামায় নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দুনিয়াতে এসে যত প্রকার নেক আমল করেছেন তার সমান এবং এর চেয়ে বেশি সাওয়াব লেখা হবে। কথাটি ঠিক হয়েছে কি না?

উত্তর : ইমাম সাহেবের প্রশ্নোক্ত কথাটি সম্পূর্ণ ভিত্তিহীন। এ রকম ভিত্তিহীন কথা শরীয়তের বিধান বলা মারাত্মক গোনাহ। এ ব্যাপারে নিজের গোনাহ স্বীকার করে আল্লাহ তা'আলার দরবারে তাওবা না করলে তাকে ইমাম হিসেবে বহাল রাখা ঠিক হবে না। (৭/৫৩১)

📖 عزیزالفتاوی (دار الاشاعت) ص ۲۰۱ : سوال-ایک شخص احادیث جھوٹی بنا کر بیان کرتا ہے اور خلاف عقائد بہت باتیں بیان کرتا ہے ایسے شخص کے پیچھے نماز پڑھنا کیسا ہے اوراس شخص کے لئے کیا حکم ہے؟

الجواب-وہ شخص کذاب و مفتری یا دیوانہ ہے جھوٹی روایات بیان کرتا ہے اور حق تعالی اور اس کے رسول بر حق پر بہتان لگاتا ہے اور مصداق اس وعید کا ہوتا ہے من کذب علی متعمداً فلیتبوأ مقعدہ من النار وہ شخص مبتدع وفاسق ہے اس کو امام بنانادرست نہیں ہے اوراس کے پیچھے نماز نہ پڑھیں۔

কষ্টদাতাদের ক্ষমা না করা ও তাদের সাথে কথা বন্ধ করা

প্রশ্ন : এনামুল হক নামের একটি ছেলে মাদরাসায় পড়াশোনা করে। তার ইচ্ছা হলো, সবার সাথে মিলেমিশে থাকা এবং যতটুকু সম্ভব হয় মানুষের উপকার করা, টাকা নিয়ে কাজ করে পড়ালেখায় মগ্ন থাকে। এমতাবস্থায় দেখা গেল, তার নামে কিছু লোক বিভিন্ন মিথ্যা কথা বানাতে লাগল এবং তার ক্ষতি করতে লাগল। এ খবর ভালো ভালো কয়েকজন ছাত্রের মাধ্যমে জানতে পারল এবং সাথে সাথে তাদের সাথে কথা বন্ধ করে দিল। তারা খবর পেয়ে এনামুল হকের কাছে মাফ চায় এনামুল হকও তাদের মাফ করে দেয়। কিছুদিন পর তারা আবার আগের খারাপ কাজে লিপ্ত হয় এবং তাদের অবস্থা দেখে বোঝা যায় যে আগের মতোই বছরের শেষে মাফ চেয়ে নেবে। প্রশ্ন হলো, দ্বিতীয় পর্যায়ে তাদের মাফ না দেওয়া এবং আজীবন তাদের সাথে কথা না বলা ঝগড়া করার চেয়ে উত্তম হবে কি? এ ক্ষেত্রে শরীয়তের বিধান কী?

Scanned by CamScanner

উত্তর : ছাত্রজীবনে কারো সাথে বন্ধুত্ব ও শত্রুতা করা সবই বর্জনীয়। টাকা-পয়সা নিয়ে উপকার করাও অনুচিত। নিজ কাজ ও পড়ালেখায় সর্বদা নিয়োজিত থাকা এবং যথাসাধ্য উস্তাদের খিদমত করাই তালিবে ইলমের দায়িত্ব। সুতরাং এনামুল হক অতীতের ভুলের জন্য অনুতপ্ত হয়ে ভবিষ্যতে উল্লিখিত নীতির ওপর চলার চেষ্টা করবে। (১৪/১৮৪/৫৫২১)

📖 آداب المعاشرات ص ٢٤٧ : طالب علم اور طالب حق کیلئے لوگوں سے میل جول (غیر ضروری فضول اختلاط) سم قاتل ہے۔

📖 مجالس ابرار ص ٣٦٨ : طلبائے کرام آپس میں ایک دوسرے کی دعوت نہ کریں اس میں تعلیمی خلل اور نقصان کے علاوہ میں ایک دوسرے کی دعوت نہ کریں اس میں تعلیمی خلل اور نقصان کے علاوہ ذلل بھی ہے چنانچہ مشاہد کیا گیا کہ دعوتوں کی زبر بازی طلباء کو اپنی بحر الرائق فروخت کرنی پڑی اور اپنا بستر تک کسی دوکاندار کے یہاں رہن رکھنا پڑا۔

মেহমানের খাতিরে বাসায় সোফাসেট রাখা

প্রশ্ন : বাসায় মেহমানদের জন্য সোফাসেট রাখা ইসলামী তরীকার পরিপন্থী কি না? যদি হয় তাহলে ইসলামী তরীকা কী?

উত্তর : নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) চেয়ারে বসেছেন বলে হাদীসে এসেছে। সুতরাং লোক দেখানো মানসিকতা ও বিধর্মী সভ্যতার অনুসরণের নিয়্যাত ছাড়া আরাম ও সৌন্দর্যের আসবাব, সোফা ইত্যাদির ব্যবহারে আপত্তি নেই। (৭/৫৭১)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٦/ ١٤٨ (٨٧٦) : عن حميد بن هلال، قال: قال أبو رفاعة: " انتهيت إلى النبي صلى الله عليه وسلم وهو يخطب، قال: فقلت: يا رسول الله رجل غريب، جاء يسأل عن دينه، لا يدري ما دينه، قال: فأقبل علي رسول الله صلى الله عليه وسلم، وترك خطبته حتى انتهى إلي، فأتي بكرسي، حسبت قوائمه حديدا، قال: فقعد عليه رسول الله صلى الله عليه وسلم، وجعل يعلمني مما علمه الله، ثم أتى خطبته، فأتم آخرها -

📖 احسن الفتاوی (سعید) ٨/ ١٤٧ : مصارف کی پانچ درجات ہیں (١) ضرورت (٢) حاجت (٣) آسائش (٤) آرائش وزیبائش (٥) نمائش ... ... ضرورت پر خرچ کرنا فرض ہے اور حاجت آسائش آرائش وزیبائش پر خرچ کرنا جائز ہے بشرطیکہ اسراف نہ ہو

Scanned by CamScanner

اسراف یہ ہے کہ بلاضرورت آمدن سے زائد خرچ کرے، نمائش کیلئے خرچ کرنا حرام ہے
۔زیبائش اور نمائش فعل قلب کے قبیل سے ہیں، دونوں میں فرق صرف نیت سے ہوتا
ہے اس لئے بلاوجہ کسی پر نمائش کا حکم لگانا صحیح نہیں۔

ড্রেসিং টেবিল ও সোফা রাখা

প্রশ্ন : ঘরে ড্রেসিং টেবিল ও সোফা রাখা যাবে কি না? এগুলো বিলাসিতার অন্তর্ভুক্ত হবে কি না?

উত্তর : বিধর্মী সভ্যতার অনুকরণ বিলাসিতা এবং মানুষকে দেখানোর মনমানসিকতা না থাকলে ড্রেসিং টেবিল ও সোফাসেট ঘরে রাখাতে শরীয়তের দৃষ্টিতে কোনো আপত্তি নেই। (৭/৬৪৫)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٦/ ١٤٨ (٨٧٦) : عن حميد بن هلال، قال: قال أبو رفاعة: " انتهيت إلى النبي صلى الله عليه وسلم وهو يخطب، قال: فقلت: يا رسول الله رجل غريب، جاء يسأل عن دينه، لا يدري ما دينه، قال: فأقبل علي رسول الله صلى الله عليه وسلم، وترك خطبته حتى انتهى إلي، فأتي بكرسي، حسبت قوائمه حديدا، قال: فقعد عليه رسول الله صلى الله عليه وسلم، وجعل يعلمني مما علمه الله، ثم أتى خطبته، فأتم آخرها -

📖 احسن الفتاوی (سعید) ۸/ ۱۴۷ : مصارف کی پانچ درجات ہیں (۱) ضرورت (۲) حاجت (۳) آسائش (۴) آرائش وزیبائش (۵) نمائش ... ... ضرورت پر خرچ کرنا فرض ہے اور حاجت آسائش آرائش وزیبائش پر خرچ کرنا جائز ہے بشرطیکہ اسراف نہ ہو اسراف یہ ہے کہ بلاضرورت آمدن سے زائد خرچ کرے، نمائش کیلئے خرچ کرنا حرام ہے ۔زیبائش اور نمائش فعل قلب کے قبیل سے ہیں، دونوں میں فرق صرف نیت سے ہوتا ہے اس لئے بلاوجہ کسی پر نمائش کا حکم لگانا صحیح نہیں۔

চোর ধরার জন্য কোরআন চালান দেওয়া

প্রশ্ন : চুরি হওয়ায় চোর ধরার জন্য সন্দেহজনক ব্যক্তির নাম লিখে কোরআন শরীফ কাঁসার বদনার ওপর রেখে কোরআন শরীফ ঘোরানো শরীয়তসম্মত কি না?

Scanned by CamScanner

উত্তর : কোরআনে কারীমকে বর্ণিত পদ্ধতিতে চোর ধরার কাজে ব্যবহার করা কোরআনের অবমাননা অসম্মানি ও বেয়াদবির নামান্তর। উপরন্তু উক্ত পদ্ধতিতে কারো নাম বের হলেও শরীয়তের দৃষ্টিতে তাকে চোর বলার সুযোগ নেই। কোনো মানুষকে শরীয়তসম্মত প্রমাণ ছাড়া অনুমানে দোষী সাব্যস্ত করা মারাত্মক গোনাহ ও মিথ্যা অপবাদের শামিল। সুতরাং প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে চোর ধরার মতো অহেতুক গোনাহের কাজ থেকে মুসলিম জনসাধারণের বেঁচে থাকা এবং কৃতকর্মের জন্য আল্লাহর কাছে তাওবা করা জরুরি। (৭/৯২৮)

📖 امدادالفتاوی (زکریا) ۴/ ۸۸ : نہیں، بلکہ اس لئے ہے کہ جس کا اس طرح سے پتہ لگے اس کا تفحص بطریق شرعی کریں، لیکن عوام اس حد سے آگے بڑھ جاتے ہیں۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۵ /۲۷ : یہ حرکت قرآن کریم کے احترام کے خلاف ہے بے ادبی ہے اور اہانت کو مستلزم ہے اگر کسی کا نام نکل بھی آئے تو یہ شرعی حجت نہیں۔ اس کے ذریعہ اس کو چور قرار دینا جائز نہیں۔ اس پیشہ کو ترک کرنا اور توبہ کرنا لازم ہے اس سے عقائد بھی فاسد ہوتے ہیں، بہتان کا بھی دروازہ کھلتا ہے، بدگمانی بھی پھیلتی ہے۔

কাউকে আপন মেয়ে হিসেবে স্বীকৃতি দেওয়া

প্রশ্ন : একজন মহিলার মেয়েসন্তান নেই। তাই অন্য একজন বিবাহিতা মহিলাকে আপন মেয়ে হিসেবে গ্রহণ করতে চায় এবং উভয় পক্ষের স্বামী রাজি এবং উভয় পক্ষের আত্মীয় সম্মত আছেন। এ ক্ষেত্রে ইসলামী বিধান কী?

উত্তর : পর সন্তানকে নিজ সন্তান হিসেবে গ্রহণ করলে তা শুধুমাত্র পোষ্য সন্তান বলে বিবেচিত হলেও শরীয়তের বিধান মতে তার ঔরসজাত সন্তান বলে গণ্য হবে না। তাই পর সন্তান ও বেগানা সন্তানের হুকুম-আহকামই পোষ্য সন্তানের বেলায় প্রযোজ্য হবে। সুতরাং প্রশ্নে বর্ণিত পোষ্য মহিলার সাথে পালক বাবা ও মায়ের আত্মীয়স্বজনের বেপর্দা চলাফেরা, দেখা-সাক্ষাৎ ইত্যাদি শরীয়তের আলোকে জায়েয হবে না। (৬/২৪৭/১১৮৪)

📖 تفسير فتح القدير (دار الكلم الطيب) ٤/ ٣٠١ : وما جعل أدعياءكم أبناءكم ذلكم قولكم بأفواهكم والله يقول الحق وهو يهدي السبيل ... ... قولكم بأفواهكم أي: ليس ذلك إلا مجرد قول بالأفواه، ولا تأثير له، فلا تصير المرأة به أما، ولا ابن الغير به ابنا، ولا يترتب على ذلك شيء من أحكام الأمومة والبنوة.

📖 معارف القرآن (المکتبۃ المتحدۃ) ۷/ ۸۴ : وما جعل أدعیاءکم أبناءکم ادعیاء، دعیؔ کی جمع ہے، دعیؔ وہ لڑکا ہے جس کو منہ بولا بیٹا کہا جاتا ہے، مطلب یہ ہے کہ جس طرح ایک

Scanned by CamScanner

انسان کے پہلو میں دو دل نہیں ہوتے، اور جس طرح بیوی کو ماں کے مثل کہنے سے بیوی ماں نہیں بن جاتی، اسی طرح منہ بولا بیٹا تمہارا بیٹا نہیں بن جاتا۔ یعنی دوسرے بیٹوں کے ساتھ نہ وہ میراث میں شریک ہوگا اور نہ حرمت نکاح کے مسائل اس پر عائد ہوں گے کہ بیٹے کی مطلقہ کی بیوی باپ پر ہمیشہ کیلئے حرام ہے تو متبنّٰی کی بیوی بھی حرام ہو۔

বিসমিল্লাহর পরিবর্তে ৭৮৬ লেখা

প্রশ্ন : বিসমিল্লাহির রাহমানির রাহিমের পরিবর্তে ৭৮৬ লেখা বৈধ কি না? ডাকযোগে যেসব চিঠি পাঠানো হয় তাতে বিসমিল্লাহ লিখলে কোনো অসুবিধা আছে কি না? কারণ চিঠিপত্রগুলো বিভিন্ন উপায়ে আনা-নেওয়া করা হয়, ফলে উক্ত কালামের আদবের খেলাফ হয় কি না?

উত্তর : কোরআন শরীফের প্রতিটি আয়াত বা শব্দের হেফাজত ও আদব বজায় রাখা জরুরি। বিসমিল্লাহির রাহমানির রাহিম পবিত্র কোরআনের একটি আয়াত। সাধারণত চিঠিপত্র যেভাবে আদান-প্রদান করা হয় এমতাবস্থায় চিঠিতে বিসমিল্লাহির রাহমানির রাহিম লেখার দ্বারা আয়াতে কোরআনীর বেয়াদবি হয়। বিসমিল্লাহির রাহমানির রাহিমের স্থলে ৭৮৬ লেখার দ্বারা বিসমিল্লাহির রাহমানির রাহিম আদায় হবে না। (৬/২৬২)

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٣٩ : ولا يجوز مس شيء مكتوب فيه شيء من القرآن في لوح أو دراهم أو غير ذلك إذا كان آية تامة. هكذا في الجوهرة النيرة ولو كان القرآن مكتوبا بالفارسية يكره لهم مسه عند أبي حنيفة وكذا عندهما على الصحيح هكذا في الخلاصة.

📖 جدید فقہی مسائل ١/ ٣٧ : قرآن کے نقوش واعداد کی حیثیت قران مجید کی نہیں ہے اس لئے کہ یہ عدد کسی دوسرے جملے کا بھی ہو سکتا ہے مثلا قران مجید کی کسی آیت کا جنبی کیلئے پڑھنا درست نہیں لیکن اگر اس آیت میں آنے والے تمام حروف تہجی کو الگ الگ کہے تو اجازت ہے (اذا حاضت المعلمة فينبغي لها ان تعلم الصبيان كلمة كلمة وتقطع) اس لئے کہ یہ علیحدہ حروف کچھ ضرور نہیں کہ آیت قرانی ہے نہیں یہی حال ان اعداد کا ہے اس سے یہ بھی وضح ہو گیا کہ بسم اللہ الرحمٰن الرحیم کی بجائے ٧٨٦ کہہ دینا یا لکھ دینا کافی نہیں ہے۔

Scanned by CamScanner

নেশাখোরদের সাথে চলাফেরা ও খাওয়াদাওয়া করলে ইবাদত কবুল হবে কি না

প্রশ্ন : আমার বাড়িতে যে সমস্ত পুরুষ লোক চলাফেরা করে তারা নেশাখোর এবং তাদের নিয়ে আমি চলাফেরা করি ও একই সঙ্গে খাওয়াদাওয়া করি। এহেন অবস্থায় আল্লাহর ইবাদত-বন্দেগী করলে আল্লাহ কি কবুল করবেন?

উত্তর : নেশাখোরদের অপকর্মের প্রতি অন্তরে ঘৃণা থাকাবস্থায় তাদেরকে সৎপথে আনার উদ্দেশ্যে মেলামেশা করতে দোষ নেই। এরূপ কোনো নিয়ম ছাড়া এমনিতেই মিল-মুহাব্বত ও মেলামেশা করা অন্যায়। খারাপ লোকদের সাথে উঠাবসা খারাপের পথে ধাবিত করে। (৬/৩৩২/১১৯৮)

📖 المستدرك على الصحيحين للحاكم (٥٤٦٦) : حدثنا أبو بكر أحمد بن سلمان، الفقيه، ثنا محمد بن الهيثم القاضي، ثنا الهيثم بن جميل الأنطاكي، ثنا شريك، عن أبي المحجل، عن صدقة بن أبي عمران بن حطان، قال: أتيت أبا ذر فوجدته في المسجد محتبئا بكساء أسود وحده، فقلت: يا أبا ذر، ما هذه الوحدة؟ فقال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: «الوحدة خير من جليس السوء، والجليس الصالح خير من الوحدة، وإملاء الخير خير من السكوت، والسكوت خير من إملاء الشر»

📖 كفايت المفتى (امداديه) ۹/ ۱۰۳ : شراب خور قمار باز اور بے نمازیوں سے خلاملا رکھنا اچھا نہیں ایسے لوگوں سے تنبیہ اور زجر کی نیت سے علیحدہ رہنا چاہیے۔

📖 فتاوى محموديه (زكريا) ۱۱/ ۳۸۲ : الجواب-اگر شراب اس کے ہاتھ و منہ پر نہ لگی ہو تو اس کے ساتھ کھانے میں مضائقہ نہیں، اگر اس کی اصلاح ساتھ نہ کھانے سے متوقع ہو تو ساتھ نہ کھائے۔

দ্বীনি বিষয় রেকর্ড করা কি বদ্বীনি

প্রশ্ন : আমি এক লোককে বললাম, ক্যাসেট কী সুন্দর ওয়াজ করছে। সে উত্তরে বলল, ক্যাসেটের ওয়াজ শোনা লাগে না। আমি বললাম, এটা তো ভালো কথা। সে বলল, দ্বীনের মধ্যেই বদ্বীন থাকে। তখন আমি মনে মনে চিন্তা করলাম, টেপ রেকর্ডে ওয়াজ, আযান, হামদ-নাত, মাহফিল, কিরাত ও অন্যান্য ধর্মীয় অনেক কিছু রেকর্ডিং হয়ে থাকে। তার কথাটা কতটুকু সঠিক?

Scanned by CamScanner

উত্তর : ক্যাসেটের আওয়াজ ওয়াজকারী ও তিলাওয়াতকারীর প্রতিধ্বনি। তিলাওয়াত এবং ওয়াজ সহীহ-শুদ্ধ হলে তা শোনা যায়। আর নিজের তিলাওয়াত সহীহ-শুদ্ধ করার লক্ষ্যে বিশুদ্ধ তিলাওয়াতের ক্যাসেটও শোনা যায়। কিন্তু এতে সরাসরি কোরআন শোনার সাওয়াব নেই। তবে তিলাওয়াত এবং ওয়াজ সহীহ না হলে তা শোনার অনুমতি নেই। (১০/৮১৪)

📖 الدر المختار (سعيد) ٤/ ٢٦٨ : قلت: وأفاد كلامهم أن ما قامت المعصية بعينه يكره بيعه تحريما وإلا فتنزيها نهر. وفي الفتح: ينفذ حكم قاضيهم لو عادلا وإلا لا، ولو كتب قاضيهم إلى قاضينا كتابا، فإن علم أنه قضى بشهادة عدلين نفذه وإلا لا۔

📖 رد المحتار (سعيد) ٤ /٢٦٨ : (قوله: نهر) عبارته: وعرف بهذا أنه لا يكره بيع ما لم تقم المعصية به كبيع الجارية المغنية والكبش النطوح والحمامة الطيارة والعصير والخشب الذي يتخذ منه العازف، وما في بيوع الخانية من أنه يكره بيع الأمرد من فاسق يعلم أنه يعصي به مشكل.

📖 فتاوی حقانیہ (مکتبہ سید احمد) ٦ /٤٦ : الجواب- ریڈیو اور ٹیپ ریکارڈ کا استعمال جائز امور میں ممکن ہے اس لئے ان کی خرید وفروخت میں کوئی حرج نہیں تاہم یہ چیزیں کسی ایسے شخص کو دینا جس سے کسی خیر کی توقع نہ ہو بلکہ محض بے دینی کے امور میں استعمال کا یقین ہے تو تعاون علی المعصیت کے شبہ سے خالی نہیں۔

বৃহস্পতিবার আসরের পর নখ কাটা

প্রশ্ন : 'গুনিয়াতুত তালেবীনে' উল্লেখ রয়েছে, বৃহস্পতিবার আসরের পরে নখ কর্তন করা মুস্তাহাব এবং এটাও উল্লেখ রয়েছে যে নখ কাটার পর আঙুলের মাথা ধৌত করবে। এটি কোরআন-হাদীসসম্মত সঠিক কি না?

উত্তর : নখ সপ্তাহের যেকোনো দিন কর্তন করা যায়। বৃহস্পতিবার নখ কর্তন করা মুস্তাহাব সম্পর্কীয় কোনো আমলযোগ্য হাদীস পাওয়া যাচ্ছে না। (৬/৮৭২/ ১৪৭২)

📖 مصنف ابن أبي شيبة ٥/ ٢٤٣ (٢٥٦٦٤) : عن مهدي، قال: دخلنا على محمد بن سيرين يوم جمعة بعد العصر، فدعا بمقصر فقلم أظفاره فجمعها، قال مهدي: فأنبأنا هشام: «أنه كان يأمر بها أن تدفن» -

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٥٨ : رجل وقت لقلم أظافيره أو لحلق رأسه يوم الجمعة قالوا إن كان يرى جواز ذلك في غير يوم الجمعة وأخره إلى يوم الجمعة تأخيرا فاحشا كان مكروها لأن من كان ظفره طويلا يكون رزقه ضيقا وإن لم يجاوز الحد وإن أخره تبركا بالإخبار فهو مستحب كذا في فتاوى قاضيخان.

📖 غنیۃ الطالبین ص ۳۸ : جمعرات کے دن عصر کے بعد ناخن تراشنے کے بھی یہی فضیلت اور استحباب منقول ہے۔

বেনামাযী পবিত্রতায় উদাসীন স্ত্রীর রান্না খাওয়া

প্রশ্ন : আমার বিবি নামায আদায় করে না। আমি তাকে আজ চার বছর ধরে বোঝাচ্ছি, কিন্তু সে এখন নামায তো দূরের কথা, শরীরও পাক রাখে না। আমি তার হাতের রান্না খেতে পারি কি না?

উত্তর : নাপাক শরীর নিয়ে থাকা অনুচিত। যথাসম্ভব তাড়াতাড়ি গোসল করে পবিত্রতা হাসিল করে নেবে। বিবির জন্য রান্নার পূর্বে তা ধুয়ে পরিষ্কার করে নেওয়া একান্ত অপরিহার্য। তবে বিবির হাতে প্রকাশ্য নাপাকি না থাকলে তার রান্না খাওয়াতে অসুবিধা নেই। (১১/৪৪/৩৪০৯)

📖 الدر المختار (سعيد) ١/ ٢٢٣ : (فسؤر آدمي مطلقا) ولو جنبا أو كافرا أو امرأة، نعم يكره سؤرها للرجل كعكسه للاستلذاذ واستعمال ريق الغير، وهو لا يجوز مجتبى. (ومأكول لحم) ومنه الفرس في الأصح ومثله ما لا دم له (طاهر الفم) قيد للكل (طاهر) طهور بلا كراهة.

• 📖 فتاوی محمودیہ (زکریا) ۵/ ۲۲۳ : سوال- اگر کوئی عورت نماز نہ پڑھے تو اس کے ہاتھ کا کھانا جائز ہے یا نہیں؟
الجواب- درست ہے، البتہ اگر اس کو تنبیہ مقصود ہو تو نہ کھائے۔ اگر وہ پاکی کا اہتمام نہیں کرتی اکثر ناپاکی میں ملوث رہتی ہے تو نہ کھانا احوط ہے۔

Scanned by CamScanner

কালেকশনের জন্য ছোট মাদরাসাকে জামেয়া নাম দেওয়া

প্রশ্ন : ছোট ছোট নূরানী মাদরাসা বা শরহে জামি পর্যন্ত কিতাবখানা মাদরাসাগুলোকে জামেয়া নাম দেওয়া বা তা ব্যবহার করে বহির্বিশ্বে কালেকশন করা বৈধ হবে কি না?

উত্তর : যদি ছোট ছোট নূরানী মাদরাসা বা শরহে জামি পর্যন্ত কিতাবখানা মাদরাসাগুলোকে জামেয়া নাম দেওয়া বা তা ব্যবহার করে বহির্বিশ্বের লোকজনকে ধোঁকা দিয়ে চাঁদা কালেশন করা উদ্দেশ্য হয় তাহলে তাকে শরীয়ত সমর্থিত বলা যাবে না। (১১/৩৫৪/৩৪৩৯)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٢/ ٩٥ (١٦٤) : عن أبي هريرة: أن رسول الله صلى الله عليه وسلم قال: «من حمل علينا السلاح فليس منا، ومن غشنا فليس منا» -

কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ

প্রশ্ন : আমরা দেখি যে বিভিন্ন ইসলামী সংস্থা ও পাঠাগারের পক্ষ থেকে কুইজ ছাড়া হয়, অর্থাৎ বিভিন্ন প্রশ্ন দিয়ে তার উত্তর চাওয়া হয় এবং সঠিক উত্তরদানের মাধ্যমে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় এবং সে প্রশ্নপত্র অংশগ্রহণকারীদের নিকট বিক্রি করা হয়। প্রশ্ন হলো, উল্লিখিত পদ্ধতিতে যে কুইজ ছাড়া হয় এবং বিক্রি করা হয়, তা শরীয়তসম্মত কি না?

উত্তর : প্রশ্নোক্ত পদ্ধতিতে কুইজ ছেড়ে বিক্রি করে পুরস্কারের নামে কিছু বিতরণ করা শরীয়তসম্মত নয়। এরূপ কাজে অংশগ্রহণ করা এবং পুরস্কারের নামে প্রদত্ত টাকা গ্রহণ করা সম্পূর্ণ নাজায়েয। (১১/৩৭৩/৩৫৭৪)

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٢٤ : طلبة العلم إذا اختصموا في السبق فمن كان أسبق يقدم سبقه، وإن اختلفوا في السبق إن كان لأحدهم بينة تقام بينته، وإن لم تكن يقرع بينهم ويجعل كأنهم قدموا معا كما في الحرق والغرق إذا لم يعرف الأول يجعل كأنهم ماتوا معا، كذا في فتاوى قاضي خان.

📖 فتاوی محمودیہ (ادارہ صدیق) ١٧/ ۴۴۱- ۴۴۲ : سوال-ہمارے ایک دوست کی اور میری ایک مسئلہ میں بحث ہوگئی ہے ہم دونوں کی رضامندی سے فیصلہ آپ پر چھوڑ رہے ہیں، مسئلہ حسب ذیل ہے :

Scanned by CamScanner

اکثر رسالہ میں آنجاب نے علمی معمہ دیکھا ہوگا اس کی صحیح خانہ پری کرنے پر انعام دیا جاتا ہے، میرے دوست کہتے ہیں کہ یہ ایک قسم کا قمار ہے کیونکہ ایک روپیہ کے بدلے میں زیادہ روپے ملتے ہیں، میں نے کہا کہ یہ قمار نہیں ہے بلکہ ایک روپیہ فیس داخلہ ہے اور انعام اس ایک روپیہ پر نہیں ملتا، ورنہ ہر داخلہ لینے والا انعام کا مستحق ہوتا، بلکہ عمل (صحیح خانہ پری) ہی باعث انعام ہے یہی وجہ ہے کہ جس کا جتنے درجہ عمل صحیح ہوگا وہ ویسے ہی انعام کا مستحق گردانا جائے گا۔

الجواب—حامداومصلیا— آپ کے دوست نے اس کے ناجائز ہونے کی ایک وجہ (قمار) تجویز کی ہے آپ نے اس کے جائز ہونے کی ایک وجہ نکالی جو کہ درحقیقت اس کے ناجائز ہونے کے لئے مؤکد ومؤید ہے، یعنی ربوا، پس اس کے ناجائز ہونیکی دو وجہ آپ کے دونوں کے مجموعی کلام سے حاصل ہوگئیں۔

ایک: قمار؛ کیونکہ انعام نہ ملنے کی صورت میں یہ روپیہ ضائع ہوگیا۔

دوسری وجہ: ربوا؛ کیونکہ ایک روپیہ دیکر زیادہ روپیہ حاصل ہوئے ربوا اور قمار دونوں نصا ممنوع ہیں۔

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۷/ ۳۳۵ : الجواب-معمہ جات اور انعامی مقابلوں میں اگر حل کرنے والوں کو فیس ادا کرنی پڑتی ہے تب تو یہ جوا ہے جو حرام ہے اور فیس ادا نہیں کی جاتی مگر یہ معمہ لغو اور لایعنی قسم کے ہیں تو ان میں شرکت مکروہ ہے اور اگر وہ دینی معلومات پر مشتمل ہو تو ان میں شرکت مستحسن ہے۔

বিশ্বাসঘাতকতা

প্রশ্ন : আমরা কিছুসংখ্যক লোক এক বছর মেয়াদের ভিত্তিতে এক প্রকল্পের অধীনে চাকরি করি। আবার দায়িত্বে অবহেলার কারণে যেকোনো সময় যেকোনো ব্যক্তিকে প্রকল্পের কর্মকর্তা বিদায়ও করতে পারেন। আমরা যারা এ প্রকল্পে কর্মরত আছি, সবাই আমাদের উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক আমাদের অধিকার ক্ষুণ্ন হচ্ছে মনে করে সবাই মিলে আমাদের উর্ধ্বতন কর্মকর্তার অজান্তে আমাদের অধিকার আদায়ের লক্ষ্যে এক পরামর্শ সভা করি। পরামর্শ সভায় যারা উপস্থিত ছিলাম তারা সবাই একমত ছিলাম যে আমাদের মধ্য থেকে যেকোনো একজন নেতৃত্ব দেবে, আর সবাই তার নেতৃত্বে সহযোগিতা করব। আমাদের দাবি উর্ধ্বতন কর্মকর্তাকে জানানোর পূর্বেই আমরা পরামর্শ করে যা সিদ্ধান্ত নিয়েছি, তা আমাদের মধ্য থেকেই একজন গোপনে উর্ধ্বতন কর্মকর্তার কাছে প্রিয়পাত্র হওয়ার জন্য জানিয়ে দেয়। তাতে আমাদের দাবি আদায়ের প্রক্রিয়া বিঘ্নিত হয়। আর আমাদের উর্ধ্বতন কর্মকর্তাদের নিকট আমরা অবিশ্বাসী হয়ে যাই। বিশেষ করে এই পরামর্শ সভার আহ্বায়কের ওপর উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক বেশ

Scanned by CamScanner

চাপ সৃষ্টি হয়। পরে অবশ্য উর্ধ্বতন কর্মকর্তা তাকে ক্ষমা করে দেন। প্রশ্ন হলো, যে ব্যক্তি এ কাজটা করল সেই ব্যক্তি যদি কোনো মসজিদের ইমাম হয় তাহলে তার পেছনে নামাযের ইক্তেদা করা জায়েয আছে কি না? ইক্তেদা করলে নামায হবে কি না? এ ধরনের লোককে শরীয়তের পরিভাষায় কী বলা হয়? বিস্তারিত জানাবেন।

উত্তর : যে সমস্ত কথার গোপনীয়তা রক্ষা করা শরীয়তসম্মত, ওই সমস্ত কথা ফাঁস করা খিয়ানতের অন্তর্ভুক্ত। যদি কোনো ইমাম এ ধরনের খিয়ানতে লিপ্ত হয় তখন তাওবা না করা পর্যন্ত তার জন্য ইমামতি করা মাকরূহ। তাই প্রশ্নে বর্ণিত দাবি আদায় ও তার লক্ষ্যে ঐক্য হওয়া যদি ন্যায্য ও শরীয়তসম্মত হয়ে থাকে তখন উক্ত ইমামের জন্য তাওবা করা জরুরি, তাওবার পর তার পেছনে নামায পড়তে আপত্তি নেই। আর যদি দাবি শরীয়তসম্মত না হয়ে থাকে তখন তাকে খিয়ানতকারী বলা যাবে না এবং তাওবাও জরুরি হবে না। (১১/৪০৮)

📖 سنن أبي داود (دار الحديث) ٤/ ٢٠٧٧ (٤٨٦٩) : عن جابر بن عبد الله، قال: قال رسول الله صلى الله عليه وسلم: " المجالس بالأمانة إلا ثلاثة مجالس: سفك دم حرام، أو فرج حرام، أو اقتطاع مال بغير حق ".

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ١٤١٩ (٤٢٥٠) : عن أبي عبيدة بن عبد الله، عن أبيه، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «التائب من الذنب، كمن لا ذنب له» -

📖 فتاوی محمودیہ ١٦/ ٢٢٤ : چغلخوری کبیرہ گناہ ہے اگر امام اس سے توبہ نہ کرے تو اس کی امامت مکروہ ہے۔

ইচ্ছাকৃত অঙ্গহানি করা

প্রশ্ন : ইচ্ছাকৃত অঙ্গহানি করলে কোনো গোনাহ হবে কি না? হলে কোন গোনাহ?

উত্তর : অঙ্গহানি নিষিদ্ধ ও বড় গোনাহ। (১১/৪৪৬)

📖 فتح الباري (دار الريان) ١١/٥٤٨ : حديث أبي هريرة ومن تحسى سما قال بن دقيق العيد هذا من باب مجانسة العقوبات الأخروية للجنايات الدنيوية ويؤخذ منه أن جناية الإنسان على نفسه

Scanned by CamScanner

كجنايته على غيره في الإثم لأن نفسه ليست ملكا له مطلقا بل هي لله تعالى فلا يتصرف فيها إلا بما أذن له فيه -

লাইব্রেরি করার জন্য মাহফিল করে কালেকশন করা

প্রশ্ন : আমাদের এলাকায় এনজিওদের কয়েকটি লাইব্রেরি রয়েছে। সেখান থেকে এলাকার যুবক-যুবতীদের বিনা মূল্যে নোংরা কিছু উপন্যাস দেওয়া হয়। তাই এলাকার কিছু ধার্মিক ভাই তাদের লাইব্রেরির মোকাবেলায় একটি ধর্মীয় পুস্তকের লাইব্রেরি করার পরিকল্পনা গ্রহণ করে, যাতে সেখান থেকে যুবক-যুবতীদের বিনা মূল্যে ধর্মীয় পুস্তাকাদি দেওয়া যায়। কিন্তু লাইব্রেরির টাকার জন্য তারা এ সিদ্ধান্ত গ্রহণ করল যে প্রতি বছর আমরা একটি সভা করব এবং সভা করার পর যে টাকা অতিরিক্ত থাকবে তা দ্বারা আমরা লাইব্রেরির কিতাবাদি ক্রয় করব। আরো অতিরিক্ত টাকা থাকলে আমরা একটি মাদরাসা নির্মাণ করব। প্রশ্ন হলো, ইসলামী সভার নামে জনগণের কাছে টাকা নিয়ে লাইব্রেরি বা মাদরাসা করা যাবে কি না?

উত্তর : সভায় জনগণকে এনজিওদের ইসলামবিরোধী কর্মকাণ্ড এবং তাদের প্রতিবাদে দ্বীনি বই-পুস্তক বিতরণের লক্ষ্যে লাইব্রেরি ও মাদরাসা নির্মাণ সম্পর্কে অবগত করে চাঁদা কালেকশন করা হলে উক্ত কালেকশন দ্বারা লাইব্রেরি ও মাদরাসা নির্মাণ করা বড়ই সাওয়াবের কাজ হবে। (১১/৭২৪/৩৬৮৫)

📖 البحر الرائق (ايچ ايم سعيد) ٧ / ١٤ : قال وما خالف شرط الواقف فهو مخالف للنص وهو حكم لا دليل عليه سواء كان نصه في الواقف نصا أو ظاهرا. اهـ قال هذا الشارح وهذا موافق لقول مشايخنا كغيرهم شرط الواقف كنص الشارع فيجب اتباعه.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٢ / ٢٦٩ : وهنا الوكيل إنما يستفيد التصرف من الموكل وقد أمره بالدفع إلى فلان فلا يملك الدفع إلى غيره.

📖 امداد الفتاوی (زکریا) ٢ / ٥٧٢ : سوال- چندہ کے احکام وقف کے ہوں گے یا مہتمم تنخواہ مقررہ سے زائد بطور انعام وغیرہ کے سکتے ہے یا نہیں؟

الجواب- یہ وقف نہیں معطین کا مملوک ہے اگر اہل چندہ صراحۃ یا دلالۃ انعام دینے پر رضاء مند ہوں درست ہے ورنہ درست نہیں۔

Scanned by CamScanner

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۲ / ۳۹۶ : الجواب- جن کاموں کے لئے چندہ کیا گیا ہے چندہ کی رقم کو ان ہی کاموں میں صرف کیا جائے دوسرے کاموں میں رقم خرچ کرنا بلا اجازت چندہ دہندگان درست نہیں، چندہ دہندگان بقیہ رقم کو ان کاموں میں خرچ کرائیں رقم کو جن کاموں میں خرچ کیا جائے گا۔

স্ত্রীর সাথে কৃত ওয়াদা পূরণ না করা

প্রশ্ন : স্বামী তার স্ত্রীর সাথে ওয়াদা করে যায় যে সাত মাস পর চলে আসব। পরে যদি ওয়াদামতো আসতে না পারে তাহলে পরকালে স্বামীর জবাবদিহি করতে হবে কি না?

উত্তর : স্বামী যদি স্ত্রীকে ওয়াদা করার সময় তা পুরা করার নিয়্যাত করে এবং দৃঢ়প্রতিজ্ঞা থাকা সত্ত্বেও কোনো ওজরবশত পুরা করতে না পারে তাহলে গোনাহ হবে না। বিনা ওজরে পুরা না করলে গোনাহ হবে। (১১/৭৬০)

📖 جامع الفتاوی (ربانی بکڈپو) ۱/ ۲۶۳ : وعدہ خلافی کرتے وقت یہ نیت کرنا کہ اس کو پورا نہیں کرنا ہے منافق کی نشانی ہے، لیکن اگر نیت تو پورا کرنے کی تھی پھر کسی عذر کیوجہ سے پورا نہیں کر سکا تو اس پر گناہ نہیں بلا عذر پورا نہ کرنا گناہ ہے۔

নামাযের মোবাইল নাম্বার

প্রশ্ন : নামাযের মোবাইল নাম্বার 'টু ডাবল ফোর থ্রি ফোর', এর উৎস কতটুকু সঠিক। জানতে চাই?

উত্তর : শরীয়তে এর কোনো উৎস নেই। এটি উদাহরণ হিসেবে বলা হয়। এটি কোরআন-হাদীসের কথা বা শরীয়তের কোনো মাসআলা নয়। (১১/৮৪৬)

পড়ার অনুপযোগী কোরআন শরীফ কী করবে

প্রশ্ন : আমাদের দেশের বিভিন্ন এলাকার মাদরাসা-মসজিদ, এমনকি অনেক বাড়িতে অসংখ্য কোরআন শরীফ বিভিন্ন স্থানে অবহেলিত অবস্থায় পড়ে থাকতে দেখা যায়, যেগুলোর অধিকাংশই পড়ার অনুপযোগী। অর্থাৎ কোনোটার শুরু বা মাঝের অনেক পৃষ্ঠা নেই। আবার কোনোটার দুই-এক পারা নেই। জানার বিষয় হলো, এগুলো হেফাজত করার পদ্ধতি কী? অনেক এলাকায় দেখা যায়, এগুলো কবরস্থানে মুর্দারের

Scanned by CamScanner

মাথার দিকে দাফন করে রাখে, কোথাও বা স্রোতের পানেতে ডুবিয়ে দেয় আবার কোথাও পুড়িয়ে ফেলে, এগুলো কতটা সঠিক?

উত্তর : কোরআন শরীফের যথার্থ সম্মান, হেফাজত ও সংরক্ষণ করা প্রত্যেক মুসলমানের ঈমানী দায়িত্ব ও কর্তব্য। কোনো কোরআন শরীফ পড়ার অনুপযুক্ত হয়ে গেলে তা পবিত্র কাপড়ে আবৃত করে মানুষের পদদলন না হয় মতো পবিত্র স্থানে দাফন করা কিংবা সমুদ্র বা প্রবাহিত পানিতে ছেড়ে দেওয়ার মাধ্যমে হেফাজত করা যেতে পারে। আগুনে পুড়িয়ে হেফাজত করার পদ্ধতি বর্তমানে অপমানজনক কাজে পরিণত হওয়ায় তা বর্জনীয়। (১১/৯৩৪)

📖 الفتاوى السراجية (ايچ ايم سعيد) صـ ٧١ : اذا صار المصحف خلقا ينبغى ان يلف فى خرقة طاهرة ويدفن فى مكان طاهر أو يحرق او يغسل.

📖 الدر المختار مع الرد (ايچ ايم سعيد) ٦ /٤٢٢ : الكتب التي لا ينتفع بها يمحى عنها اسم الله وملائكته ورسله ويحرق الباقي ولا بأس بأن تلقى في ماء جار كما هي أو تدفن وهو أحسن كما في الأنبياء .

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٦ /٤٢٢ : (قوله الكتب إلخ) هذه المسائل من هنا إلى النظم كلها مأخوذة من المجتبى كما يأتي العزو إليه (قوله كما في الأنبياء) كذا في غالب النسخ وفي بعضها كما في الأشباه لكن عبارة المجتبى والدفن أحسن كما في الأنبياء والأولياء إذا ماتوا، وكذا جميع الكتب إذا بليت وخرجت عن الانتفاع بها اهـ يعني أن الدفن ليس فيه إخلال بالتعظيم، لأن أفضل الناس يدفنون. وفي الذخيرة: المصحف إذا صار خلقا وتعذر القراءة منه لا يحرق بالنار إليه أشار محمد وبه نأخذ، ولا يكره دفنه، وينبغي أن يلف بخرقة طاهرة، ويلحد له لأنه لو شق ودفن يحتاج إلى إهالة التراب عليه، وفي ذلك نوع تحقير إلا إذا جعل فوقه سقف وإن شاء غسله بالماء أو وضعه في موضع طاهر لا تصل إليه يد محدث ولا غبار، ولا قذر تعظيما لكلام الله عز وجل اهـ

Scanned by CamScanner

তৃতীয় শ্রেণীতে সফর করে প্রথম শ্রেণীর ভাড়া উসুল করা

প্রশ্ন : এক ব্যক্তি প্রথম শ্রেণীর ইঞ্জিনিয়ার। যার দায়িত্ব হলো, সরকারি বিভিন্ন কাজের জন্য বাংলাদেশের বিভিন্ন স্থানে সফর করা। সরকারের পক্ষ থেকে তাকে ট্রেনের পুরোপুরি ভাড়া দিয়ে দেওয়া হয়। প্রথম শ্রেণীতে গেলে প্রথম শ্রেণীর ভাড়া, দ্বিতীয় শ্রেণীতে দ্বিতীয় শ্রেণীর ভাড়া ও তৃতীয় শ্রেণীতে তৃতীয় শ্রেণীর ভাড়া। কেউ যদি প্রথম শ্রেণীতে না গিয়ে ইচ্ছা করে তৃতীয় শ্রেণীতে যায় এবং কষ্ট করে এবং সরকারকে আমি প্রথম শ্রেণীতে ট্রেন সফর করেছি এ কথা লিখে দেয়। সরকার থেকে প্রথম শ্রেণীর টাকা নিয়ে নিজের অভাব পূরণ ও সাংসারিক কাজে খরচ করে, তা শরীয়তে জায়েয হবে কি না? এভাবে না লিখলে সরকার তাকে প্রথম শ্রেণীর ভাড়া দেবে না।

উত্তর : স্পষ্টভাবে সরকারি আইন থাকা সত্ত্বেও মিথ্যা ও ধোঁকার আশ্রয় নিয়ে তৃতীয় শ্রেণীতে সফর করে প্রথম শ্রেণীর ভাড়া উসুল করা শরীয়তের দৃষ্টিতে জায়েয হবে না। বরং অতিরিক্ত টাকা তার জন্য হারাম হবে। (৫/৬৮)

📖 بدائع الصنائع (سعيد) ٦/ ٣٤ : أن المقبوض في يد الوكيل بجهة التوكيل بالبيع والشراء وقبض الدين والعين وقضاء الدين - أمانة بمنزلة الوديعة، لأن يده يد نيابة عن الموكل بمنزلة يد المودع.

📖 مجمع الأنهر ٢/ ٥٥٢ : (والكذب حرام إلا في الحرب للخدعة وفي الصلح بين اثنين وفي إرضاء الأهل وفي دفع الظالم عن الظلم) لأنا أمرنا بهذا فلا يبالي فيه الكذب إذا كانت نيته خالصة.

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۴/ ۴۷۰ : الجواب- ۱۰۲ : ہمیں ملازمین سے تحقیق کرنے سے یہ معلوم ہوا ہے کہ یہ رقم گورنمنٹ یا محکمہ کورٹ کی طرف سے ملازمین کی ملک کردی جاتی ہے اس لئے باوجود اس علم کے کہ فلاں شخص سیکنڈ یا انٹر میں سفر نہیں کرتا اس پر کوئی جرم قائم نہیں ہوتا نہ اس علم کے بعد گورنمنٹ اس کو سیکنڈ وانٹر کے کرایہ سے محروم کردیتی ہے بلکہ بدستور اسی قاعدہ سے کرایہ دیتی ہے اگر یہ تحقیق صحیح ہے تو سائل کو تھرڈ درجہ میں سفر کرنا اور بقیہ رقم کو اپنی ذاتی مصارف میں صرف کرنا جائز ہے اس پر کفایت شعاری کرکے اس رقم کو بچانا واجب نہیں بلکہ یہ بھی جائز ہے کہ جس درجہ کا کرایہ دیا جائے اسی درجہ میں سفر کرے۔

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۸/ ۲۷۸ : سوال- زید جس کمپنی میں ملازم ہے اس کمپنی کی طرف سے دوسرے شہروں میں مال کی فروخت اور رقم کی وصولی کے لئے جانا پڑتا ہے جس کا پورا خرچہ کمپنی کے ذمہ ہوتا ہے بعض شہروں میں زید کے ذاتی

Scanned by CamScanner

دوست ہیں جن کے پاس ٹھہرنے کی وجہ سے خرچہ نہیں ہوتا۔ کیازید دوسرے شہروں کے تناسب سے ان شہروں کا خرچہ بھی اپنی کمپنی سے وصول کر سکتا ہے یا نہیں؟

جواب-اگر کمپنی کی طرف سے یہ طے شدہ ہے کہ ملازم کو اتنا سفر خرچ دیا جائے خواہ وہ کم خرچ کرے یا زیادہ، اور کرے یا نہ کرے، اس صورت میں تو زید اپنے دوست کے پاس ٹھہرنے کے باوجود کمپنی سے سفر خرچ وصول کر سکتا ہے اور اگر کمپنی کی طرف سے طے شدہ نہیں بلکہ جس قدر خرچ ہو ملازم اس کی تفصیلات جزئیات لکھ کر کمپنی کو دیتا ہے اور کمپنی سے بس اتنی ہی رقم وصول کر لیتا ہے جتنی اس نے دوران سفر خرچ کی تھی تو اس صورت میں کمپنی سے اتنا ہی سفر خرچ وصول کر سکتا ہے جتنا کہ اس کا خرچ ہوا۔

মজুরি আদায়ের নিমিত্তে মিথ্যা ভাউচারে দস্তখত করা

প্রশ্ন : আমি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একজন কর্মচারী। আমরা প্রতি বছর দুটি প্যান্ট, দুটি শার্ট, জুতা, ছাতা ও তিন বছর অন্তর একটি কমপ্লিট স্যুট পাওয়ার অধিকারী। কর্মচারীদের দাবির প্রেক্ষিতে কর্তৃপক্ষ সেলাই করা কাপড় না দিয়ে একটা প্যান্ট ও শার্টের কাপড়ের মূল্য ও সেলাইয়ের মজুরি নগদ প্রদান করে। নগদ টাকা নেওয়ার সময় কর্তৃপক্ষের দেওয়া একটি স্লিপে সই করে নিতে হয় যাতে লেখা থাকে, "দুটি প্যান্ট, দুটি শার্ট, জুতা ইত্যাদি বুঝিয়া পাইলাম।" অথচ গ্রহণ করা হয় নগদ টাকা, দর্জির দোকান থেকে মিথ্যা ভাউচার সংগ্রহ করে না দিলে মজুরি পাওয়া যায় না। প্রশ্ন হলো, এভাবে টাকা গ্রহণ করা জায়েয হবে কি না? আমি প্যান্ট-শার্ট পরি না। কর্তৃপক্ষ যে কাপড় দেয় তাতে সুন্নাতি লেবাস তৈরি করা যায় না। এখন আমার করণীয় কী?

উত্তর : কাপড় বা টাকার উল্লেখ করে ভাউচার করা ভালো। তবে প্রয়োজনে কোনো একটির উল্লেখ করা যেতে পারে। কাপড়ের মালিক হয়ে যাওয়ার পর তা বিক্রি করে অন্য কাপড় তৈরি করতে পারবে। যদি কর্তৃপক্ষ হতে কোনো বাধা না থাকে। দর্জির মজুরির ভাউচার নেওয়ার জন্য অগ্রিম অর্ডারের ভাউচার নিলে মিথ্যা ভাউচার হবে না। (৪/৪৩৫)

📖 رد المحتار (سعيد) ٦/ ٤٢٧ : (قوله الكذب مباح لإحياء حقه) كالشفيع يعلم بالبيع بالليل، فإذا أصبح يشهد ويقول علمت الآن، وكذا الصغيرة تبلغ في الليل وتختار نفسها من الزوج وتقول: رأيت الدم الآن. واعلم أن الكذب قد يباح وقد يجب والضابط فيه كما في تبيين المحارم وغيره عن الإحياء أن كل مقصود محمود يمكن التوصل إليه بالصدق والكذب جميعا، فالكذب فيه حرام، وإن

Scanned by CamScanner

أمكن التوصل إليه بالكذب وحده فمباح إن أبيح تحصيل ذلك المقصود، وواجب إن وجب تحصيله كما لو رأى معصوما اختفى من ظالم يريد قتله أو إيذاءه فالكذب هنا واجب وكذا لو سأله عن وديعة يريد أخذها يجب إنكارها، ومهما كان لا يتم مقصود حرب أو إصلاح ذات البين أو استمالة قلب المجني عليه إلا بالكذب فيباح، ولو سأله سلطان عن فاحشة وقعت منه سرا كزنا أو شرب فله أن يقول ما فعلته، لأن إظهارها فاحشة أخرى، وله أيضا أن ينكر سر أخيه، وينبغي أن يقابل مفسدة الكذب بالمفسدة المترتبة على الصدق، فإن كانت مفسدة الصدق أشد، فله الكذب، وإن العكس أو شك حرم، وإن تعلق بنفسه استحب أن لا يكذب وإن تعلق بغيره لم تجز المسامحة لحق غيره والحزم تركه حيث أبيح -

অমুসলিমের দেওয়া খাদ্য-পানীয় গ্রহণ করা

প্রশ্ন : অমুসলিমদের পক্ষ থেকে দেওয়া কোনো হাদিয়া যেমন–খানাপানীয় ইত্যাদি গ্রহণ করা যাবে কি না? তাতে অন্তরে কোনো ধরনের খারাপ প্রতিক্রিয়া সৃষ্টি হবে কি না?

উত্তর : অমুসলিম আহলে কিতাব থেকে সর্বপ্রকার খানাপিনা এবং হাদিয়া গ্রহণ করা বৈধ। আহলে কিতাব নয়–এমন অমুসলিমদের জবাইকৃত জন্তু ছাড়া সর্বপ্রকার খানাপিনা এবং হাদিয়া গ্রহণ করা বৈধ। তবে তাদের আনন্দ উৎসব উপলক্ষ্যে তৈরী করা কোনো জিনিস খাওয়া এবং হাদিয়া হিসেবে গ্রহণ করা উলামায়ে কেরামের নিকট অপছন্দনীয়। (৫/৭৯)

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ٢١٩ (٢٦١٧) : عن أنس بن مالك رضي الله عنه، أن يهودية أتت النبي صلى الله عليه وسلم بشاة مسمومة، فأكل منها، فجيء بها فقيل: ألا نقتلها، قال: «لا»، فما زلت أعرفها في لهوات رسول الله صلى الله عليه وسلم-

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٤٧ : ولا بأس بطعام المجوس كله إلا الذبيحة، فإن ذبيحتهم حرام ولم يذكر محمد - رحمه الله تعالى - الأكل مع المجوسي ومع غيره من أهل الشرك أنه هل يحل أم لا وحكي عن الحاكم الإمام عبد الرحمن الكاتب أنه إن ابتلي به

Scanned by CamScanner

المسلم مرة أو مرتين فلا بأس به وأما الدوام عليه فيكره كذا في المحيط. وذكر القاضي الإمام ركن الإسلام علي السغدي أن المجوسي إذا كان لا يزمزم فلا بأس بالأكل معه وإن كان يزمزم فلا يأكل معه لأنه يظهر الكفر والشرك ولا يأكل معه حال ما يظهر الكفر والشرك ولا بأس بضيافة الذمي وإن لم يكن بينهما إلا معرفة كذا في الملتقط.

ধর্মীয় কাজে অমুসলিমের অনুদান গ্রহণ করা

প্রশ্ন : কোনো বিধর্মী ব্যক্তি যদি ইসলামী কোনো কাজকে নেক কাজ মনে করে দান করে এবং কোনো প্রকার শর্ত না করে তাহলে তা গ্রহণ করা বৈধ কি না?

উত্তর : কোনো অমুসলিমের দান মসজিদ, মাদরাসা, এতিম ও মিসকিনদের জন্য ওই সময় নেওয়া যেতে পারে যদি তাদের প্রভাব বিস্তার হওয়ার আশঙ্কা না থাকে বা তাদের ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহণের নমনীয় মনোভাব মুসলমানদের মাঝে সৃষ্টি হওয়ার আশঙ্কা না থাকে। (১/৩০)

📖 رد المحتار (سعيد) ٤/ ٣٤١ : (قوله: وأن يكون قربة في ذاته) فنعين أن هذا شرط في وقف المسلم فقط، بخلاف الذمي لما في البحر وغيره أن شرط وقف الذمي أن يكون قربة عندنا وعندهم كالوقف على الفقراء أو على مسجد القدس، بخلاف الوقف على بيعة فإنه قربة عندهم فقط أو على حج أو عمرة فإنه قربة عندنا فقط فأفاد أن هذا شرط لوقف الذمي فقط-

📖 امداد الفتاوی (زکریا) ۲ / ۶۶۴ : الجواب—اگر یہ احتمال نہ ہو کہ کل کو اہل اسلام پر احسان رکھیں گے اور نہ یہ احتمال ہو کہ اہل اسلام ان کے ممنون ہو کر ان کے مذہبی شعائر میں شرکت یا ان کی خاطر سے اپنے شعائر میں مداہنت کرنے لگیں گے اس شرط سے قبول کر لینا جائز ہے۔

কাবা ঘরের ছবিযুক্ত জায়নামাযে বসা

প্রশ্ন : জায়নামাযের মধ্যে কাবা শরীফের ছবি রয়েছে। ইমাম সাহেব পূর্ব দিকে ফিরে কাবা ঘরের ছবির ওপর বসেন। এ ব্যাপারে আপনার শরয়ী বিধান জানতে চাই।

Scanned by CamScanner

উত্তর : কাবা ঘরের ছবিযুক্ত জায়নামাযে বসাতে কোনো অসুবিধা নেই। (৫/৩৫২)

📖 منحة السلوك في شرح تحفة الملوك للعيني ص ١٥٩ : قوله: (وتكره صورة ذي الروح) مثل صورة الأسد والفيل والآدمي والخيل والطير التي ينقشها المصورون في الجدران والسقوف، وينسجها النساج في البسط والفرش. قيده بقوله: (ذي روح) لأن صورة غير ذي روح: لا يكره، كالشجر ونحوه، لأنه لا يعبد.

📖 فتاوی محمودیہ (زکریا) ۷/ ۱۱۱ : اس تصویر سے خانہ کعبہ کی تعظیم میں بھی کوئی فرق نہیں آتا، کیونکہ تصویر کا حکم عین شی کا حکم نہیں ہوتا، دوسرے، خود خانہ کعبہ میں بھی نماز پڑھی جاتی ہے تو وہاں بھی زمین پیروں کے نیچے ہوتی ہے جب وہ تعظیم کے منافی نہیں تو تصویر کا پیروں کے نیچے ہونا بطریق اولی تعظیم کے منافی نہ ہوگا۔

না জানিয়ে ঘরের চাল বিক্রি করে ব্যবসা করা

প্রশ্ন : আমরা নাবালেগ অবস্থায় ঘর থেকে চাল ইত্যাদি কাউকে না জানিয়ে নিয়ে যেতাম এবং বিক্রি করে টাকা জমাতাম। এ জাতীয় মোট ২০০০ টাকা ব্যবসায় খাটিয়েছি। এ টাকার হুকুম কী? নাজায়েয হলে এর গোনাহ থেকে বাঁচার পদ্ধতি কী?

উত্তর : স্বাভাবিক যে পরিমাণ খরচের প্রয়োজন সে পরিমাণ টাকা যদি পিতা না দেয় তখন তার অগোচরে প্রয়োজন পরিমাণ টাকা নেওয়ার অনুমতি আছে। জমা করার বা অপব্যয়ের জন্য তার অগোচরে টাকা নেওয়ার অনুমতি নেই। এরূপ অগোচরে টাকা নেওয়ার ব্যাপারে যদি পরবর্তীতে পিতার সম্মতি অর্জন করা যায় তবে ওই টাকা নিজের জন্য হালাল। সম্মতি না পাওয়া গেলে পিতার নিকট ফিরিয়ে দিতে হবে। পিতার মৃত্যু হলে তা ওয়ারিশদের হক হবে। (৫/৪৩০)

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ١٧٨ (٢٤٦٠) : عن عروة، أن عائشة رضي الله عنها، قالت: جاءت هند بنت عتبة بن ربيعة، فقالت: يا رسول الله، إن أبا سفيان رجل مسيك، فهل علي حرج أن أطعم من الذي له عيالنا؟ فقال: «لا حرج عليك أن تطعميهم بالمعروف» -

📖 عمدة القارى (دار إحياء التراث) ١٣/ ٧ : هذا الحديث يشتمل على أحكام: وهى النفقة للأولاد وأنها مقدر بالكفاية لا بالامداد -

Scanned by CamScanner

সেন্টের ব্যবহার ও ব্যবসা করা

প্রশ্ন : সেন্ট লাগানো কাপড়ে নামায পড়া এবং তা বেচাকেনা করা শরীয়তের দৃষ্টিতে জায়েয কি না?

উত্তর : সাধারণত সেন্টের মধ্যে নেশাজাতীয় স্প্রিট থাকে। এই স্প্রিট নাপাক কি না এতে যদিও আলেমগণের মতানৈক্য আছে, কিন্তু পাক হওয়াটাই অধিক সংগত মনে হয়। সুতরাং সেন্টের ব্যবহার ও বেচাকেনা জায়েয হওয়াটাই বেশি গ্রহণযোগ্য। বিশেষ করে এতে যখন কোনো নাপাক জিনিসের মিশ্রণ থাকার প্রমাণ নেই। হ্যাঁ, স্প্রিট ছাড়া অন্য কোনো নাপাক বস্তুর মিশ্রণ আছে বলে প্রমাণ পাওয়া গেলে সেই সেন্ট ব্যবহার নাজায়েয হবে। (১/১৬৫)

📖 احسن الفتاوی (سعید) ۲/ ۹۵ : اسپرٹ اگرانگور کشمش یا کھجور سے حاصل کی گئی ہو تو بالاتفاق نجس ہے اور انکے سواء کسی دوسری چیز سے بنائے گئی ہو تو شیخین ؒ کے نزدیک پاک اور امام محمدؒ کے نزدیک نجس ہے تحقیق سے معلوم ہوا کہ آج کل اسپرٹ اور الکحل کیلئے انگور اور کھجور استعمال نہیں کی جاتی ہے لہذا شیخینؒ کے قول کی مطابق پاک ہے حضرات فقہاء کرام اگرچہ فساد زمان کی حکمت کی بناء پر امام محمدؒ کے قول کو مفتی بہ قرار دیاہے مگرآجکل ضرورت تداوی وعموم بلوی کی رعایت کے پیش نظر شیخینؒ کے قول پر طہارت کا فتوی دیاجاتاہے ویسے بھی اصول فتوی کے لحاظ کے قول شیخینؒ کو ترجیح ہوتی ہے الا لعارض۔

📖 کفایت المفتی (امدادیہ) ۹ / ۱۴۰ : اگراسپرٹ شراب کی حقیقت سے نکل جاتاہے تو اس کااستعمال کرناجائزہوگا،اوراگراسپرٹ میں وہی نشہ وغیرہ اثر شراب کاباقی رہتاہے تو استعمال اسپرٹ کاناجائزہوگا،میتھ لیٹیڈ اسپرٹ جوچولہے میں جلائی جاتی ہے اس میں جزء مسکر الکحل نے اس طرح ترکیب پائی ہے کہ میتھ لیٹیڈ مسکر نہیں ہےاس لئے اس کا جلانے میں استعمال جائزہے۔

সেন্ট ব্যবহার করার হুকুম

প্রশ্ন : বর্তমানে বাজারে যে সেন্ট পাওয়া যায় 'জাদীদ ফিকহী মাসায়েল'-এর মধ্যে তার ব্যবহার নাজায়েয বলা হয়েছে। কিন্তু অনেক আলেম বলছেন যে সেন্ট ব্যবহার করা জায়েয। কার কথা সঠিক?

Scanned by CamScanner

উত্তর : নাপাক বস্তু মেশানো সেন্ট ব্যবহার করা নাজায়েয। তবে খেজুর-আঙুর ব্যতীত যব, আলু, চাল ইত্যাদি দিয়ে তৈরি অ্যালকোহল মেশানো সেন্ট ব্যবহার করা জায়েয। তবে কোনো সেন্ট নাপাক বস্তু বা খেজুর বা আঙুরের অ্যালকোহল থাকা নিশ্চিত না হওয়া পর্যন্ত নাপাক বলা যাবে না। কিন্তু সতর্কতামূলক না জেনে কাপড়ে যেকোনো ধরনের সেন্ট ব্যবহার না করাই শ্রেয়। (১৭/৫০৪/৭১৩৮)

📖 تكملة فتح الملهم (مكتبة دار العلوم كراتشى) ٣/ ٦٠٨ : وأما غير الأشربة الأربعة فليست نجسة عند الإمام أبى حنيفة ...
... أو لتمر إنما تتخذ من الحبوب أو القشر أو البترول وغيره ...
... وحينئذ هناك فسحة فى الأخذ بقبول أبى حنيفة عند عموم البلوى -

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ٦ /٢٧٧ : الجواب-اسپیرٹ کے متعلق تحقیق یہ ہے کہ یہ تیز شراب کا جوہر ہے اس میں سے بذریعہ علم کیمیا خاص نشی چیز علیحدہ کرلیا جاتا ہے اسکا نام الکحول ہے اگر انگور یا کھجور یا منقی سے بنی ہو تو بالاتفاق ناپاک اور حرام ہے، ایک قطرہ بھی استعمال کرنا جائز نہیں ہے اور جو اسپرٹ، بیر، آلو، جو، گیہوں، مہوا سے بنتی ہے اس میں اختلاف ہے نمازی آدمی کو ایسے اسپرٹ لگانے سے بچنا چاہئے، لیکن اگر کسی نے ایسا سینٹ لگا کر نماز پڑھ لی تو چونکہ اسپرٹ کی مقدار مانع جواز سے کم ہوگی اس لئے نماز ادا ہو جائے گی، لیکن کراہت سے خالی نہیں۔

সেন্ট ব্যবহার করে নামায পড়া

প্রশ্ন : বর্তমানে বাজারে যে পারফিউম পাওয়া যায়, যথা সেন্ট বা বডি স্প্রে তা ব্যবহারের ব্যাপারে শরয়ী নির্দেশনা কী? যা সাধারণত অ্যালকোহলযুক্ত। এটি ব্যবহার করে নামায পড়া বা অন্য কোনো আমল করা যাবে কি না?

উত্তর : সব ধরনের অ্যালকোহল নাপাক নয়। তাই অ্যালকোহলযুক্ত সব জিনিসকে নাপাক বলে ফাতওয়া দেওয়া যায় না। তবে সেন্টের মূল উপাদানে ব্যবহৃত অ্যালকোহল যদি আঙুর অথবা খেজুর দ্বারা তৈরি বলে নিশ্চিতভাবে জানা যায় তা ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ। আর এমনিতে সন্দেহযুক্ত জিনিস পরিহার করা ভালো। (৫/৪৪৮)

Scanned by CamScanner

📖 نظام الفتاوی ۱/ ۳۸۰ : اگر یقین ہو کہ الکحل سے مراد وہی الکحل ہے جو خمور اربعہ سے بنا ہے جو حرام قطعی اور نجس العین ہوتا ہے تو اس کو استعمال کرنا درست نہ ہوگا ورنہ گنجائش رہیگی۔

শরীরে লোশন মেখে নামায পড়া

প্রশ্ন : লোশন শরীরে মেখে নামায পড়া যাবে কি না? লোশন অ্যালকোহল দিয়ে তৈরি হয় কি না?

উত্তর : লোশনে নাপাক মিশ্রিত হওয়ার ব্যাপারে নিশ্চিত না হওয়া পর্যন্ত তা মেখে নামায পড়া জায়েয। (১৯/৫৫৪/৮২৯১)

📖 نظام الفتاوی ۵/ ۱۳۷ : الجواب- (۱) سینٹ کا استعمال شرعا درست ہے، اگر اسپرٹ کے اندر ناپاک چیز کا میزش یقینی نہ ہو تو اس کے ساتھ نماز درست ہے۔

মসজিদে এনজিওর দেওয়া নলকূপ স্থাপন করা

প্রশ্ন : মসজিদের জন্য যদি কোনো এনজিও নলকূপ দান করে তা গ্রহণ করা জায়েয হবে কি না?

উত্তর : অমুসলিম বা খ্রিস্টান কর্তৃক পরিচালিত এনজিও গোষ্ঠীর ইসলামবিরোধী তৎপরতা সম্পর্কে সকলেই অবগত। তারা সেবার নামে মুসলমানদের ঈমান-আকীদা ধ্বংস করার কাজে লিপ্ত। অমুসলিমদের নিঃশর্ত সাহায্য নেওয়ার অনুমতি থাকলেও এনজিওদের সাহায্য নেওয়া নিষেধ। কারণ তাদের উদ্দেশ্য খারাপ তৎপরতা। শরীয়তবিরোধী ঈমান-আকীদাবিধ্বংসী। এমতাবস্থায় তাদের সাথে সদ্ব্যবহার ও তাদের সাহায্য নেওয়া পরোক্ষভাবে ইসলামবিরোধী কাজের সহায়তা করার শামিল। (৪/১৫০)

📖 رد المحتار (ايج ايم سعيد) ٣ / ٣٦٠ : (قوله: وأن يكون قربة في ذاته) أي بأن يكون من حيث النظر إلى ذاته وصورته قربة، والمراد أن يحكم الشرع بأنه لو صدر من مسلم يكون قربة حملا على أنه قصد القربة.

📖 فتح الملهم (مكتبة دار العلوم كراتشى) ٣/ ٢٦٩ : والذى يتخلص من مجموع الروايات أن الأمر فى الاستعانة بالمشركين موكول إلى

Scanned by CamScanner

مصلحة الإسلام والمسلمين؛ فإن كان يؤمن عليهم من الفساد وكان فى الاستعانة بهم مصلحة فلا بأس بذلك إن شاء الله تعالىٰ إذا كان حكم السلام هو الظاهر ويكون الكفار تبعاً للمسلمين؛ وإن كان للمسلين عنهم غنى أوكانوا هم القادة والمسلمون تبعا لهم أو يخاف منهم الفساد؛ فلا يجوز الاستعانة بهم -

📖 خیر الفتاوی (زکریا) ۲/ ۲۸ ۷ :الجواب- غیر مسلک کے لوگ بعض اوقات چندہ دینے کے بعد اپنے حقوق جتانے لگتے ہیں اور مستقل درد سر بنے رہتے ہیں؛ اگر یہ احتمال نہ ہو نیز یہ خدشہ بھی نہ ہو کہ کل کو وہ سینوں پر احسان جتائیں گے تو شرعا ان کا چندہ لے سکتے ہیں-

ব্যাংকের চাকরিজীবীদের সাথে আত্মীয়তা করা

প্রশ্ন : সুদি ব্যাংকের চাকরিজীবীদের সাথে আত্মীয়তা করা জায়েয কি না?

উত্তর : আত্মীয়তা করা যাবে। (৩/১৩১)

📖 آپ کے مسائل اور ان کا حل ۷/ ۳۶۰ : سوال-میرے عزیز بینک میں ملازم ہیں ان کے گھر جب جانا ہوتا ہے تو انکے ہاں چائے وغیرہ پینا کیسا ہے؟ اگرچہ میں دل سے اچھا نہیں سمجھتا ہوں مگر قریبی رشتہ دار ہونے کے ناتے جا کر نہ کھانا شاید عجیب لگے؟
الجواب-کوشش بچنے کی کی جائے اور اگر آدمی مبتلا ہو جائے تو استغفار سے تدارک کیا جائے اگر ممکن ہو تو اس عزیز کو بھی سمجھایا جائے کہ وہ بینک کی تنخواہ گھر میں نہ لایا کریں بلکہ ہر مہینے کسی غیر مسلم سے قرض لیکر گھر میں خرچ دے یا کریں اور بینک کی تنخواہ سے قرض ادا کریں، اور مسلمان ہونے کے ناتے تعلقات کیا جائے-

পশুর বীর্য সংগ্রহ ও প্রবেশ করানোর আধুনিক পদ্ধতি

প্রশ্ন : বর্তমানে যে আধুনিক পদ্ধতিতে পশুর বীর্য সংগ্রহ করে এবং প্রবেশ করায় তা শরয়ী দৃষ্টিতে জায়েয কি না?

উত্তর : জীবজন্তুর বীর্য সংগ্রহ করে তা বৈজ্ঞানিক উপায়ে জরায়ুতে প্রবেশ করানোর মাধ্যমে বাচ্চা জন্মানোর প্রচলিত ব্যবস্থা শরীয়তের দৃষ্টিতে নিষিদ্ধ নয়। (১/৩৮৫)

Scanned by CamScanner

📖 الفقه الإسلامى وأدلته ٣/ ٥٥٩ : التلقيح الصناعي: هو استدخال المني لرحم المرأة بدون جماع. فإن كان بماء الرجل لزوجته، جاز شرعاً، إذ لا محذور فيه، بل قد يندب إذا كان هناك ما نع شرعي من الاتصال الجنسي. وأما إن كان بماء رجل أجنبي عن المرأة، لا زواج بينهما، فهو حرام؛ لأنه بمعنى الزنا الذي هو إلقاء ماء رجل في رحم امرأة، ليس بينهما زوجية. ويعد هذا العمل أيضا منافياً للمستوى الإنساني، ومضارعاً للتلقيح في دائرة النبات والحيوان.

বিজ্ঞপ্তি দেখে ইমাম হওয়ার দরখাস্ত করা

প্রশ্ন : মাদরাসা বা মসজিদ কমিটির পক্ষ হতে কোনো শিক্ষক বা ইমামের শূন্য পদ পূরণের জন্য পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দেওয়া জায়েয হবে কি না? এবং বিজ্ঞপ্তিপ্রাপ্ত ব্যক্তিরা তদানুযায়ী দরখাস্ত প্রদান করা শরীয়তের বিধান মতে বৈধ কি না?
কমিটির পক্ষ হতে সার্কুলার দেওয়ার পর পদ চেয়ে নেওয়ার ব্যাপারে বর্ণিত হাদীস দ্বারা দলিল গ্রহণপূর্বক দরখাস্ত দেওয়ার অবৈধতা প্রমাণ করা ঠিক হবে কি না?

উত্তর : প্রয়োজনে ইমাম-মুয়াজ্জিন ও শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি পত্রিকায় দেওয়া যেতে পারে। সঠিক যোগ্যতা থাকা অবস্থায় কোনো দ্বীনি কাজ করার আগ্রহী হয়ে আবেদন করা দোষণীয় নয়। পদ চাওয়া নিষেধাজ্ঞাসম্বলিত হাদীসটির ক্ষেত্র ও উদ্দেশ্য ভিন্ন। এ হাদীস দ্বারা এ বিষয়ের অবৈধতা প্রমাণের কোনো সুযোগ নেই। (৩/২৩৩)

📖 سورة البقرة الآية ١٤٨ : ﴿وَلِكُلٍّ وِجْهَةٌ هُوَ مُوَلِّيهَا فَاسْتَبِقُوا الْخَيْرَاتِ أَيْنَ مَا تَكُونُوا يَأْتِ بِكُمُ اللهُ جَمِيعًا إِنَّ اللهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ﴾

📖 سورة يوسف الآية ٥٥ : ﴿قَالَ اجْعَلْنِي عَلَىٰ خَزَائِنِ الْأَرْضِ إِنِّي حَفِيظٌ عَلِيمٌ﴾

📖 تفسير ابن كثير (دار طيبة) ٤/ ٣٩٥ : فقال يوسف، عليه السلام: {اجعلني على خزائن الأرض إني حفيظ عليم} مدح نفسه، ويجوز للرجل ذلك إذا جهل أمره، للحاجة. وذكر أنه {حفيظ} أي: خازن أمين، {عليم} ذو علم وبصر بما يتولاه.
قال شيبة بن نعامة: حفيظ لما استودعتني، عليم بسني الجدب. رواه ابن أبي حاتم.
وسأل العمل لعلمه بقدرته عليه، ولما في ذلك من المصالح للناس -

Scanned by CamScanner

📖 تفسير القرطبي (دار الكتب المصرية) ٢/ ١٦٥ : قوله تعالى:"استبقوا الخيرات " أي إلى الخيرات، فحذف الحرف، أي بادروا ما أمركم الله عز وجل من استقبال البيت الحرام، وإن كان يتضمن الحث على المبادرة والاستعجال إلى جميع الطاعات بالعموم۔

📖 فتح الباري ١٣/ ١٢٤ : ويستفاد منه أن طلب ما يتعلق بالحكم مكروه فيدخل في الإمارة القضاء والحسبة ونحو ذلك وأن من حرص على ذلك لا يعان۔

📖 رد المحتار (سعيد) ٥/ ٣٦٨ : (والتقلد رخصة) أي مباح (والترك عزيمة عند العامة) بزازية فالأولى عدمه ، (قوله: والتقلد) أي الدخول فيه عند الأمن وعدم التعين. مطلب ما كان فرض كفاية يكون أدنى فعله الندب.(قوله: والترك عزيمة إلخ) هو الصحيح كما في النهر عن النهاية۔

'ইনশাআল্লাহ ইকামত বলুন' বলা

প্রশ্ন : ইমাম সাহেব মুয়াজ্জিন সাহেবকে উদ্দেশ করে বলেন, "ইনশাআল্লাহ ইকামত বলুন", এখানে 'ইনশাআল্লাহ' বাক্যটি বলাতে কোনো প্রকার শরয়ী বাধা আছে কি না?

উত্তর : এ সময়ে 'ইনশাআল্লাহ' বলাটা হয়তো তার অভ্যাস হয়ে গেছে, নতুবা শরীয়তের দৃষ্টিতে তার কোনো প্রয়োজন নেই। (২/৩৬)

📖 تفسير القرطبي (دار الكتب المصرية) ١٠ / ٣٨٥ : تحت قول إلا أن يشاء الله وأمر في هذه الآية ألا يقول في أمر من الأمور إني أفعل غدا كذا وكذا، إلا أن يعلق ذلك بمشيئة الله عز وجل۔

ড্রেনে কাগজ, ভাত-তরকারি ফেলা

প্রশ্ন : নেত্রকোনা শহরের ড্রেনের ভেতর কাগজ, ভাত এবং তরকারি ফেলা হয়—এসব ড্রেনে প্রস্রাব-পায়খানা করা জায়েয হবে কি না?

উত্তর : ভাত-তরিতরকারি সম্মানিত হওয়ার কারণে যেখানে-সেখানে না ফেলে এমন জায়গায় ফেলবে, যাতে পশুপাখি খেতে পারে। শহরের ড্রেন ময়লা, আবর্জনা ইত্যাদি

Scanned by CamScanner

ফেলার জন্য বানানো হয়। তাই সে ধরনের ড্রেনে ভাত-তরকারি ফেলা গোনাহ হবে। (২/১৫০)

📖 المستدرك على الصحيحين (دار الكتب العلمية) ٤/ ١٣٦ (٧١٤٥) :
عن عائشة، أم المؤمنين رضي الله عنها أن النبي صلى الله عليه وسلم قال: «أكرموا الخبز وإن كرامة الخبز أن لا ينتظر به» فأكله وأكلنا «هذا حديث صحيح الإسناد ولم يخرجاه»
[التعليق - من تلخيص الذهبي] ٧١٤٥ - صحيح ».

স্কুল-কলেজের জন্য জমি দান করা

প্রশ্ন : স্কুল-কলেজের জন্য জায়গা-জমি, টাকা-পয়সা দান করা বা কোনো সাহায্য-সহযোগিতা করা সাওয়াবের কাজ কি না? বিশেষ করে যে স্কুল-কলেজে সহশিক্ষা দেওয়া হয় এবং বিভিন্ন সময়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের নামে নাচ-গান ইত্যাদি প্রশিক্ষণের ব্যবহার করা হয়। এ ধরনের স্কুল-কলেজে জায়গা দান করলে সাওয়াব হবে কি না? যদি কেউ এ ধরনের স্কুল-কলেজে জায়গা দান করে মৃত্যুবরণ করে এবং পরবর্তীতে কোনো দানশীল এ মৃত ব্যক্তির নামে সেখানে স্কুল-কলেজ নির্মাণ করে দেয় তাহলে এ জন্য মৃত ব্যক্তি ও নির্মাণকারী উভয়ই গোনাহগার হবে কি না? যদি মৃত ব্যক্তিও গোনাহগার হয় তাহলে মৃত ব্যক্তির সন্তান, আত্মীয়স্বজনের ওপর এ কাজে বাধা প্রদান করা ও মৃত ব্যক্তির রূহে সাওয়াব পৌঁছানোর জন্য অন্য কোনো ব্যবস্থা করা জরুরি কি না?

উত্তর : প্রত্যেক মুসলমান নর-নারীর ওপর প্রয়োজনীয় ধর্মীয় শিক্ষা গ্রহণ করা ফরয। তদসঙ্গে ওই সব জ্ঞান-বিদ্যান অর্জন করাও জায়েয, যা মানবজাতির জন্য কল্যাণকর। কিন্তু সহশিক্ষা অবৈধ, নৈতিকতা হরণকারী, যা কোনো অবস্থায়ই বৈধ বলা যাবে না। তাই যে সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠানে সহশিক্ষা হয় বা নৈতিকতা হরণকারী শিক্ষা হয়, সেসব শিক্ষাপ্রতিষ্ঠান করা বা সাহায্য করা সবই গোনাহ। যদি কেউ এ ধরনের কাজ করে ফেলে সে তাওবা করে নেবে। আর সে যদি মারা যায় তার ওয়ারিশগণ তার পক্ষে ভালো কাজ করে ঈসালে সাওয়াব করবে। তবে মুসলমান সমাজের দায়িত্ব হবে সহশিক্ষা ও নৈতিকতাবিহীন শিক্ষা হতে এ ধরনের প্রতিষ্ঠানগুলোকে হেফাজত করার চেষ্টা করা, না হয় সবাই গোনাহগার হবে। (২/২৩৫)

📖 سورة المائدة الآية ٢ : ﴿وَتَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقْوَى وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ وَاتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ﴾

Scanned by CamScanner

📖 سنن الترمذی (دار الحديث) ٤/ ٤٦٨ (٢٦٧٥) : قال رسول الله صلى الله عليه وسلم: «من سن سنة خير فاتبع عليها فله أجره ومثل أجور من اتبعه غير منقوص من أجورهم شيئا، ومن سن سنة شر فاتبع عليها كان عليه وزره ومثل أوزار من اتبعه غير منقوص من أوزارهم شيئا» -

📖 الفتاوى الهندية (زكريا) ٢/ ٣٥٣ : أن يكون قربة في ذاته وعند التصرف لا يصح وقف المسلم أو الذمي على البيعة والكنيسة أو على فقراء أهل الحرب كذا في النهر الفائق -

📖 فتاوی محمودیہ (زکریا) ٧/ ٢٤٨ : جس تعلیم کے نتائج اس قدر خراب ہوں کہ عقائد واعمال سب کچھ بدل جاتے ہوں اور بگڑ جاتے ہوں اس کا حاصل کرنا اور اس پر روپیہ خرچ کرنا ناجائز ہے۔

📖 امداد الفتاوی (زکریا) ۴/ ۷۳ :الجواب- یونیورسیٹی میں چندہ دینا درست نہیں۔

অমুসলিমদের ধর্মীয় অনুষ্ঠানে সহযোগিতা ও অংশগ্রহণ করা

প্রশ্ন : ১. হিন্দুদের অথবা যেকোনো অমুসলিমদের বাৎসরিক অথবা যেকোনো ধর্মীয় অনুষ্ঠানে কোনো মুসলিম ব্যক্তি টাকা-পয়সা অথবা যেকোনো বিষয়ে সহযোগিতা করতে পারবে কি না?

২. কোনো মুসলিম ব্যক্তি প্রতিনিধি অর্থাৎ মেম্বার, চেয়ারম্যান অথবা এমপি হওয়ার জন্য কোনো হিন্দুদের বাৎসরিক ধর্মীয় অনুষ্ঠানে অর্থাৎ দুর্গাপূজায় টাকা-পয়সা দিয়ে সহযোগিতা করতে পারবে কি না?

উত্তর : আল্লাহ তা'আলা কোরআন শরীফে ভালো ও শরীয়ত সমর্থিত কাজে সহযোগিতা করা এবং শরীয়তবিরোধী, অন্যায় ও গোনাহের কাজে কোনো প্রকার সহযোগিতা না করার নির্দেশ দিয়েছেন। এ নীতিমালা অনুসারে মুসলমানদের জন্য হিন্দু বা অমুসলিমদের যেকোনো অনুষ্ঠানে সাহায্য-সহযোগিতা করা তা যেকোনো উদ্দেশ্যেই হোক না কেন, সম্পূর্ণ অবৈধ। অতএব প্রশ্নোল্লিখিত ব্যক্তির জন্য অমুসলিমদের ধর্মীয় অনুষ্ঠান, দুর্গাপূজা ইত্যাদিতে সাহায্য কারার কোনো অবকাশ নেই। (১৬/৬০/৬২৯৮)

📖 تفسير روح المعاني (دار الكتب العلمية) ٣/ ٢٣٠ : وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ فيعم النهي كل ما هو من مقولة الظلم والمعاصي، ويندرج فيه النهي عن التعاون على الاعتداء والانتقام.

Scanned by CamScanner

📖 وعن ابن عباس رضي الله تعالى عنهما وأبي العالية أنهما فسرا الإثم بترك ما أمرهم به وارتكاب ما نهاهم عنه، والعدوان بمجاوزة ما حده سبحانه لعباده في دينهم وفرضه عليهم في أنفسهم،

📖 تفسير روح البيان (دار الفكر) ٢/ ٣٣٨ : وَلا تَعاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوانِ اى لا يعن بعضكم بعضا على شيء من المعاصي والظلم للتشفى والانتقام وليس للناس اى يعين بعضهم بعضا على العدوان حتى إذا تعدى واحد منهم على الآخر تعدى ذلك الآخر عليه لكن الواجب ان يعين بعضهم بعضا على ما فيه البر والتقوى.

অমুসলিম ডাক্তার দ্বারা খতনা করানো

প্রশ্ন : খতনা যেহেতু ইসলামের একটি নিদর্শন। কোনো অমুসলিম ডাক্তার দ্বারা এ কাজ সম্পাদন করা শরীয়তের দৃষ্টিতে বৈধ কি না?

উত্তর : শরীয়তে দুই প্রকারের বিধান আছে। একটি হলো মুখ্য, আরেকটি হলো সহায়ক। মুখ্য বিধিবিধান বাস্তবায়নের জন্য অবশ্য মুসলমান হতে হবে। আর সহায়ক বিধিবিধান বাস্তবায়নের জন্য মুসলিম হওয়া জরুরি নয়, হলে ভালো। যেহেতু খতনা সহায়ক বিধানের অন্তর্ভুক্ত, তাই অমুসলিম দ্বারাও খতনা করা যাবে। (১/২১৭)

📖 کفایت المفتی (امدادیہ) ۲ / ۲۹۲ : الجواب- واقف کار غیر مسلم ڈاکٹر سے ختنہ کرانا جائز ہے۔

ধোঁকাবাজকে ধোঁকা দিয়ে নিজের হক উসুল করা

প্রশ্ন : এক লোক তার ভাইদের বিভিন্ন দোকানের ম্যানেজার হিসেবে বিভিন্ন সময় ভাইদের নির্দেশে বসে। তার বেতন মাসিক, যা ধার্য করা হয় তা নগদ না দিয়ে পরবর্তীতে একসাথে দেওয়ার সিদ্ধান্ত নেয়। কিন্তু লোকটি তার পূর্বে এক ভাইকে টাকা ঠিকমতো দেয়নি। এ ঘটনা শুনে সে দোকান থেকে সময়-সুযোগমতো কিছু কিছু টাকা নিয়ে ব্যাংকে জমা রাখে। তা দিয়েই তার ভবিষ্যৎ গড়ার লক্ষ্য। প্রশ্ন হলো, এভাবে টাকা নিয়ে জমা রাখা জায়েয আছে কি না? অথচ তার ভাইয়েরা পরবর্তীতে ধোঁকা

Scanned by CamScanner

দেয়, তার প্রমাণ রয়েছে। তাই সে এ পদ্ধতি গ্রহণ করতে বাধ্য হচ্ছে। এর বিধান জানতে চাই।

উত্তর : চুক্তিকৃত মাসিক বা বাৎসরিক মেয়াদ অতিবাহিত হওয়ার পর স্বাভাবিক অবস্থায় প্রকাশ্যে মালিকের নিকট থেকে নিজের হক বা প্রাপ্য উসুল করতে না পারলে গোপনে উসুল করা যেতে পারে। তবে চুক্তিকৃত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে নিজের প্রাপ্য গোপনে উসুল করা কখনো বৈধ হবে না। সুতরাং প্রশ্নে বর্ণিত পদ্ধতি অবৈধ ও চুরি বলে বিবেচিত হবে। (১৩/২১)

📖 رد المحتار (سعيد) ٤/٩٥ : قال: ونقل جد والدي لأمه الجمال الأشقر في شرحه للقدوري أن عدم جواز الأخذ من خلاف الجنس كان في زمانهم لمطاوعتهم في الحقوق. والفتوى اليوم على جواز الأخذ عند القدرة من أي مال كان لا سيما في ديارنا لمداومتهم للعقوق-

📖 الدر المختار مع الرد (سعيد) ٦/ ٤٢٢ : ليس لذي الحق أن يأخذ غير جنس حقه وجوزه الشافعي وهو الأوسع.

📖 رد المحتار (سعيد) ٦/ ٤٢٢ : (قوله وجوزه الشافعي) قدمنا في كتاب الحجر: أن عدم الجواز كان في زمانهم، أما اليوم فالفتوى على الجواز، (قوله وهو الأوسع) لتعينه طريقا لاستيفاء حقه فينتقل حقه من الصورة إلى المالية كما في الغصب والإتلاف مجتبى، وفيه وجد دنانير مديونه وله عليه دراهم، فله أن يأخذه لاتحادهم جنسا في الثمنية اهـ

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۲/ ۳۸۲ : حامدا ومصليا، سائیکل جتنی قیمت کی بازار میں ہے اتنی مقدار گویا کہ آپ نے اپنا روپیہ وصول کرلیا۔ آپ کو اختیار ہے کہ اس کو ٹھیک کرا کے استعمال میں لائیں یا فروخت کر کے قیمت استعمال میں لائیں۔

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۱۷۴ : یہ طریقہ جائز ہے، مگر اس کا پورا اہتمام رہے کہ اپنے حق سے زیادہ ہرگز نہ لے، وصول ہونے کے بعد والد کو اس کی اطلاع کرنے کی ضرورت نہیں، خصوصا جبکہ ناراضی کا اندیشہ ہو۔

Scanned by CamScanner

মাদরাসার বেতন না নিয়ে তাবিজ বিক্রি করে উপার্জন করা

প্রশ্ন : একজন ইমাম সাহেব মাদরাসা থেকে বেতন-ভাতা নেওয়াকে তাকওয়া মনে করেন না। বরং তিনি উপার্জনের জন্য তাবিজকে পেশা হিসেবে গ্রহণ করেছেন। এভাবে তিনি মোটা অঙ্কের টাকা উপার্জন করছেন। এ পেশা কি শরীয়তসম্মত?

উত্তর : আসল হুকুম তো এটাই যে মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও মাদরাসার শিক্ষকগণ বিনিময় ছাড়া শুধুমাত্র আল্লাহকে খুশি করার জন্য কাজ করবে। কিন্তু একান্ত প্রয়োজনীয় খরচাদি, যা শরয়ী দৃষ্টিকোণে তার জিম্মায় ওয়াজিব তা নিবারণ করার জন্য প্রত্যেকের নিকট উপার্জনের মাধ্যমও থাকে না বিধায় তাকে অন্য ফিকির করতে হয়, যার কারণে খিদমতের মধ্যে বিশাল ত্রুটি দেখা দেয় বা প্রবল সম্ভাবনা থাকে। এই অপারগতার পরিপ্রেক্ষিতে পরবর্তী ফিকাহবিদগণ ইমামত ইত্যাদির বিনিময় নেওয়ার অনুমতি প্রদান করেছেন।

ঝাড়-ফুঁক, তাবিজ-দু'আ যদি শরীয়তসম্মত পদ্ধতিতে হয় তাহলে বৈধ এবং এর বিনিময়ও অবৈধ নয়। তবে দ্বীনের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের জন্য পারতপক্ষে বিনিময় না নেওয়াই উত্তম। তাই বৈধ বেতন-ভাতাকে তাকওয়া পরিপন্থী মনে করে ইমাম সাহেবের জন্য ঝাড়-ফুঁক ও তাবিজের অর্থ গ্রহণের ধারণা সঠিক নয়। (১৩/৩৭২)

📖 الدر المختار مع الرد (سعيد) ٦/ ٥٥ : (و) لا لأجل الطاعات مثل (الأذان والحج والإمامة وتعليم القرآن والفقه) ويفتى اليوم بصحتها لتعليم القرآن والفقه والإمامة والأذان.

📖 رد المحتار (سعيد) ٦/ ٥٥ : (قوله ويفتى اليوم بصحتها لتعليم القرآن إلخ) قال في الهداية: وبعض مشايخنا - رحمهم الله تعالى - استحسنوا الاستئجار على تعليم القرآن اليوم لظهور التواني في الأمور الدينية، ففي الامتناع تضييع حفظ القرآن وعليه الفتوى اهـ وقد اقتصر على استثناء تعليم القرآن أيضا في متن الكنز ومتن مواهب الرحمن وكثير من الكتب، وزاد في مختصر الوقاية ومتن الإصلاح تعليم الفقه، وزاد في متن المجمع الإمامة، ومثله في متن الملتقى ودرر البحار. وزاد بعضهم الأذان والإقامة والوعظ، وذكر المصنف معظمها.

📖 فيه أيضا ٦/ ٥٧ : لأن المتقدمين المانعين الاستئجار مطلقا جوزوا الرقية بالأجرة ولو بالقرآن كما ذكره الطحاوي؛ لأنها ليست عبادة محضة بل من التداوي .

Scanned by CamScanner

📖 جامع الفتاوی (ربانی بکڈپو) ۲ / ۴۵۲ : جواب- اعلی مقام تو یہ ہے کہ مدرسین اور ائمہ مساجد خدمات کو بلا معاوضہ ادا کریں اور نیت محض اللہ کو راضی کرنا ہو مگر چونکہ ضروریات نفقہ واجبہ ان کے بھی ذمہ واجب ہے اور ہر شخص کے پاس آمدنی کے ذرائع نہیں اگر یہ حضرات امامت وتدریس کی پابندی کرتے ہیں تو نفقات واجبہ کے ادا ہونے کی کوئی صورت نہیں اگر نفقات واجبہ کی تحصیل میں مصروف ہوتے ہیں تو یہ خدمات معطل رہتی ہیں جس سے دین ضائع ہو جاتا ہے اس مجبوری کی بناپر فقہاء کرام نے اجازت دی ہے۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۵/۴۶ : اگر علاج مقصود ہے اور تجربہ سے ثابت ہے کہ اس طرح پڑھنے سے شفاء ہو جاتی ہے تو اس پر اجرت لینا درست ہے بعض صحابہ نے شفاء کیلئے پڑھنے پر اجرت لی ہے اور حضرت نبی اکرم صلی اللہ علیہ وسلم نے اس کو درست فرمایا ہے۔

সরকারি মাদরাসায় মুহাদ্দিস হিসেবে চাকরি নেওয়া

প্রশ্ন : আমি কওমী মাদরাসায় দাওরা পাস করেছি। আমার সরকারি সার্টিফিকেটও আছে। এরই ভিত্তিতে আলিয়া মাদরাসায় মুহাদ্দিস পদে আমাকে নিতে চায়। আমার জন্য এটা জায়েয আছে কি না? উল্লেখ্য, উক্ত আলিয়া মাদরাসায় সহশিক্ষা নেই।

উত্তর : ইলমে দ্বীন একমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য অর্জন করবে, পার্থিব কোনো উদ্দেশ্যে নয়। যদি কোনো ব্যক্তি ইলমে দ্বীন শিক্ষার পাশাপাশি সরকারি ডিগ্রিও অর্জন করে এবং এরই ভিত্তিতে সরকারি মাদরাসায় চাকরি নেয় এবং সেখানে শরীয়ত পরিপন্থী কোনো কাজে লিপ্ত না হয় তাহলে উক্ত প্রতিষ্ঠানে চাকরি করা এবং বেতন ভোগ করা বৈধ হবে। (১৩/৬৪৭)

📖 الدر المختار مع الرد (سعيد) ٦/ ٥٥ : (و) لا لأجل الطاعات مثل (الأذان والحج والإمامة وتعليم القرآن والفقه) ويفتى اليوم بصحتها لتعليم القرآن والفقه والإمامة والأذان.

📖 رد المحتار (سعيد) ٦/ ٥٥ : (قوله ويفتى اليوم بصحتها لتعليم القرآن إلخ) قال في الهداية: وبعض مشايخنا - رحمهم الله تعالى - استحسنوا الاستئجار على تعليم القرآن اليوم لظهور التواني في الأمور الدينية، ففي الامتناع تضييع حفظ القرآن وعليه الفتوى اهـ وقد اقتصر على استثناء تعليم القرآن أيضا في متن الكنز ومتن

Scanned by CamScanner

مواهب الرحمن وكثير من الكتب، وزاد في مختصر الوقاية ومتن الإصلاح تعليم الفقه۔

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۳/ ۵۰۷ : الجواب- سرکاری کالج واسکول میں ملازمت کرنا جائز ہے، بڑے بڑے علماء لوگ کالج ومدارس میں ملازم بھی ہیں پڑھاتے ہیں، کسی کتاب سے حرمت ثابت نہیں، اگر مضمون خلاف شرع نہ پڑھانا پڑے تو جائز ہے ورنہ نہیں۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۵/ ۲۵۵

দাওয়াত ও চাঁদা সামাজিকভাবে চাপিয়ে দেওয়া

প্রশ্ন : আমাদের এলাকায় মসজিদ কমিটি মসজিদের উন্নয়নের জন্য এ সিদ্ধান্ত নিয়েছে যে গ্রামের নিয়ম অনুসারে কোনো মেয়ে বা ছেলের বিবাহ হলে গ্রামের প্রত্যেক পরিবারের একজন সদস্যকে বাধ্যতামূলক খাওয়াতে হতো। এখন তার পরিবর্তে কোনো ব্যক্তি বিবাহ অনুষ্ঠানে না খাইয়ে যদি মসজিদের জন্য মাত্র তিন হাজার টাকা প্রদান করে তাহলে সে দাওয়াত খাওয়ানোর বিশাল খরচ থেকে মুক্তি পাবে। জানার বিষয় হলো, এভাবে মসজিদের টাকা নেওয়া বা দাওয়াত খাওয়া শরীয়তের দৃষ্টিতে কেমন?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে কোনো মুসলমানের জন্য অপরের অর্থসম্পদ তার সন্তুষ্টি ছাড়া ভক্ষণ করা বৈধ নয় এবং বাধ্যতামূলক কারো থেকে কোনো চাঁদা বা অনুদান নেওয়াও বৈধ নয়। সুতরাং প্রশ্নে বর্ণিত অবস্থায় ছেলেমেয়ের বিবাহশাদিতে প্রত্যেক পরিবারের একজনকে বাধ্যতামূলক খাওয়ানোর এই আইন শরীয়তসম্মত নয়। তদ্রূপ খাওয়ানোর পরিবর্তে বাধ্যতামূলক মসজিদে তিন হাজার টাকা দেওয়ার আইন করাও বৈধ নয়। অতএব এ ধরনের কর্মকাণ্ড ছেড়ে সবার তাওবা ও ইস্তেগফার করা প্রয়োজন। (১৩/৪৬৬)

📖 السنن الكبرى للبيهقي (دار الحديث) ٦/ ١٨٦ (١١٥٤٥) : عن أبي حرة الرقاشي، عن عمه، أن رسول الله صلى الله عليه وسلم قال: " لا يحل مال امرئ مسلم إلا بطيب نفس منه "-

📖 رد المحتار (سعيد) ١/ ٦٥٨ : (قوله لو بماله الحلال) قال تاج الشريعة: أما لو أنفق في ذلك مالا خبيثا ومالا سببه الخبيث والطيب فيكره لأن الله تعالى لا يقبل إلا الطيب، فيكره تلويث بيته بما لا يقبله. اهـ

Scanned by CamScanner

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۴/ ۴۰۶ : الجواب- قال رسول الله صلى الله عليه وسلم: «ألا تظلموا ألا لا يحل مال امرئ إلا بطيب نفس منه» ... ... پس جو لوگ چندہ میں جبر کرتے ہیں وہ گناہ کبیرہ کے مرتکب ہیں اور حکماً غاصب ہیں-

উম্মাহাতুল মুমিনীনের সংখ্যা ও নাম

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর সম্মানিতা স্ত্রীগণের সংখ্যা কত ছিল? এবং তাঁদের নাম কী ছিল?

উত্তর : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর সম্মানিতা স্ত্রীর সংখ্যা ছিল ১১ জন। তাঁদের নাম :

১. হযরত খাদিজা (রা.) বিনতে খুওয়াইলিদ (রা.)।
২. আয়েশা বিনতে আবু বকর (রা.)।
৩. হাফসা বিনতে উমর (রা.)।
৪. উম্মে হাবীবা বিনতে আবু সুফিয়ান (রা.)।
৫. উম্মে সালামা বিনতে আবু উমাইয়া (রা.)।
৬. সাওদা বিনতে যামআ’ (রা.)।
৭. যায়নাব বিনতে জাহাশ (রা.)।
৮. মাইমুনা বিনতে হারিস (রা.)।
৯. যায়নাব বিনতে খোযায়মা (রা.)।
১০. জুওয়াইরিয়া বিনতে হারিস (রা.)।
১১. সফিয়্যাহ বিনতে হুয়াই বিন আখতাব (রা.)। (১৩/৬০৬)

📖 السيرة النبوية لابن كثير (دار المعرفة) ٤/ ٥٧٩- ٥٨١ : لا خلاف أنه عليه السلام توفي عن تسع وهن: عائشة بنت أبي بكر الصديق التيمية، وحفصة بنت عمر بن الخطاب العدوية، وأم حبيبة رملة بنت أبي سفيان صخر بن حرب ابن أمية الأموية، وزينب بنت جحش الأسدية، وأم سلمة هند بنت أبي أمية المخزومية، وميمونة بنت الحارث الهلالية، وسودة بنت زمعة العامرية، وجويرية بنت الحارث ابن أبي ضرار المصطلقية، وصفية بنت حيي بن أخطب النضرية الإسرائيلية الهارونية، رضي الله عنهن وأرضاهن. ... ...

Scanned by CamScanner

قالت: فاللاتي اجتمعن عنده ; عائشة وسودة وحفصة وأم سلمة وأم حبيبة وزينب بنت جحش وزينب بنت خزيمة وجويرية وصفية وميمونة وأم شريك.

قلت: وفي صحيح البخاري عن أنس أن رسول الله صلى الله عليه وسلم كان يطوف على نسائه وهن إحدى عشرة امرأة. والمشهور أن أم شريك لم يدخل بها كما سيأتي بيانه، ولكن المراد بالإحدى عشرة اللاتي كان يطوف عليهن التسع المذكورات والجاريتان مارية وريحانة. ورواه يعقوب بن سفيان الفسوي، عن الحجاج بن أبي منيع، عن جده عبيد الله ابن أبي زياد الرصافي، عن الزهري. وقد علقه البخاري في صحيحه عن الحجاج هذا.

وأورد له الحافظ ابن عساكر طرفا عنه، أن أول امرأة تزوجها رسول الله صلى الله عليه وسلم خديجة بنت خويلد بن أسد بن عبد العزى بن قصي، زوجه إياها أبوها قبل البعثة.

যেসব গোনাহের শাস্তি দুনিয়া ও আখেরাতে পেতে হবে

প্রশ্ন : আখেরাতে তো শাস্তি ভোগ করতে হবেই তা সত্ত্বেও দুনিয়াতেও এর কিছু শাস্তি ভোগ করতে হয়, এ রকম কয়টি গোনাহ আছে ও কী কী?

উত্তর : যে গোনাহ মাফ হয়ে মুছে যায় না তার খারাপ ফল দুনিয়াতেও ভোগ করতে হয়। সাধারণত কবীরা গোনাহ বিনা তাওবায় মাফ হয় না। বিশেষত যেসব গোনাহের সাথে বান্দার হকের সম্পর্ক থাকে তা শুধুমাত্র আল্লাহ তা'আলার নিকট তাওবা করার দ্বারা মাফ হয় না। যথা–পিতা-মাতার হক নষ্ট করা, কারো ওপর জুলুম-নির্যাতন করা ইত্যাদি। এ ধরনের মাফ না হওয়া গোনাহের শাস্তি অনিবার্যভাবে দুনিয়াতেও ভোগ করতে হয়। (১০/১৮৯)

📖 مرقاة المفاتيح (أنور بكڈپو) : (قال: قال رجل: يا رسول الله، أي الذنب أكبر عند الله؟) الذنب ما يذم به الآتي به شرعا، وهو أربعة أقسام: قسم لا يغفر بلا توبة وهو الكفر، وقسم يرجى أن يغفر بالاستغفار وسائر الحسنات وهو الصغائر، وقسم يغفر بالتوبة وبدونها تحت المشيئة وهو الكبائر من حق الله تعالى، وقسم يحتاج إلى التراد وهو حق الآدمي، والتراد إما في الدنيا بالاستحلال أو رد

Scanned by CamScanner

العين، أو بدله، وإما في الآخرة برد ثواب الظالم للمظلوم، أو إيقاع سيئة المظلوم على الظالم، أو أنه تعالى يرضيه بفضله وكرمه.

সৌন্দর্যবর্ধনে প্লাস্টিক সার্জারি করা

প্রশ্ন : আমার এক মহিলা প্রতিবেশী আমেরিকা থেকে অনেক পয়সা খরচ করে চেহারায় প্লাস্টিক সার্জারি করে এসেছে। বিবাহিতা মহিলা শুধুমাত্র অতিরিক্ত সৌন্দর্য বৃদ্ধির জন্যই করেছে। তা বৈধ হয়েছে কি না? এই প্লাস্টিক সার্জারির কারণে ওজু-গোসলের মধ্যে কোনো বিঘ্ন সৃষ্টি হবে কি না?

উত্তর : মানুষের শরীর আল্লাহপ্রদত্ত বান্দার কাছে এক বিশেষ আমানত, যা শুধুমাত্র আল্লাহপ্রদত্ত তথা শরীয়ত কর্তৃক পদ্ধতিতে ব্যবহার করার অনুমতি আছে। বিহিত কারণ তথা শরীয়তসম্মত ওজর ব্যতীত শরীরের মধ্যে নিছক পরিবর্তন কঠোরভাবে নিষিদ্ধ। তাই শুধুমাত্র সৌন্দর্য বৃদ্ধির জন্য কারো শরীরে প্লাস্টিক সার্জারি কখনো বৈধ নয়, বরং তা মারাত্মক গোনাহ ও অপরাধ বলে বিবেচিত। যেহেতু প্লাস্টিক সার্জারি সাধারণত মানব অঙ্গ দ্বারা করা হয় তাই এরূপ প্লাস্টিক সার্জারি শরীরের অবিচ্ছেদ্য অঙ্গে পরিণত হয়ে গেলে এবং এর ওপর পানি প্রতিরোধক ভিন্ন কোনো আবরণ না থাকলে ওজু ও গোসল সহীহ হবে। (১০/৪৪৫)

📖 سنن النسائى (دار الحديث) ٤/ ٤٩٧ (٥١٢٤) : عن عبد الله قال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: ﷺلعن الله المتنمصات، والموتشمات، والمتفلجات اللاتي يغيرن خلق الله عز وجل-

📖 فتاوى إسلامية (دار الوطن) ٤/ ٤١٢ : س - ما الحكم في إجراء عمليات التجميل؟ وما حكم تعلم علم التجميل؟

ج- التجميل نوعان تجميل لإزالة العيب الناتج عن حادث أو غيره.. وهذا لا بأس به، ولا حرج فيه لأن النبي، - صلى الله عليه وسلم -، أذن لرجل قطعت أنفه في الحرب أن يتخذ أنفاً من ذهب.

والنوع الثاني هو التجميل الزائد وهو ليس من أجل إزالة العيب بل لزيادة الحسن. وهو محرم ولا يجوز. لأن الرسول، - صلى الله عليه وسلم -، لعن النامصة والمتنمصة والواصلة

Scanned by CamScanner

والمستوصلة والواشمة والمستوشمة.. لما في ذلك إحداث التجميل الكمالي الذي ليس لإزالة العيب.

أما بالنسبة للطالب الذي يقرر علم جراحة التجميل ضمن مناهج دراسته فلا حرج عليه أن يتعلمه ولكن لا ينفذه في الحالات المحرمة.. بل ينصح من يطلب ذلك بتجنبه لأنه حرام وربما لو جاءت النصيحة على لسان طبيب كانت أوقع في أنفس الناس.

الشيخ ابن عثيمين -

📖 مراقي الفلاح (المكتبة العصرية) ص ٤٥ : ولا بد من زوال ما يمنع من وصول الماء للجسد كشمع وعجين لا صبغ بظفر صباغ ولا بين الأظفار ولو لمدني في الصحيح كخرء برغوث ونيم ذباب كما تقدم -

📖 جدید فقہی مسائل (مفتی خالد سیف اللہ رحمانی) ص ۱۷۰ : جسم کیلئے اعضاء کی سرجری: اسلام کا نقطۂ نظریہ ہے کہ جسم اللہ تعالی کی امانت اور اس کا لیکر اللہ کی تخلیق کا نظر ہے جس میں کسی شرعی اور فطری ضرورت کے بغیر کوئی خود ساختہ تبدیلی درست نہیں۔ اسی وجہ سے حضور ﷺ نے خوب صورت کیلئے دانتوں کے درمیان فصل پیدا کرنے کو ناجائز قابل لعنت اور اللہ کی خلقت میں تغیر قرار دیا ہے اس لئے ظاہر ہے کہ محض زینت اور فیشن کی غرض سے اس قسم کی کا کوئی آپریشن اور جسم میں کوئی تغیر قطعا درست نہ ہوگا۔ جیسا کہ آج کل ناک پستان وغیرہ کے سلسلہ میں کیا جاتا ہے۔

মৃত অমুসলিম আত্মীয়ের জন্য ঈসালে সাওয়াব

প্রশ্ন : কোনো মুসলমান ব্যক্তির একজন অমুসলিম আত্মীয় মারা গেল। ওই মুসলমান তার অমুসলিম আত্মীয়ের জন্য কোনো দু'আ, সদকা, মাগফিরাত চাওয়া বা এমন কিছু করতে পারবে কি না, যার দ্বারা ওই অমুসলিম ব্যক্তির আত্মা পরকালে উপকৃত হয়?

উত্তর : কোনো মুসলমানের জন্য মৃত অমুসলমানের আত্মার শান্তি কামনায় মাগফিরাতের দু'আ করা, সদকা করা বা যেকোনো ধরনের ঈসালে সাওয়াব করা শরীয়তের দৃষ্টিতে সম্পূর্ণ অবৈধ ও নিষিদ্ধ। সে আত্মীয় হোক অথবা অনাত্মীয় হোক-কোনো অবস্থাতেই তার জন্য ঈসালে সাওয়াব করা যাবে না। মাসআলা জেনেশুনে মাগফিরাতের দু'আ করা কুফুরী কাজের অন্তর্ভুক্ত। (১০/৫৭০)

Scanned by CamScanner

📖 سورة التوبة الاية ١١٣، ١١٤ : ﴿مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَىٰ مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْجَحِيمِ ○ وَمَا كَانَ اسْتِغْفَارُ إِبْرَاهِيمَ لِأَبِيهِ إِلَّا عَنْ مَوْعِدَةٍ وَعَدَهَا إِيَّاهُ فَلَمَّا تَبَيَّنَ لَهُ أَنَّهُ عَدُوٌّ لِلَّهِ تَبَرَّأَ مِنْهُ إِنَّ إِبْرَاهِيمَ لَأَوَّاهٌ حَلِيمٌ﴾

📖 الدر المختار (سعيد) ١/ ٥٢٢- ٥٢٣ : والحق حرمة الدعاء بالمغفرة للكافر لا لكل المؤمنين كل ذنوبهم بحر-

📖 رد المحتار (سعيد) ١ /٥٢٣ : وقد علمت أن الصحيح خلافه، فالدعاء به كفر لعدم جوازه عقلا ولا شرعا ولتكذيبه النصوص القطعية بخلاف الدعاء للمؤمنين كما علمت، فالحق ما في الحلية على الوجه الذي نقلناه عنها لا على ما نقله ح فافهم (قوله ودعا بالأدعية المذكورة في القرآن والسنة) عدل عن قول الكنز بما يشبه القرآن لأن القرآن معجز لا يشبهه شيء.

📖 فتاوی محمودیہ (زکریا) ١٢ / ٢٤ : سوال- غیر مسلم کو قرآن پاک وغیرہ کا ثواب بخشنا جائز ہے یا نہیں؟

الجواب- حامدا ومصلیا، ناجائز ہے۔

সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের চাঁদা গ্রহণ ও ধর্মীয় কাজের প্রতি কঠোরতা

প্রশ্ন : ১. দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ের যাবতীয় খরচ সরকার বহন করে। কোনো কোনো প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া ভালো এবং তাদের সুনামের কারণে ছাত্র ভর্তির সময় বিদ্যালয় কর্তৃপক্ষ সকল ছাত্রপ্রতি অভিভাবকগণের নিকট হতে এককালীন ৫০ হাজার টাকা দান বা চাঁদা হিসেবে বাধ্যতামূলক গ্রহণ করে থাকে। সকল অভিভাবকই ভর্তির সময় নিজ খুশিতে এরূপ টাকা দিয়ে থাকে। এভাবে থেকে উক্ত টাকার আদান-প্রদান শরীয়তসম্মত কি না?

২. দেশে অনেক সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতাল আছে, যেখানে সরকার প্রায় সব খরচ বহন করে। তার পরও ছাত্রদের নিকট হতে মাসে মাসে বেতন নেওয়া অথবা এককালীন অনেক টাকা লওয়া এবং দেওয়া শরীয়তে বৈধ কি না?

৩. দেশে অনেক প্রাইভেট মেডিক্যাল কলেজ এবং হাসপাতাল রয়েছে, যেখানে সরকারের একটা পয়সাও সাহায্য নেই। সেখানে প্রতিষ্ঠানের ভবন গড়ে তোলার জন্য

Scanned by CamScanner

এককালীন মোটা অঙ্কের কয়েক লক্ষ টাকা নেওয়া হয়। এরূপ আদান-প্রদান শরীয়তে বৈধ কি না?

৪. দেশে বহু প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ আছে, যেখানে ছাত্রদের পড়ানো বাবদ মোটা অঙ্কের কয়েক লক্ষ টাকা এককালীন নেওয়া হয় এরূপ আদান-প্রদান শরীয়তসম্মত কি না?

৫. সিএ ফার্ম তথা কলেজ একটি সম্পূর্ণ বেসরকারি প্রতিষ্ঠান। সেখানে ছাত্রদের ভর্তির জন্য নিম্নোক্ত শর্তারোপ করা শরীয়তসম্মত কি না?

ক) এককালীন ৪০ হাজার টাকা অথবা এর চেয়ে কম বা বেশি প্রতি ছাত্র বা তার অভিভাবককে সিএ কলেজ বা ফার্মের মালিককে দিতে হবে, যা ফেরতযোগ্য নয়।

খ) ফরয-ওয়াজিবের ওপর আমল করানোর জন্য শর্তারোপ করা যথা–দৈনিক বা মাঝেমধ্যে কলেজ ছুটি হওয়ার পর আলাদাভাব দু-এক ঘণ্টা শরয়ী ফরয-ওয়াজিব শিখতেই হবে। ফরয-ওয়াজিব ছাড়া লেখাপড়া বা হাতে-কলমে শেখার অন্য কোনো শর্ত ভঙ্গের কারণে জরিমানা আরোপ করা যাবে কি?

গ) প্রতি বছর চার মাস, প্রতি মাসে দুবার করে তিন দিনের তাবলীগে সময় লাগাতে হবে, মালিকের সাথে বা তার পরামর্শ অনুযায়ী।

ঘ) ছাত্রের পিতা, বড় ভাই ও ছোট ভাইদেরও ভর্তির এক বছরের মধ্যে তিন চিল্লা দিতে হবে।

ঙ) নিজ খরচে সিএ পড়তে হবে, কোনো প্রকার ভাতা দেওয়া হবে না।

চ) অফিসে তথা ফার্মের কাজের সময় হলো সকাল ৮টা ৪৫ থেকে বিকেল ৫টা ৩০ মিনিট পর্যন্ত। দুপুরে নামায এবং খাওয়ার জন্য ৩০ মিনিট ১টা থেকে ১টা ৩০ মিনিট পর্যন্ত বিরতি। যখন জরুরি কাজের প্রয়োজন দেখা দেবে তখন রাত ৮টা পর্যন্ত কাজ করতে হবে।

ছ) কোনো প্রকার রাজনীতি সিএ পরিষদের রাজনীতি ফার্মে দলাদলিতে সরাসরি বা পরোক্ষভাবে জড়িত হওয়া যাবে না এবং কেউ জড়িত হলে তাকে নিষেধ করতে হবে এবং সাথে সাথে ফার্মের মালিককে জানাতে হবে।

উত্তর : ১, ২. যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় এবং সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালের যাবতীয় ব্যয়ভার সরকার বহন করে সে সমস্ত প্রতিষ্ঠান কর্তৃপক্ষের জন্য ছাত্র বা তার অভিভাবকগণের নিকট হতে কোনো প্রকার দান বা বেতন সরকারি অনুমোদন ব্যতীত বাধ্যতামূলকভাবে গ্রহণ করা শরয়ী দৃষ্টিকোণে বৈধ হবে না। তবে উক্ত চাঁদা বা বেতন দেওয়া ব্যতীত পড়াশোনা অসম্ভব হলে সে ক্ষেত্রে দেওয়া বৈধ হলেও নেওয়া বৈধ হবে না। (১০/৭৮৬)

Scanned by CamScanner

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٦/ ٤٧١ : وفي فتح القدير : وكل من عمل للمسلمين عملا حكمه في الهدية حكم القاضي اهـ فظاهره أنه يحرم قبولها على الوالي والمفتي، وليس كما قال فقد قال في الخانية ويجوز للإمام والمفتي قبول الهدية وإجابة الدعوة الخاصة؛ لأن ذلك من حقوق المسلم على المسلم، وإنما يمنع عنه القاضي اهـ

📖 رد المحتار (سعيد) ٥/ ٣٦٢ : الرابع: ما يدفع لدفع الخوف من المدفوع إليه على نفسه أو ماله حلال للدافع حرام على الآخذ؛ لأن دفع الضرر عن المسلم واجب ولا يجوز أخذ المال ليفعل الواجب، اهـ ما في الفتح ملخصا.

উত্তর : ৩, ৪.

প্রাইভেট মেডিক্যাল, কলেজ, হাসপাতাল, ইঞ্জিনিয়ারিং কলেজে উল্লিখিত পন্থায় টাকা নেওয়া এবং তাদের দেওয়া উভয়টাই বৈধ।

📖 الفتاوى الهندية (زكريا) ٤/٤١١ : (وأما) (حكمها) فوقوع الملك في البدلين ساعة فساعة إلا بشرط تعجيل الأجرة.

৫. ক) উল্লিখিত পন্থায় টাকা নেওয়া এবং তাদের দেওয়া উভয়টাই বৈধ।

📖 الفتاوى الهندية (زكريا) ٤/٤١١ : (وأما) (حكمها) فوقوع الملك في البدلين ساعة فساعة إلا بشرط تعجيل الأجرة.

খ-ছ) শর্তগুলো জায়েয। কোনো ছাত্র শর্ত ভঙ্গ করলে তাকে সতর্ক করার জন্য শাস্তি দেওয়া যেতে পারে। প্রয়োজনে তাকে বহিষ্কার করা যেতে পারে। তবে তার নিকট হতে আর্থিক জরিমানা আদায় বৈধ হবে না।

📖 رد المحتار (سعيد) ٤/ ٦٢ : وفي المجتبى لم يذكر كيفية الأخذ وأرى أن يأخذها فيمسكها، فإن أيس من توبته يصرفها إلى ما يرى. وفي شرح الآثار: التعزير بالمال كان في ابتداء الإسلام ثم نسخ. اهـ والحاصل أن المذهب عدم التعزير بأخذ المال-

ঘ- শর্তে বলা হয়েছে ছাত্র ভর্তি হওয়ার পর তার পিতা, বড় ভাই ও ছোট ভাইদেরকে তিন চিল্লা দিতে হবে, এ ক্ষেত্রে কর্তৃপক্ষের শর্তারোপ না করে তাদের উৎসাহিত করা ভালো।

Scanned by CamScanner

📖 صحيح البخارى (دار الحديث) ٤/ ٣٩٣ (٧٢٥٧) : عن علي رضي الله عنه: أن النبي صلى الله عليه وسلم بعث جيشا، وأمر عليهم رجلا فأوقد نارا وقال: ادخلوها، فأرادوا أن يدخلوها، وقال آخرون: إنما فررنا منها، فذكروا للنبي صلى الله عليه وسلم، فقال للذين أرادوا أن يدخلوها: «لو دخلوها لم يزالوا فيها إلى يوم القيامة»، وقال للآخرين: «لا طاعة في معصية، إنما الطاعة في المعروف»

📖 سنن الترمذي (دار الحديث) ٣/ ٤٠٩ (١٣٥٢) : عن كثير بن عبد الله بن عمرو بن عوف المزني، عن أبيه، عن جده، أن رسول الله صلى الله عليه وسلم قال: «الصلح جائز بين المسلمين، إلا صلحا حرم حلالا، أو أحل حراما، والمسلمون على شروطهم، إلا شرطا حرم حلالا، أو أحل حراما»-

এনজিওদের আয়োজিত ওয়াজ-মাহফিলে অংশগ্রহণ করা

প্রশ্ন : আমাদের এলাকায় এনজিওর লোকজন ধার্মিক মুসলমানদের মাঝে এক ধরনের পাঁয়তারা চালাচ্ছে। পদ্ধতি হলো, তারা এলাকার মসজিদ-মাদরাসার ইমাম-মুয়াজ্জিন, শিক্ষকমণ্ডলীসহ ধার্মিক ব্যক্তিদের নিয়ে বিভিন্ন সময় ইসলামী সভা, ওয়াজ-মাহফিলসহ ইফতার অনুষ্ঠানেরও আয়োজন করে থাকে এবং সেখানে শুধুমাত্র দ্বীনি আলোচনাই হয়ে থাকে। সেখানে ইমাম, মুয়াজ্জিন ও মাদরাসার উস্তাদগণ পর্যন্ত উপস্থিত থাকেন। জানার বিষয় হলো, উক্ত অনুষ্ঠানে উল্লিখিত দ্বীনদার মুসলমানদের অংশগ্রহণ করার ব্যাপারে ইসলামের বিধান কী?

উত্তর : অমুসলিম এনজিওরা ইসলামের ঘাতক ও ইসলামের অগ্রযাত্রার মারাত্মক অন্তরায়। এরা যদি ধর্মের নামে কোনো ভালো অনুষ্ঠানের আয়োজন করে তাতে ও ইসলামের ক্ষতিসাধন ছাড়া কোনো মতলব থাকবে না, কিন্তু তা জনসাধারণের বুঝে ওঠা বড় দায়। সুতরাং অমুসলিম এনজিওদের ষড়যন্ত্রের জাল নিষ্পেষিত করা ইমাম, মুয়াজ্জিন, আলেম সমাজের কর্তব্য। এসব অনুষ্ঠানে অংশগ্রহণ করা তাদের চক্রান্তের জাল নিশ্চিহ্ন করার মতো সাহসী ব্যক্তিদের জন্য নিষেধ নয়। বরং এসব অনুষ্ঠানে শরীক হয়ে এনজিওদের অপকর্ম ও অপতৎপতার প্রতিবাদ করা সম্ভব হলে বড় সাওয়াবের কাজ হবে। ইসলামী অনুষ্ঠানের নামে মুসলমান, উলামায়ে কেরামের সমর্থন অর্জন এদের মূল লক্ষ্য ও কৌশল বিধায় প্রতিবাদের সাহস না থাকলে এসব অনুষ্ঠান বর্জন করাই উচিত। (১৫/৯৫০/৬৩৩৩)

Scanned by CamScanner

📖 سورة المائدة الآية ٥١ : ﴿يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَى أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ﴾

📖 الدر المختار (سعيد) ٦/ ٣٤٨ : لا ينبغي أن يقعد بل يخرج معرضا لقوله تعالى: - {فلا تقعد بعد الذكرى مع القوم الظالمين} [الأنعام: ٦٨]- (فإن قدر على المنع فعل وإلا) يقدر (صبر إن لم يكن ممن يقتدى به فإن كان) مقتدى (ولم يقدر على المنع خرج ولم يقعد) لأن فيه شين الدين والمحكي عن الإمام كان قبل أن يصير مقتدى به -

📖 امداد الفتاوی (زکریا) ۲۶۹/۴ : الجواب- کفار کا مجمع مطلقا معصیت نہیں ہے، بلکہ صرف جو کسی معصیت یا کفر کی غرض سے منعقد کیا جائے ایسے مجمع کی شرکت واعانت سب حرام ہے۔

লটারির মাধ্যমে আমীর নির্বাচন

প্রশ্ন : লটারির মাধ্যমে প্রধানমন্ত্রী, মুহতামিম, জামাতের আমীর ইত্যাদি নির্বাচন করা শরীয়তসম্মত কি না? দেখা যায়, কখনো যোগ্য হয়, কখনো অযোগ্য।

উত্তর : প্রধানমন্ত্রী, মুহতামিম, জামাতের আমীর প্রতিটি দায়িত্বই আপন আপন স্থানে অত্যন্ত গুরুত্বপূর্ণ। যেগুলো আঞ্জামদানে সব ব্যাপারে যোগ্য, প্রাজ্ঞ দ্বীনদার, বলিষ্ঠ ও গুণে-মানে সেরা ব্যক্তিদের হওয়া প্রয়োজন, আর সে ব্যাপারে শরীয়তের বিধানও তাই। কিন্তু কেউ যদি ঢালাওভাবে লটারির মাধ্যমে এ সমস্ত দায়িত্বে নির্বাচন করে, তখন প্রকৃত যোগ্য লোককে চয়ন করা সম্ভব হবে না। তাই মুশাওয়ারাহর ভিত্তিতে যে সর্বাধিক যোগ্য বিবেচিত হবে, তাকেই দায়িত্বশীল বানাবে। (১৪/৯৫/৫৫১৩)

📖 رد المحتار (سعيد) ١/ ٥٥٩ : (قوله أساءوا بلا إثم) قال في التتارخانية: ولو أن رجلين في الفقه والصلاح سواء إلا أن أحدهما أقرأ فقدم القوم الآخر فقد أساءوا وتركوا السنة ولكن لا يأثمون، لأنهم قدموا رجلا صالحا، وكذا الحكم في الإمارة والحكومة، أما الخلافة وهي الإمامة الكبرى فلا يجوز أن يتركوا الأفضل، وعليه إجماع الأمة.

Scanned by CamScanner

📖 معارف القرآن (المكتبة المتحدة) ۲/۷۵ : مسئلہ شریعت محمدیہ میں حنفیہ کے مسلک پر قرعہ کا یہ حکم ہے کہ جن حقوق کے اسباب شرع میں معلوم و متعین ہیں ان میں قرعہ نا جائز و داخل قمار ہے مثلا شئی مشترک میں جس کا نام نکل آئے وہ سب لے لے یا جس بچے کے نسب میں اختلاف ہو اس میں جس کا نام نکل آوے وہی باپ سمجھا جاوے اور جن حقوق کے اسباب رائے کے سپرد ہوں ان میں قرعہ جائز ہے مثلا مشترک مکان کی تقسیم میں قرعہ سے زید کو شرقی حصہ دیدینا اور عمرو کو غربی حصہ دیدینا یہ اس لئے جائز ہے کہ بلا قرعہ بھی ایسا کرنا اتفاق شریکیں سے یا قضائے قاضی سے جائز تھا یا یوں کہئے کہ جہاں سب شریکوں کے حقوق مساویانہ ہوں وہاں کوئی ایک جہت ایک شخص لئے متعین کرنے کے واسطے قرعہ اندازی جائز ہے۔

পত্রিকায় ছাপানো মহিলাদের লেখা পড়া

প্রশ্ন : বর্তমান প্রেক্ষাপটে দৈনিক, সাপ্তাহিক, মাসিক, ষান্মাসিক ও বাৎসরিক বিভিন্ন পত্রপত্রিকায় মহিলাগণ যে সকল লেখালেখি করেন, এগুলো শরীয়তে বৈধ কি না? যদি বৈধ হয়ে থাকে তাহলে কেন? আর যদি অবৈধ হয়ে থাকে তাহলে যে সমস্ত মহিলা সাহাবী হাদীস রেওয়ায়েত করেছেন ওইগুলো কিভাবে বৈধ হবে?

উত্তর : হাদীস শরীফে এক জায়গায় মেয়েদের লেখা শেখানোর প্রতি উদ্বুদ্ধ করেছেন, আরেক জায়গায় লেখালেখি শেখানো থেকে বারণ করেছেন। এ হাদীসের ব্যাখ্যা বড় বড় হাদীস বিশারদগণ এভাবে করেছেন যে, যেখানে ফেতনার আশঙ্কা রয়েছে সেখানে শিখতে বা লিখতে নিষেধ করেছেন। আর যেখানে ফেতনার কোনো আশঙ্কা নেই সেখানে লিখতে মহিলাদের সাধারণভাবে ও ব্যাপক আকারে লেখালেখির অনুমতি বা সুযোগ নেই। আর মহিলা সাহাবী হাদীস বর্ণনা না করলে শরীয়তের অনেক হুকুম বিলুপ্ত হওয়ার আশঙ্কা ছিল, যা বর্তমানে বিদ্যমান নয়। (১৪/১০৮)

📖 امداد الفتاوی (زکریا) ۴/ ۱۹۹ : الجواب- قطع نظر عوارض سے تو یہی حکم جواز کا صحیح ہے، لیکن عوارض سے بعض امور جائزہ کا ناجائز ہو جانا فقہ میں مشہور و معروف ہے اور یہاں ایسے عوارض کا وجود یقینی ہے اس لئے ضرور اس کو ناجائز کہا جاویگا۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۵ / ۲۹۰ : الجواب- حدیث پاک میں ایک مقام پر عورت کو لکھنا سکھانے کی ممانعت آئی ہے اور ایک مقام پر ترغیب آئی ہے اس لئے شراح حدیث نے لکھا ہے کہ جہاں فتنہ کا خطرہ ہو وہاں سکھانے سے اجتناب چاہئے، جہاں نہ ہو وہاں بقدر ضرورت گنجائش ہے کہ امور خانہ داری میں بعض مرتبہ اس کی حاجت پیش آجاتی

Scanned by CamScanner

ہے جو لڑکیاں اپنے مکان میں والد بھائی چچا دادا نانا سے لکھنا سیکھے اور ان کی دینی تربیت کی جائے ماحول صالح ہو تو اجازت ہے اس مقصد کیلئے بہشتی زیور کی تصنیف کی گئی ہے اور اس سے نفع بھی بے حد ہوا اور جو لڑکیاں اسکول میں جائیں اور پردے کا اہتمام نہ ہو نا محرموں سے احتیاط ہو ان کو اس سے روکنا ضروری ہے۔

খোদা, ভগবান, God বলার হুকুম

প্রশ্ন : আমাদের দেশে দেখা যায়, মুসলমানরা আল্লাহকে "খোদা" (ফার্সি) শব্দ ব্যবহার করে। প্রশ্ন হলো, আল্লাহকে খোদা বলা জায়েয হবে কি না? যদি জায়েয হয়, তবে আল্লাহকে ভগবান বা God বলা জায়েয নেই কেন? একজন আলেম বলেন, আল্লাহকে খোদা বলা কোরআন-সুন্নাহর খেলাফ, তা সঠিক কি না?

উত্তর : কোরআন-হাদীসে বর্ণিত আল্লাহ তা'আলার নামসমূহের মধ্যে 'খোদা' নেই, বরং এটি একটি ফার্সি শব্দ, যা আল্লাহ পাকের নাম রব, মালিকের অনুবাদ হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। আর আরবী শব্দ রব, মালিকের সাথে ফার্সি এ শব্দের অর্থে মিল থাকায় অনেক বিজ্ঞ উলামায়ে কেরামের কিতাবে আল্লাহকে খোদা বলতে দেখা যায়। পক্ষান্তরে 'God' আল্লাহ পাকের কোনো নামের অনুবাদ বা অর্থ কি না আমাদের জানা নেই, যদি খোদা শব্দের মতো God এবং ভগবান শব্দগুলো আসমায়ে হুসনার কোনো একটির অনুবাদ হয়ে থাকে তাহলে জায়েয হওয়ার কথা নয়। (১৩/৫৮১/৫৩১৯)

📖 امداد الفتاوی (زکریا) ۶/ ۴۳ : الجواب— تعامل امت سے معلوم ہوا کہ مترادفین کا حکم یکساں ہے پس یہ لغات جب ترجمہ ہوں اسمائے منقولہ بلسان شرع کا ان کا استعمال بھی جائز ہے اور یمین وغیرہ میں یہ مثل اصل کے ہوں گے یعنی جو لفظ اللہ کی قسم کا حکم ہے وہی لفظ خدا کی قسم کا حکم۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۵ /۳۷۷ : اگر مراد یہ ہے کہ دوسرے نام اگرچہ دیگر اقوام کے نزدیک خدا ہی کے نام ہیں لیکن چونکہ وہ دیگر اقوام کے شعار بن چکے ہیں اور مسلم کو غیر مسلم کے شعار سے اجتناب چاہئے، تو یہ مراد بھی خلاف شرع نہیں، بلکہ شرعا مطلوب ہے، مگر اس صورت میں انہی ناموں کو منع کیا جاسکتا ہے جو غیر اقوام کا شعار ہیں، اور جو شعار نہیں انکو منع نہیں کیا جاسکتا ہے، جیسے خدا، ایزد، یزدان کہ یہ نام کسی مخصوص غیر مسلم کے شعار نہیں، بلکہ بکثرت اہل اسلام کی تصانیف میں موجود ہیں۔

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۷/ ۴۹ : جواب— یہ تو ظاہر ہے کہ خدا عربی زبان کا لفظ نہیں فارسی لفظ ہے جو عربی لفظ "رب" کے مفہوم کو ادا کرتا ہے، "رب"

Scanned by CamScanner

اسماء حسنیٰ میں شامل ہے اور قرآن وحدیث میں بار بار آتا ہے فارسی اور اردو میں اسی کا ترجمہ "خدا" کے ساتھ کیا جاتا ہے اس لئے خدا کہنا صحیح ہے اور ہمیشہ سے اکابر امت اس لفظ کو استعمال کرتے آئے ہیں۔

মুরগির তাপে হাঁসের ডিম ফুটানো

প্রশ্ন : আমাদের এলাকায় প্রচলন আছে যে হাঁসের ডিম মুরগি দ্বারা তাপ দিয়ে বাচ্চা ফুটানো হয়। কিছু আলেমের মুখে শোনা যায় যে ইহা কবীরা গোনাহ। উক্ত মাসআলার শরয়ী সমাধান কী?

উত্তর : আল্লাহ তা'আলা মানবজাতিকে সৃষ্টি করেছেন তাঁর ইবাদতের জন্য। অন্য সকল মাখলুকাতকে সৃষ্টি করেছেন মানবজাতির উপকৃত হওয়ার জন্য। তাই শরীয়তসম্মত যেকোনো পন্থায় বিভিন্ন প্রাণী দ্বারা উপকৃত হওয়া যায়। সুতরাং প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে শরয়ী নিষেধাজ্ঞা না থাকায় তা বৈধ ও জায়েয। (১৩/৬৬৫/৫৩৫২)

📖 الموسوعة الفقهية الكويتية ٦/ ٣٣٠ : الإنزاء الذي لا يضر - كالإنزاء على مثله أو نحوه أو مقاربه - جائز، كخيل بمثلها أو بحمير، أما إذا كان يضر - كإنزاء الحمير على الخيل -

📖 الفقه الإسلامى وأدلته ٣/٥٥٩ : ولا بأس عند الحنفية بخصاء البهائم، وإنزاء الحمير على الخيل، لإنجاب البغال، ولأن الخصاء للنفع، إذ تسمن الدابة ويطيب لحمها.

কেউ পশুপাখিকে কষ্ট দিলে করণীয়

প্রশ্ন : অনেকে হাঁস, মুরগি, গরু ইত্যাদি লালন-পালন করে থাকে। কখনো তারা আমাদের দ্বারা কষ্ট পেয়ে থাকে, ইচ্ছায় হোক বা অনিচ্ছায়। জানার বিষয় হলো, আল্লাহর হক তার নিকট ক্ষমা চাইলে মাফ হয়, বান্দার হক তার নিকট ক্ষমা চাইলে মাফ হয়, তদ্রূপ পশুপাখির হকের ব্যাপারে কোনো বিধান আছে কি না?

উত্তর : পশুপাখিকে কষ্ট দেওয়াও গোনাহ। এ অপরাধের জন্য আল্লাহর নিকট ভবিষ্যতে কষ্ট না দেওয়ার দৃঢ় অঙ্গীকার নিয়ে ক্ষমা প্রার্থনা করা জরুরি এবং ভবিষ্যতে কষ্ট না দেওয়ার প্রতি সযত্ন দৃষ্টি রাখা একান্ত জরুরি। (১০/৯৪)

Scanned by CamScanner

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ١٥١ (٢٣٦٥) : عن عبد الله بن عمر رضي الله عنهما: أن رسول الله صلى الله عليه وسلم قال: «عذبت امرأة في هرة حبستها حتى ماتت جوعا، فدخلت فيها النار» قال: فقال: والله أعلم: «لا أنت أطعمتها ولا سقيتها حين حبستيها، ولا أنت أرسلتها، فأكلت من خشاش الأرض»

📖 تكملة فتح الملهم (مكتبة دار العلوم كراتشى) ٤/٤٠٥ : وظاهر هذا الحديث أن المراة عذبت بسبب قتل هذه الهرة بالحبس،... ... قال النووى : الذى يظهر أنها كانت مسلمة وإنما دخلت النار بهذه المعصية وفى هذا الحديث جواز اتخاذ الهرة ورباطها إذا لم يمهل إطعامها وسقيها ويلتحق بذلك غير الهرة مما فى معناها وإن إطعامه يجب على من حبسه -

📖 تالیفات رشیدیہ (ادارۂ اسلامیات) ص ۴۸۸ : اول اس کومار کر پھر ٹکڑے کر کے کانٹے میں لگانا درست ہے اور زندہ کو لگانا منع ہے کہ اذیت دی روح کی مکروہ تحریمہ ہے۔

স্ক্রিনে আয়াত বা আল্লাহ লেখা মোবাইলসহ বাথরুমে প্রবেশ করা

প্রশ্ন : কিছু মোবাইল এমন রয়েছে, যাতে সর্বদা কোরআন শরীফের আয়াত বা খোলা কোরআন শরীফ বা 'আল্লাহ' শব্দ লেখা উঠে থাকে। এ অবস্থায় এই মোবাইল নিয়ে শৌচাগারে যাওয়া জায়েয হবে কি না?

উত্তর : যার মধ্যে আল্লাহ তা'আলার নাম, নবীগণের নাম, ফেরেশতাগণের নাম, কোরআনের আয়াত বা হাদীসের অংশ লেখা থাকে তা নিয়ে শৌচাগারে যাওয়া মাকরূহ। তাই কোরআনের আয়াত বা আল্লাহ শব্দসম্বলিত খোলা মোবাইল নিয়ে শৌচাগারে যাওয়া মাকরূহ হবে। তবে মোবাইল পকেটে বা কোনো জিনিস দিয়ে ঢাকা থাকলে মাকরূহ হবে না। (১৩/৭৯৩/৫৪২৩)

📖 حاشية الطحطاوى على المراق (قديمى كتبخانه) ١ / ٥٤ : ثم محل الكراهة إن لم يكن مستورا فإن كان في جيبه فإنه حينئذ لا بأس به وفي القهستاني عن المنية الأفضل إن لا يدخل الخلاء وفي كمه مصحف إلا إذا اضطر ونرجو أن لا يأثم بلا اضطرار-

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٦١ : (قوله أو اسم الله تعالى) فلو نقش اسمه تعالى أو اسم نبيه - صلى الله عليه وسلم - استحب أن يجعل الفص في كمه إذا دخل الخلاء، وأن يجعله في يمينه إذا استنجى .

পকেট গেট দিয়ে ঝুঁকে প্রবেশ করা

প্রশ্ন : আমাদের দেশের বাড়িতে একটি গেট আছে, যার পাশে একটি ছোট দরজা আছে। ছোট দরজা দিয়ে প্রবেশ করতে হলে মাথা ঝুঁকিয়ে প্রবেশ করতে হয়। আমাদের দেশের মাদরাসার বড় হুজুর বলেন, গেট পূর্ণ খুলে দাও, কিন্তু ছোট দরজা খোলা যাবে না। এখন জানার বিষয় হলো, ছোট দরজা দিয়ে এভাবে মাথা ঝুঁকিয়ে প্রবেশ করা যাবে কি না?

উত্তর : প্রশ্নোক্ত ছোট দরজা দিয়ে মাথা ঝুঁকিয়ে প্রবেশ করার মধ্যে যেহেতু কারো ইবাদত বা সম্মান প্রদর্শন করা উদ্দেশ্য নয়, বরং দরজা ছোট হওয়ার কারণেই কেবল মাথা নিচু করে যাতায়াত করা হয়। তাই এতে কোনো অসুবিধা নেই। (১২/৯৪৮/৩৬৭৩)

📖 الفتاوى الهندية (زكريا) ٥ / ٣٦٩ : الانحناء للسلطان أو لغيره مكروه لأنه يشبه فعل المجوس كذا في جواهر الأخلاطي. ويكره الانحناء عند التحية وبه ورد النهي كذا في التمرتاشي.

📖 قواعد الفقه ص ٦٢ : ٥٢ - قاعدة أمور المسلمين على السداد حتى يظهر غيره (كر) .

কোনো ধরনের গালি বৈধ নয়

প্রশ্ন : শরীয়তে কোন ধরনের গালি দেওয়া জায়েয আছে?

উত্তর : অপরাধের শাস্তির বিধান শরীয়তে রয়েছে। কিন্তু শরীয়তে কোনো ধরনের গালি দেওয়াকে বৈধতা দেয়নি। গালি দেওয়া নবীর কোনো উম্মতের চরিত্র নয়। এটা অসভ্য প্রকৃতির মানুষের স্বভাব। এ চরিত্র পরিহার না করলে সঠিক উম্মত হওয়া যাবে না। (১৭/১৮৪/৬৯৪১)

Scanned by CamScanner

📖 صحيح مسلم (دار الغد الجديد) ٢ /٥٠ (١١٦) : عن عبد الله بن مسعود رضـ قال: قال رسول الله صلى الله عليه وسلم: سباب المسلم فسوق وقتاله كفر-

📖 جامع الترمذى (دار الحديث) ٤/ ١٣٦ (٢٠١٦) : عن أبي إسحاق، قال: سمعت أبا عبد الله الجدلي يقول: سألت عائشة، عن خلق رسول الله صلى الله عليه وسلم فقالت: «لم يكن فاحشا ولا متفحشا ولا صخابا في الأسواق، ولا يجزي بالسيئة السيئة، ولكن يعفو ويصفح».

বালেগ ও নাবালেগের পরিচয়

প্রশ্ন : শরীয়তের দৃষ্টিতে বালেগ ও নাবালেগ নির্ণয়ের পরিচয় জানালে ভালো হয়।

উত্তর : বালেগ হওয়ার কোনো আলামত তথা স্বপ্নদোষ, বীর্যপাত, গর্ভধারণ ইত্যাদি পাওয়া না গেলে সে ক্ষেত্রে বয়স পূর্ণ ১৫ বছর হলে বালেগ বলা হবে। (১/১৯৫)

📖 الهداية (مكتبة البشرى) ٦ / ٤٥١ : قال: "بلوغ الغلام بالاحتلام والإحبال والإنزال إذا وطئ، فإن لم يوجد ذلك فحتى يتم له ثماني عشرة سنة، وبلوغ الجارية بالحيض والاحتلام والحبل، فإن لم يوجد ذلك فحتى يتم لها سبع عشرة سنة، وهذا عند أبي حنيفة وقالا: إذا تم الغلام والجارية خمس عشرة سنة فقد بلغا"، وهو رواية عن أبي حنيفة، وهو قول الشافعي، وعنه في الغلام تسع عشرة سنة. وقيل المراد أن يطعن في التاسع عشرة سنة ويتم له ثماني عشرة سنة فلا اختلاف. وقيل فيه اختلاف الرواية لأنه ذكر في بعض النسخ حتى يستكمل تسع عشرة سنة.

أما العلامة فلأن البلوغ بالإنزال حقيقة والحبل والإحبال لا يكون إلا مع الإنزال، وكذا الحيض في أوان الحبل، فجعل كل ذلك علامة البلوغ، وأدنى المدة لذلك في حق الغلام اثنتا عشرة سنة، وفي حق الجارية تسع سنين.

وأما السن فلهم العادة الفاشية أن البلوغ لا يتأخر فيهما عن هذه المدة. وله قوله تعالى: {حَتَّىٰ يَبْلُغَ أَشُدَّهُ} [الأنعام:١٥٢] وأشد الصبي

Scanned by CamScanner

ثماني عشرة سنة، هكذا قاله ابن عباس وتابعه القتبي، وهذا أقل ما قيل فيه فيبنى الحكم عليه للتيقن به، غير أن الإناث نشوءهن وإدراكهن أسرع فنقصنا في حقهن سنة لاشتمالها على الفصول الأربعة التي يوافق واحد منها المزاج لا محالة.

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর অনিয়মিত আমল উম্মতের নিয়মিত পালন করা

প্রশ্ন : রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যে ইবাদত রীতিমতো করতেন না, তা আমরা রীতিমতো করতে পারব কি না? যেমন : আসরের সুন্নাত।

উত্তর : যে সমস্ত ইবাদত নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) রীতিমতো করতেন না, সেগুলো ফরয-ওয়াজিবের মতো জরুরি মনে না করে রীতিমতো করতে পারে। পক্ষান্তরে যদি ফরয-ওয়াজিবের মতো জরুরি মনে করা হয়, তাহলে তা মাকরূহে পরিণত হবে। (৬/৩৪)

📖 شرح الطيبي للمشكاة (إدارة القرآن) ٢/ ٣٧٤ : فيه أن من أصر علي أمر مندوب، وجعله عزماً ولم يعمل بالرخصة فقد أصاب منه الشيطان من الإضلال -

📖 فتاوی محمودیہ (زکریا) ١١/ ٣٣ : الجواب- جس چیز کا استحباب شرعی دلائل سے ثابت ہو اس پر اصرار کرنے اور تارک پر ملامت کرنے سے اس کا استحباب ختم ہو کر اس میں کراہیت آجاتی ہے،..... اگر یہ شان نہ ہو تو استحباب باقی رہتا ہے۔

শহীদ মিনার, শিখা চিরন্তন, স্মৃতিসৌধ দেখতে যাওয়া

প্রশ্ন : শহীদ মিনার, শিখা চিরন্তন, স্মৃতিসৌধ–এসব কিছু দেখতে যাওয়া ও অবসর সময়ে ঘোরাফেরা করতে যাওয়া কি জায়েয? এসব কাজে ঈমান চলে যাবে কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত স্থান ও বস্তুর কোনো মূল্য ইসলামে নেই। এসব বিধর্মীয় কৃষ্টি-কালচার। বিধর্মীয় রীতি-নীতির অনুসরণ শরীয়তের দৃষ্টিতে নিষিদ্ধ। নিষিদ্ধ কাজ ও বস্তুর প্রচলন হতে না দেওয়া এবং বাধা প্রধান করা মুসলমানদের ঈমানী দায়িত্ব। বাধা দেওয়ার সামর্থ্য না থাকলে কমপক্ষে আন্তরিকভাবে ঘৃণা করা এবং এসব সম্পূর্ণভাবে

Scanned by CamScanner

বর্জন করে চলা জরুরি। তাই এসব স্থানে যাতায়াত জায়েয হবে না। অবশ্য এসবের দ্বারা ঈমান চলে যাবে বলা যায় না। (৬/২১৮/১১৪৭)

📖 الفتاوى الهندية (دار الكتب العلمية) ٥/٤٣٢ : ذكر الفقيه فى كتاب البستان ان الامر بالمعروف على وجوه ان كان يعلم باكبر رأيه انه لو امر بالمعروف يقبلون ذلك منه ويمتنعون عن المنكر فالامر واجب عليه ولا يسعه تركه، ولوعلم بأكبر لانه لو امرهم بذلك قذفوه وشتموه فتركه افضل، وكذلك لو علم أنهم يضربونه ولا يصبرعلى ذلك ويقع بينهم عداوة ويهيج منه القتال فتركه أفضل، ولوعلم أنهم لو ضربوه صبر على ذلك ولا يشكوا إلى أحد فلابأس بأن ينهى عن ذلك وهو مجاهد، ولو علم انهم لايقبلون منه ولا يخاف منه ضربا ولا شتما فهو بالخيار والأمر افضل-

📖 فتاوی محمودیہ ۱۶/۴۸۰ : جو کام محض ثواب کے ہیں ان میں بھی لوگوں نے ایسی چیزیں داخل کرلیں کہ ثواب کے بجائے ان سے گناہ ہوتا ہے مثلا اجمیر شریف میں جاکر مزاروں کو سجدہ کرتے ہیں ان سے منت مانگتے ہیں قبر پر چڑھاوا چڑھاتے ہیں قوالی کرتے یا سنتے ہیں وہاں بے پردہ عورتیں بھی جاتی ہیں ایسی باتیں شرعا جائز نہیں بلکہ گناہ اور حرام ہیں بعض باتیں شرک کے قریب ہیں اگر کوئی شخص خود یہ باتیں نہ کرے تب بھی دوسرے لوگ خود یہ باتیں کرتے ہیں ان کو دیکھنا یا ان کے ساتھ شریک ہونا پڑتا ہے، لہذا ایسی حالت میں وہاں جانا درست نہیں۔

ফাসেকের সংজ্ঞা

প্রশ্ন : ফাসেক কাকে বলে? উদাহরণসহ জানতে চাই।

উত্তর : যে ব্যক্তি প্রকাশ্য কবীরা গোনাহ করে বা সগীরা গোনাহ করার অভ্যস্ত হয়ে পড়ে শরীয়তের পরিভাষায় তাকে ফাসেক বলে। যেমন–নামায না পড়া, যাকাত আদায় না করা, চুরি করা ইত্যাদি। (৫/৪৫৮/১০২১)

📖 صحيح البخارى (دار الحديث) ٤/ ٢٩٩ (٦٨٧١) : عن أنس بن مالك، عن النبي صلى الله عليه وسلم، قال: " أكبر الكبائر: الإشراك بالله، وقتل النفس، وعقوق الوالدين، وقول الزور، - أو قال: وشهادة الزور - "-

Scanned by CamScanner

📖 معجم لغة الفقهاء (دار النفائس) ص ٣٣٨ : الفاسق: بكسر السين ج فسقة وفساق، من يرتكب الكبائر أو يصر على الصغائر.

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۴۱۳/۲ : جو شخص گناہ کبیرہ کا مرتکب ہو یا گناہ صغیرہ پر اصرار کرتا ہو ایسا شخص فاسق ہے... جیسے نماز چھوڑنا، نماز کو اپنے وقت سے مقدم یا مؤخر کرنا، زکوۃ نہ دینا، چوری کرنا، لوگوں کو گانے سنانا لوگوں کے سامنے ستر کھولنا وغیرہ ... یا گناہ صغیرہ پر اصرار کرنا... غیر محرم عورت کو بقصد دیکھنا، کسی مسلمان کی ہجو کرنا اگرچہ اشارہ کنایہ سے ہو اور بات سچی ہو... وغیرہ۔

স্ত্রীর ব্যক্তিগত সম্পদে স্বামীর হক

প্রশ্ন : নিজের স্ত্রীর ব্যক্তিগত টাকা, গহনা, স্থাবর বা অস্থাবর সম্পত্তির ওপর স্বামীর কোনো হক, ব্যবহার, রক্ষণাবেক্ষণের জিম্মাদারি বা জবাবদিহিতার কোনো বিষয় আছে কি না? স্ত্রী তার নিজের গহনা বিক্রি করে বিক্রয়লব্ধ টাকা কোনো ব্যবসায় বা জমি ক্রয়ে স্বামীর অনুমতি ব্যতিরেকে ব্যবহার করতে পারবে কি না?

উত্তর : শরীয়তের আলোকে স্বামীর জীবদ্দশায় তার ব্যক্তিগত মালিকানা সম্পদের ওপর স্ত্রীর যেমন কোনো হক বা অধিকার নেই, তদ্রূপ স্ত্রীর ব্যক্তিগত মালিকানা সম্পদের ওপরও স্বামীর কোনো হক বা অধিকার নেই। এমনকি অনুমতি ও সম্মতি ছাড়া একজনের সম্পদ অন্যের জন্য ব্যবহার করার অনুমতি নেই। তবে স্বামী-স্ত্রীর নিজ নিজ সম্পদ বিশেষ করে স্ত্রীর গহনা ও অলংকার, যাহা স্বামীর সামনে সৌন্দর্য প্রকাশের বিশেষ উপকরণ মনে করা হয় পরস্পর পরামর্শের মাধ্যমেই বিক্রি করা শরীয়তের কাম্য অন্যথায় উভয়ের সম্পর্কে বিঘ্ন সৃষ্টি হয়ে পুরা সংসার নষ্ট হয়ে যেতে পারে। (৮/৬৯০)

📖 خواتین کے شرعی احکام ص ۲۸۰ : ان دونوں کی ملک جدا جدا ہے یہ شوہر کے لئے بھی ظلم ہوگا کہ اگر عورت کے مال میں بلا اس کی رضا کے تصرف کرے اور عورت کیلئے بھی خیانت ہوگیا گر مرد کے مال میں بلا اس کی رضا کے تصرف کرے۔

📖 تحفۂ زوجین ۱/ ٦٣: اگر خاوند عورت کے مملوک مال میں جائز موقع میں خرچ کرنے سے روکے تو عورت کو اس کے حکم کی تعمیل واجب نہیں جب کہ بغیر کسی شرعی وجہ کے روکے لیکن یہ ضرورت ہے کہ آپس میں فساد (اور نااتفاقی) کرنا اچھا نہیں اس لئے حتی الامکان خوب موافقت سے رہنا چاہئے بعض شوہر چونکہ دیندار نہیں ہوتے اس وجہ سے

Scanned by CamScanner

ایسے موقعوں پر مخالفت کرنے لگتے ہیں ایسے فساد (اور اختلاف) سے بچنے کیلئے جائز اور
مکروہ تنزیہی امور میں اطاعت کر سکتی ہے، ہاں فرض واجب وسنت مؤکدہ کو اس کے کہنے
سے یں چھوڑ سکتی۔

যোগ্য অমুসলিম কর্মচারী নিয়োগ দেওয়া

প্রশ্ন : আমাদের বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন পদে কর্মচারী নিয়োগ করতে হয়। অনেক সময় দেখা যায় অন্য ধর্মের লোক অত্যন্ত দক্ষতার স্বাক্ষর রাখে। জানার বিষয় হলো, আমাদের বিভিন্ন প্রতিষ্ঠানে যোগ্যতাসম্পন্ন ভিন্নধর্মীদের নিয়োগ প্রদানে শরীয়তের কোনো বিধিনিষেধ আছে কি না?

উত্তর : শরীয়তের বিধানে যদিও অমুসলিমদের চাকরি দেওয়ার ব্যাপারে শিথিলতা বিদ্যমান, তবুও কোনো অমুসলিমকে শুধু বিশ্বস্ত হওয়ার কারণে কোনো মর্যাদাপূর্ণ পদের অধিষ্ঠ করে সম্মানিত করা এবং তাকে আন্তরিকভাবে ভালোবাসা ও তার সাথে বন্ধুত্ব রাখা কোনো মুসলমানের জন্য বৈধ নয়। তেমনিভাবে এমন কোনো কাজে নিয়োজিত করা বা ক্ষমতা প্রদান করা, যার দ্বারা ইসলাম ও মুসলমানের ক্ষতিসাধন হতে পারে তা সম্পূর্ণ অবৈধ। তবে একান্ত প্রয়োজন দেখা দিলে উপযুক্ত মুসলিম কর্মচারী না পাওয়া পর্যন্ত এমন কোনো পদে নিয়োগ দেওয়া যেতে পারে, যে পদে অধিষ্ঠ হলে মুসলিম জাতির অপমান ও ইসলামের কোনো ধরনের ক্ষতিসাধন হওয়ার আশঙ্কা না থাকে। এমতাবস্থায় তার প্রতি আচরণ ও ইসলামী চরিত্রের মাধ্যমে ইসলামের দিকে আহ্বান করার চেষ্টা চালিয়ে যাওয়া অত্যন্ত জরুরি।

অতএব প্রশ্নে উল্লিখিত কাজের জন্য বিশ্বস্ত কোনো মুসলিম কর্মচারী না পাওয়া গেলে ইসলাম এবং মুসলমানের কোনো ক্ষতিসাধন না হওয়ার মতো পদে ইসলামের দিকে আকৃষ্ট করার নিয়্যাতে অমুসলিম কর্মচারী নিয়োগ দেওয়া যেতে পারে। তবে সরাসরি মুসলিম দক্ষ ও বিশ্বস্ত কর্মচারী গঠন করার চেষ্টা চালিয়ে যাওয়া অত্যন্ত জরুরি। (৭/৩০৮)

📖 فتاوی محمودیہ (زکریا) ۶/ ۳۱۳ سوال- ایک شخص کو قبرستان میں ملازم رکھاہے
حفاظت کے لئے بعد میں معلوم ہوا کہ وہ شیعہ ہے، مگر معاملات بہت صاف ہے حفاظت
خود کرناہے، دریافت طلب امر یہ ہے کہ ایسے آدمی کو رکھنا جائز ہے یا نہیں؟
الجواب- اگر اس سے کسی قسم کا نقصان کا اندیشہ نہیں تو اس کو ملازم رکھنا درست ہے اگر
کسی قسم کی نقصان کا اندیشہ ہے یا احتمال ہے کہ سنیوں کی قبروں کا احترام نہیں کرے گا بلکہ
بے حرمتی کرے گا تو اس کو ملازم رکھنا درست نہیں، تاہم اس سے بہتر اچھے قائد کا آدمی
اگر ملجائے تو اس کو رکھنا زیادہ اچھاہے۔

Scanned by CamScanner

📖 جواہر الفقہ ۲/ ۱۸۲ : بلاضرورت مسلمانوں چھوڑ کر کفار و مشرکین کے ساتھ معاملات نہ کئے جائیں کفار و مشرکین کے ساتھ اس طرح نہ کئے جائیں جس سے مسلمانوں کی ذلت ظاہر ہو۔

অন্যের তুলনায় নিজে ভালো থাকার দু'আ করা

প্রশ্ন : আমি কিছু মানুষকে অপছন্দ করি। এমতাবস্থায় আমি যদি নামাযের মধ্যে প্রার্থনা করি, হে আল্লাহ! আপনি তাদের ভালো করুন। কিন্তু আমাকে তাদের অপেক্ষা দুনিয়াতে ও আখেরাতে অনেক বেশি ভালো রাখুন। এধরণের দু'আ করলে কি প্রার্থনায় পাপ হবে? কিংবা হিংসার বহিঃপ্রকাশ হবে?

উত্তর : নিজের জন্য যা ভালো মনে করা হয় অন্যের জন্যও তা ভালো মনে করা ইমানের পূর্ণতার আলামত বলে হাদীসে বর্ণিত আছে। তাই অন্যের অপেক্ষা নিজেকে বেশি ভালো রাখার দু'আ করা উচিত হবে না। (৫/৩৫৬)

📖 صحيح البخارى (دار الحديث) ١/ ١٢ (١٣) : عن أنس رضي الله عنه، عن النبي صلى الله عليه وسلم قال: «لا يؤمن أحدكم، حتى يحب لأخيه ما يحب لنفسه» -

মেয়ে সন্তানের ফজীলত ও লালন-পালন

প্রশ্ন : আমি একজন সাধারণ শিক্ষায় শিক্ষিত। সেনাবাহিনীতে চাকরিরত। কিছুদিন পূর্বে আমার একটি মেয়ে হয়েছে। শুনেছি, হাদীসে নাকি ছেলেসন্তানের চেয়ে মেয়েসন্তানের সাওয়াবের কথা বেশি বলা হয়েছে। কিন্তু আমাদের সমাজে এর উল্টো মনোভাব দেখা যায়। তদ্রূপ অনেকেই ইসলাম সম্পর্কীয় নাম রাখতে রাজি নয়। আমার প্রশ্ন হচ্ছে, আমার সন্তানকে কিভাবে লালন-পালন করলে সাওয়াব পাব?

উত্তর : মেয়েসন্তান এবং তার সুষ্ঠু লালন-পালনের ফজীলতের কথা হাদীসে পাকে স্পষ্টভাবে উল্লেখ রয়েছে। সন্তান হওয়ার পর তার জন্য ভালো নাম নির্বাচন ও ইসলামী তরীকায় ইসলামী শিক্ষা-দীক্ষার সাথে লালন-পালনকরত বড় হলে বিবাহের ব্যবস্থা করা বাবা-মায়ের দায়িত্ব বলে হাদীসে রয়েছে। এ হিসেবে আপনার মেয়েসন্তান হওয়া বড় খুশির ব্যাপার। এ ব্যাপার সামাজিক মনোভাব ইসলাম পরিপন্থী।
ইসলামী রীতি, বিধিবিধান, স্বভাব-চরিত্র ও শিক্ষা-দীক্ষার মাধ্যমে লালন-পালন করা এবং বড় হলে উপযুক্ত পরহেজগার ও নামাযী পাত্রের সাথে বিয়ের ব্যবস্থা করা। এরূপ

Scanned by CamScanner

করলে হাদীসে বর্ণিত সন্তান পালন, বিশেষভাবে মেয়েসন্তান লালন-পালনের সাওয়াব ইনশাআল্লাহ পাওয়া যাবে। (১০/৫৯২/৩২১০)

📖 سنن أبي داود (دار الحديث) ٤/ ٢١٩٠ (٥١٤٦) : وعن ابن عباس قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من كانت له أنثى فلم يئدها ولم يهنها ولم يؤثر ولده عليها - يعني الذكور - أدخله الله الجنة».

📖 الأدب المفرد (دار البشائر الإسلامية) ١/ ٤١ (٧٦) : عن عقبة بن عامر قال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: «من كان له ثلاث بنات، وصبر عليهن، وكساهن من جدته، كن له حجابا من النار».

📖 شعب الإيمان (دار الكتب العلمية) ٦/ ٤٠١ (٨٢٩٩) : عن أبي سعيد، وابن عباس قال: قال رسول الله صلى الله عليه وسلم: " من ولد له ولد فليحسن اسمه وأدبه، فإذا بلغ فليزوجه فإن بلغ ولم يزوجه فأصاب إثما، فإنما إثمه على أبيه ".

স্বামী-স্ত্রী কত দিন পর্যন্ত দূরত্ব বজায় রাখতে পারবে

প্রশ্ন : স্বামী-স্ত্রী উভয়ে একে-অপর থেকে কত দিন পর্যন্ত দূরে থাকতে পারে? কত দিন দূরে থাকলে তাদের মাঝে বৈবাহিক সম্পর্ক বিচ্ছেদ হয়ে যায়?

উত্তর : স্বামী স্ত্রী থেকে কত দিন দূরে থাকতে পারে–শরীয়তে তার সুনির্দিষ্ট কোনো সীমারেখা নেই। স্থান-কাল-পাত্র হিসেবে তা বেশকম হবে। তবে সাধারণত চার মাসের অতিরিক্ত দূরে থাকা উচিত নয়। স্বামী স্ত্রী থেকে যত দিনই দূরে থাক না কেন, এর দ্বারা তাদের বৈবাহিক সম্পর্ক বিচ্ছেদ হবে না, যতক্ষণ পর্যন্ত স্বামী তালাক দেবে না, অথবা বিচ্ছেদের শরয়ী কোনো কারণ না পাওয়া যায়। (১৭/৫৭/৬৯০৩)

📖 مصنف عبد الرزاق (المكتب الإسلامي) ٧/ ١٥١ (١٢٥٩٣) : عن ابن جريج قال: أخبرني من أصدق، أن عمر، وهو يطوف سمع امرأة، وهي تقول:

[البحر الطويل]

تطاول هذا الليل واخضل جانبه ... وأرقني إذ لا خليل ألاعبه

فلولا حذار الله لا شيء مثله ... لزعزع من هذا السرير جوانبه

Scanned by CamScanner

فقال عمر: «فما لك؟» قالت: أغربت زوجي منذ أربعة أشهر، وقد اشتقت إليه. فقال: «أردت سوءا؟» قالت: معاذ الله قال: «فاملكي على نفسك فإنما هو البريد إليه» فبعث إليه، ثم دخل على حفصة فقال: «إني سائلك عن أمر قد أهمني فأفرجيه عني، كم تشتاق المرأة إلى زوجها؟» فخفضت رأسها فاستحيت. فقال: «فإن الله لا يستحيي من الحق»، فأشارت ثلاثة أشهر وإلا فأربعة. فكتب عمر «ألا تحبس الجيوش فوق أربعة أشهر»۔

📖 رد المحتار (سعيد) ٣/ ٢٠٣ : لكن ذكر قبله في مقدار الدور أنه لا ينبغي أن يطلق له مقدار مدة الإيلاء وهو أربعة أشهر -

📖 آپ کے مسائل اوران کا حل (امدادیہ) ۱۹۳/۵ : جواب-اگر شوہر نے طلاق نہیں دی تو میاں بیوی کے الگ الگ رہنے سے نکاح ختم نہیں ہوتا ہے۔

Scanned by CamScanner

كتاب الفرائض
অধ্যায় : উত্তরাধিকার সম্পদ বণ্টন

باب الوصية
পরিচ্ছেদ : অসিয়ত

অসিয়তের সংজ্ঞা ও পদ্ধতি

প্রশ্ন : অসিয়ত কী এবং কিভাবে তা করতে হবে?

উত্তর : স্বীয় জীবদ্দশায় স্থাবর-অস্থাবর যেকোনো ধরনের সম্পদ মৃত্যুর পর কাউকে বিনিময় ছাড়া দিয়ে দেওয়ার মৌখিক বা লিখিত ঘোষণাকে শরীয়তের পরিভাষায় অসিয়ত বলা হয়। অসিয়তের শরীয়তসম্মত পন্থা হলো যে ব্যক্তি ওয়ারিশ নয়, তাকে নিজ সম্পদ থেকে ঊর্ধ্বে এক-তৃতীয়াংশ আমার মৃত্যুর পর দিয়ে দিলাম মৌখিক উচ্চারণ করা। (৯/৪৯৩/২৭০৩)

📖 الدرالمختار ٦ /٦٤٨- ٦٥٠ : (هي تمليك مضاف إلى ما بعد الموت) عينا كان أو دينا. قلت: يعني بطريق التبرع ليخرج نحو الإقرار بالدين فإنه نافذ من كل المال كما سيجيء... ... (وشرائطها كون الموصي أهلا للتمليك) فلم تجز من صغير ومجنون ومكاتب إلا إذا أضاف لعتقه كما سيجيء (وعدم استغراقه بالدين) لتقدمه على الوصية كما سيجيء (و) كون (الموصى له حيا وقتها) تحقيقا أو تقديرا ليشمل الحمل الموصى له فافهمه فإن به يسقط إيراد الشرنبلالي (و) كونه (غير وارث) وقت الموت (ولا قاتل) وهل يشترط كونه معلوما. قلت: نعم كما ذكره ابن سلطان وغيره في الباب الآتي (و) كون (الموصى به قابلا للتملك بعد موت الموصي) بعقد من العقود مالا أو نفعا موجودا للحال أم معدوما وأن يكون بمقدار الثلث.

📖 (وركنها قوله: وأوصيت بكذا لفلان وما يجري مجراه من الألفاظ المستعملة فيها) وفي البدائع: ركنها الإيجاب والقبول وقال زفر:

Scanned by CamScanner

الإيجاب فقط قلت والمراد بالقبول ما يعم الصريح والدلالة بأن يموت الموصي له بعد موت الموصي بلا قبول كما سيجيء.

📖 رد المحتار (سعيد) ٦ /٦٥٠ : (قوله وما يجري مجراه إلخ) في الخانية قال أوصيت لفلان بكذا ولفلان بكذا وجعلت ربع داري صدقة لفلان.

নির্দিষ্ট স্থানে দাফন করার অসিয়ত

প্রশ্ন : এক পীর সাহেব অথবা যেকোনো মুসলমান তার মৃত্যুর পূর্বে অসিয়ত করল যে আমার মৃত্যুর পর রাস্তার পাশে আমার যে জমি আছে সে স্থানে আমাকে দাফন করবে। উল্লেখ্য, সেখানে দাফন করলে শিরক-বিদ'আত হওয়ার আশঙ্কা আছে। জানার বিষয় হলো, এ ধরনের অসিয়ত পালন করা জরুরি কি না?

উত্তর : শরয়ী বিধান মতে, নির্দিষ্ট স্থানে দাফন করার অসিয়ত তার ওয়ারিশদের জন্য পুরা করা জরুরি নয়। উপরন্তু অসিয়তকৃত স্থানে দাফন করার দ্বারা শিরক-বিদ'আতের আশঙ্কা থাকাবস্থায় এ অসিয়ত পুরা করলে ওয়ারিশগণ গোনাহগার হবে। (১৭/৭১২/৭২৬৮)

📖 الدر المختار (سعيد) ٦/ ٦٩٠ : (أوصى بأن يطين قبره أو يضرب عليه قبة فهي باطلة) كما في الخانية وغيرها، وقدمناه عن السراجية وغيرها، لكن قدمنا فيها في الكراهية أنه لا يكره تطيين القبور في المختار، فينبغي أن يكون القول ببطلان الوصية بالتطيين مبنيا على القول بالكراهة لأنها حينئذ وصية بالمكروه قاله المصنف.

📖 رد المحتار (سعيد) ٦/ ٦٩٠ : (قوله لكن قدمنا إلخ) استدراك على التطيين فقط، ولم يتعرض لبناء القبة فهو مكروه اتفاقا ط (قوله لأنها حينئذ وصية بالمكروه) مقتضاه أنه يشترط لصحة الوصية عدم الكراهة، وقدم أول الوصايا أنها أربعة أقسام وأنها مكروهة لأهل فسوق، ومقتضى ما هنا بطلانها، اللَّهُمَّ إلا أن يفرق بأن الوصية إما صلة أو قربة وليست هذه واحدة منهما فبطلت -

📖 رد المحتار (سعيد) ٢/ ٢٢١ : (قوله: والفتوى على بطلان الوصية) عزاه في الهندية إلى المضمرات: أي لو أوصى بأن يصلي عليه غير من له حق التقدم، أو بأن يغسله فلان لا يلزم تنفيذ وصيته، ولا

Scanned by CamScanner

يبطل حق الولي بذلك. وكذا تبطل لو أوصى بأن يكفن في ثوب كذا أو يدفن في موضع كذا كما عزاه إلى المحيط.

স্বামীর মৃত্যুকালে স্ত্রীকে অন্যত্র বিবাহ বসতে নিষেধ করা

প্রশ্ন : একজন মহিলা যার বয়স বর্তমানে ২৪ বছর। তার দুই সন্তান আছে। একজনের বয়স দেড় বছর, অন্যজনের বয়স চার বছর। মহিলার স্বামী মৃত্যুর সময় স্ত্রীকে এ বলে অসিয়ত করেছে যে তুমি আমার সন্তানদের নিয়ে অন্য কোথাও যেতে পারবে না, যদি যাও তথা বিয়ে বসো তাহলে তোমার ওপর আল্লাহর গজব নাজিল হবে। এখন প্রশ্ন হলো :

ক) মহিলার জন্য উক্ত অসিয়ত মানা ওয়াজিব কি না?

খ) মহিলা সারা জীবন এভাবেই কাটবে, না অন্য কোথাও বিয়ে করতে পারবে? আর যদি অসিয়ত মানতেই হয় তাহলে উক্ত অসিয়ত ভেঙে অন্যত্র বিয়ে বসার কোনো পদ্ধতি আছে কি না?

গ) অসিয়তের জন্য কোনো বাধানিষেধ আছে কি না? নাকি যেকোনো বিষয়ে অসিয়ত করা যায়?

উত্তর : শরীয়তের পরিভাষায় কোনো ব্যক্তি তার মৃত্যুর পর কোনো বস্তুর মালিকানা অন্য লোকের দিকে হস্তান্তর করার অনুমতি দেওয়াকেই অসিয়ত বলা হয়, যা একমাত্র শরীয়ত কর্তৃক বৈধ বিষয়ে পালনীয় হয়। সুতরাং প্রশ্নে স্বামী কর্তৃক স্ত্রীকে অন্যত্র বিবাহ বন্ধনে আবদ্ধ না হওয়ার উপদেশ অসিয়তের গণ্ডিতেই পড়ে না, যা পালন করার প্রশ্ন আসবে। তদুপরি নারী তার ইজ্জত-সম্ভ্রম সংরক্ষণের প্রয়োজনে অন্যত্র বিবাহে আবদ্ধ হওয়া শরীয়ত কর্তৃক নির্দেশিত ও ন্যায়সঙ্গত অধিকার থেকে তাকে বঞ্চিত করার অধিকার কারো নেই। তাই এজাতীয় ব্যাপারে নসীহত করা শরীয়তসম্মত নয় বিধায় প্রশ্নে বর্ণিত স্ত্রীর জন্য তার প্রয়োজনে অন্যত্র বিবাহ বসার ক্ষেত্রে কোনো বাধা বা অসুবিধা নেই, বরং উত্তম বলে বিবেচিত হবে। (১৫/৫৩৪/৬১৩২)

📖 الدر المختار (سعيد) ٦/ ٦٤٨ : هي تمليك مضاف إلى ما بعد الموت) عينا كان أو دينا. قلت: يعني بطريق التبرع .

📖 بدائع الصنائع (سعيد) ٧/ ٣٤١ : ولو أوصى المسلم لبيعة أو كنيسة بوصية، فهو باطل؛ لأنه معصية.

Scanned by CamScanner

ঋণ, জমি ও হজ বাবদ অসিয়ত

প্রশ্ন : একজন আলেমে দ্বীন ক্যান্সার রোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন। তাঁর চিকিৎসায় প্রায় ১২ লক্ষ টাকা খরচ হয়েছে, যার মধ্যে কয়েক লক্ষ টাকা ঋণ হয়েছে।

ঋণ ও অসিয়তের বিবরণ :

১) মাদরাসা থেকে ঋণ নিয়েছে প্রায় ১ লক্ষ টাকা।

২) আত্মীয়স্বজনের নিকট থেকে ঋণ নিয়েছে তিন লক্ষ টাকা।

৩) তাঁর ওপর হজ ফরয ছিল, কিন্তু করতে পারেননি। বদলি হজ করানোর জন্য অসিয়ত করেছেন।

৪) মাদরাসাসংলগ্ন তাঁর ক্রয়কৃত একটা নিজস্ব জমি আছে, যা মাদরাসায় দান করার জন্য অসিয়ত করেছেন।

৫) তাঁর নিজ গ্রামে কিছু জমি আছে, যা সাত বছরের চুক্তিতে বিক্রয়কৃত।

৬) তাঁর পরিবারবর্গের মৌলিক চাহিদা পূরণ করার জন্য কোনো সুষ্ঠু ব্যবস্থা নেই। তাই পরিবারবর্গের পক্ষে ঋণ পরিশোধ করা এবং বদলি হজ আদায় করা কোনো অবস্থাতেই সম্ভব নয়।

এমতাবস্থায় ক্রমিক নং-৪-এ বর্ণিত মাদরাসাসংলগ্ন জমিটি বিক্রয় করলে তাঁর যাবতীয় ঋণ পরিশোধ, বদলি হজ আদায় করা এবং পরিবারবর্গের কিছুটা উপকার হবে। তাই উক্ত জমি বিক্রয় করে তার ঋণ পরিশোধ এবং বদলি হজ আদায় করলে মাসআলাগত দিক থেকে কোনো সমস্যা আছে কি না। অথবা এ সমস্যার সমাধান কী?

উত্তর : মৃত ব্যক্তির সম্পদ থেকে তাঁর কাফন-দাফন সম্পাদনকরত অবশিষ্ট সম্পদ হতে প্রথমে তাঁর ঋণ পরিশোধ করাই ওয়ারিশদের অপরিহার্য দায়িত্ব। ঋণ পরিশোধ করার পর সম্পদ বাকি থাকলে তার এক-তৃতীয়াংশ থেকে অসিয়ত পূর্ণ করা সম্ভব হলে তা করতে হবে। অবশিষ্ট দুই-তৃতীয়াংশ ওয়ারিশদের মধ্যে শরীয়ত কর্তৃক নীতিমালা অনুযায়ী বণ্টন কতে হবে। সুতরাং প্রশ্নের বিবরণ মোতাবেক যেহেতু মুহতামিম সাহেবের অন্য কোনো সম্পদ নেই যা বিক্রয়যোগ্য, তাই মাদরাসাসংলগ্ন জমিটি এমতাবস্থায় বিক্রি করা শরীয়তসম্মত। তবে গ্রামের জমি ও মাদরাসাসংলগ্ন জায়গা উভয়টি বিক্রি করে জমির ইজারা বাবদ গৃহীত টাকাসহ প্রথমে সব ধরনের ঋণ পরিশোধ করতে হবে। অবশিষ্ট টাকার এক-তৃতীয়াংশ দ্বারা বদলি হজ করানো জরুরি হবে। অতঃপর যদি এ অংশের টাকা অবশিষ্ট থাকে তা মাদরাসায় প্রদান করতে হবে। আর দুই-তৃতীয়াংশ অর্থ ওয়ারিশদের মধ্যে শরয়ী নীতিমালা অনুযায়ী বণ্টন করতে হবে। (১৫/৬২৪/৬১৬৯)

📖 مبسوط السرخسي (دار المعرفة) ٢٩/ ١٣٦– ١٣٧ : إذا مات ابن آدم
يبدأ من تركته بالأقوى فالأقوى من الحقوق عرف ذلك بقضية

Scanned by CamScanner

العقول وشواهد الأصول فأول ما يبدأ به تجهيزه وتكفينه ودفنه بالمعروف، ... ... ثم بعد الكفن يقدم الدين على الوصية والميراث لحديث علي - رضي الله عنه - قال إنكم تقرون الوصية قبل الدين، وقد شهدت رسول الله - صلى الله عليه وسلم - بدأ بالدين قبل الوصية.

📖 الفتاوى الهندية (زكريا) ٦/ ٤٤٧ : التركة تتعلق بها حقوق أربعة: جهاز الميت ودفنه والدين والوصية والميراث. فيبدأ أولا بجهازه وكفنه وما يحتاج إليه في دفنه بالمعروف، كذا في المحيط، ... ... ثم بالدين وأنه لا يخلو إما أن يكون الكل ديون الصحة أو ديون المرض، أو كان البعض دين الصحة والبعض دين المرض، فإن كان الكل ديون الصحة أو ديون المرض فالكل سواء لا يقدم البعض على البعض، وإن كان البعض دين الصحة والبعض دين المرض يقدم دين الصحة إذا كان دين المرض ثبت بإقرار المريض، وأما ما ثبت بالبينة أو بالمعاينة فهو ودين الصحة سواء، كذا في المحيط ثم تنفذ وصاياه من ثلث ما يبقى بعد الكفن والدين إلا أن تجيز الورثة أكثر من الثلث ثم يقسم الباقي بين الورثة على سهام الميراث، وهذا إذا كانت الوصية بشيء بعينه، فأما إذا كانت الوصية شائعة نحو الوصية بالثلث أو الربع لا تقدم الوصية على الميراث بل يكون الموصى له شريك الورثة في هذه الصورة يزداد بزيادة تركة الميت وينتقص حقه بنقصان تركة الميت، كذا في التتارخانية.

সম্পত্তি বণ্টননীতির অসিয়ত

প্রশ্ন : আমার পিতা গত ৬/১১/২০০৮ ইং ইন্তেকাল করেন। পিতার মৃত্যুর পর তাঁর ওয়ারিশগণের মধ্যে জীবিত আছেন আমার মা, দুই বোন ও আমরা তিন ভাই। পিতা জীবিত অবস্থায় তাঁর অস্থাবর সম্পত্তি দুই বোন ও মা এবং স্থাবর সম্পত্তি আমরা তিন ভাই পাব–এ মর্মে আমার মাকে মৌখিকভাবে অসিয়ত করে গেছেন। এ মর্মে মা আমাদের এখন বলছেন, জীবিত অবস্থায় আমার পিতা অস্থাবর সম্পত্তি দুই বোন ও মা পাবেন–এ বিষয়ে আমার বড় বোনকে বলেছিলেন এবং সঞ্চয়পত্রগুলো তাঁকে হস্তান্তরও করেছিলেন। কিন্তু স্থাবর সম্পত্তি বণ্টনের বিষয়ে বড় বোনকে কিছু বলেননি, এ রকম কথা এখন আমার বড় বোন আমাদের বলছেন। এ অসিয়ত সম্বন্ধে বড় বোন এবং মা ব্যতীত আমরা আর কোনো ভাই-বোন কিছু জানতাম না। অস্থাবর সম্পত্তির নমিনি

Scanned by CamScanner

আমার মাকে করা হয়েছে এবং প্রায় এক বছর পাঁচ মাস পর গত ২৮/১২/২০০৮ ইং তারিখে জাতীয় সঞ্চয়পত্র নগদায়নের জন্য আমার মা অফিশিয়াল প্রক্রিয়া অনুযায়ী জাতীয় সঞ্চয় ব্যুরো অফিসে আবেদন করেছেন। প্রশ্ন হলো, আমার পিতার দেওয়া অসিয়ত কিভাবে পালন করবেন?

উত্তর : ইসলামী শরীয়তের দৃষ্টিতে কোনো ব্যক্তি তার ওয়ারিশদের জন্য অসিয়ত করলে তা কার্যকর হয় না। হ্যাঁ, এই অসিয়তের ব্যাপারে যদি তার বাকি ওয়ারিশগণ সম্মতি প্রকাশ করে ও সন্তুষ্টচিত্তে মেনে নেয় ও সকল ওয়ারিশ বালেগ হয় তাহলে কার্যকর হতে পারে। সুতরাং উল্লিখিত প্রশ্নে মৃত ব্যক্তির পক্ষ থেকে স্থাবর-অস্থাবর সম্পত্তি সম্পর্কে যে অসিয়ত করা হয়েছে তা সমস্ত ওয়ারিশ বালেগ হওয়া ও সন্তুষ্টচিত্তে মেনে নেওয়া–এই দুই শর্তে কার্যকর হবে, অন্যথায় তা কার্যকর হবে না। বরং শরীয়তের নিয়মানুযায়ী ওয়ারিশদের মাঝে তার স্থাবর-অস্থাবর সব সম্পত্তি বণ্টন হবে। (১৫/৯৯৯/৬৩৬৩)

📖 سنن الدارقطني (مؤسسة الرسالة) ٥/ ٢٦٧ (٤٢٩٦) : عن عمرو بن خارجة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «لا وصية لوارث إلا أن يجيز الورثة»

📖 الدر المختار (سعيد) ٦/ ٦٤٩ : (وشرائطها كون الموصي أهلا للتمليك) فلم تجز من صغير ومجنون ومكاتب إلا إذا أضاف لعتقه كما سيجيء (وعدم استغراقه بالدين) لتقدمه على الوصية كما سيجيء (و) كون (الموصى له حيا وقتها) تحقيقا أو تقديرا ليشمل الحمل الموصى له فافهمه فإن به يسقط إيراد الشرنبلالي (و) كونه (غير وارث) وقت الموت.

📖 فيه أيضا ٦/ ٦٥٥- ٦٥٦ : (ولا لوارثه وقاتله مباشرة) لا تسببيا كما مر (إلا بإجازة ورثته) لقوله - عليه الصلاة والسلام - «لا وصية لوارث إلا أن يجيزها الورثة» يعني عند وجود وارث آخر كما يفيده آخر الحديث وسنحققه (وهم كبار) عقلاء فلم تجز إجازة صغير ومجنون.

📖 فتاوی محمودیہ (ادارۂ صدیق) ١٦/ ٥١٢ : البتہ اس کو وصیت قرار دیا جاسکتا ہے، مگر اس کا نفاذ بعد موت موصی ہوتا ہے، نیز وارث کے حق میں وصیت دیگر ورثہ کی اجازت پر موقوف رہتی ہے۔

Scanned by CamScanner

সন্তানের মোহর আদায় করার অসিয়ত

প্রশ্ন : এক ব্যক্তির সাত ছেলে। পিতা জীবদ্দশায় পাঁচ ছেলের বিবাহ সম্পূর্ণ করেন এবং বড় চার ছেলের ধার্যকৃত পূর্ণ মোহর পিতা নিজ পক্ষ হতে আদায় করেন। কিন্তু পঞ্চম ছেলের ধার্যকৃত মোহরের অর্ধেক পিতা নিজ পক্ষ থেকে নগদ আদায় করেন এবং বাকি অর্ধেক পরিশোধের প্রতিশ্রুতি দিয়ে বলেন, আমার মৃত্যুর পর আমার পরিত্যক্ত সম্পদ হতে বাকি অর্ধেক মোহর আদায় করে দেবে। এখন জানার বিষয় হলো :

ক) ছেলে পিতার কথা অনুযায়ী পিতার পরিত্যক্ত সম্পদ থেকে মোহরের বাকি অংশ আদায় করতে পারবে কি না?

খ) প্রশ্নোক্ত নিয়মে কোনো পিতার এমন অসিয়ত করা বৈধ ও কার্যকর হবে কি না?

উত্তর : স্ত্রীর মোহর আদায় করা স্বামীর দায়িত্ব, শ্বশুরের নয়। এমতাবস্থায় প্রশ্নে বর্ণিত ক্ষেত্রে পিতা ছেলের জন্য অসিয়ত করেছে ধরা হবে, আর ওয়ারিশের জন্য অসিয়ত সহীহ নয় বিধায় এ ছেলে বাবার কথা অনুযায়ী স্ত্রীর অর্ধেক মোহর বাবার ত্যাজ্য সম্পত্তি থেকে নিতে পারবে না। অবশ্য বালেগ ওয়ারিশগণ অনুমতি দিলে তাদের অংশ থেকে ওই অসিয়ত পূর্ণ করা যাবে। (১৮/১৭৮/৭৫২৯)

📖 سنن النسائي (دار الحديث) ٣/ ٦٠٥ (٣٦٤٣) : عن عمرو بن خارجة، قال: خطب رسول الله صلى الله عليه وسلم فقال: «إن الله قد أعطى كل ذي حق حقه، ولا وصية لوارث».

📖 الدر المختار (سعيد) ٦/ ٦٥٥ : (ولا لوارثه وقاتله مباشرة) لا تسبيبا كما مر (إلا بإجازة ورثته) لقوله - عليه الصلاة والسلام - «لا وصية لوارث إلا أن يجيزها الورثة» يعني عند وجود وارث آخر كما يفيده آخر الحديث وسنحققه (وهم كبار) عقلاء فلم تجز إجازة صغير ومجنون وإجازة المريض كابتداء وصية ولو أجاز البعض ورد البعض جاز على المجيز بقدر حصته .

কোনো এক ছেলেকে হজ করানোর অসিয়ত করা

প্রশ্ন : বাবার জীবিত অবস্থায় অসিয়ত ছিল, আমি যদি মারা যাই তথাপি আমার সম্পদ থেকে তাঁর দ্বিতীয় ছেলেকে হজ করানোর দায়িত্ব আমাকে এবং আমার মাকে দিয়ে গেছেন। এমতাবস্থায় সংসারের অর্থ থেকে আমার সেই ভাইকে হজ করানো যাবে কি না?

Scanned by CamScanner

উত্তর : বালেগ ওয়ারিশদের সম্মতিতে তাদের মাল হতে হজ করাতে পারবেন। (৫/২৫৮/৮৯৮)

📖 سنن الدارقطني (مؤسسة الرسالة) ٥/ ٢٦٧ (٤٢٩٦) : عن عمرو بن خارجة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «لا وصية لوارث إلا أن يجيز الورثة»

📖 الفتاوى الهندية (زكريا) ٦/ ٩٠ : ولا تجوز الوصية للوارث عندنا إلا أن يجيزها الورثة بعد موته وهم كبار ولا معتبر بإجازتهم في حال حياته، كذا في الهداية.

জমিজমা ও মেয়েদের ব্যাপারে অসিয়ত

প্রশ্ন : মৃত্যু রোগে শায়িত একজন মহিলা মৃত্যুর আগের দিন স্বীয় ছেলেদের এ মর্মে বললেন যে "আমার যে জমি আছে আমার কন্যাদের দিয়েছিলাম, আমার কন্যারা আমার মৃত্যুর পর আসা-যাওয়া করলে তাদের খানাপিনা তোমরা বহন করবে এবং উক্ত জমি তোমরা ব্যবহার করবে, অর্থাৎ এর উপস্বত্ব ভোগ করবে, যদি তোমরা তাদের সাথে এ ব্যাপারে অশুভ আচরণ করো তাহলে মেয়েরা তাদের প্রদত্ত জমি তোমাদের কাছ থেকে নিয়ে নেবে।"

উক্ত মহিলা মারা যাওয়ার পর সম্পত্তি বণ্টনকালে জটলা বেঁধেছে। কোনো ছেলে মায়ের এই বক্তব্যকে মানছে না। তাই উক্ত জমির শরয়ী সমাধান দানে হুজুরের মর্জি হয়।

উত্তর : উল্লিখিত বর্ণনা মতে, মৃত্যুশয্যাশায়ী ভদ্র মহিলার উক্ত বাণী শরীয়তে বিধান মতে অসিয়ত বলে গণ্য হবে। যেহেতু শরীয়তে ওয়ারিশদের জন্য অসিয়ত নেই তাই ওই সম্পত্তি তাদের নিজ নিজ অংশ হিসেবে বণ্টিত হবে। তবে যদি বালেগ ওয়ারিশগণ অনুমতি প্রদান করে থাকে তাহলে তাদের অংশে অসিয়ত জারি হবে। (১/৯১/৬৮)

📖 سنن الدارقطني (مؤسسة الرسالة) ٥/ ٢٦٧ (٤٢٩٦) : عن عمرو بن خارجة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «لا وصية لوارث إلا أن يجيز الورثة»

📖 الهداية (دار إحياء التراث) ٤/ ٥١٤ : "والهبة من المريض للوارث في هذا نظير الوصية" لأنها وصية حكما حتى تنفذ من الثلث، وإقرار المريض للوارث على عكسه لأنه تصرف في الحال فيعتبر ذلك وقت الإقرار.

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (زكريا) ٦/ ٩٠ : ولا تجوز الوصية للوارث عندنا إلا أن يجيزها الورثة بعد موته وهم كبار ولا معتبر بإجازتهم في حال حياته، كذا في الهداية.

টাকা দান করার অসিয়ত ও তা দ্বারা নাতির কিতাব ক্রয় করা

প্রশ্ন : কোনো ব্যক্তি তার মেয়ের নিকট ২০ হাজার টাকা দিয়ে বলল, এগুলো তোমার নিকট আমানত রাখো। মেয়ে বলল—বাবা, টাকাগুলো আপনি নিয়ে নেন। কারণ, বলা তো যায় না কখন আপনার ইন্তেকাল হয়ে যায়। পিতা বলল, আমার ইন্তেকাল হয়ে গেলে টাকাগুলো আল্লাহর রাস্তায় দিয়ে দেবে। এরপর লোকটি মারা যায়। এখন মৃত ব্যক্তির নাতি ওই ২০ হাজার টাকা দিয়ে কিতাব ক্রয় করতে চাচ্ছে। জানার বিষয় হলো, ওই নাতি কিতাব ক্রয় করতে পারবে কি না?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে মৃত ব্যক্তির পূর্বের কথা আমার ইন্তেকাল হলে টাকাগুলো আল্লাহর রাস্তায় দিয়ে দেবে অসিয়তের অন্তর্ভুক্ত। আর অসিয়তকারীর অসিয়ত তার স্থাবর-অস্থাবর সম্পূর্ণ সম্পদের এক-তৃতীয়াংশে বাস্তবায়ন করা জরুরি। সুতরাং প্রশ্নে বর্ণিত মৃত ব্যক্তির অসিয়তকৃত ২০ হাজার টাকা যদি তার পরিত্যক্ত সম্পূর্ণ মালের এক-তৃতীয়াংশ বা তার চেয়ে কম হয় তাহলে অসিয়ত বাস্তবায়নকল্পে উক্ত টাকা দ্বারা কিতাব ক্রয় করা নাতির জন্য জায়েয হবে। আর যদি ২০ হাজার টাকা এক-তৃতীয়াংশ থেকে বেশি হয় তাহলে শুধু এক-তৃতীয়াংশে অসিয়ত বাস্তবায়ন করতে হবে। অবশিষ্ট টাকা ওয়ারিশদের মাঝে শরীয়ত কর্তৃক বর্ণিত পদ্ধতিতে বণ্টন করে দিতে হবে। তবে এমতাবস্থায় বালেগ ওয়ারিশগণ যদি ইচ্ছাকৃত নিজের হক ছেড়ে দিয়ে সম্পূর্ণ ২০ হাজার টাকা মরহুমের মাগফিরাতের উদ্দেশ্যে আল্লাহর রাস্তায় দান করে দেয়, এতে তারাও সাওয়াবের ভাগি হবে।

মোটকথা, যে পরিমাণ টাকার অসিয়ত বাস্তবায়ন করা জায়েয ওই পরিমাণ টাকা দিয়ে নাতির জন্য কিতাব ক্রয় করা বৈধ হবে। (১২/৫১১)

📖 صحيح البخاري (٢٧٤٤) : عن عامر بن سعد، عن أبيه رضي الله عنه، قال: مرضت، فعادني النبي صلى الله عليه وسلم، فقلت: يا رسول الله، ادع الله أن لا يردني على عقبي، قال: «لعل الله يرفعك وينفع بك ناسا»، قلت: أريد أن أوصي، وإنما لي ابنة، قلت: أوصي بالنصف؟ قال: «النصف كثير»، قلت: فالثلث؟ قال: «الثلث، والثلث كثير أو كبير»، قال: فأوصى الناس بالثلث، وجاز ذلك لهم.

Scanned by CamScanner

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۵۷۲/۴ : الجواب- یہ صورت مذکورہ میں یہ زیور کل وصیت ہے کیونکہ میت کے کل مال میں سے ثلث کے اندر نکل سکتا ہے، لہذا اس میں وصیت کو نافذ کرنا ضروری ہے، ورثہ میں سے کسی کا اس میں حق نہیں، بشرطیکہ یہ خوب محقق ہو کہ کل زیور ثلث میں سے نکل سکتا ہے۔

পেনশনের টাকার ব্যাপারে অসিয়ত

প্রশ্ন : আমার আব্বাজান একজন সরকারি চাকরিজীবী ছিলেন। তিনি বিগত ১৭-০৫-২০১২ ইং তারিখে মৃত্যুবরণ করেন। তিনি সরকারি তহবিল হতে পেনশন পেতেন। বর্তমানে সরকারি নিয়ম অনুসারে এই পেনশনের টাকা আমাদের সৎমায়ের নামে (অর্থাৎ আমার নিজ মায়ের মৃত্যুর পরে বাবা দ্বিতীয় বিবাহ করেন সেই মা) আসে। প্রশ্ন হলো, আমরা মরহুমের সন্তানগণ এই টাকা মিরাছ হিসেবে পাব কি না? যদি পাই তাহলে এই টাকা কোন নিয়মে বণ্টন করতে হবে?

উল্লেখ্য, মরহুম আব্বাজান তাঁর অসিয়তনামায় লিখেছেন যে, তাঁর স্ত্রীর সাথে আমরা সন্তানগণ (ছেলেরা) যত দিন থাকব, তত দিন পর্যন্ত এই পেনশনের টাকা আমাদের ভোগ করার অধিকার থাকবে। পৃথক হয়ে গেলে ভোগ করার অধিকার থাকবে না। এখন প্রশ্ন হলো, বর্তমানে এই অসিয়ত মান্য করা আমাদের জন্য ইসলামী শরীয়তের দৃষ্টিতে কতটুকু আবশ্যক?

উত্তর : পেনশন বেতনের অংশ নয়। বরং সরকারের পক্ষ থেকে চাকরিজীবীর জন্য বখশিশমাত্র। আর বখশিশের মালিক হওয়ার জন্য ভোগদখল শর্ত বিধায় পেনশনের যে টাকা সরকার ওই ব্যক্তির মৃত্যুর পর প্রদান করবে তার মালিক ওই মরহুম ব্যক্তি হবে না, বরং সরকার নিয়মতান্ত্রিকভাবে যাকে দেবে সেই একমাত্র তার মালিক হবে। তাই উক্ত টাকায় মিরাছ জারি হবে না। কেননা মিরাছ কেবল মালিকানা সম্পত্তিতেই জারি হয়।

আর কোনো ব্যক্তির অসিয়ত তার মালিকানাভুক্ত বস্তুতেই কার্যকর হয়। আর মরহুমের মৃত্যুর পর সরকারের প্রদেয় পেনশনের টাকা যেহেতু মরহুমের মালিকানাভুক্ত নয়, তাই ওই পেনশনের টাকার ক্ষেত্রে তার অসিয়ত কার্যকর হবে না। (১৯/২৮৮/৮১২৯)

📖 الدر المختار (سعيد) ٦٩٠/٥ : (وتتم) الهبة (بالقبض) الكامل (ولو الموهوب شاغلا لملك الواهب لا مشغولا به) والأصل أن الموهوب إن مشغولا بملك الواهب منع تمامها.

📖 فتح القدير ٩ / ٣٤١ : ذكر في الإيضاح: الوصية ما أوجبها الموصي في ماله بعد موته أو مرضه الذي مات فيه انتهى.

Scanned by CamScanner

📖 فيه أيضا ٦/ ٧٥٩ : (يبدأ من تركة الميت الخالية عن تعلق حق الغير بعينها -

📖 رد المحتار (سعيد) ٦/ ٧٥٩ : (قوله الخالية إلخ) صفة كاشفة لأن تركه الميت من الأموال صافيا عن تعلق حق الغير بعين من الأموال كما في شروح السراجية.

واعلم أنه يدخل في التركة الدية الواجبة بالقتل الخطأ أو بالصلح عن العمد أو بانقلاب القصاص مالا بعفو بعض الأولياء، فتقضى منه ديون الميت وتنفذ وصاياه كما في الذخيرة.

📖 فيه أيضا ٥ / ٦٦٩ : (قوله: وبنصيب ابنه لا) أي لأن نصيبه ثبت بنص القرآن، فإذا أوصى به لرجل آخر فقد أراد تغيير ما فرض الله تعالى، فلا يصح منح، ولا يلتفت إلى إجازة الورثة، لأن الوصية لم تقع في ملكه وإنما أضافها إلى ملك غيره، فصار كمن أوصى لرجل بملك زيد ثم مات فأجازه زيد فإن ذلك لا يجوز كذا هنا.

জমির ওয়াক্ফসংক্রান্ত অসিয়ত

প্রশ্ন : জনৈক ব্যক্তি এ মর্মে অসিয়ত করে যে আমার নিজস্ব ৭০ শতাংশ জমির ফসলের আয় থেকে আমার নিজ বাড়িতে প্রতিষ্ঠিত পাঞ্জেগানায় অতিথি মুসাফিরের জন্য খরচ করব। বর্তমানে উল্লিখিত পাঞ্জেগানার মুসল্লিবৃন্দের নামে অসিয়তকৃত জমি ওয়াক্ফ রেজিস্ট্রি করে না দিলে অন্যত্র অতি নিকটবর্তী আরো একটি নতুন পাঞ্জেগানা প্রতিষ্ঠা করে সেখানে নামায আদায় করবে। প্রশ্ন হলো, এমতাবস্থায় অসিয়তকারীর বাড়িতে প্রতিষ্ঠিত পাঞ্জেগানার অসিয়তকৃত ৭০ শতাংশ জমি থেকে জমি ওয়াক্ফ রেজিস্ট্রি করে দিতে হবে কি না? দিলে কতটুকু জমি রেজিস্ট্রি করে দিতে হবে?

উত্তর : অসিয়তকারী একাধিক খাত উল্লেখ করে অসিয়ত করলে ওই খাত বা খাতসমূহে তার সম্পূর্ণ মালের এক-তৃতীয়াংশ থেকে অসিয়ত বাস্তবায়ন করা আবশ্যকীয় এবং ওয়ারিশগণের জন্য সম্পদকে ওই খাতসমূহে রেজিস্ট্রি করে দেওয়াটা আবশ্যকীয় না হলেও শরীয়তের দৃষ্টিতে আপত্তিকর নয়। তাই প্রশ্নের বর্ণনা অনুযায়ী ৭০ শতাংশ জমি তার সম্পূর্ণ মালের এক-তৃতীয়াংশ বা তার কম হলে উক্ত ৭০ শতাংশ জমি অসিয়তকৃত তিন খাতে সমানভাবে বণ্টন করে দিতে হবে এবং মসজিদের অংশ মসজিদের নামে ওয়াক্ফ করতে আপত্তি নেই। (১১/৩২২/৩৫৫৬)

Scanned by CamScanner

📖 بدائع الصنائع (سعيد) ٧/ ٣٧٢ : لو أوصى بثلث ماله للفقراء، والمساكين، وأبناء السبيل، إن كان كل واحد منهم يضرب بسهمه، وإن كان المقصود من الكل التقرب إلى الله - سبحانه وتعالى - لكن لما كانت الجهة منصوصا عليها اعتبر المنصوص عليه.

📖 فتاوی محمودیہ (زکریا) ١٥ / ٣١٢ : الجواب- مرض الموت میں جو ہبہ یا وقف کیا جائے وہ وصیت کے حکم میں ہوتا ہے اور ایک تہائی ترکہ میں معتبر مانا جاتا ہے لہذا اگر عبدالعزیز نے مرض الموت میں وصیت کی ہے تو ایک تہائی میں سے نصف آمدنی مسجد کیلئے ہو گی اور نصف عبداللہ کیلئے دو تہائی عبدالعزیز کے وارث کی ہو گی اگر وارث صرف ایک بھتیجہ ہے تو وہی مستحق ہو گا۔

একই জমির ব্যাপারে ক্রয় দলিল ও অসিয়তনামা

প্রশ্ন : আমার নাম সমীরুদ্দিন। আমার এক ভাইয়ের মৃত্যুর পর তাঁর স্ত্রী ব্যতীত ছেলেমেয়ে কোনো ওয়ারিশ না থাকায় ওয়ারিশ সূত্রে আমরা জীবিত দুই ভাই তাঁর সম্পদের মালিক হই। তিনি জীবিত অবস্থায় তাঁর জরিপি জায়গা হতে দুই দফা করে কিছু জমি তাঁর স্ত্রীকে দান করেন। এমতাবস্থায় আমি আমার মরহুম ভাইকে বলে তাঁর জরিপি যে এক একর ২০ শতক জমি আছে তা ৫০ হাজার টাকা দিয়ে কিনে নিয়েছিলাম এবং আমার অপর জীবিত ভাইয়ের নামে এবং সাত টাকা মূল্যের একটি স্ট্যাম্পের ওপর তার একটি আনরেজিস্টার্ড দলিল করি। উক্ত কবলায় স্থানীয় তিনজন গ্রহণযোগ্য মান্যগণ্য ব্যক্তি সাক্ষী হিসেবে স্বাক্ষর করেন এবং স্থানীয় দলিল লেখকের স্বাক্ষরও আছে। কিন্তু দুঃখের বিষয় হলো, এ দলিলের মূল কপি হারিয়ে গেছে। উল্লিখিত এক একর জমি এখন আমার দখলে আছে। কিন্তু বাকি ২০ শতক জমি নিয়ে মরহুম ভাইয়ের পালিত কন্যার স্বামীর সাথে আমার বিরোধ হয় এবং ওই ২০ শতক জমি ওই ব্যক্তি জোরপূর্বক ভোগ করছে এবং সে ২০ শতক জমির একখানা আনরেজিস্টার্ড অসিয়তনামা দেখিয়ে বলে যে আমার শ্বশুর আমার জন্য দান করার জন্য তিনি জীবিত অবস্থায় অসিয়ত করে গেছেন। উল্লেখ্য, উক্ত অসিয়তনামায় লিখিত তারিখ আমার কবলার তারিখ থেকে বহু দিন পর। আমার কবলানামা লেখক সাক্ষী নিম্নরূপ :

আমি বাবা চরন দে, আমার পুরা স্মরণ আছে যে, আমি উক্ত কবলানামা দাতা-গ্রহীতার উপস্থিতিতে সম্পাদন করেছি। কবলানামা লেখাও আমার এবং স্বাক্ষরও আমার, এ মর্মে আমি সাক্ষ্য প্রদান করছি যে দাতার টিপসইও আমি নিজ কলমে করেছি। কিন্তু লেনদেন আমার মাধ্যমে হয়নি।

Scanned by CamScanner

১ নং সাক্ষীর সাক্ষ্য : আমি মোঃ সিদ্দীক আহমদ গং, পিতা মৃত হাজী ইয়াকুব আলী। আমি দাতা-গ্রহীতা ও দলিল লেখক চরন দের উপস্থিতিতে গ্রহীতার জমি ক্রয়ের পূর্ণ বিবরণ শোনার পর সত্য মনে করে সাক্ষী হিসেবে দস্তখত করেছি, কিন্তু লেনদেন আমার সামনে হয়নি এবং দাতাও আমাকে কিছু বলেনি।

২ নং এবং ৩ নং সাক্ষী : বর্তমানে মৃত্যুবরণ করলেও আমার কবলানামায় দেওয়া দস্তখতের সাথে ব্যক্তিগত অন্য দলিলাদিতে দেওয়া দস্তখতের সাথে পূর্ণ মিল দেখা যায়।

অপর গ্রহীতা বলে যে, উল্লেখিত জমি ক্রয়ের ব্যাপারে আমি কিছু জানি না। ঘরের কাজ কারবার সমীরুদ্দিন শিক্ষিত হওয়ায় তার কাছে ছিল।

এখন আপনার নিকট আবেদন রইল যে আমার দেওয়া উল্লেখিত প্রমাণপত্র দ্বারা আমার জমি ক্রয় শরীয়ত মোতাবেক শুদ্ধ হয়েছে কি না?

উত্তর : বিক্রীত জমির অসিয়ত যেমন বাতিল বলে গণ্য হয়, তেমনিভাবে অসিয়তের পর অসিয়তকৃত জমি বিক্রি করার দ্বারাও অসিয়ত বাতিল বলে গণ্য হয়। সুতরাং প্রশ্নে বর্ণিত জমির ক্রয়-বিক্রয় সঠিক বলে প্রমাণিত হলে ওই জমির ব্যাপারে অসিয়তের দাবি কোনো অবস্থায় গ্রহণযোগ্য হবে না। সর্বাবস্থায় বাস্তব ক্রেতাই ওই জমির মালিক বলে বিবেচিত হবে।

ফকীহুল মিল্লাত (রহ.)-এর উত্তর :

প্রশ্নে বর্ণিত জরিপবিহীন জমির যদি সরকারিভাবে লেনদেন ও হস্তান্তরের বিধান থাকে সে ক্ষেত্রে প্রশ্নকারীর নিকট কোনো গ্রহণযোগ্য ডকুমেন্ট আছে বলে নিশ্চিত হলে সে আদালতের আশ্রয় নেবে, অথবা স্থানীয় সালিসের মাধ্যমে শরীয়তসম্মতভাবে খরিদ করার ওপর প্রমাণ দিতে পারলে অসিয়তনামা অগ্রাহ্য হয়ে যাবে।

পক্ষান্তরে যদি জরিপবিহীন জমির লেনদেন ও হস্তান্তর আইনত অগ্রাহ্য হয় সে ক্ষেত্রে উক্ত জমির ওপর ওয়ারিশসূত্রে কোনো দাবি গ্রহণযোগ্য হবে না এবং অসিয়তেরও কোনো সুযোগ থাকবে না। কেবল দখলদার হিসেবে দখলি জমি ভোগ করতে পারবে। (৭/৩৭৯/১৬৮০)

📖 الفتاوى الهندية (زكريا) ٦/ ٩٢ : ويصح للموصي الرجوع عن الوصية، ثم الرجوع قد يثبت صريحا وقد يثبت دلالة فالأول بأن يقول: رجعت أو نحوه والثاني بأن يفعل فعلا يدل على الرجوع، ثم كل فعل لو فعله الإنسان في ملك الغير ينقطع به حق المالك فإذا فعله الموصي كان رجوعا، وكذا كل فعل يوجب زيادة في الموصى به ولا يمكن تسليمه إلا بها فهو رجوع إذا فعله، وكذا كل تصرف أوجب زوال ملك الموصي فهو رجوع.

Scanned by CamScanner

📖 فيه أيضا ٦/ ٩٣ : والوصية على أربعة أوجه: في وجه يحتمل الفسخ من جهة القول والفعل جميعا، وفي وجه يحتمل الفسخ من جهة القول دون الفعل، وفي وجه يحتمل من جهة الفعل دون القول، وفي وجه لا يحتمله بهما جميعا. أما الأول فهو الوصية بالعين لرجل فسخها من جهة القول أن يقول: فسخت الوصية أو رجعت ومن جهة الفعل أن يبيعه أو يعتقه أو يخرجها عن ملكه بوجه من الوجوه.

📖 الدر المختار مع الرد (سعيد) ٦/ ٦٤٩ : (وشرائطها كون الموصي أهلا للتمليك) فلم تجز من صغير ومجنون ومكاتب إلا إذا أضاف لعتقه كما سيجيء (وعدم استغراقه بالدين) لتقدمه على الوصية كما سيجيء (و) كون (الموصى له حيا وقتها) تحقيقا أو تقديرا ليشمل الحمل الموصى له فافهمه فإن به يسقط إيراد الشرنبلالي (و) كونه (غير وارث) وقت الموت (ولا قاتل) وهل يشترط كونه معلوما. قلت: نعم كما ذكره ابن سلطان وغيره في الباب الآتي (و) كون (الموصى به قابلا للتملك بعد موت الموصي) بعقد من العقود مالا أو نفعا.

"নাতি আমার সম্পত্তিতেই থাকবে" - হেবার অন্তর্ভুক্ত

প্রশ্ন : এক ব্যক্তির নিকট কোনো জায়গাজমি নেই। এমন কোনো ব্যবস্থাও নেই, যাতে সে গৃহ নির্মাণ করে জীবন কাটাবে। বর্তমানে সে তার দাদির জমিতে ঘর নির্মাণ করে বাস করে। দাদি মৃত্যুকালে ওয়ারিশ হিসেবে তাঁর একমাত্র ছেলে রেখে যান। তাঁর ইন্তেকালের পূর্বে তাঁকে পুত্রবধূ জিজ্ঞেস করে, আপনার মৃত্যুর পর আপনার নাতি কোথায় থাকবে। উত্তরে তিনি বলেন, আমি সম্পত্তি বিক্রি করিনি এবং করবও না। নাতি আমার সম্পত্তিতেই থাকবে, তার জন্য সম্পত্তি রেখে গেলাম। অন্যদিকে সরকারি আইন মতে, নাতি দাদির সম্পত্তির মালিক হয়। এখন প্রশ্ন হলো, দাদির উক্ত বর্ণনা দ্বারা অসিয়ত হবে কি না? যদি না হয় তার কারণ কী? এ বিপদগ্রস্ত ব্যক্তির জন্য সরকারি আইনের আশ্রয় নিয়ে ওই জায়গা ব্যবহার করা যাবে কি না?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে দানপত্র লিখিত হওয়া জরুরি নয়। মৌখিক অথবা পরোক্ষভাবে দান করার পর তার দখলে দিয়ে দিলে সহীহ হয়, তাই প্রশ্নের বর্ণনানুযায়ী দাদি নাতিকে তার জীবদ্দশায় নাতির দখলে সম্পদ দিয়ে গিয়েছেন, যা তিনি মৃত্যুর

Scanned by CamScanner

পূর্বে স্বীকারোক্তির মাধ্যমে বহাল রেখেছেন। তাই নাতি দানসূত্রে এই সম্পদের মালিক বলে বিবেচিত হবে। এটা অসিয়ত নয়, বরং হেবা তথা দানের অন্তর্ভুক্ত। (১০/৪৭৬/৩১৭৪)

📖 رد المحتار (سعيد) ٥ /٦٨٨ : قلت: فقد أفاد أن التلفظ بالإيجاب والقبول لا يشترط، بل تكفي القرائن الدالة على التمليك كمن دفع لفقير شيئا وقبضه، ولم يتلفظ واحد منهما بشيء، وكذا يقع في الهداية ونحوها فاحفظه، ومثله ما يدفعه لزوجته أو غيرها قال: وهبت منك هذه العين فقبضها الموهوب له بحضرة الواهب ولم يقل: قبلت، صح لأن القبض في باب الهبة جار مجرى الركن فصار كالقبول ولوالجية.

📖 الفتاوى الهندية (زكريا) ٤ /٣٧٥ : عبدي هذا لفلان ولم يقل وصية، ولا كان في ذكرها ولم يقل بعد موتي كانت هبة قياسا واستحسانا، كذا في القنية.

📖 فتاوی حقانیہ (مکتبہ سید احمد) ٦/٣٧٩ : جبکہ زید نے اپنے تین بیٹوں کو علیحدہ علیحدہ مکانات دیدتے ہیں۔ تو اگرچہ زید نے صراحۃ ہبہ کا لفظ نہیں کہا ہے لیکن ظاہر قرائن اس پر دلالت کرتے ہیں کہ یہ ہبہ ہے اور ہبہ میں تملیک قرینہ کیلئے کافی ہے لہذا یہ شرعا ہبہ ہے اس لئے زید کی وفات کے بعد اس مین بقایا ترکہ کی طرح میراث جاری نہ ہو گی بلکہ یہ ان تینوں بھائیوں کی ملکیت ہو گی۔

Scanned by CamScanner

باب الميراث

পরিচ্ছেদ : উত্তরাধিকার সম্পদ

মিরাছি সম্পত্তি বণ্টনের পদ্ধতি

প্রশ্ন : উত্তরাধিকার সম্পত্তি দেওয়ার পদ্ধতি কী? প্রতি জমি থেকে যতটুকু পারে সেখান থেকে, নাকি সমপরিমাণ অন্য জমি থেকে দেবে?

উত্তর : মৃত ব্যক্তির স্থাবর-অস্থাবর সম্পূর্ণ সম্পত্তির প্রতিটি অংশে ওয়ারিশদের পাওনা রয়েছে। সুতরাং যদি ওয়ারিশগণ বালেগ হয় এবং সম্মিলিতভাবে বণ্টন করার ওপর রাজি থাকে, তখন প্রতিটি জমি পৃথকভাবে বণ্টন করতে হবে না। আর যদি তাদের মধ্যে নাবালেগ থাকে অথবা প্রতিটি জমির অংশ থেকে বণ্টন করার দাবি করে তখন সেভাবে বণ্টন করতে হবে। (১/২৯১)

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٢٠٥ : وإذا كانت في التركة دار وحانوت الورثة كلهم كبار وتراضوا على أن يدفعوا الدار والحانوت إلى واحد منهم عن جميع نصيبه من التركة جاز لأن عند أبي حنيفة - رحمه الله تعالى - إنما لا يجمع نصيب واحد من الورثة بطريق الجبر من القاضي وأما عند التراضي فذلك جائز-

📖 الفقه الإسلامي وأدلته (دار الفكر) ٥/ ٦٧٣ : أما إذا كانت الدور المشتركة في بلد واحد، فتقسم أيضاً عند أبي حنيفة كل دار على حدة؛ لأن الدور أجناس مختلفة، لاختلاف المقاصد باختلاف المحالّ (المواقع) والجيران، والقرب من المسجد والماء والسوق مثلاً، فلا يمكن التعديل فيالقسمة وإنما تقسم قسمة تفريق، ولا يضم بعض الأنصبة إلى بعض، إلا إذا تراضوا. وهذا هو الصحيح عند الحنفية.

ভাই থাকলে ভাতিজা মিরাছ পায় না

প্রশ্ন : এক মায়ের পেটের চার ভাই ও দুই বোন সবাই বিবাহিত। বড় ভাই স্ত্রীসহ উভয়ে জীবিত আছেন, তাঁদের কোনো ছেলেমেয়ে নেই। মেজ ভাই স্ত্রী-ছেলেমেয়ে রেখে মারা গেছেন। অন্য দুই ভাইয়েরা স্ত্রী, ছেলেমেয়েসহ জীবিত আছেন। জানার

Scanned by CamScanner

বিষয় হলো, বড় ভাই মারা গেলে (তাঁর কোনো ছেলেমেয়ে নেই) তাঁর সম্পত্তির ভাগ মৃত মেজ ভাইয়ের ছেলেমেয়েরা (চাচার সম্পত্তির ওয়ারিশ সূত্রে) পাবে কি না?

উত্তর : বড় ভাই মারা যাওয়ার সময় তাঁর কোনো ভাই জীবিত থাকলে মেজ ভাইয়ের সন্তানেরা তাদের চাচার সম্পত্তির ওয়ারিশ সূত্রে কোনো ভাগ পাবে না। তবে বড় ভাই জীবদ্দশায় তাদের নামে হেবা-দান করে যেতে পারবেন অথবা মৃত্যুর পূর্বে তাদের জন্য এক-তৃতীয়াংশ সম্পদ থেকে অসিয়ত করে যেতে পারেন। (১৯/৯৪২/৮৫৫০)

📖 المبسوط للسرخسی (دار المعرفة) ٢٩ /١٦٠ : ففي حال ترك الأخوين لأب وابن أخ فالمال كله للأخوين.

📖 رد المحتار (سعيد) ٦ /٧٧٤ : فيقدم الابن على ابنه والأب على أبيه والأخ على ابنه لقرب الدرجة.

📖 الفقه الحنفى وأدلته ٣ / ٢٦٣ : الأخ للأم والأب أولى بالميراث من الأخ للأب، والأخ للأب أولى بالميراث من ابن الأخ للأب والأم.

📖 کفایت المفتی (دار الاشاعت) ٨/ ٣٣٠ : چچا کے مال میں جب کہ اس کی اولاد ذکور نہ ہو بھتیجوں کو حصہ مل سکتا ہے، بشرطیکہ متوفی کا بھائی بھی نہ ہو، ورنہ بھتیجوں کا کوئی حق نہیں۔

পৈতৃক সব কিছুতেই মেয়েরা অংশীদার

প্রশ্ন : পিতার সমস্ত সম্পদের (জমি থেকে নিয়ে হাঁড়ি পাতিল) মধ্যে মেয়েসন্তান কি বণ্টন পাবে, না বিশেষ বিশেষ সম্পদের ভেতর তার মিরাছ জারি হবে? আমাদের সমাজে দেখা যায়, শুধু জমি-বাড়ির মধ্য থেকে মেয়েরা বণ্টন পেয়ে থাকে, তা কতটুকু সহীহ?

উত্তর : শরীয়ত কর্তৃক বর্ণিত পদ্ধতি মতে, পিতা-মাতা মারা যাওয়ার পর স্থাবর-অস্থাবর সম্পত্তির প্রতিটি অংশে প্রতি মেয়ে ছেলের অর্ধেক সম্পদের অধিকারী হবে। এ ছাড়া সমাজে প্রচলিত প্রথা শরীয়ত পরিপন্থী হওয়ায় বর্জনীয়। (৯/৫৬৩/২৭৫৪)

📖 سورة النساء الآية ١١ : ﴿يُوصِيكُمُ اللهُ فِيٓ أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنثَيَيْنِ﴾

📖 الدر المختار (سعيد) ٦/ ٧٦٢ : (ثم) رابعا بل خامسا (يقسم الباقي) بعد ذلك (بين ورثته) أي الذين ثبت إرثهم بالكتاب أو السنة.

Scanned by CamScanner

কোনো কারণে সন্তানকে সম্পত্তি থেকে বঞ্চিত করা

প্রশ্ন : আমার বেগম একাকী প্রচণ্ড অসুস্থতায় ভুগছে। অথচ মেয়ে তার মাকে দেখতে আসে না। এমনকি মেয়ের ঘরে সন্তান ভূমিষ্ঠ হবে সে সংবাদও তার মাকে জানায়নি বিধায় মা, অর্থাৎ আমার বেগম রাগে বলতে বাধ্য হয়, যেন মেয়ে আমার মৃত্যুর সময় লাশের কাছে না আসে। এ ছাড়া আনুষঙ্গিক আরো অনেক কারণে আমার সম্পত্তি থেকে মেয়েকে ত্যাজ্য করতে চেয়েছি। তা করা কি আমার জন্য বৈধ হবে?

উত্তর : ছেলেমেয়েদেরকে তাদের নাফরমানীর কারণে সম্পত্তি থেকে বঞ্চিত করার দ্বারা তাদের সম্পত্তির হক বাতিল হয় না। তবে ছেলেমেয়েরা মাতা-পিতার অবাধ্যতা ও নাফরমানী করার কারণে তাদের কবীরা গোনাহ হবে। অতএব বর্ণিত কারণে মেয়েকে বঞ্চিত করা শরীয়তসম্মত নয়। (১৮/৩৪৬)

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ٩٠٢ (٢٧٠٣) : عن أنس بن مالك قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من فر من ميراث وارثه، قطع الله ميراثه من الجنة يوم القيامة».

📖 احسن الفتاوى (سعيد) ٩/ ٣٠٢ : عاق دو معنى ميں مستعمل ہے: ايک معنى شرعى دوسرے معنى عرفى، شرعى معنى تو يہ ہيں کہ اولاد والدين كى نافرمانى کرے سوائے اس معنى کے تحقق ميں والد کے عاق کرنے يا نہ کرنے کو کوئى دخل نہيں...

... اس کا ثبوت بلا قصد مورث ووارث ہوتا ہے... ...

স্ত্রীর মোহর স্বামীর পরিত্যক্ত সম্পদ থেকে আদায় করতে হবে

প্রশ্ন : এক লোক বিবাহ করার সময় স্ত্রীর মোহর এক লক্ষ টাকা ধার্য করে এবং ওই টাকা থেকে মাত্র ২০ হাজার টাকা তার পুরো জীবনে আদায় করে, আর ৮০ হাজার টাকা তার জিম্মায় বাকি থেকে যায়। এমতাবস্থায় সে দুই লক্ষ টাকার সম্পদ রেখে মৃত্যুবরণ করে। এ টাকা থেকে ৩০ হাজার টাকা দিয়ে মানুষের ঋণ আদায় করে। তারপর বাকি টাকা উত্তরাধিকাররা বণ্টন করে নিতে চায়। প্রশ্ন হলো, বাকি টাকা থেকে স্ত্রীর মোহর আদায় করা ওয়াজিব কি না? স্ত্রীর মোহর আদায় না করলে সে

Scanned by CamScanner

উত্তরাধিকারীদের ওপর চাপ সৃষ্টি করতে পারবে কি না? এবং স্ত্রী এ মুহূর্তে চুপ থাকলে উত্তরাধিকারীদের ওপর উত্তরাধিকার সম্পদ থেকে ঋণ হিসেবে মোহরের টাকা আদায় করা ওয়াজিব কি না?

উত্তর : স্ত্রীর মোহরও যেহেতু মৃত স্বামীর জিম্মায় অন্যান্য কর্জের মতো পরিশোধযোগ্য কর্জ। তাই প্রশ্নের বিবরণ মতে, যেহেতু স্বামী স্ত্রীর মোহর আদায় করেনি, আর স্ত্রীর পক্ষ থেকে মোহর মাফ করার কথাও উল্লেখ নেই। আর স্বামীর রেখে যাওয়া সম্পদ থেকে সর্বপ্রথম অন্যান্য ঋণের মতো স্ত্রীর অবশিষ্ট মোহর আদায় করে দেওয়া স্বামীর ওয়ারিশিনদের কর্তব্য ও জরুরি। আদায় না করলে স্ত্রী তার প্রাপ্য আদায় করার জন্য আইনের আশ্রয় নিতে পারবে। এমনকি স্ত্রী মোহরের টাকা দাবি না করলেও ওয়ারিশদের জন্য মৃত ব্যক্তির স্ত্রীর মোহর আদায় করে মৃতকে তার ঋণ থেকে মুক্ত করা ওয়াজিব। (৯/১৯৪/২৫৫৮)

📖 بدائع الصنائع (سعيد) ٢ /٢٩١ : (وأما) بيان ما يتأكد به المهر فالمهر يتأكد بأحد معان ثلاثة :

📖 الدخول والخلوة الصحيحة وموت أحد الزوجين، سواء كان مسمى أو مهر المثل حتى لا يسقط شيء منه بعد ذلك إلا بالإبراء من صاحب الحق، أما التأكد بالدخول فمتفق عليه، والوجه فيه أن المهر قد وجب بالعقد وصار دينا في ذمته، والدخول لا يسقطه؛ لأنه استيفاء المعقود عليه، واستيفاء المعقود عليه، يقرر البدل لا أن يسقطه كما في الإجارة؛ ولأن المهر يتأكد بتسليم المبدل من غير استيفائه لما نذكر فلأن يتأكد بالتسليم مع الاستيفاء أولى.

📖 الفتاوى الهندية (زكريا) ٦ /٤٤٧ : التركة تتعلق بها حقوق أربعة: جهاز الميت ودفنه والدين والوصية والميراث. فيبدأ أولا بجهازه وكفنه وما يحتاج إليه في دفنه بالمعروف، كذا في المحيط ويستثنى من ذلك حق تعلق بعين كالرهن والعبد الجاني فإن المرتهن وولي الجناية أولى به من تجهيزه -

📖 خیر الفتاوی (زکریا) ۴ /۵۴۳ : الجواب- مہر بھی چونکہ میت کے ذمے ایک قرض ہے، لہذا جب تک عورت معاف نہ کرے معاف نہیں ہو سکتا، لہذا میت کے ترکے میں سے دوسرے قرضوں کی طرح مہر بھی ادا کیا جائیگا، پھر ترکہ تقسیم کیا جائیگا جیسا کہ عالمگیری میں موجود ہے کہ خلوۃ صحیحہ کے بعد مہر لازم ہو جاتا ہے اور صاحب حق کے بری کرنے سے ختم ہو گا۔

Scanned by CamScanner

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۵ /۱۵۶ : ج: عورت کا مہر شوہر کے ذمہ قرض ہے خواہ شادی کو کتنے ہی سال ہو گئے ہوں وہ واجب الاداء رہتا ہے اور اگر شوہر کا انتقال ہو جائے اور اس نے مہر نہ ادا کیا تو اس کے ترکہ میں سے پہلے مہر ادا کیا جائیگا پھر ترکہ تقسیم ہو گا۔

দ্বিতীয় স্ত্রী ও তার সন্তানরা মিরাছ না পাওয়ার শর্তে বিয়ে করা

প্রশ্ন : কোনো ব্যক্তি এ শর্তে দ্বিতীয় বিয়ে করতে চায় যে, স্ত্রীর মোহরানা ছাড়াও দ্বিতীয় স্ত্রী ও তার সন্তানদের যা দেবে তাতে তাদের সন্তুষ্টি থাকতে হবে। এ ব্যাপারে শরীয়তের নির্দেশনা জানতে চাই। এ ক্ষেত্রে উক্ত ব্যক্তি তার জীবদ্দশায় দ্বিতীয় স্ত্রী এবং তার সন্তানদের যা দেওয়ার দেবে এবং তার মৃত্যুর পর উত্তরাধিকারী সম্পত্তিতে তারা কোনো প্রকার দাবি বা হস্তক্ষেপ করতে পারবে না। অর্থাৎ প্রথম স্ত্রী এবং তার সন্তানদের কি সম্পত্তি প্রদান করা হলো বা রেখে যাওয়া হলো–এ ব্যাপারে কোনো প্রশ্ন বা হস্তক্ষেপ করতে পারবে না।

উত্তর : প্রশ্নে বর্ণিত শর্তাবলি সাপেক্ষে বিবাহ করলে উক্ত বিবাহ সহীহ হবে। তবে উক্ত শর্তগুলো পূর্ণ করা জরুরি নয় এবং দ্বিতীয় বিবাহের পর স্বামী মারা গেলে উভয় স্ত্রী এবং তার সব সন্তান মিরাছের অধিকারী হবে। (১৭/৮৬৫/৭৩৪২)

📖 سورة النساء الآية ١١ : ﴿يُوصِيكُمُ اللهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا فَرِيضَةً مِنَ اللهِ إِنَّ اللهَ كَانَ عَلِيمًا حَكِيمًا﴾

📖 فتح القدير (حبيبيه) ٣ / ١٥٢ : لأن النكاح لا يبطل بالشروط الفاسدة بل تبطل هي ويصح النكاح، فصار كما إذا تزوجها على أن يطلقها بعد شهر صح وبطل الشرط.

📖 الدر المختار (ايج ايم سعيد) ٣ / ٥٣ : (ولكن لا يبطل) النكاح (بالشرط الفاسد و) إنما (يبطل الشرط دونه) يعني لو عقد مع

Scanned by CamScanner

شرط فاسد لم يبطل النكاح بل الشرط بخلاف ما لو علقه بالشرط
(إلا أن يعلقه بشرط).

📖 فتاوی محمودیہ (زکریا) ۵ / ۲۳ : الجواب—وراثت ملک غیر اختیاری ہے، لہذا باپ کو حق نہیں ہے کہ اپنے بعد ورثہ میں سے کسی کو محروم کردے، شریعت نے جو حصہ جس وارث کا متعین کردیا ہے وہ اس کو ضرور پہونچے گا، خواہ مورث راضی ہو یا ناراض ہو۔

স্ত্রীর নামে কেনা সম্পত্তি তার মিরাছ নয়

প্রশ্ন : আমার পিতা একটি জমি ক্রয় করেছিলেন। ওই সময় জমিটি আমার পিতার নামে ও কিছু (চার আনা) আমার মাতার নামে খরিদ করেন। অতঃপর উক্ত জমিতে তিনতলা বাড়ি করেন। পিতার পূর্বেই মা মারা যান। মাতার মৃত্যুর পর পিতা উক্ত বাড়িতে দক্ষিণ দিক দিয়ে আরো একটি তিনতলা বিল্ডিং করেন। মা যখন মারা যান তখন তাঁর এক স্বামী, তিন পুত্র, ছয় কন্যা, পিতা ও মাতা জীবিত ছিল। উক্ত বাড়িটির মায়ের অংশ এখনো মিরাছ হিসেবে বণ্টন হয়নি। এখন প্রশ্ন, মাতার অংশটি মিরাছ হিসেবে বণ্টিত হবে কি? বণ্টন হইলে জমির মূল্য বা জমি বণ্টিত হবে, নাকি বিল্ডিংসমেত জমি বণ্টিত হবে? পিতা জমি লিখে দিয়েছিলেন; কিন্তু বিল্ডিং নির্মাণ করেছেন পিতা নিজের টাকায়, মায়ের কোনো টাকা ছিল না। বিল্ডিং নির্মাণ পিতা নিজের থেকে করেছেন। এই বিল্ডিংয়ে মায়ের চার আনা অংশ থাকবে তেমন মনোভাব ছিল না। উক্ত জমিতে মা জীবিতকালে বসবাস করতেন।

উত্তর : শরীয়তের দৃষ্টিতে যে সম্পদ ক্রয় করে সে নিজেই ওই সম্পদের মালিক হয়। কাগজপত্রে কারো নাম লেখার দ্বারা মালিকানা সাব্যস্ত হয় না, যতক্ষণ পর্যন্ত ওই সম্পদ হেবাকরত ভোগদখল দেওয়া না হয়। প্রশ্নের বর্ণনা থেকে স্বামী ওই স্ত্রীর নামে ক্রয় করা জমিটি হেবাকরত স্ত্রীর ভোগদখলে দিয়েছিলেন বলে প্রতীয়মান হয় না বিধায় উক্ত জমির মালিক স্বামীই রয়ে গেছেন। তাই আপনার মাতার অংশটি মিরাছ হিসেবে তার ওয়ারিশদের মধ্যে বণ্টিত হবে না। বরং আপনার পিতার মিরাছ হিসেবে তাঁর সব ওয়ারিশদের মধ্যে শরীয়তে মুহাম্মাদীর বিধান মতে বণ্টন হবে। (৬/৩৯৮/১২৬৩)

📖 ملتقى الأبحر (دار الكتب العلمية) ٢/ ١٥٠ : (كتاب الهبة) هي تمليك عين بلا عوض وتصح بإيجاب وقبول، وتتم بالقبض الكامل -

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۷۳۸ :الجواب- اگر فی الواقع زید یہ مکان اپنی زوجہ کی ملک نہ کیا تھا بلکہ کسی مصلحت سے کاغذات سرکاری میں اس کا نام لکھوادیا تھا تو یہ مکان زوجہ کی ملک نہیں ہوا اور بعد اس کی وفات کے اس کے وارثوں کا اس میں حق نہ ہوگا، بلکہ بدستور زید کی ملک میں رہے گا، کاغذات سرکاری میں کسی کا نام درج ہو جانے

Scanned by CamScanner

سے شرعا اس کی ملک ثابت نہیں ہوتی جب تک کہ مالک اپنی رضاء سے اس کو مالک نہ بنائے اور قبضہ نہ کرائے۔

স্ত্রীর রেখে যাওয়া সম্পদের উত্তরসূরি কারা হবে

প্রশ্ন : স্ত্রীর মৃত্যুর পর তার যদি কোনো অলংকার থাকে তাহলে কে কে পাবে? স্ত্রীর সম্পদ স্বামী একা ভোগ করতে পারবে কি না?

উত্তর : স্ত্রীর মৃত্যুর পর তার জীবিত ওয়ারিশরা মোহর ও অন্যান্য সম্পদের মালিক হয়ে থাকে। স্ত্রীর ইন্তেকালের পর তার স্থাবর-অস্থাবর সম্পদ শরীয়তে মুহাম্মদী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিধান মতে, অন্য ওয়ারিশগণের মধ্যে বণ্টন না করে স্বামীর জন্য সব সম্পদ একা ভোগ দখল করা অবৈধ। (৯/১৫৫/২৪৮৬)

📖 سورة النساء الآية ١١، ١٢ : ﴿يُوصِيكُمُ اللّٰهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا فَرِيضَةً مِنَ اللّٰهِ إِنَّ اللّٰهَ كَانَ عَلِيمًا حَكِيمًا ○ وَلَكُمْ نِصْفُ مَا تَرَكَ أَزْوَاجُكُمْ إِنْ لَمْ يَكُنْ لَهُنَّ وَلَدٌ فَإِنْ كَانَ لَهُنَّ وَلَدٌ فَلَكُمُ الرُّبُعُ مِمَّا تَرَكْنَ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِينَ بِهَا أَوْ دَيْنٍ وَلَهُنَّ الرُّبُعُ مِمَّا تَرَكْتُمْ إِنْ لَمْ يَكُنْ لَكُمْ وَلَدٌ فَإِنْ كَانَ لَكُمْ وَلَدٌ فَلَهُنَّ الثُّمُنُ مِمَّا تَرَكْتُمْ مِنْ بَعْدِ وَصِيَّةٍ تُوصُونَ بِهَا أَوْ دَيْنٍ وَإِنْ كَانَ رَجُلٌ يُورَثُ كَلَالَةً أَوِ امْرَأَةٌ وَلَهُ أَخٌ أَوْ أُخْتٌ فَلِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ فَإِنْ كَانُوا أَكْثَرَ مِنْ ذٰلِكَ فَهُمْ شُرَكَاءُ فِي الثُّلُثِ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصَى بِهَا أَوْ دَيْنٍ غَيْرَ مُضَارٍّ وَصِيَّةً مِنَ اللّٰهِ وَاللّٰهُ عَلِيمٌ حَلِيمٌ﴾

যোগাযোগ না থাকলেও স্বামী-স্ত্রী একে-অপরের মিরাছ পাবে

প্রশ্ন : এক লোক তার স্ত্রীর সাথে বনিবনা না হওয়ায় বা মনোমালিন্যের কারণে দ্বিতীয় বিয়ে করে দ্বিতীয় স্ত্রীর সাথে ঘর-সংসার আরম্ভ করে। কেউ কারো সাথে কোনো যোগাযোগ বা ফোনালাপও নেই। যখন স্বামীকে প্রথম স্ত্রীর কথা বলা হয় তখন সে বলে, ওই অসভ্য আমার কেউ না, তাদের সাথে আমার কোনো ধরনের সম্পর্ক নেই।

Scanned by CamScanner

এমনিভাবে যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় ১৩-১৪ বছর অতিবাহিত হয়ে যায়। এই সম্পর্কবিহীন অবস্থায় তার স্বামী মারা যায়। এখন সে মহিলা স্বামীর মিরাছ নেওয়ার জন্য পীড়াপীড়ি করে। জানার বিষয় হলো, উক্ত স্ত্রী স্বামীর মিরাছ পাবে কি না?

উত্তর : স্বামী স্ত্রী থেকে যত দিনই দূরে থাক না কেন, এর দ্বারা তাদের বৈবাহিক সম্পর্ক বিচ্ছেদ হবে না, যতক্ষণ পর্যন্ত স্বামী তালাক দেবে না।
প্রশ্নে বর্ণিত 'ওই অসভ্য আমার কেউ না, তাদের সাথে আমার কোনো সম্পর্ক করে না' উক্ত বাক্যদ্বয় তালাক অধ্যায়ে আলফাজে কিনায়ার অন্তর্ভুক্ত। তালাকের নিয়্যাতে বলে থাকলে স্ত্রীর ওপর এক তালাকে বায়েন পতিত হয়। তালাকের নিয়্যাত না থাকলে এসব বাক্যের দ্বারা তালাক হয় না। স্বামী যেহেতু বর্তমানে মৃত, তাই তার নিয়্যাতের ব্যাপারে নিশ্চিতভাবে কিছুই বলা যায় না। সুতরাং সেই মহিলার সাথে তার বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া ছিল নিশ্চিত, বাক্যদ্বয়ের দ্বারা তালাকের নিয়্যাত করার বিষয়টি অনিশ্চিত বিধায় তাকে স্ত্রী ধরে নিয়ে উক্ত স্বামীর থেকে মিরাছ প্রদানই শরীয়তের নির্দেশ। (১৭/৫৭/৬৯০৩)

📖 الدر المختار (ايج ايم سعيد) ٣/ ٥٩٠ : (ولا يفرق بينهما بعجزه عنها) بأنواعها الثلاثة (ولا بعدم إيفائه) لو غائبا (حقها ولو موسرا) وجوزه الشافعي بإعسار الزوج وبتضررها بغيبته، ولو قضى به حنفي لم ينفذ-

📖 رد المحتار (ايج ايم سعيد) ٣/ ٢٣٠ : (قوله وركنه لفظ مخصوص) هو ما جعل دلالة على معنى الطلاق من صريح أو كناية فخرج الفسوخ على ما مر، وأراد اللفظ ولو حكما ليدخل الكتابة المستبينة وإشارة الأخرس والإشارة إلى العدد بالأصابع في قوله أنت طالق هكذا كما سيأتي. وبه ظهر أن من تشاجر مع زوجته فأعطاها ثلاثة أحجار ينوي الطلاق ولم يذكر لفظا لا صريحا ولا كناية لا يقع عليه كما أفتى به الخير الرملي وغيره، وكذا ما يفعله بعض سكان البوادي من أمرها بحلق شعرها لا يقع به طلاق وإن نواه-

📖 آپ کے مسائل اوران کا حل (امدادیہ) ۵/۱۹۳ : جواب-اگر شوہر نے طلاق نہیں دی تو میاں بیوی کے الگ الگ رہنے سے نکاح ختم نہیں ہوتا-

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٣٧٥ : ولو قال لها لا نكاح بيني وبينك أو قال لم يبق بيني وبينك نكاح يقع الطلاق إذا نوى ولو قالت المرأة لزوجها لست لي بزوج فقال الزوج صدقت ونوى به

Scanned by CamScanner

الطلاق يقع في قول أبي حنيفة - رحمه الله تعالى - كذا في فتاوى قاضي خان.

📖 امداد الفتاوی (زکریا) ۲/۴۳۲— ۴۳۳ : سوال-ایک شخص نے اپنی عورت کو اپنے گھر سے نکالا اور کہدیا 'چلی جا' اور عرصہ دس سال اس بات کو گزر گئے کہ وہ عورت اپنے خاوند کے گھر سے نکلی ہوئی ہے اور اس دس سال کے عرصہ میں اس کے خاوند نے اس سے کوئی تعلق نہیں رکھا تھا اب وہ شخص عرصہ قریب چار سال سے فوت ہو چکا ہے اور اس کے فوت ہونے کے بعد وہ عورت شریعت میں اپنے خاوند کے ورثہ پانے کی مستحق ہے یا نہیں؟ اور صرف اس قدر مدت گھر سے نکال دینے سے طلاق ہو گی یا نہیں؟

الجواب- یہ کہنا کہ 'چلی جا' ان کنایات سے ہے جن میں ہر حال میں نیت طلاق کی شرط ہے اور نیت کا علم اب ہو نہیں سکتا، لہٰذا طلاق واقع نہیں ہو گی اور وہ عورت مستحق میراث پانے کی ہے۔

মৃত স্বামীর ঋণ পরিশোধ করে মিরাছ থেকে তা দাবি করা

প্রশ্ন : স্বামীর মৃত্যুর পর নিজস্ব সম্পত্তি হতে স্ত্রী কয়েক হাজার টাকা সদকা প্রদান করেন এবং ২৩,০০০ টাকা ঋণ শোধ করেন। বর্তমানে স্বামীর অফিস থেকে যে অর্থ দেওয়া হচ্ছে, তা থেকে সেই ২৩,০০০ টাকা যা দিয়ে স্বামীর ঋণ শোধ করেছেন, তা স্ত্রী দাবি করছেন। শরীয়ত অনুযায়ী স্ত্রীর হক কী? এবং ওয়ারিশগণের র্কতব্য কী? স্ত্রী যদি এ টাকা পাওনা হয়ে থাকেন, তবে ওয়ারিশগণ আদায় না করলে গোনাহগার কে হবে? স্বামী, না ওয়ারিশগণ?

উত্তর : স্ত্রী নিজস্ব সম্পদ থেকে স্বামী মারা যাওয়ার পর তার পক্ষ থেকে মৃত ব্যক্তির যে ঋণ শোধ করার দাবি করেছে তা দুজন সাক্ষী দ্বারা প্রমাণিত হলে স্বামীর পরিত্যক্ত সম্পদ থেকে এ অর্থ স্ত্রী প্রাপ্ত হবে। ওয়ারিশগণ তা দিতে অস্বীকৃতি জানালে অন্যের হক ভক্ষণ করার গোনাহ হবে। অতঃপর শরীয়তসম্মতভাবে অবশিষ্ট অর্থ স্ত্রীসহ সকল ওয়ারিশের মধ্যে বণ্টন হবে। (১৩/৯১৬/৫৪৩৪)

📖 رد المحتار (سعيد) ٦ /٧١٧ : (قوله أو قضى دين الميت) قال في أدب الأوصياء: وفي الخانية اشترط الإشهاد إذا قضاه بلا أمر الوارث ولم يشترطه في النوازل. وقال وهو المختار، فإنه ذكر أن الوصي إذا نفذ الوصية من مال نفسه يرجع في مال الميت وهو المختار فتكون الرواية في الوصية رواية في الدين لأنه مقدم عليها

Scanned by CamScanner

ووجوب قضائه آكد من لزوم إنفاذها اهوهو الموافق لما مر عن المنح والدرر من قوله فكان كقضاء الدين-

📖 فيه أيضا ٥/ ٤٥٨ : (قوله أو اشترى الوارث الكبير إلخ) كذا في الخانية ونصها أو اشترى الوارث الكبير طعاما أو كسوة للصغير من مال نفسه لا يكون متطوعا وكان له الرجوع في مال الميت والتركة-

📖 الفتاوى الهندية (زكريا) ٦/١٥٥ : أحد الورثة إذا قضى دين الميت من خالص ملكه حتى كان له الرجوع في التركة قبل أن يرجع فيها ثم ورثوا عن ميت آخر لا يكون للذي قضى دين الميت أن يرجع في تركة الميت الثاني، كذا في الذخيرة. وللوارث أن يقضي دين الميت وأن يكفنه بغير أمر الورثة وكان له أن يرجع في مال الميت.

📖 احسن الفتاوی (سعید) ۹/ ۲۷۸ : الجواب۔اگر قرض شہادت شرعیہ یا سب ورثہ کے اقرار سے ثابت ہو تو وصی اور وارث کو کل ترکہ سے وصول کرنے کا حق ہے، ورنہ صرف ان ورثہ کے حصہ سے وصول کیا جائیگا جب قرض کا اقرار کرتے ہوں۔

স্ত্রী মারা গেলে বিবাহের পর শ্বশুরালয় থেকে প্রাপ্ত জিনিসপত্রের হুকুম

প্রশ্ন : আমি গত বছর বিবাহ করি। বিবাহের সময় ও পরবর্তীতে আমি শ্বশুরালয় থেকে বিনা চাওয়ায় অনেক কিছু পেয়েছি। আর তাদের মেয়ে আমার ঘরে থাকার কারণে সংসারে অনেক কিছু দিয়েছে। বর্তমান আমার স্ত্রী পরলোকগত। কিন্তু তাদের সাথে আন্তরিকতার অভাব নেই। এমতাবস্থায় শ্বশুরালয় থেকে প্রাপ্ত জিনিসগুলোর হুকুম কী? উল্লেখ্য, যে সমস্ত জিনিস (যেমন : খাট, ফার্নিচার ইত্যাদি) আমি বা আমার সংসারে এসেছে তা তাদের মেয়ে আমার ঘরে থাকার কারণেই। সুতরাং এমতাবস্থায় ওই সমস্ত সম্পদ ইত্যাদির হুকুম কী? অনুগ্রহপূর্বক জানিয়ে বাধিত করবেন।

উত্তর : বিবাহ উপলক্ষে বর বা কনের পক্ষ থেকে কোনো কিছু চেয়ে নেওয়া শরীয়তের দৃষ্টিতে নাজায়েয ও অবৈধ, যা মালিকের নিকট ফেরতযোগ্য। কিন্তু যদি পাত্রের পক্ষ থেকে স্পষ্ট বা অস্পষ্টভাবেও চাওয়া বা দাবি করা ছাড়াই এসে থাকে তা বৈধ হবে। তবে সেসব জিনিসের মালিক কে–তা দাতাদের নিয়্যাতের ওপরেই নির্ভর করবে। অর্থাৎ যদি মেয়েকে দিয়ে থাকে তাহলে মেয়ে মালিক বলে বিবেচিত হবে এবং তার মৃত্যুর পর তা মিরাছ হিসেবে বণ্টন হবে। আর যদি তা স্বামীকেই দিয়ে থাকে তাহলে স্বামী মালিক হবে এবং তা শ্বশুরালয়ে ফেরত দেওয়ার প্রয়োজন হবে না। তবে কারো

Scanned by CamScanner

নিয়্যাত নির্দিষ্ট না থাকাবস্থায় সাধারণ সমাজের প্রচলনের ওপরই নির্ভর করবে এবং সে মোতাবেক ফয়সালা হবে। (৯/৫৭৪/২৭৪৮)

📖 رد المحتار (سعيد) ٣ /٥٨٥ : فلا يملك الزوج طلب الجهاز؛ لأن الشيء لا يقابله عوضان وإن لم يدرج فيه ولم يعقد عليه فهو كالهبة بشرط العوض، فله طلب الجهاز على قدر العرف والعادة أو طلب الدستيمان، وبذلك يحصل التوفيق بين القولين (قوله فله مطالبة الأب بالنقد) أي المنقود، وهو ما بعثه إلى الأب لا على كونه من المهر، بل على كونه بمقابلة ما يتخذ للزوج في الجهاز لما علمت من أنه هبة بشرط العوض فله الرجوع بها عند عدم المعوض فافهم (قوله إلا إذا سكت) أي زمانا يعرف به رضاه (قوله وعليه) أي يبتني على ما ذكر من أن له المطالبة به؛ لأنه يصير ملكه حين تسلمه بعد الزفاف (قوله فينبغي العمل بما مر) أي من أنه لا يحرم الانتفاع به بلا إذنها.

📖 امداد الفتاوی (زکریا) ۲ /۲۹۲ : اسباب جہیز کا واپس کرنا یہ بات عرف کے متعلق ہے اگر عرفا جہیز کو دختر کے ملک کرتے ہوں تو وہ اسباب اس کا مملوک ہے اپنی چیز کی واپسی کا اختیار ہے۔ اور عرفا شوہر کی ملک کرتے ہوں تو واپس کرنا عورت کو تو جائز نہیں اور ولی کا واپس کرنا رجوع فی الہبہ ہے جو اس کا حکم ہے وہی اس کا جو شرائط و موانع اس کے ہیں وہی اس کے اور واپس کرنا مکروہ ہوگا، جو عرفا دونوں کا مملوک کرتے ہوں تو شئ مشترک ہے بغیر تقسیم واپسی درست نہیں۔

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ۴/ ۳٦۵ : الجواب- یہ تو جہیز کا سامان دینے والے کی نیت پر موقوف ہے، اگر اس نے لڑکے کو دیا ہو تو اس کی ملکیت ہے اور اگر لڑکی کو دیا ہو تو اس کی ملکیت ہے۔ چونکہ یہ سامان لوگ عموما اپنی بیٹی کو دیتے ہیں، اس لئے عدم نیت کی صورت میں یہ سامان لڑکی کا متصور ہوگا۔ قال فی الهندية : لو جهز ابنته وسلمه إليها ليس له فی الاستحسان استرداده وعليه الفتوی-

স্ত্রীর ত্যাজ্য সম্পত্তি সাবেক স্বামী পাবে না

প্রশ্ন : ১৯৬৪ সালের ঘটনা। আমি ভুলুমিয়া আয়েশা খাতুন নামের এক মহিলাকে বিবাহ করি, যার পূর্বে অন্যত্র বিবাহ হয়েছিল। তার পূর্বের স্বামীর সাথে ঝগড়া-বিবাদের কারণে একপর্যায়ে তাকে মৌখিক তালাক দেয়, এ কথা আমি আমার স্ত্রীর

Scanned by CamScanner

কাছ থেকে শুনি। ১৯৭১ সালে আমি স্ত্রীর বাবার বাড়িতে এলে সেখানকার মাতবররা আমার এই বিবাহকে বৈধ ঘোষণা দেন এবং আমাকে আমার স্ত্রীর বাবার বাড়িতে স্থায়ীভাবে থাকার অনুমতি দেন। আমার স্ত্রীর পক্ষ থেকে পূর্বের স্বামীর ঘরে মেয়েসন্তান ছিল এবং আমার ঘরে এসে দুই ছেলেসন্তান জন্মলাভ করে। আমি আমার স্ত্রী ও দুই সন্তানকে নিয়ে স্ত্রীর বাবার বাড়িতে স্থায়ীভাবে থাকতে আরম্ভ করি। ১৯৮০ সালে আমার স্ত্রী ইন্তেকাল করে। আমার স্ত্রীর মিরাছি সম্পত্তি আমার ছেলে ও আমার স্ত্রীর পূর্বের ঘরের মেয়ে ও আমি বণ্টন করে নিই। আজ ১৯৯৬ সালে এসে ওই পূর্বের স্বামী দাবি করছে যে আমি আয়েশা খাতুনকে তালাক দিইনি। প্রশ্ন হলো, আমার স্ত্রীকে নিয়ে আমি প্রায় ১৮ বছর ঘর-সংসার করছি। এই ১৮ বছরের মধ্যে কোনো দিন এমন দাবি উঠায়নি বা কোনো প্রকার ভরণপোষণ দেয়নি। আজ তার মৃত্যুর ১৬ বছর পর এ দাবি কতটুকু গ্রহণযোগ্য হবে? এবং আমার আয়েশাকে বিবাহ করা সহীহ হয়েছে কি না? যদি সহীহ না হয়ে থাকে তাহলে কি এখনো প্রথম স্বামীর বিবাহ বাকি আছে? আর আয়েশার পরিত্যক্ত সম্পত্তি কি আমি পাব, না প্রথম স্বামী পাবে?

উত্তর : কোনো স্ত্রী যদি স্বামীর পক্ষ থেকে তালাক দেওয়ার কথা নিজ কানে শোনে অথবা নির্ভরযোগ্য ব্যক্তির মাধ্যমে জানতে পারে অথচ স্বামী তালাকের কথা অস্বীকার করে তাহলে এমতাবস্থায় স্ত্রীর জন্য ইদ্দতের পর অন্যত্র বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার অধিকার থাকে। তাই প্রশ্নে বর্ণিত আয়েশা খাতুন ১৮ বছর পূর্বে যখন প্রথম স্বামীর পক্ষ থেকে মৌখিক তালাকপ্রাপ্তা হওয়ার কথা স্বীকার করেছিল, সে মুহূর্তেও যদি প্রথম স্বামী তালাকের কথা অস্বীকার করত, তাহলে সে অবস্থায়ও তার (আয়েশার) জন্য ইদ্দতের পর অন্যত্র বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া বৈধ হতো। অন্যদিকে প্রথম স্বামীর ১৮ বছর পর্যন্ত নীরব ভূমিকা পালন করা এবং তালাকের কথা অস্বীকার না করা আয়েশা খাতুনের কথা সত্য প্রমাণ করে। সুতরাং দীর্ঘ ১৮ বছর পর্যন্ত আয়েশা খাতুনের কোনো প্রকার ভরণপোষণ বা খবরাখবর না নিয়ে আজ তার মৃত্যুর ১৬ বছর পর আয়েশা খাতুনকে তালাক না দেওয়ার দাবি উত্থাপন করা শরীয়তের দৃষ্টিতে মোটেই গ্রহণযোগ্য নয়। আর আয়েশা খাতুনের দ্বিতীয় বিবাহ বৈধ হয়েছে বিধায় তার মৃত্যুর পর পরিত্যক্ত সম্পত্তির মধ্যে প্রথম স্বামীর কোনো অধিকার থাকবে না। (৫/১৭৩)

📖 البحر الرائق (سعيد) ٤/ ٥٧ : وكذلك إن سمعته طلقها ثلاثا ثم جحد، وحلف أنه لم يفعل، وردها القاضي عليه لم يسعها المقام معه، ولم يسعها أن تتزوج بغيره أيضا قال يعني البديع. والحاصل أنه جواب شمس الإسلام الأوزجندي ونجم الدين النسفي والسيد أبي شجاع وأبي حامد والسرخسي يحل لها أن تتزوج بزوج آخر فيما بينها وبين الله تعالى، وعلى جواب الباقين لا يحل انتهى، وفي

Scanned by CamScanner

الفتاوى السراجية إذا أخبرها ثقة أن الزوج طلقها، وهو غائب وسعها أن تعتد وتتزوج، ولم يقيده بالديانة، والله أعلم.

📖 قواعد الفقه (المكتبة الأشرفية) ص ١١٣ : ٢٨٢ - قاعدة لا ينسب إلى ساكت قول لكنه في معرض الحاجة بيان (مج شن)

📖 فيه أيضا ص ٦٧ : ٧٢ - قاعدة تأخير البيان عن وقت الحاجة لا يجوز (سر)

📖 وفيه أيضا ص ١٠٤ : ٧ - الأصل أن للحالة من الدلالة كما للمقالة -

📖 وفيه أيضا ص ٩٠ : ١٧٦ - قاعدة العادة محكمة (شن)-

স্বামীর ত্যাজ্য সম্পত্তি তার বৈধ স্ত্রী পাবে

প্রশ্ন : আমরা দুই বোন একই বাপের সন্তান, কিন্তু গর্ভধারিণী মা দুজন। আমার বড় বোনকে বিবাহ করে হযরত আলী। বড় বোন তার বিবাহে থাকা অবস্থায় হযরত আলী আমাকে বিবাহ করে। এ অবস্থায় আমার গর্ভ থেকে একটি মেয়ে জন্ম নেয়, এরপর আমাকে তালাক দেয়। আমার স্বামী বড় বোনকেও সরকারি কাজি অফিসে তালাক দেয়। এরপর আবার আমাকে বিবাহ করে এবং ঘর-সংসার করা অবস্থায় আমার স্বামী মারা যায়। এখন আমার জানার বিষয় হলো :

১. বড় বোন ও ছেলেরা বলে, ছোট বোনের বিবাহ অবৈধ। তাদের কথা সঠিক কি না?

২. স্বামী মারা যাওয়ার পর বড় বোন ও তার সন্তানরা আমার স্বামীর পরিত্যাজ্য সম্পদ আমাকে ও আমার মেয়েকে বাদ দিয়ে ভোগদখল করে খাচ্ছে। তালাকপ্রাপ্তা মহিলা স্বামীর সম্পত্তি পায় কি না? আর পেনশন আমি খাচ্ছিলাম। এখন আমাকে না দিয়ে বড় বোন ও তার ছেলেরা খাচ্ছে, পেনশনের টাকা কারা পাবে?

৩. বড় বোনকে তালাক দেওয়ার পর আমাকে বিবাহ করেছে, এটা সঠিক হয়েছে কি না?

উত্তর : বড় বোনের বিবাহ বিচ্ছেদের পূর্বে আপনার সাথে প্রথম যে বিবাহ হয়েছিল, তা বৈধ ছিল না। তবে বড় বোনকে তালাক দেওয়ার পর আবার দ্বিতীয় বিবাহ বৈধ হয়েছে। আপনার প্রথম বিবাহে যে মেয়ে জন্ম হয়েছে, তা ওই স্বামীর সন্তান বলে বিবেচিত হবে।

আপনি ও আপনার মেয়ে এবং আপনার বড় বোনের সন্তানরা তার ওয়ারিশ হবে। আপনার বড় বোন তার ওয়ারিশ হবে না। সরকারি পেনশন যেহেতু স্ত্রীর জন্য দেওয়া

Scanned by CamScanner

হয়, তাই আপনিই তার হকদার হবেন, আপনার বড় বোন হকদার হবে না।
(১৯/৭৯০/৮৪৬০)

📖 الفتاوى الهندية (زكريا) ١/ ٧٨-٢٧٧ : وإن تزوجهما في عقدتين فنكاح الأخيرة فاسد ويجب عليه أن يفارقها ولو علم القاضي بذلك يفرق بينهما فإن فارقها قبل الدخول؛ لا يثبت شيء من الأحكام وإن فارقها بعد الدخول فلها المهر ويجب الأقل من المسمى ومن مهر المثل، وعليها العدة ويثبت النسب ويعتزل عن امرأته حتى تنقضي عدة أختها، كذا في محيط السرخسي.

📖 امداد الفتاوی (زکریا) ۴/ ۳۴۲ : الجواب- چونکہ میراث مملوکہ اموال میں جاری ہوتی ہے اور یہ وظیفہ محض تبرع واحسان سرکار کا ہے بدون قبضہ کے مملوکہ نہیں ہو تا، لہذا آئندہ جو وظیفہ ملے گا اس میں میراث جاری نہیں ہوگی، سرکار کو اختیار ہے جس طرح چاہے تقسیم کردے۔

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۵ / ۱۰۳ : ج: بیک وقت دو بہنوں کو نکاح میں جمع کرنا شرعا ناجائز و حرام ہے، اگر کسی نے نکاح کرلیا اور اولاد بھی ہوگئی تو دونوں بہنوں کی اولاد جائز اور ثابت النسب ہوگی، پہلی بہن کی اولاد تو نکاح صحیح میں پیدا ہوئی اس لئے اس کا نسب ثابت ہے اور دوسری بہن کے ساتھ جو نکاح ہوا ہے یہ نکاح فاسد ہے اس کا حکم یہ ہے کہ اس نکاح فاسد کی وجہ سے جو اولاد پیدا ہوئی وہ ثابت النسب ہے، لیکن دونوں کے درمیان تفریق ضروری اور لازمی ہے۔

মৃত স্ত্রীর সম্পদ তার সন্তান ও প্রমাণিত স্বামী পাবে

প্রশ্ন : মৃত আমেলা বেগমের স্বামী আবুল হাশেমের মৃত্যুর পর আমেলা বেগম দুই-তিনটি বিবাহ করেছিলেন। এ বিয়েগুলোর শরীয়তমতো কাবিন ছিল কি না, তা আমাদের জানা নেই। আমেলা বেগমের মৃত্যুকালে ১ (এক) কাঠা সম্পত্তি রেখে গেছেন। আমেলা বেগমের প্রথম স্বামী আবুল হাশেমের ঘরে এক ছেলে ও চার মেয়ে আছে। এই পাঁচজন ব্যতীত আমেলা বেগম, আবুল হাশেমের মৃত্যুর পর যে দুই-তিনটি বিবাহ করেছিলেন তাদের কাবিন থাকুক বা না থাকুক তারা কি আমেলা বেগমের উক্ত ১ (এক) কাঠা সম্পত্তির ওপর কোনো প্রকার হিস্যা পাবে? উল্লেখ্য যে ওই ব্যক্তি আমেলার মৃত্যুর পর নিজেকে আমেলার স্বামী বলে দাবি করে অংশ চাচ্ছে, তার দাবি গ্রহণযোগ্য হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : শরীয়তের দৃষ্টিতে প্রশ্নে বর্ণিত আমেলা বেগমের ছেলেমেয়ে এবং যে স্বামীর বিবাহে থাকা অবস্থায় তার মৃত্যু হয়েছে, ওই স্বামী আমেলা বেগমের সম্পত্তির মিরাছ পাবে। যে ব্যক্তি আমেলা বেগমের স্বামী বলে দাবি করছে তার দাবি তথা আমেলা বেগমের মৃত্যুকালে সে তার স্বামী ছিল–এর ওপর শরীয়তসম্মত প্রমাণ পেশ করতে সক্ষম হলে তার দাবি গ্রহণযোগ্য হবে। (১৭/৮০৪/৭৩১০)

📖 سورة النساء الآية ١٢ : ﴿وَلَكُمْ نِصْفُ مَا تَرَكَ أَزْوَاجُكُمْ إِنْ لَمْ يَكُنْ لَهُنَّ وَلَدٌ فَإِنْ كَانَ لَهُنَّ وَلَدٌ فَلَكُمُ الرُّبُعُ مِمَّا تَرَكْنَ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِينَ بِهَا أَوْ دَيْنٍ وَلَهُنَّ الرُّبُعُ مِمَّا تَرَكْتُمْ إِنْ لَمْ يَكُنْ لَكُمْ وَلَدٌ فَإِنْ كَانَ لَكُمْ وَلَدٌ فَلَهُنَّ الثُّمُنُ مِمَّا تَرَكْتُمْ مِنْ بَعْدِ وَصِيَّةٍ تُوصُونَ بِهَا أَوْ دَيْنٍ وَإِنْ كَانَ رَجُلٌ يُورَثُ كَلَالَةً أَوِ امْرَأَةٌ وَلَهُ أَخٌ أَوْ أُخْتٌ فَلِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ فَإِنْ كَانُوا أَكْثَرَ مِنْ ذَلِكَ فَهُمْ شُرَكَاءُ فِي الثُّلُثِ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصَى بِهَا أَوْ دَيْنٍ غَيْرَ مُضَارٍّ وَصِيَّةً مِنَ اللَّهِ وَاللَّهُ عَلِيمٌ حَلِيمٌ﴾

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٧٨ : رجلان ادعيا نكاح امرأة وأقاما البينة لا يقضى لواحد منهما إلا إذا أقرت المرأة لأحدهما وهذا إذا لم يؤرخا أو أرخا تاريخا واحدا وإن أرخا وتاريخ أحدهما أسبق فهو أولى وإن كان تاريخهما سواء ولأحدهما يد فهي له وإن أرخ أحدهما دون الآخر فصاحب التاريخ أولى وإن كان لأحدهما تاريخ وللآخر يد فصاحب اليد أولى فإن أقرت لأحدهما وللآخر تاريخ فهي للذي أقرت له؛ وهذا كله في حال حياة المرأة أما بعد موتها فإن كان أحدهما أسبق يقضى له وإن كان تاريخهما سواء أو لم يؤرخا يقضى بالنكاح بينهما وعلى كل واحد منهما نصف المهر ويرثان ميراث زوج واحد -

মৃত স্ত্রীর সম্পদ বণ্টন না করে যৌথ রাখা

প্রশ্ন : এক ব্যক্তির বিবি মারা গেছে। তার স্বামী, একজন পুত্র ও চার মেয়ে দুনিয়াতে আছে। এ অবস্থায় যদি স্বামী স্ত্রীর ত্যাজ্য সম্পত্তি শরয়ী ফারায়েয অনুযায়ী বণ্টন করে ওই সম্পদ আলাদা না করে, স্বামী গোনাহগার হবে কি না? যদি ওই ওয়ারিশগণের ২-৩ জন নাবালেগ থাকে এবং স্বামী সম্পদ আলাদা না করে, ওই ঘরে দাওয়াত গ্রহণ করা জায়েয হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : কোনো ব্যক্তির মৃত্যুর পর তার পরিত্যাজ্য সম্পত্তি তার ওয়ারিশদের মধ্যে বণ্টন করে দেওয়া জরুরি, এর ব্যতিক্রম করা গোনাহ।
প্রশ্নে বর্ণিত ঘটনায় স্বামী অথবা বালেগ ওয়ারিশগণ তাদের অংশ থেকে দাওয়াতের ব্যবস্থা করলে তা গ্রহণ করা জায়েয হবে। (৬/১১/১০৩৩)

📖 رد المحتار (سعيد) ٦/ ٢٥٣ : وقال - {وإذا حضر القسمة أولو القربى} [النساء: ٨]- وبالسنة فإنه «- عليه الصلاة والسلام - باشرها في الغنائم والمواريث وقال أعط كل ذي حق حقه وكان يقسم بين نسائه» وهذا مشهور، وأجمعت الأمة على مشروعيتها معراج-

📖 فيه أيضا ٢/ ٢٤٠- ٢٤١ : ويكره اتخاذ الضيافة من الطعام من أهل الميت لأنه شرع في السرور لا في الشرور، وهي بدعة مستقبحة : ... ... ولا سيما إذا كان في الورثة صغار أو غائب، مع قطع النظر عما يحصل عند ذلك غالبا من المنكرات الكثيرة-

📖 معارف القرآن (المكتبة المتحدة) ٢/ ٣١٧ : مسئلہ: ترکہ کی تقسیم سے پہلے اس میں سے مہمانوں کی خاطر تواضع اور صدقہ وخیرات کچھ جائز نہیں، اس طرح کے صدقہ وخیرات کرنے سے مردے کو کوئی ثواب نہیں پہنچتا، بلکہ ثواب سمجھ کر دینااور بھی زیادہ سخت گناہ ہے، اس لئے کہ عورت کے مرنے کے بعد اب یہ سب مال تمام وارثوں کا حق ہے اوران میں یتیم بھی ہوتے ہیں۔

তালাকের ইদ্দত চলাকালীন স্বামী-স্ত্রীর কেউ মারা গেলে অন্যের মিরাছ পাবে কি না

প্রশ্ন : তিন তালাক দেওয়ার পর যদি স্ত্রী ইদ্দতে থাকা অবস্থায় স্বামী মারা যায় বা স্ত্রী মারা যায়, তাহলে উভয় অবস্থায় যেকোনো অবস্থায় মিরাছের অধিকারী হবে?

উত্তর : দুই তালাকে বায়েন বা তিন তালাকের ইদ্দতের মধ্যে যদি স্ত্রী মারা যায় তাহলে স্বামী ওই স্ত্রী থেকে কোনো মিরাছ পাবে না। তবে যদি স্বামী মৃত্যুশয্যায় স্ত্রীর অসন্তুষ্টিতে তালাক দেয় এবং স্ত্রীর ইদ্দতের মধ্যেই স্বামী মারা যায় তাহলে স্ত্রী ওই স্বামী থেকে মিরাছ পাবে। আর যদি স্ত্রীর সন্তুষ্টিতে তিন তালাক বা তালাকে বায়েন দেয় তাহলে স্ত্রী ওই স্বামী থেকে মিরাছ পাবে না। (১৭/৩৬৯/৭০৭৬)

Scanned by CamScanner

📖 بدائع الصنائع (سعيد) ٣/ ٢١٨ : منها الإرث عند الموت وجملة الكلام فيه أن المعتدة لا تخلو إما إن كانت من طلاق رجعي وإما إن كانت من طلاق بائن أو ثلاث والحال لا يخلو إما إن كانت حال الصحة وإما إن كانت حال المرض فإن كانت العدة من طلاق رجعي فمات أحد الزوجين قبل انقضاء العدة ورثه الآخر بلا خلاف سواء كان الطلاق في حال المرض أو في حال الصحة؛ لأن الطلاق الرجعي منه لا يزيل النكاح فكانت الزوجية بعد الطلاق قبل انقضاء العدة قائمة من وجه والنكاح القائم من كل وجه سبب لاستحقاق الإرث من الجانبين كما لو مات أحدهما قبل الطلاق، وسواء كان الطلاق بغير رضاها أو برضاها فإن ما رضيت به ليس بسبب لبطلان النكاح حتى يكون رضا ببطلان حقها في الميراث، وسواء كانت المرأة حرة مسلمة وقت الطلاق أو مملوكة أو كتابية ثم أعتقت أو أسلمت في العدة؛ لأن النكاح بعد الطلاق قائم من كل وجه ما دامت العدة قائمة وأنه سبب لاستحقاق الإرث. وإن كانت من طلاق بائن أو ثلاث فإن كان ذلك في حال الصحة فمات أحدهما لم يرثه صاحبه سواء كان الطلاق برضاها أو بغير رضاها، وإن كان في حال المرض فإن كان برضاها لا ترث بالإجماع، وإن كان بغير رضاها فإنها ترث من زوجها عندنا.

📖 الدر المختار (سعيد) ٣/ ٣٨٧ : (ومات) فيه، فلو صح ثم مات في عدتها لم ترث (بذلك السبب) موته (أو بغيره) كأن يقتل المريض أو يموت بجهة أخرى في العدة للمدخولة (ورثت هي) منه لا هو منها لرضاه بإسقاطه حقه.

📖 رد المحتار (سعيد) ٣/ ٣٨٧ : (قوله لا هو منها) أي لو أبانها في مرضه فماتت هي قبل انقضاء عدتها لا يرث منها بخلاف ما لو طلقها رجعيا.

মৃত স্ত্রী ও সন্তান জীবিত স্বামী ও পিতার সম্পদ পাবে না

প্রশ্ন : আমার পিতা মৃত আঃ গফুর ফকিরের প্রথম স্ত্রী সালেহা বেগম, দ্বিতীয় স্ত্রী লাল বিবি। প্রথম স্ত্রী দুই ছেলেমেয়ে রেখে স্বামীর পূর্বে মারা যায়। দ্বিতীয় স্ত্রী চার ছেলে

Scanned by CamScanner

রেখে স্বামীর মৃত্যুর পর মৃত্যুবরণ করে। এখন প্রথম স্ত্রীর ব্যক্তিগত সম্পত্তির মালিক কে কে হবে? প্রথম মৃত স্ত্রী স্বামীর সম্পত্তির মালিক হবে কি? আমার পিতা মৃত আঃ গফুর মৃত্যুকালে আমার ছোট ভাইদের জন্য কিছু সম্পত্তি অসিয়ত করে যায়, আমার জন্য পিতার এই অসিয়ত পালন করার ব্যাপারে শরীয়তের হুকুম কী? আঃ গফুরের প্রথম স্ত্রীর ছোট মেয়ে বাবার পূর্বে মারা যায়, ওই মেয়ে বা তার সন্তানরা সম্পত্তি পাবে কি?

উত্তর : স্ত্রী স্বামীর পূর্বে বা সন্তান পিতার পূর্বে মারা গেলে শরীয়তের বিধান অনুযায়ী মৃত ব্যক্তিরা স্বামী/পিতার সম্পদের মালিক হয় না। সুতরাং প্রশ্নে বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে প্রথম স্ত্রী আঃ গফুরের সম্পদ থেকে কিছুই পাবে না। এরূপ ওই স্ত্রীর ছোট মেয়ে ও তার সন্তানরাও কিছুই পাবে না। সালেহা বেগমের উল্লিখিত দুই ছেলেমেয়েও স্বামী ব্যতীত অন্য কোনো ওয়ারিশগণ না থাকলে তার ব্যক্তিগত সম্পদ চার ভাগে ভাগ হয়ে স্বামী এক ভাগ, ছেলে দুই ভাগ ও মেয়ে এক ভাগ পাবে। তবে শরীয়তসম্মত ওয়ারিশগণ মৃত ব্যক্তির সম্পদের উত্তরাধিকারী হওয়ার কারণে তাদের জন্য কৃত অসিয়ত কার্যকর করা জরুরি হবে না। এতদসত্ত্বেও বালেগ ওয়ারিশগণ স্বেচ্ছায় অসিয়ত অনুযায়ী নিজের ছোট ভাইদের সম্পত্তি দিয়ে দিলে জায়েয হবে। (৬/৬৪৪/১৩৭১)

📖 سنن أبي داود (دار الحديث) ٣/ ١٢٥٣ (٢٨٧٠) : عن شرحبيل بن مسلم، سمعت أبا أمامة، سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: «إن الله قد أعطى كل ذي حق حقه فلا وصية لوارث» -

📖 بدائع الصنائع (سعيد) ٧/ ٣٣٧ : ومنها أن يكون حيا وقت موت الموصي حتى لو قال: أوصيت بثلث مالي لما في بطن فلانة، فولدت لأقل من ستة أشهر من وقت موت الموصي ولدا ميتا لا وصية له؛ لأن الميت ليس من أهل استحقاق الوصية، كما ليس من أهل استحقاق الميراث۔

📖 فيه أيضا ٧/ ٣٣٨ : ولو أوصى لبعض ورثته، فأجاز الباقون؛ جازت الوصية؛ لأن امتناع الجواز كان لحقهم لما يلحقهم من الأذى والوحشة بإيثار البعض، ولا يوجد ذلك عند الإجازة، وفي بعض الروايات عنه - عليه الصلاة والسلام - أنه قال «لا وصية لوارث إلا أن يجيزها الورثة» ، ولو أوصى بثلث ماله لبعض ورثته ولأجنبي، فإن أجاز بقية الورثة؛ جازت الوصية لهما جميعا.

Scanned by CamScanner

📖 الفقه الإسلامي وأدلته (دار الفكر) ٨/ ٢٥٣ : يشترط لثبوت الحق في الميراث ثلاثة شروط: وهي موت المورث، وحياة الوارث، ومعرفة جهة القرابة-

স্বামী ছেড়ে অন্যের সাথে ভেগে গেলে বঞ্চিত করা

প্রশ্ন : এক মেয়ে বাবা-মাসহ পরিবারের সবার কথা অমান্য করে পূর্বের স্বামী ছেড়ে অন্যের সাথে চলে যায়। এ জন্য বাবা বলেছেন, এই মেয়ের সাথে আমাদের কোনো সম্পর্ক নেই। দুনিয়াতেও না, আখেরাতেও না। কেননা সে হারাম কাজে লিপ্ত। তাই বাবা চাচ্ছেন, তাঁর যে সম্পদ আছে ওই মেয়ে ছাড়া অন্য সন্তানদের মাঝে বণ্টন করে দিতে এবং লিখিতভাবে বাবার এই কাজ শরীয়তসম্মত কি না? বা এ ক্ষেত্রে কোন পন্থা অবলম্বন করা যেতে পারে?

উত্তর : যে মেয়ে বাবা-মাসহ পরিবারের সবার কথা অমান্য করে উল্লিখিত হারাম কাজে লিপ্ত হয়েছে–নিঃসন্দেহে সে বড় গোনাহের কাজ করেছে। এ জন্য আল্লাহ পাকের দরবারে তাকে জবাব দিতে হবে। হারাম কাজ ছেড়ে দিয়ে আল্লাহর দরবারে তাওবা ছাড়া তার কোনো বিকল্প পথ নেই। এ ধরনের সন্তানকে বাপের সম্পদ থেকে বঞ্চিত করা জায়েয। যার সঠিক পদ্ধতি হলো অন্য ওয়ারিশদের সম্পত্তি দান করে তাদের ভোগদখলে দিয়ে দেওয়া। তবে সন্তানকে তাওবা করানোর যথাসাধ্য চেষ্টা করা দরকার, যাতে এ পরিস্থিতির সম্মুখীন না হয়। (১৪/৬৬৭/৫৬৮৭)

📖 خلاصة الفتاوى (رشيديه) ٤/٤٠٠ : ولو كان ولده فاسقا فأراد أن يصرف ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه؛ لأن فيه إعانة على المعصية، ولو كان ولده فاسقا لا يعطى له اكثر من قوته-

📖 الفتاوى البزازية بهامش الهندية (زكريا) ٦ / ٢٣٧ : ولو وهب جميع ماله من ابنه جاز وهو آثم نص عليه محمد رحمه الله، ولو خص بعض أولاده لزيادة رشده لا بأس به، وإن كانا سواء لا يفعله، وإن أراد أن يصرف ماله إلى الخير وابنه فاسق فالصرف إلى الخير أفضل من تركه له؛ لأنه إعانة على المعصية، وكذا لو كان ابنه فاسقا لا يعطيه أكثر من قوته.

Scanned by CamScanner

📖 احسن الفتاوی (سعید) ۹/ ۳۰۴ : الجواب- بے دین اولاد کو بقدر قوت سے زائد دینا
خلاف اولی ہے، لہذا اپنے مصارف کیلئے یا کسی کار خیر میں لگانے کی نیت سے جائیداد
فروخت کرنا جائز بلکہ مستحب ہے۔

পিত্রালয় থেকে পাওয়া মায়ের সম্পদে ছেলেমেয়ে সমান অংশীদার

প্রশ্ন : মা তার পিত্রালয় থেকে যে সম্পদ পেয়ে থাকে তা কি শুধু কন্যাসন্তানদের মধ্যে বণ্টন হবে, না ছেলেরাও ভাগ পাবে?

উত্তর : মা মারা যাওয়ার পর তার মালিকানা সকল সম্পত্তির প্রতিটি অংশেই ছেলেমেয়ে সকলেই অংশ পাবে। মেয়েরা ছেলেদের অর্ধেক পাবে। (৯/৫৬৩/২৭৫৪)

📖 سورة النساء الآية ۱۱ : ﴿يُوصِيكُمُ اللهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ﴾

📖 الدر المختار (سعيد) ٦/ ٧٦٢ : (ثم) رابعا بل خامسا (يقسم الباقي) بعد ذلك (بين ورثته) أي الذين ثبت إرثهم بالكتاب أو السنة -

বাবা ও ছেলের যৌথ পুঁজির বণ্টননীতি

প্রশ্ন : আমরা দুই ভাই, তিন বোন, বাবা-মাসহ স্থায়ীভাবে আমেরিকায় বসবাস করি। আমি বড় ছেলে। আমার বাবা গত আট বছর পূর্বে স্ট্রোক করার কারণে শারীরিকভাবে প্যারালাইজড ও মানসিকভাবে অসুস্থ। অর্থাৎ স্মরণশক্তিতে ব্যাঘাত ঘটেছে। তিনি সুস্থ অবস্থায় ব্যাংকে নগদ অর্থ রেখে যান। আমি সেই অর্থের সাথে নিজের কিছু অর্থ মিলিয়ে ব্যবসা শুরু করি। সেই ব্যবসার সাথে আমার সম্পূর্ণ শ্রম বিনিয়োগ করি। এখন বাবার মৃত্যুর পর ওই সম্পদ কিভাবে বণ্টন হবে? অর্থাৎ আসল রেখে যাওয়া সম্পদ, নাকি লাভ-লোকসানেরও বণ্টন হবে?

উত্তর : যদি আপনি পিতার সাথে একান্নভুক্ত পরিবারে হন এবং চুক্তি ছাড়া স্বেচ্ছায় নিজের অর্থ যোগ করে থাকেন, তাহলে শরীয়তের দৃষ্টিতে আপনি বাবার সহযোগী হিসেবে গণ্য হবেন। এ ক্ষেত্রে ব্যবসার বর্ধিত লাভসহ সম্পূর্ণ টাকার মালিক আপনার বাবা-ই হবেন। তাই মৃত্যুর পর ওই সম্পূর্ণ টাকা ভাই-বোনদের মধ্যে বণ্টন হবে। অন্যথায় শুধু বাবার রেখে যাওয়া অর্থ ওয়ারিশদের মাঝে বণ্টন করা হবে। (১৭/১৮/৬৯১৭)

Scanned by CamScanner

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٤ / ٣٢٥ : [تنبيه] يؤخذ من هذا ما أفتى به في الخيرية في زوج امرأة وابنها اجتمعا في دار واحدة وأخذ كل منهما يكتسب على حدة ويجمعان كسبهما ولا يعلم التفاوت ولا التساوي ولا التمييز. فأجاب بأنه بينهما سوية، وكذا لو اجتمع إخوة يعملون في تركة أبيهم ونما المال فهو بينهم سوية، ولو اختلفوا في العمل والرأي اهوقدمنا أن هذا ليس شركة مفاوضة ما لم يصرحا بلفظها أو بمقتضياتها مع استيفاء شروطها، ثم هذا في غير الابن مع أبيه؛ لما في القنية الأب وابنه يكتسبان في صنعة واحدة ولم يكن لهما شيء فالكسب كله للأب إن كان الابن في عياله لكونه معينا له ألا ترى لو غرس شجرة تكون للأب -

📖 هكذا فى تنقيح الفتاوى الحامدية ١٧/٢

📖 فتاوی رحیمیہ ١٦٠/٦

ছেলের আয় দিয়ে পিতার নামে নেওয়া সম্পত্তির বণ্টন

প্রশ্ন : ব্যবসা করে আমি প্রচুর লাভবান হই এবং পর্যাপ্ত পরিমাণ টাকা আমার হাতে জমা হয়। পরিবারের মামলা-মোকদ্দমার জন্য যথেষ্ট পরিমাণ টাকা আব্বাকে দিই। যে সমস্ত জায়গা বন্ধক দেওয়া অবস্থায় ছিল তাও মুক্ত করি, আব্বার যত ধারদেনা ছিল তাও পরিশোধ করে তাঁকে সম্পূর্ণরূপে ঋণমুক্ত করি। এর সাথে সাথে আব্বা সম্পত্তি ক্রয় করতে থাকে। আব্বা যে সকল সম্পত্তি ক্রয় করছে তা কার কার নামে নিচ্ছে, তা আমি জানতে চাইতাম না। তবে ধারণা ছিল, আব্বা বেশির ভাগ সম্পত্তি আমার নামে এবং কিছু কিছু সম্পত্তি হয়তো অন্য ভাইদের নামেও নিচ্ছে। আমি ঢাকা থেকে গ্রামে এলে আমার সামনে ভাইয়েরা আব্বাকে ওই রকম, অর্থাৎ বেশির ভাগ সম্পত্তি আমার নামে নেওয়ার জন্য পরামর্শ দিতে শুনতাম। ১৯৭৮ ইং সাল থেকে আমি পরিবার নিয়ে ঢাকায় থাকি। অদ্যাবধি আমি ঢাকায় থাকার জন্য বাড়ি করিনি, কিন্তু গ্রামে অনেক টাকা খরচ করে অনেক আগেই বাড়ি করে দিয়েছি। ১৯৮০ সালের দিকে ভাইদের কষ্ট দেখে তাদের বিভিন্ন ব্যবসায় নিয়ে আসি। যেমন : আমার ছোটজনকে ট্রলার ও লবণের ব্যবসায়, তার ছোটজনকে আমার সাহায্যকারী হিসেবে চাকরি দিয়েছি। বাকি ভাই-বোনেরা লেখাপড়ায় ছিল বিধায় তাদের লেখাপড়া চালিয়ে যাই। সে সময় থেকে অদ্যাবধি সংসারের যাবতীয় খরচ আমি চালিয়ে যাচ্ছি। ১৯৭৭ সাল থেকে যত সম্পত্তি ক্রয় করা হয়েছে তাও আমার ব্যবসার আয় থেকেই নেওয়া হয়েছে। পরবর্তীতে দেখা গেল, আব্বা প্রায়ই সম্পত্তি তার নামে ও আব্বার নামে ক্রয় করেছে, এটা অবগত হওয়ার পর আমরা সবাই আশ্চর্যান্বিত হই। এমতাবস্থায় প্রশ্ন, আমাদের সম্পত্তিগুলো

Scanned by CamScanner

কিভাবে ভাগ হওয়া উচিত? যেহেতু সম্পত্তিগুলো দুই ভাগে, অর্থাৎ ১৯৭৭ সালের আগেরগুলো আব্বার আয় থেকে বা আব্বার পৈতৃক সম্পত্তি এবং ১৯৭৭ থেকে অদ্যাবধি যে সমস্ত সম্পত্তি নেওয়া তা আমার ব্যবসার আয় থেকে নেওয়া। আমরা পরিবারের সবাই বর্তমানে আমাদের সম্পত্তিগুলো শরীয়ত মোতাবেক কিভাবে ভাগ হওয়া উচিত বা কার কতটুকু অধিকার থাকা উচিত—এ নিয়ে দ্বিধাদ্বন্দ্বে ভুগছি। অতএব শরীয়তসম্মতভাবে এ সমস্যার সমাধানের জন্য আপনাদের সুপরামর্শ চাচ্ছি।

উত্তর : শরীয়তের নীতি এই যে বাপ জীবিত থাকাবস্থায় বাপের তত্ত্বাবধানে একান্নভুক্ত পরিবারে ছেলেদের উপার্জিত আয় দ্বারা বাপের অর্জিত সম্পদ বাপের সম্পদ বলে বিবেচিত হবে। বাপ মৃত্যুবরণ করলে উক্ত সম্পদ শরীয়তসম্মত পদ্ধতিতে বণ্টন হবে। পক্ষান্তরে ছেলে যদি পৃথক সংসারে কিংবা পৃথক ব্যবসায় আয়-রোজগারের মাধ্যমে সম্পদ জমা করে থাকে, তা তার নিজস্ব সম্পদ হিসেবে পরিগণিত হবে। এতে অন্য ভাই-বোনদের হক সাব্যস্ত হবে না। তবে পৃথক ব্যবসায়ী সন্তান যদি পিতা-মাতা ও ভাই-বোনদের সহায়তায় নিজ উপার্জিত সম্পদ বা টাকা-পয়সা ব্যয় করে, তা তার পক্ষ হতে দান হিসেবে গণ্য হবে। উল্লিখিত নীতির পরিপ্রেক্ষিতে প্রশ্নকারী হাজী মাজহারুল হক সাহেব ১৯৭৭ ইং সাল থেকে পৃথক হয়ে যে সম্পদ উপার্জন করেছে তা তার নিজস্ব সম্পদ বলে বিবেচিত হবে। এতে অন্য ভাই-বোনদের হক থাকবে না। তবে পিতা হাজী মাজহারুল হকের টাকা দিয়ে ১৯৭৭ ইং সাল থেকে যে সম্পদ ক্রয় করেছে উক্ত সম্পদ যদি দাতা নিজের জন্য ক্রয় করার উদ্দেশ্যে পিতাকে টাকা দিয়ে থাকে, তাহলে পৃথক ব্যবসায়ী ছেলের টাকা নিয়ে নিজের নামে সম্পদ ক্রয় করা পিতার জন্য বৈধ হয়নি। উক্ত সম্পদ ছেলেকে মালিক বানিয়ে হাস্তান্তর করে দেওয়া বাপের নৈতিক দায়িত্ব, অন্যথায় বাপ গোনাহগার হবে। পক্ষান্তরে ছেলে যদি বাপকে যা ইচ্ছা করার অনুমতি সাপেক্ষে টাকা প্রদান করে থাকে, তাহলে উক্ত টাকা ছেলের পক্ষ হতে দান হিসেবে গণ্য হবে এবং উক্ত টাকা দ্বারা ক্রয়কৃত সম্পদ বাপের পৈতৃক সম্পদ বলে বিবেচিত হবে, সমস্ত ওয়ারিশের মধ্যে শরীয়তসম্মত বণ্টন হবে। প্রশ্নের বিবরণে এ কথা প্রতীয়মান হয় যে ছেলে যদিও সংসারের খরচ নিজস্ব আয় থেকে চালিয়ে যাচ্ছিল, কিন্তু সম্পদ পিতা-মাতার নামে ক্রয় করার জন্য টাকা দেয়নি, বরং নিজ নামে সম্পদ ক্রয় করার মানসে টাকা প্রদান করা হয়েছে বিধায় ১৯৭৭ ইং সাল থেকে ক্রয়কৃত সম্পদের মালিক হাজী মাজহারুল হক সাহেবই বিবেচিত হবে। বাপ নিজ নামে ক্রয় করে থাকলে অনতিবিলম্বে ছেলেকে হস্তান্তর করে গোনাহমুক্ত হওয়া বাপের নৈতিক দায়িত্ব। তদুপরি হাজী মাজহারুল হক পৈতৃক সম্পদ হতেও শরীয়তসম্মত ওয়ারিশসূত্রে অংশীদার থাকবে। (৮/৩৫১/২১২১)

📖 تنقيح الفتاوى الحامدية (دار المعرفة) ٢/ ١٨ : وأما قول علمائنا أب وابن يكتسبان في بصنعة واحدة ولم يكن لهما شيء ثم اجتمع

Scanned by CamScanner

لهما مال يكون كله للأب إذا كان الابن في عياله فهو مشروط كما
يعلم من عباراتهم بشروط منها اتحاد الصنعة وعدم مال سابق لهما
وكون الابن في عيال أبيه فإذا عدم واحد منها لا يكون كسب
الابن للأب وانظر إلى ما عللوا به المسألة من قولهم؛ لأن الابن إذا
كان في عيال الأب يكون معينا له فيما يضع فمدار الحكم على
ثبوت كونه معينا له فيه فاعلم ذلك اه

📖 کفایت المفتی (امدادیہ) ۸/ ۳۱۵ : جواب- جبکہ لڑکوں نے جداجدا کمایا اور جداجدا جائیداد بنائی تو ہر ایک اپنی کمائی اور جائیداد کا جداگانہ مالک ہوگا، صرف ہم طعام ہونے سے جائیداد مشترک نہیں ہو جاتی، ہاں باپ کا ترکہ سب وارثوں میں قاعدۂ وراثت کے موافق تقسیم ہوگا۔

📖 فتاوی نظامیہ ۱/ ۳۱۲ : اور جو کمائی لڑکوں کی ہو لڑکے اس کے خود مالک شمار ہوں گے اور باپ ان پر فقط نگران اور منتظم شمار ہوگا اور حاصل اس کا یہ نکلے گا کہ جس لڑکے کا جو کمائی ہو اس کو اس لڑکے کے نام پر اور اس لڑکے کیلئے رکھنی لازم رہے گی اور اس لڑکے کی اجازت و مرضی کے خلاف یا مرضی کے بغیر کسی دوسرے لڑکے وغیرہ کو دینا باپ کے لئے درست نہ رہے گا، ورنہ آخرت میں اس پر بازپرس اور مؤاخذہ ہوگا۔

ছেলেদের জন্য কেনা দোকানে পিতার সহযোগী হিসেবে কাজ করলেই দখলস্বত্ব লাভ হয় না

প্রশ্ন : জনৈক পিতা তাঁর ছেলেদের নামে একটি দোকান ক্রয় করেন। তিনি ওই দোকানে বসে নিজের কর্তৃত্বে ব্যবসা-বাণিজ্য করেছেন। তবে তাঁর এক ছেলেও সহযোগী হিসেবে বেশি বেশি বসেছে, আর অন্য এক ছেলে বা ছেলেরা মাঝে মাঝে, এমনি বা কাজে গেছে বা বসেছে—এটাকে দখলস্বত্ব বোঝায় কি? বোঝালে তা এক ছেলের জন্য, না সবার জন্য বোঝায়? ছেলেরা উক্ত দোকান থেকে বোনদের বা মায়ের কোনো অংশ না দিলে শরীয়তসম্মত হবে কি?

উত্তর : কারো নামে কোনো জিনিস খরিদ করলেই সে মালিক হয়ে যায় না। তাই বর্ণিত প্রশ্নে কেবলমাত্র ছেলেদের নামে খরিদ করার দরুন ছেলেরা মালিক সাব্যস্ত হবে না। হ্যাঁ, শরীয়ত কর্তৃক বর্ণিত পদ্ধতি মতে মালিক বানিয়ে তাদের দখলস্বত্ব বোঝার জন্য শরীয়ত কর্তৃক যে নিয়মাবলি আছে তা প্রশ্নে বর্ণিত বিবরণে পাওয়া যাচ্ছে না বিধায়

Scanned by CamScanner

ছেলেরা সহযোগী বলে গণ্য হবে। সুতরাং উক্ত দোকান মিরাছ হিসেবে ওয়ারিশদের মধ্যে শরীয়তে মুহাম্মদীর বিধান মতে বণ্টিত হবে। (৬/৩৮৩/১২৫৮)

📖 امداد الفتاوی (زکریا) ۳/ ۳۸- ۳۹ : الجواب- کسی کے نام جائداد خریدنے کی حقیقت یہ ہے کہ اس کو ہبہ کرنا مقصود ہوتا ہے، اور ہبہ کیلئے شرط یہ ہے کہ وہ موہوب وقت ہبہ ملک واہب میں ہو اور ظاہر ہے کہ ملک بعد اشتراء کے ثابت ہو گی، سو اس سے بعد کوئی عقد دال علی التملیک ہونا چاہئے اور بدون اس کے وہ مشتری لہ مالک نہ ہو گا بلکہ وہ بدستور ملک مشتری کے رہے گی، پس اس بناء پر یہ جائداد ملک زید مرحوم کی قرار پاکر داخل ترکہ ہو گی۔

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۸۳۷ : الجواب- اگر فی الواقع زید یہ مکان اپنی زوجہ کی ملک نہ کیا تھا بلکہ کسی مصلحت سے کاغذات سرکاری میں اس کا نام لکھوادیا تھا تو یہ مکان زوجہ کی ملک نہیں ہوا اور بعد اس کی وفات کے اس کے وارثوں کا اس میں حق نہ ہو گا، بلکہ بدستور زید کی ملک میں رہے گا، کاغذات سرکاری میں کسی کا نام درج ہو جانے سے شرعا اس کی ملک ثابت نہیں ہوتی جب تک کہ مالک اپنی رضاء سے اس کو مالک نہ بنائے اور قبضہ نہ کرائے۔

ছেলের নিজস্ব সম্পত্তি পিতার তরকা নয়

প্রশ্ন : আমি একজন ব্যবসায়ী। আমার পিতা-মাতা জীবিত আছেন। আমরা চার ভাই ও তিন বোন। আমি লেখাপড়া শেষ করে ঢাকায় বিবাহ করি। পরিবার শ্বশুরবাড়িতে থাকে। মাদরাসায় চাকরি করে সংসার চালানো কষ্ট হয় বিধায় শ্বশুর কিছু আর্থিক সাহায্য করেন এবং আমিও আত্মীয়দের নিকট হতে ঋণ নিয়ে ব্যবসা আরম্ভ করি। বাড়ি থেকে ছোট ভাইকে আমার সাহায্যকারী হিসেবে নিই। তাকে পারিশ্রমিক হিসেবে কিছু টাকা ধার্য করে দিয়েছি। কিন্তু বর্তমানে আমার ভাইয়েরা আমার অর্জিত সম্পদকে মিরাছ হিসেবে সমানভাবে বণ্টন করার দাবি করছে। আমি এ ব্যাপারে শরীয়তের হুকুম জানতে চাই।

উত্তর : বাপের সংসার থেকে পৃথক হয়ে ছেলে নিজস্ব উদ্যোগে যা উপার্জন করে, তা সম্পূর্ণ ছেলেরই হয়ে থাকে। এতে বাপের মালিকানা অধিকার প্রতিষ্ঠিত হয় না। সুতরাং প্রশ্নে বর্ণিত অবস্থায় আপনার অর্জিত মালে বাপের মালিকানা সাব্যস্ত হয়নি বিধায় তার ওয়ারিশদের অংশীদারের দাবি গ্রহণযোগ্য হবে না। ওই সম্পদ সম্পূর্ণ আপনার এখতিয়ারভুক্ত। তবে ভাই-বোনদের সাহায্য-সহযোগিতা ও পিতা-মাতার সেবা করা আপনার ওপর দ্বীনি দায়িত্ব হিসেবে থাকবে। (৬/৫২৪/১৩১৬)

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ٣/ ٦٢٢ : والحاصل أنه يشترط في نفقة الأصول اليسار على الخلاف المار في تفسيره إلا إذا كان الأصل زمنا لا كسب له، فلا يشترط سوى قدرة الولد على الكسب. فإن كان لكسبه فضل أجبر على إنفاق الفاضل، وإلا فلو كان الولد وحده أمر ديانة بضم الأصل إليه، ولو له عيال يجبر في الحكم على ضمه إليهم.

📖 الفتاوى الخيرية ٢/ ٥٨ : سئل فى ابن كبير ذو زوجة وعيال له كسب مستقل حصل بسببه اموالا ومات هل هى لوالده خاصة ام تقسم بين ورثته ؟ (أجاب) هى للابن تقسم بين ورثته على فرائض الله تعالى حيث كاله كسب مستقل بنفسه -

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ٦/ ١٦٠ : اور جو لڑکے باپ سے الگ ہو کر اپنا مستقل کاروبار کرتے ہوں، کھانے پینے کی حساب بھی ان کا الگ ہے تو ان کی کمائی کے وہی مالک ہوں گے۔

সুস্থ অবস্থায় সন্তানদের মাঝে সম্পদ বণ্টন করে দেওয়া

প্রশ্ন : যদি কোনো পিতা জীবদ্দশায় স্বজ্ঞানে ও সুস্থ শরীরে মৃত্যুর অনেক পূর্বে তার জায়গাজমি, বাড়িঘর অথবা নগদ টাকা-পয়সা সন্তানদের মধ্যে তার ইচ্ছা অনুযায়ী বণ্টন-রেজিস্ট্রি করে লিখে দেয়, তা শরীয়তে জায়েয কি না?

উত্তর : যদি কোনো ব্যক্তি তার জীবদ্দশায় জায়গা-জমি ইত্যাদি সন্তানদের মাঝে তার ইচ্ছামতো বণ্টন করে দেয় এবং এতে কাউকে বঞ্চিত/ক্ষতি করার উদ্দেশ্য না থাকে, তাহলে তা বৈধ হবে। (১০/৫৬৪/৩২৪৯)

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ٩٠٢ (٢٧٠٣) : عن أنس بن مالك قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من فر من ميراث وارثه، قطع الله ميراثه من الجنة يوم القيامة».

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٦ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

Scanned by CamScanner

📖 الفتاوى البزازية بهامش الهندية (زكريا) ٦ / ٢٣٧ : ولو وهب جميع ماله من ابنه جاز وهو آثم نص عليه محمد رحمه الله، ولو خص بعض أولاده لزيادة رشده لا بأس به، وإن كانا سواء لا يفعله.

ছেলেদের সুবিধার্থে কন্যাকে ভিটার বদলে জমি দেওয়া

প্রশ্ন : হাজী জয়নুদ্দিন তাঁর জীবিত অবস্থায় চিন্তা করলেন, জামাই ও মেয়ে বড় দুষ্ট। আমার ইন্তেকালের পর ছেলেদের সঙ্গে বাড়ির জমি নিয়ে ঝগড়া-বিবাদ করবে, ছেলেরা বাড়ির জমি ছাড়া অন্য স্থান থেকে দিতে চাইলে নেবে না, বরং বাড়ির জমি নিয়ে ছাড়বে। আর এমনটি হলে ছেলেদের বাড়ি করতে সমস্যা হবে। তাই হাজী সাহেব জীবিত অবস্থাতেই সিদ্ধান্ত নিলেন কন্যাকে অন্য স্থান থেকে জমি ক্রয় করে বাড়ির জমির পরিবর্তে দেবেন।

প্রশ্ন হলো, এভাবে ছেলেদের সুবিধার্থে কন্যার অংশ পরিবর্তন করে অন্য স্থান থেকে দেওয়া জায়েয হবে কি না?

উত্তর : জীবদ্দশায় নিজ মালিকানাধীন সম্পদ যাকে যতটুকু যেখানে ইচ্ছা দেওয়ার শরীয়ত কর্তৃক অধিকার রয়েছে, যদি অন্য কোনো সন্তানকে ঠকানো বা ক্ষতি করার উদ্দেশ্য না থাকে। তাই প্রশ্নোক্ত পদ্ধতিতে ছেলেদের সুবিধার্থে কন্যাকে অন্য স্থান থেকে দেওয়াটা জায়েয হবে। (১১/২৫১)

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ٢١٢ (٢٥٨٧) : عن عامر، قال: سمعت النعمان بن بشير رضي الله عنهما، وهو على المنبر يقول: أعطاني أبي عطية، فقالت عمرة بنت رواحة: لا أرضى حتى تشهد رسول الله صلى الله عليه وسلم، فأتى رسول الله صلى الله عليه وسلم، فقال: إني أعطيت ابني من عمرة بنت رواحة عطية، فأمرتني أن أشهدك يا رسول الله، قال: «أعطيت سائر ولدك مثل هذا؟»، قال: لا، قال: «فاتقوا الله واعدلوا بين أولادكم»، قال: فرجع فرد عطيته -

📖 الدر المختار (ايج ايم سعيد) ٥/٦٩٦ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن

Scanned by CamScanner

عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم۔

📖 الفتاوى البزازية بهامش الهندية (زكريا) ٦ / ٢٣٧ : ولو وهب جميع ماله من ابنه جاز وهو آثم نص عليه محمد رحمه الله، ولو خص بعض أولاده لزيادة رشده لا بأس به، وإن كانا سواء لا يفعله.

📖 امداد الفتاوی (زکریا) ۳/ ۴۷۰ : الجواب- فی الدر المختار قبيل باب الرجوع فی الهبة عن الخانية : لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده سوى بينهم يعطى البنت كالابن عند الثاني وعليه الفتوى، فی رد المحتار أی علی قول أبی يوسف من أن التنصيف بين الذكر والأنثى أفضل من التثليث الذى هو قول محمد، رملی- چونکہ صورت مسئولہ میں بعض اولاد کو بغرض شادی و تعلیم کے زیادہ دینے سے مقصد دوسری اولاد کو ضرر پہچانا نہیں بلکہ ایک ضرورت و مصلحت سے زیادہ دیتا ہے، بناء بر روایت بالا اس میں کچھ حرج نہیں، اس زائد کے علاوہ اور جو کچھ ترکہ ہو سب اولاد ذکور واناث کو برابر تقسیم کر دینا چاہئے، لیکن صحت تقسیم کے لئے ہر حصہ کا جدا کرنا اور بالغین کا قبضہ بھی کرا دینا ضروری ہے۔

মেয়েদের নামে সম্পদ লিখে দেওয়া ও মানগত দিক দিয়ে তারতম্য করা

প্রশ্ন : ১. এক ব্যক্তির পাঁচজন মেয়ে আছে। তার কোনো ছেলে নেই। তবে তার মা, ভাই-বোন এবং ভাতিজা ও ভাগিনা আছে। এমতাবস্থায় ওই ব্যক্তি তার সমস্ত জমি তার পাঁচ মেয়ের নামে লিখে দিতে চায়। প্রশ্ন হলো, যদি ওই ব্যক্তি ওই সমস্ত ওয়ারিশ থাকা সত্ত্বেও তার সমস্ত জমি তার পাঁচ মেয়ের নামে লিখে দেয়, তাহলে শরীয়তের দৃষ্টিতে জায়েয হবে কি না? এবং মৃত্যুর পরে শাস্তি হবে কি না?

২. এক ব্যক্তির পাঁচজন মেয়ে আছে। তাদের মধ্যে থেকে চারজনকে ৭ শতাংশ করে জমি দিয়েছে, যার এক শতকের দাম ২০ হাজার টাকা। অন্য মেয়েকে এমন ৭ শতাংশ জমি দিতে চায়, যার এক শতকের দাম ৪০ হাজার টাকা। এমতাবস্থায় চারজনকে একটা ও একজনকে বেশি দামের জমি দেওয়া শরীয়তের দৃষ্টিতে জায়েয আছে কি না? এবং আল্লাহর দরবারে শাস্তি হবে কি না?

Scanned by CamScanner

৩. এক ব্যক্তির পাঁচজন মেয়ে আছে। তার কোনো ছেলে নেই। তবে তার ওয়ারিশ আছে। এমতাবস্থায় শরীয়তের দৃষ্টিতে এমন কোনো সুরত আছে কি না যে, তার সমস্ত সম্পদ তার মেয়েদের থাকবে?

উত্তর : ইসলামী শরীয়তের বিধান অনুযায়ী মানুষের মালিকানাধীন সম্পদ নিজ জীবদ্দশায় যেখানে বা যাকে ইচ্ছা দান বা হেবা করার অধিকার রাখে। তবে যদি কোনো ওয়ারিশকে ঠকানো বা বঞ্চিত করার ইচ্ছায় এ কাজ করা হয় তাহলে তার জন্য কঠোর শাস্তির কথা হাদীসে শরীফে উল্লেখ রয়েছে। তাই উক্ত সুরতে যদি মা ও ভাই-বোনদের বঞ্চিত করার ইচ্ছা ব্যতীত শরীয়তসম্মত কারণে পাঁচ মেয়ের নামে সমস্ত সম্পদ লিখে দেয় এবং ভোগদখল দিয়ে দেয়, তাহলে ওই দানপত্র শরীয়তের দৃষ্টিতে শুদ্ধ হবে। তবে জীবদ্দশায় সম্পদ বণ্টনের ব্যাপারে সন্তানাদির মধ্যে সামঞ্জস্য বজায় রাখা উচিত। শরীয়তসম্মত কারণে কাউকে অগ্রাধিকার দেওয়াতে শরীয়তের কোনো আপত্তি নেই। (১৩/৮৫৮/৫৪১০)

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ٩٠٢ (٢٧٠٣) : عن أنس بن مالك قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من فر من ميراث وارثه، قطع الله ميراثه من الجنة يوم القيامة».

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٣٩١ : رجل وهب في صحته كل المال للولد جاز في القضاء ويكون آثما فيما صنع، كذا في فتاوى قاضي خان.

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

সংগত কারণে কোনো ছেলেকে বঞ্চিত করা

প্রশ্ন : আমাদের গ্রামের জনৈক ব্যক্তি বিবাহের পর তার এক পুত্রসন্তান জন্ম নেয়। ঘটনাক্রমে কিছুদিন পর উক্ত স্ত্রীর মৃত্যু হলে পুনরায় সে দ্বিতীয় বিবাহ করে এবং সন্তানটি যখন বড় হয় তখন সে পিতা ও সৎমাতার সাথে ঝগড়া-বিবাদে লিপ্ত হয়ে পিতার শত্রুদলের হাতে হাত মিলিয়ে তাদের কথায় বিভিন্নভাবে সংসারের ক্ষতি করার চেষ্টা করে। এমনকি তাকে কন্ট্রোল করতে ব্যর্থ হয় এবং সেই ছেলে শত্রুর কথায় চলতেই থাকে। এমনকি পিতাকে অমান্য করে বিবাহও করল। তখন পিতা তার ক্ষতির থেকে বাঁচার জন্য অবাধ্য সন্তানকে ঘর থেকে বের করে দেয় এবং সে অন্য ঘরে বসবাস করতে থাকে।

Scanned by CamScanner

এদিকে পিতা দ্বিতীয় সংসারের স্ত্রী, সন্তান, নিজের শ্রম ও শ্বশুরবাড়ির সাহায্যে অনেক জমির মালিক হয়ে যায়। উল্লেখ্য, প্রথম স্ত্রীর সেই অবাধ্য সন্তানের কোনো শ্রমও এই সংসারে নেই। যেহেতু প্রথম স্ত্রীর সন্তানের কোনো শ্রম নেই, বরং ক্ষতি করেছে, তাই পিতা উক্ত সন্তানকে বঞ্চিত করে দ্বিতীয় সংসারের সন্তানের নামে জমি রেজিস্ট্রি করে দিতে চায়। যাতে প্রথম স্ত্রীর সেই সন্তানটি পিতার মৃত্যুর পর অংশীদারিত্বের দাবি করতে না পারে। এখন প্রশ্ন হচ্ছে, পিতা জীবদ্দশায় ওপরে বর্ণিত কারণে সকল জমিজমা তার দ্বিতীয় স্ত্রীর সন্তানদের মাঝে রেজিস্ট্রি করে দিলে এবং প্রথম স্ত্রীর সেই অবাধ্য সন্তানকে বঞ্চিত করলে শরীয়তের দৃষ্টিতে জায়েয হবে কি না? এবং এ কারণে পিতা গোনাগার হবে কি না?

উত্তর : পিতা জীবদ্দশায় স্বীয় সম্পদকে সন্তানদের যথাযথভাবে দান করে দিলে তা হেবা বলে গণ্য হয়। আর হেবা করার ক্ষেত্রে কোনো বিহিত কারণ ছাড়া সন্তানদের মাঝে সমানভাবে বণ্টন করে দেওয়াটাই শরীয়তের নির্দেশ। বিহিত ও শরীয়তসম্মত কারণ ছাড়া সন্তানদের কমবেশি করলে বা কাউকে বঞ্চিত করলে তা জুলুম বলে গণ্য হয়ে পিতা গোনাহগার হবে। পক্ষান্তরে কোনো বিহিত ও শরীয়তসম্মত কারণে কমবেশি বা বঞ্চিত করলে পিতা গোনাহগার হবে না। তাই প্রশ্নে বর্ণিত বিবরণ পুরোপুরি সত্য হলে এবং বাস্তবে প্রথম ঘরের সন্তান পিতার অবাধ্য ও তাকে কষ্ট দিলে এবং সম্পদ অবৈধ গোনাহের কাজে ব্যয় করলে তাকে সম্পদ থেকে বঞ্চিত করা পিতার জন্য অবৈধ হবে না। তবে এ ধরনের সন্তানকে পুরোপুরি বঞ্চিত না করে সে চলতে পারে–এমন কিছু দিয়ে দেওয়াটাই সমীচীন। (১৬/৭৯০)

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ٢١٢ (٢٥٨٧) : عن عامر، قال: سمعت النعمان بن بشير رضي الله عنهما، وهو على المنبر يقول: أعطاني أبي عطية، فقالت عمرة بنت رواحة: لا أرضى حتى تشهد رسول الله صلى الله عليه وسلم، فأتى رسول الله صلى الله عليه وسلم، فقال: إني أعطيت ابني من عمرة بنت رواحة عطية، فأمرتني أن أشهدك يا رسول الله، قال: «أعطيت سائر ولدك مثل هذا؟»، قال: لا، قال: «فاتقوا الله واعدلوا بين أولادكم»، قال: فرجع فرد عطيته -

📖 البحر الرائق (سعيد) ٧/ ٢٨٨ : (قوله فروع) يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله الواحد جاز قضاء وهو آثم كذا في المحيط -

Scanned by CamScanner

📖 الدر المختار (سعيد) ١/ ٥٦٢ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم -

ত্যাজ্যপুত্র মিরাছ পাবে

প্রশ্ন : কোনো পিতা তার ছেলেকে কোনো কারণে ত্যাজ্য করে দিয়েছে। ওই পিতার ইন্তেকালের পর ত্যাজ্যপুত্র তার সম্পদের মিরাছ পাবে কি না?

উত্তর : সন্তান-সন্ততি ত্যাজ্য করার কোনো নিয়ম শরীয়তে নেই বিধায় কেউ ত্যাজ্য করলে শরীয়তের দৃষ্টিতে সন্তান-সন্ততি পিতার সম্পদ থেকে বঞ্চিত হবে না। (১৯/২৭৯/৮১৬৪)

📖 الفتاوى الهندية (زكريا) ٦/٤٥٣ : [الباب الخامس في موانع الإرث] القاتل بغير حق لا يرث من المقتول شيئا عندنا سواء قتله عمدا أو خطأ،رق يمنع الإرث ولا فرق في ذلك بين أن يكون قنا وهو الذي لم ينعقد له سبب الحرية أصلا وبين أن ينعقد له سبب الحرية كالمدبر والمكاتب وأم الولد ومعتق البعض عند أبي حنيفة - رحمه الله تعالى -، كذا في التبيين وأما المستسعى في إعتاق الراهن المعسر فيرث ويورث عنه، كذا في الكافي.القاتل بغير حق لا يرث من المقتول شيئا عندنا سواء قتله عمدا أو خطأ،... واختلاف الدين أيضا يمنع الإرث والمراد به الاختلاف بين الإسلام والكفر، وأما اختلاف ملل الكفار كالنصرانية واليهودية والمجوسية وعبدة الوثن فلا يمنع الإرث حتى يجري التوارث بين اليهودي والنصراني والمجوسي.

📖 خلاصة الفتاوى (رشيديه) ٤/٤٠٠ : ولو كان ولده فاسقا فأراد أن يصرف ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه؛ لأن فيه إعانة على المعصية، ولو كان ولده فاسقا لا يعطى له اكثر من قوته -

📖 امداد المفتین (دار الاشاعت) ص ٨٦٩ : الجواب-عاق و محروم کرنے کی دوصورتیں ہیں: ایک تو یہ ہے کہ اپنی زندگی اور صحت میں اپنا تمام مال و جائیداد اس وارث کے علاوہ

Scanned by CamScanner

دوسرے وارثوں یا غیر وارثوں میں تقسیم کرکے مالک بنادے اور اس کیلئے کچھ نہ چھوڑے، اس صورت میں اس کا یہ تصرف اس کی ملک میں نافذ ہے، پھر اگر اس نے بلاوجہ وارث کو محروم کیا ہے، تو سخت گنہگار ہوگا۔ حدیث میں ہے : من قطع ميراث وارثه قطع الله ميراثه من الجنة رواه ابن ماجة والبيهقي، كذا في المشكوة باب الوصية، اور اگر اس وارث کی ایذاؤں اور تکالیف سے یا فسق وفجور سے تنگ ہو کر ایسا کیا ہے تو توقع ہے کہ اللہ تعالی معاف فرمادیں۔

دوسری صورت یہ کہ اپنی حیات میں کسی کو مالک نہیں بنایا، بلکہ بطور وصیت زبانی یا تحریری یہ طے کردیا کہ فلاں شخص کو میرے میراث نہ ملے تو یہ کہنا اور لکھنا فضول اور بیکار ہے، شرعا اس کا کوئی اعتبار نہیں، بعد وفات حسب حصہ شرعیہ اس کو میراث ملے گی۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۵/ ۷۳

বদ-দ্বীন সন্তানকে ত্যাজ্য করা

প্রশ্ন : আমরা ছয় ভাই-বোন। তিন ভাই ও তিন বোন। আমার বড় ভাই আব্বা-আম্মার অমতে নিজে নিজে বিবাহ করেছে। এ জন্য তার ওপর আব্বা-আম্মা দুজন অসন্তুষ্ট। আব্বা এই মেয়েকে বিবাহ করার পূর্বেই বলে দিয়েছিলেন যে, সে যদি এই মেয়েকে বিবাহ করে তবে তাকে ত্যাজ্য করে দেবেন এবং সম্পত্তি কিছুই দেবেন না। বড় ভাই কোনো দিন পিতার খিদমত করেনি এবং তাঁদের প্রতি দায়িত্ব-কর্তব্যও তেমন পালন করেনি। শুধু তা-ই নয়, তাকে আব্বা-আম্মা দ্বীনের সকল কিছু শিক্ষা দেওয়া সত্ত্বেও সে দ্বীন মোতাবেক না চলে ইহুদি-নাসারার মতোই চলে। তো এ সব কারণে আব্বা-আম্মা তার ওপর পূর্বে থেকে অসন্তুষ্ট। জমি যখন বণ্টন হবে, আব্বা তাকে কিছুই দিতে চাইবেন না। এমতাবস্থায় তাকে কি সম্পত্তি থেকে বঞ্চিত করা শরীয়তের দৃষ্টিতে ঠিক হবে কি না? যদি ঠিক হয় তাহলে তখন আমাদের ভাই-বোনদের করণীয় কী হতে পারে?

উত্তর : ওয়ারিশি স্বত্ব খোদাপ্রদত্ত। কোনো পিতা পুত্রকে তা থেকে বঞ্চিত করার অধিকার রাখে না। শরীয়ত যার জন্য যে অংশ নির্ধারণ করে দিয়েছে, অবশ্যই সে তা পাবে। তবে পিতা জীবদ্দশায় সঙ্গত কারণে বিশুদ্ধ নিয়্যাতে কোনো পুত্রকে সম্পদ না দিয়ে সব সম্পদ বাকিদের মাঝে দাম করে গেলে তা শরীয়ত পরিপন্থী ও কোনো গোনাহ হবে না। (১১/৭১৩)

📖 رد المحتار (سعيد) ٤ /٤٤٤ : وفي الخانية ولو وهب شيئا لأولاده في الصحة، وأراد تفضيل البعض على البعض روي عن أبي حنيفة لا

Scanned by CamScanner

بأس به إذا كان التفضيل لزيادة فضل في الدين وإن كانوا سواء يكره وروى المعلى عن أبي يوسف أنه لا بأس به إذا لم يقصد الإضرار وإلا سوى بينهم وعليه الفتوى وقال محمد: ويعطي للذكر ضعف الأنثى.

📖 امداد المفتيين (دار الاشاعت) ص۸۲۹ : الجواب-عاق ومحروم کرنے کی دوصورتیں ہیں: ایک تو یہ ہے کہ اپنی زندگی اور صحت میں اپنا تمام مال وجائیداد اس وارث کے علاوہ دوسرے وارثوں یا غیر وارثوں میں تقسیم کر کے مالک بنادے اور اس کیلئے کچھ نہ چھوڑے، اس صورت میں اس کا یہ تصرف اس کی ملک میں نافذ ہے، پھر اگر اس نے بلاوجہ وارث کو محروم کیا ہے، تو سخت گنہگار ہوگا۔ حدیث میں ہے : من قطع ميراث وارثه قطع الله ميراثه من الجنة رواه ابن ماجة والبيهقي، كذا في المشكوة باب الوصية، اور اگر اس وارث کی ایذاؤں اور تکالیف سے یا فسق وفجور سے تنگ ہو کر ایسا کیا ہے تو توقع ہے کہ اللہ تعالی معاف فرمادیں۔
دوسری صورت یہ کہ اپنی حیات میں کسی کو مالک نہیں بنایا، بلکہ بطور وصیت زبانی یا تحریری یہ طے کردیا کہ فلاں شخص کو میرے میراث نہ ملے تو یہ کہنا اور لکھنا فضول اور بیکار ہے، شرعا اس کا کوئی اعتبار نہیں، بعد وفات حسب حصہ شرعیہ اس کو میراث ملے گی۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۵ /۲۳ : حامداومصليا، الجواب- وراثت ملک غیر اختیاری ہے، لہذا باپ کو حق نہیں ہے کہ اپنے بعد ورثہ میں سے کسی کو محروم کردے شریعت نے جو حصہ جس وارث کا متعین کردیا ہے وہ اس کو ضرور پہونچے گا، خواہ مورث راضی ہو یا ناراض ہو، البتہ اصل مالک کو یہ اختیار ہے کہ اپنی زندگی اور صحت کی حالت میں اپنی ملک میں جس نوع کا چاہے تصرف کرے، بیع، ہبہ، صدقہ وقف سب کچھ کر سکتا ہے، اگر اولاد شریر ہو اور باپ کو خیال ہو کہ میرے بعد تمام جائداد خدا کی نافرمانی میں صرف کرے گی، تو بہتر یہ ہے کہ اپنی زندگی کی اور صحت میں اس جائداد کو مصارف خیر میں صرف کردے۔

অবাধ্য মেয়েকে বঞ্চিত করে অন্যদের সম্পদ দিয়ে দেওয়া

প্রশ্ন : আমার তিনটি মেয়ের মধ্যে বড়টি অত্যন্ত মেধাবিনী হওয়ায় ওর প্রতি স্নেহটা বড্ড বেশি ছিল। সে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় খুব ভালো করেছে। অথচ আমার অজ্ঞাতে রেজিস্ট্রি অফিসে গিয়ে তার মামাতো ভাইকে বিয়ে কারেছে। ছেলেটি বখাটে। ভিসিডি ব্যবসা, গান-বাজনাসহ অসৎ কর্মের সাথে জড়িত। আমার দৃষ্টিতে এ

Scanned by CamScanner

বিয়ে বৈধ নয় বলে মনে হচ্ছে। তাই এটাকে মেনে নিতে পারছি না। আমি এ ব্যাপারে বিয়ের পূর্বে আমার মেয়েকে বিভিন্নভাবে বুঝিয়েছি। এমনকি পিতা হয়ে মেয়ের পা পর্যন্ত ধরেছি এ ভুল না করার জন্য। কিন্তু সে তা শোনেনি বলে আমি বর্তমানে মেয়ের সাথে সমস্ত সম্পর্ক ছিন্ন করেছি। ভবিষ্যতে এ সম্পর্কহীনতা রাখতে চাই। ছেলের পিতা-মাতা এ বিয়েতে পুরো ইন্ধন জুগিয়েছে। তারাই আমার মেয়েকে অবৈধ সম্পর্কের সেতুবন্ধনরূপে কাজ করেছে বলে তাদের পক্ষে এ অবৈধ বিয়ে সম্ভব হয়েছে। এদিকে সরকারি আইনের কারণে মেয়ের এ বিয়েকে অস্বীকার করার কোনো উপায় পাচ্ছি না। কিন্তু আমার মনে মেয়ে এবং তার স্বামীপক্ষের কারো সাথে সম্পর্ক রাখার বিষয়ে সীমাহীন ঘৃণা ও ক্ষোভ রয়েছে। আমি সারাক্ষণ আমার অন্তরে অসীম যন্ত্রণা ভোগ করছি। এ অবস্থায় আমি আমার অন্য দুই মেয়ের জন্য আমার সম্পত্তি অসিয়ত করতে পারি কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত ব্যক্তি জীবদ্দশায় তার সমস্ত সম্পদের মালিক সে যাকে চায় তাকে দিতে পারে, তবে শর্ত হলো কোনো ওয়ারিশকে ক্ষতিগ্রস্ত করার নিয়্যাত না থাকতে হবে। প্রশ্নোক্ত মেয়ে তার পিতার অবাধ্য হয়ে রেজিস্ট্রি অফিসে বিবাহ করে পিতার সাথে নাফরমানী করেছে। যদি শরীয়তের বিধান মতে বিয়ে হয়ে থাকে তাহলে বিবাহ সম্পন্ন হয়ে যাবে। এমতাবস্থায় পিতা তার মেয়েকে বঞ্চিত করতে চাইলে তা মূলত জায়েয। তবে সন্তান যতই নাফারমানী করুক না কেন তার পরও সন্তান। এ জন্য অবাধ্য সন্তানকে সম্পত্তি থেকে সম্পূর্ণ বঞ্চিত না করে তাকে বোঝানোর চেষ্টা করবে এবং দু'আও করবে, যাতে সে পিতার বাধ্য হয়ে যায়।

উল্লেখ্য, শরীয়তের বিধান মতে ওয়ারিশদের জন্য অসিয়ত করা জায়েয নয়। তাই পিতা মেয়েকে বঞ্চিত করার লক্ষ্যে অন্য ওয়ারিশদের জন্য সম্পত্তির অসিয়ত করে গেলেও মেয়ে ওয়ারিশ হিসেবে সম্পত্তির মালিক হয়ে যাবে। তবে কোনো ওয়ারিশকে সম্পত্তি না দেওয়ার ইচ্ছা হলে তার শরয়ী পদ্ধতি হচ্ছে পিতা তার জীবদ্দশায় সুস্থ মস্তিষ্কে অন্য ওয়ারিশকে হেবা মূলে সম্পত্তির মালিক বানিয়ে তাদের দখলে দিয়ে দেবে। (৩/১৭৬/৫৩১)

📖 سنن أبي داود (دار الحديث) ٣/ ١٢٥٣ (٢٨٧٠) : عن شرحبيل بن مسلم، سمعت أبا أمامة، سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: «إن الله قد أعطى كل ذي حق حقه فلا وصية لوارث» -

📖 بدائع الصنائع (سعيد) ٦/ ١٢٧ : ولو نحل بعضا وحرم بعضا جاز من طريق الحكم لأنه تصرف في خالص ملكه لا حق لأحد فيه إلا أنه لا يكون عدلا سواء كان المحروم فقيها تقيا أو جاهلا فاسقا

Scanned by CamScanner

على قول المتقدمين من مشايخنا وأما على قول المتأخرين منهم لا بأس أن يعطي المتأدبين والمتفقهين دون الفسقة الفجرة.

📖 الفتاوى البزازية بهامش الهندية (زكريا) ٦ / ٢٣٧ : ولو وهب جميع ماله من ابنه جاز وهو آثم نص عليه محمد رحمه الله، ولو خص بعض أولاده لزيادة رشده لا بأس به، وإن كانا سواء لا يفعله، وإن أراد أن يصرف ماله إلى الخير وابنه فاسق فالصرف إلى الخير أفضل من تركه له؛ لأنه إعانة على المعصية، وكذا لو كان ابنه فاسقا لا يعطيه أكثر من قوته.

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٣٩١ : رجل وهب في صحته كل المال للولد جاز في القضاء ويكون آثما فيما صنع، كذا في فتاوى قاضي خان. وإن كان في ولده فاسق لا ينبغي أن يعطيه أكثر من قوته كي لا يصير معينا له في المعصية، كذا في خزانة المفتين.ولو كان ولده فاسقا وأراد أن يصرف ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه، كذا في الخلاصة.

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۸۶۹ : الجواب-عاق و محروم کرنے کی دو صورتیں ہیں: ایک تو یہ ہے کہ اپنی زندگی اور صحت میں اپنا تمام مال وجائیداد اس وارث کے علاوہ دوسرے وارثوں یا غیر وارثوں میں تقسیم کرکے مالک بنادے اور اس کیلئے کچھ نہ چھوڑے، اس صورت میں اس کا یہ تصرف اس کی ملک میں نافذ ہے، پھر اگر اس نے بلاوجہ وارث کو محروم کیا ہے، تو سخت گنہگار ہوگا۔ حدیث میں ہے : من قطع ميراث وارثه قطع الله ميراثه من الجنة رواه ابن ماجة والبيهقى، كذا فى المشكوة باب الوصية، اور اگر اس وارث کی ایذاؤں اور تکالیف سے یا فسق وفجور سے تنگ ہو کر ایسا کیا ہے تو توقع ہے کہ اللہ تعالی معاف فرمادیں۔

دوسری صورت یہ کہ اپنی حیات میں کسی کو مالک نہیں بنایا، بلکہ بطور وصیت زبانی یا تحریری یہ طے کر دیا کہ فلاں شخص کو میرے میراث نہ ملے تو یہ کہنا اور لکھنا فضول اور بیکار ہے، شرعا اس کا کوئی اعتبار نہیں، بعد وفات حسب حصہ شرعیہ اس کو میراث ملے گی۔

জীবদ্দশায় সম্পদ বণ্টন করে দেওয়ার নীতিমালা

প্রশ্ন : পিতা যদি বে-ইনসাফের ভয়ে নিজ হাতে তার ওয়ারিশি সম্পদ বণ্টন করে যেতে চায়, তাহলে সন্তানদের মধ্যে কিভাবে বণ্টন করবে? এতে তারতম্য করে কাউকে বেশি দিতে পারবে কি?

Scanned by CamScanner

উত্তর : ইসলামী শরীয়ত যেহেতু ওয়ারিশিনদের অংশ নির্ধারণ করে দিয়েছে, সেহেতু মৃত্যুর আগে বণ্টনের প্রয়োজন নেই। তা সত্ত্বেও যদি কেউ জীবদ্দশায় নিজ সম্পদ বণ্টন করতে চায়, এর অনুমতি আছে। তবে এ ক্ষেত্রে ছেলেমেয়েকে সমানভাবে বণ্টন করাই শরীয়তের বিধান। বিশেষ কোনো কারণ ছাড়া তারতম্য করার অনুমতি নেই। কাউকে বঞ্চিত ও ক্ষতিগ্রস্ত করার উদ্দেশ্যে তারতম্য করা পাপ। সংগত ও বিশেষ শরয়ী কারণে তারতম্য করা শরীয়ত কর্তৃক আপত্তিকর নয়। (৯/৫৬৩/২৭৫৪)

📖 الدر المختار (ايچ ايم سعيد) ٦٩٦/٥ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم-

📖 البزازية بهامش الهندية (زكريا) ٢٣٧/٦ : نوع : الأفضل فى هبة الابن والبنت التثليث كالميراث، وعند الثانى التنصيف وهو المختار، ولو وهب جميع ماله من ابنه جاز وهو آثم نص عليه محمد رحمه الله، ولو خص بعض أولاده لزيادة رشده لا بأس به، وإن كانا سواء لا يفعله.

জীবদ্দশায় সম্পদ বণ্টনকালে ছেলেমেয়ের মাঝে তারতম্য করা

প্রশ্ন : পিতার মৃত্যুর পূর্বেই মিরাছ বণ্টন করতে চাইলে ছেলে দুই মেয়ের সমপরিমাণ অংশ পাওয়ার অধিকার রাখে কি? না উভয়ে সমান অংশ পাওয়ার অধিকার রাখে?

উত্তর : পিতা-মাতার মৃত্যুর পূর্বে তাদের সম্পদ বণ্টন করতে চাইলে তা মূলত মিরাছ বণ্টন নয়, বরং হেবার অন্তর্ভুক্ত। আর হেবার ক্ষেত্রে ছেলে এবং মেয়ে উভয়ের মাঝে সমানভাবে সম্পদ বণ্টন করে দেওয়া উত্তম। তবে যদি কারো ক্ষতির উদ্দেশ্য না থাকে, তাহলে কমবেশি করা যেতে পারে। (১৭/৭৭৩/৭২৯৬)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٦ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى-

Scanned by CamScanner

الفتاوى الهندية (زكريا) ٤/ ٣٩١ : ولو وهب رجل شيئا لأولاده في الصحة وأراد تفضيل البعض على البعض في ذلك لا رواية لهذا في الأصل عن أصحابنا، وروي عن أبي حنيفة - رحمه الله تعالى - أنه لا بأس به إذا كان التفضيل لزيادة فضل له في الدين، وإن كانا سواء يكره وروى المعلى عن أبي يوسف - رحمه الله تعالى - أنه لا بأس به إذا لم يقصد به الإضرار، وإن قصد به الإضرار سوى بينهم يعطي الابنة مثل ما يعطي للابن وعليه الفتوى۔

فتاوی رحیمیہ (دار الاشاعت) ٦/ ١٤٥- ١٤٦ : الجواب-میراث کی تقسیم کا مسئلہ بعد انتقال جاری ہوتا ہے، زندگی میں مال کی تقسیم میراث کی تقسیم نہیں ہے بلکہ ہبہ ہے اور ہبہ (بخشش) کا قاعدہ یہ ہے کہ اولاد کو لڑکا ہو یا لڑکی از روئے حدیث وفقہ سب کو برابر دیا جائے، قوله عليه الصلاة والسلام : فاتقوا الله واعدلوا بين أولادكم، ... ... لہذا صورت مسئولہ میں شوہر کو اس کا ربع حصہ (چار آنہ) دے کر باقی مال کے آٹھ حصے ہوں گے اور ہر ایک کو ایک ایک حصہ دیا جائے۔

জীবদ্দশায় বন্টনে ছেলেমেয়েদের মাঝে সমতা উত্তম

প্রশ্ন : পিতার মৃত্যুর পর ওয়ারিশদের মধ্যে যে হিসেবে সম্পত্তি বণ্টিত হতো, তার জীবদ্দশায় সে হারে বণ্টন করে দিয়ে যাওয়া যায় কি না? শোনা যায়, হাদীসে আছে, পিতা জীবদ্দশায় সম্পদ সন্তানদের মধ্যে বণ্টন করে দিলে ছেলেমেয়ে তথা উভয় শ্রেণীর সকলকে সমান দিতে হবে, যদি তা-ই হয় তবে হাদীসের এ হুকুম কি ওয়াজিব? অর্থাৎ বেশি-কম করলে গোনাহগার হতে হবে কি না?

উত্তর : পিতার মৃত্যুর পর তার পরিত্যাজ্য সম্পত্তি সন্তানদের মধ্যে যে হারে বণ্টন করা হতো, অর্থাৎ ছেলেদের মেয়েদের দ্বিগুণ প্রদান করা পিতা জীবিত অবস্থায়ও সে হিসেবে বণ্টন করে দেওয়া জায়েয আছে। তবে জীবিত অবস্থায় বণ্টন যেহেতু দান ও বখশিশের অন্তর্ভুক্ত এবং এ ক্ষেত্রে হাদীস শরীফে ছেলেমেয়েদের মধ্যে পার্থক্য না করে সমানভাবে বণ্টন করার হুকুম এসেছে, তাই হাদীসের বর্ণনা অনুসারে সমানভাবে বণ্টন করাই উত্তম। উল্লেখ্য, হাদীসের এই হুকুম ওয়াজিব নয়। (১/৩২৮/১২৬)

صحيح البخاري (دار الحديث) ٢/ ٢١٢ (٢٥٨٧) : عن عامر، قال: سمعت النعمان بن بشير رضي الله عنهما، وهو على المنبر يقول: أعطاني أبي عطية، فقالت عمرة بنت رواحة: لا أرضى حتى تشهد

Scanned by CamScanner

رسول الله صلى الله عليه وسلم، فأتى رسول الله صلى الله عليه وسلم، فقال: إني أعطيت ابني من عمرة بنت رواحة عطية، فأمرتني أن أشهدك يا رسول الله، قال: «أعطيت سائر ولدك مثل هذا؟»، قال: لا، قال: «فاتقوا الله واعدلوا بين أولادكم»، قال: فرجع فرد عطيته -

📖 الفقه الإسلامى وأدلته ٥/ ٣٤ : وفي رواية للبخاري: «اتقوا الله واعدلوا بين أولادكم»، ولأن العدل في القسمة والمعاملة مطلوب، وقدحملوا الأمر في هذه الأحاديث على الندب.

📖 بدائع الصنائع (سعيد) ٦/ ١٢٧ : وينبغي للرجل أن يعدل بين أولاده في النحلى لقوله سبحانه وتعالى {إن الله يأمر بالعدل والإحسان} [النحل: ٩٠]. (وأما) كيفية العدل بينهم فقد قال أبو يوسف العدل في ذلك أن يسوي بينهم في العطية ولا يفضل الذكر على الأنثى وقال محمد العدل بينهم أن يعطيهم على سبيل الترتيب في المواريث للذكر مثل حظ الأنثيين كذا ذكر القاضي الاختلاف بينهما في شرح مختصر الطحاوي وذكر محمد في الموطإ ينبغي للرجل أن يسوي بين ولده في النحل ولا يفضل بعضهم على بعض.وظاهر هذا يقتضي أن يكون قوله مع قول أبي يوسف وهو الصحيح لما روي أن بشيرا أبا النعمان أتى بالنعمان إلى رسول الله - صلى الله عليه وسلم - فقال إني نحلت ابني هذا غلاما كان لي فقال له رسول الله - صلى الله عليه وسلم - كل ولدك نحلته مثل هذا فقال لا فقال النبي - عليه الصلاة والسلام - فأرجعه وهذا إشارة إلى العدل بين الأولاد في النحلة وهو التسوية بينهم.

📖 البحر الرائق (سعيد) ٧/ ٢٨٨ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله الواحد جاز قضاء وهو آثم كذا في المحيط وفي فتاوى قاضي خان رجل أمر شريكه بأن يدفع إلى ولده مالا فامتنع الشريك عن الأداء كان للابن أن يخاصمه إن لم يكن على وجه الهبة وإن كان على وجهها لا لأنه في الأول وكيل عن الأب وفي الثاني لا وهي غير تامة لعدم الملك لعدم القبض وفي الخلاصة المختار التسوية بين الذكر والأنثى في الهبة-

Scanned by CamScanner

জীবদ্দশায় সন্তানদের মধ্যে জমির বণ্টন

প্রশ্ন : আমার বাবার জীবদ্দশায় আমাদের পাঁচ ভাইকে চাষ করার জন্য জমি বণ্টন করে দিয়েছেন। এর মধ্যে একজনের প্রায় ১০ বছর কোনো খবর নেই। তার জমি আমরা ছোট দুই ভাই ভোগ করছি। এখন আব্বা জমি বণ্টন করে রেজিস্ট্রি করতে চান। এতে আম্মার আগের নিজস্ব স্বর্ণ ও কিছু টাকা আব্বার সংসারে খরচ করেছেন। আম্মা এগুলোর বদলায় জমি চান, যা মূল অংশ থেকে অতিরিক্ত। আবার বোনকে বিয়ে দিয়েছেন জমি বিক্রি করে। ভাইয়েরা তা তার অংশ থেকে কাটতে চায়। আর যে ভাইয়ের কোনো খবর নেই, তার অংশের কী হুকুম? আবার বড় দুই ভাই কামাই করে জমি ক্রয় করেছে, তা আব্বার নামে, ওরা এর থেকে ছোট ভাইদের অংশ দিতে চায় না। তাই আরজ হলো, শরীয়ত মতে, আমরা পাঁচ ভাই-বোন, মা ও বাবার মধ্যে জমি বণ্টনের সমাধান দিয়ে বাধিত করিবেন।

উত্তর : পিতা জীবিত অবস্থায় সন্তানদের মধ্যে সম্পদ বণ্টন করা হেবা তথা দানের অন্তর্ভুক্ত। যার শরয়ী বিধান হলো, ছেলেমেয়ে উভয়ের মধ্যে সমভাবে বণ্টন করে তাদের ভোগদখলে দিয়ে দেওয়া। যদি কোনো ওয়ারিশের ক্ষতি সাধনের উদ্দেশ্য ছাড়া শরীয়তসম্মত কোনো কারণে কমবেশ করতে চায়, তাও জায়েয আছে। উল্লেখ্য, হেবা পূর্ণ হওয়ার জন্য দখল শর্ত।

আর নিখোঁজ সন্তান যেহেতু দখল করতে অক্ষম, তাই নিখোঁজ সন্তানের জন্য হেবা অসিয়ত করা যেতে পারে। তবে এ অসিয়ত কার্যকর হওয়ার পূর্বশর্ত হলো, পিতার মৃত্যুর পর ওয়ারিশগণের সমর্থন থাকা। এমতাবস্থায় তার সমবয়সী লোক জীবিত থাকা তথা ৯০ বছর পর্যন্ত সম্পদগুলো সংরক্ষণ করার পরও যদি ফিরে না আসে তবে মৃত সাব্যস্ত হবে। অসিয়তকৃত সম্পদ অসিয়তকারীর ওয়ারিশগণের মাঝে বণ্টন হবে।

স্বামী স্বীয় স্ত্রীর স্বর্ণ-টাকা যে পরিমাণ খরচ করেছে সে পরিমাণ স্বর্ণ বা তার সমপরিমাণ জমি পাবে। অতিরিক্ত দাবি গ্রহণযোগ্য নয়। আর মেয়ে বিবাহ দেওয়া পিতার দায়িত্ব। সুতরাং বিবাহের খরচ পিতার সম্পদ থেকে ধর্তব্য হবে। তা থেকে মেয়ের অংশ কর্তন করা বৈধ হবে না।

পিতার সাথে একান্নভুক্ত থাকাকালীন যদি বড় দুই ভাই কামাই ও ক্রয় করে থাকে, তাহলে জমি বণ্টন হবে। পক্ষান্তরে পিতার থেকে ভিন্ন হওয়ার পর ছেলেরা নিজস্ব আয় দ্বারা খরিদ করে থাকলে তারাই ওই জমির মালিক হবে। (৯/৮১০/২৮৪১)

📖 الدر المختار (سعيد) ٤ /٤٤٤ : متى وقف حال صحته وقال على الفريضة الشرعية قسم على ذكورهم وإناثهم بالسوية هو المختار المنقول عن الأخبار كما حققه مفتي دمشق يحيى ابن المنقار في الرسالة المرضية على الفريضة الشرعية -

Scanned by CamScanner

📖 مبسوط السرخسي (دار المعرفة) ١١ /٤٥ : ولو أوصى رجل للمفقود بوصية لم أقض بها له، ولم أبطلها ولم أنفق على ولده منها؛ لأن الوصية أخت الميراث، وشرط لاستحقاق الموصى له بقاؤه حيا بعد موت الموصي كالميراث. وقد بينا أنه يوقف نصيبه من الميراث حتى يتبين حاله، ولا ينفق على ولده منه شيء فكذلك الوصية.

📖 البحر الرائق (سعيد) ٥/ ١٦٥ : لو أوصى للمفقود ومات الموصي لا يستحق الوصية لكن قال محمد لا أقضي بها ولا أبطلها حتى يظهر حال المفقود يعني يوقف نصيب المفقود الموصى له به إلى أن يقضي بموته فإذا قضى بموته جعل كأنه مات الآن.والحاصل أنه حي في مال نفسه فلا يورث ميت في حق غيره فلا يرث، وهذا إذا لم تعلم حياته إلى أن يحكم بموته وإن علم حياته في وقت من الأوقات يرث من مات قبل ذلك الوقت من أقاربه كما في الحمل لاحتمال أن يكون حيا فيرث فإن تبين حياته في وقت مات فيه قريبه وإلا يرد الموقوف لأجله إلى وارث مورثه الذي وقف من ماله-

📖 تنقيح الفتاوى الحامدية (دار المعرفة) ٢/ ١٧ : (سئل) في رجل ساكن في بيت أبيه في جملة عياله وصنعتهما متحدة يعينه بتعاطي أموره ولا يعرف للابن مال سابق فاجتمع مال بكسبه ويريد أن يختص به بدون وجه شرعي فهل جميع ما حصله بكسبه ملك لأبيه ولا شيء له فيه؟

(الجواب) : نعم جميع ما حصله بكسبه ملك لأبيه لا شيء له فيه حيث كان من جملة عياله والمعين له في أموره وأحواله وصنعتهما متحدة ولا يعرف للابن مال سابق؛ لأن الابن إذا كان في عيال الأب يكون معينا له فيما يصنع كما صرح بذلك في الخلاصة والبزازية ومجمع الفتاوى وأفتى بذلك الخير الرملي إذا تنازع الرجل مع بنيه الخمسة وهم في دار أبيهم كلهم في عياله فقال البنون المتاع متاعنا والأب يدعيه لنفسه فإن المتاع يكون للأب وللبنين الثياب التي عليهم لا غير إلخ من القول لمن في كتاب الدعوى.

📖 رد المحتار (سعيد) ٤ /٣٢٥ : في القنية الأب وابنه يكتسبان في صنعة واحدة ولم يكن لهما شيء فالكسب كله للأب إن كان الابن في عياله لكونه معينا له ألا ترى لو غرس شجرة تكون

Scanned by CamScanner

للأب ثم ذكر خلافا في المرأة مع زوجها إذا اجتمع بعملهما أموال كثيرة، فقيل هي للزوج وتكون المرأة معينة له، إلا إذا كان لها كسب على حدة فهو لها، وقيل بينهما نصفان.

📖 سنن أبي داود (دار الحديث) ٥/ ٢١٩٠ (٥١٤٧) : عن أبي سعيد الخدري، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من عال ثلاث بنات، فأدبهن، وزوجهن، وأحسن إليهن، فله الجنة»۔

বন্টননীতি ও সমাধানের স্বার্থে এওয়াজ-বদল

প্রশ্ন : সম্পদ বন্টনের ক্ষেত্রে শরয়ী বিধান কী? এবং সমাধানের জন্য এওয়াজ-বদল করা শরীয়তসম্মত কি না?

উত্তর : ওয়ারিশগণ আপসে সন্তুষ্টচিত্তে যথাসম্ভব বরাবর করে ভাগ করে নেবে। তার পরও প্রয়োজনে সমাধানের জন্য যেকোনো বস্তু এওয়াজ-বদল করা জায়েয, বরং ঝগড়া মিটানোর জন্য এওয়াজ-বদল করা জরুরিও বটে। (১৭/৬১৫/৭২০৫)

📖 بدائع الصنائع (سعيد) ٧/ ١٩ : فإن كان في تبعيضه ضرر بكل واحد منهما فلا تجوز قسمة الجبر فيه، وذلك نحو اللؤلؤة الواحدة والياقوتة والزمردة والثوب الواحد والسرج والقوس والمصحف الكريم، والقباء والجبة والخيمة والحائط والحمام والبيت الصغير والحانوت الصغير والرحى والفرس والجمل والبقرة والشاة؛ لأن القسمة في هذه الأشياء قسمة إضرار بالشريكين جميعا، والقاضي لا يملك الجبر على الإضرار، وكذلك النهر والقناة والعين والبئر؛ لما قلنا فإن كان مع ذلك أرض؛ قسمت الأرض وتركت البئر والقناة على الشركة. (فأما) إذا كانت أنهار الأرضين متفرقة أو عيونا أو آبارا؛ قسمت الآبار والعيون؛ لأنه لا ضرر في القسمة، وكذا الباب والساحة والخشبة إذا كان في قطعهما ضرر فإن كانت الخشبة كبيرة يمكن تعديل القسمة فيها من غير ضرر؛ جازت، وتجوز قسمة الرضا في هذه الأشياء بأن يقتسماها بأنفسهما بتراضيهما۔

📖 المحيط البرهاني (دار الكتب العلمية) ٧/ ٣٣٦ : أن يكون الكل في دور مختلفة، ولكن تراضوا على ذلك إلا أنهم طلبوا المعادلة من

Scanned by CamScanner

القاضي فيما بينهم، وعند أبي حنيفة تجوز القسمة حالة التراضي من الشركاء. وإذا كانت الدور من قوم ميراث، فإن أراد أحدهم أن يجمع نصيبه منها في دار واحدة وأبى الآخر، قال أبو حنيفة رحمه الله: القاضي لا يجمع نصيب كل واحد منهم في دار على حدة، بل يقسم كل دار بينهم على حدة إلا أن يتراضوا على ذلك، سواء كانت الدار متلازقة أو متفرقة، وسواء كانت الدور في محلة واحدة أو محلتين، في مصر واحد أو في مصرين.

মেয়েদের টাকা দিয়ে ছেলেদের স্থাবর সম্পত্তি দেওয়া

প্রশ্ন : জীবিত অবস্থায় সম্পত্তি ছেলেমেয়েদের মধ্যে ভাগ-ভাটোয়ারা করে দেওয়া কি গোনাহ? অবশ্য এতে ভবিষ্যতে তাদের মধ্যে ঝগড়া-ফ্যাসাদ কম হওয়ার সম্ভাবনা। মেয়েদের কিছু অর্থ দিয়ে স্থাবর সম্পত্তি ছেলেদের দিলে কি গোনাহ হবে?

উত্তর : জীবদ্দশায় ছেলেমেয়েদের মাঝে সম্পত্তি বণ্টন করে দেওয়া হেবার নামান্তর। এতে কোনো গোনাহ হবে না। তবে এ ক্ষেত্রে মেয়েদেরকেও ছেলেদের সমান দেওয়া উত্তম। কাউকে ঠকানোর উদ্দেশ্যে কোনো সন্তানকে বেশি পরিমাণ দেওয়া গোনাহ। সমতা রক্ষাপূর্বক স্থাবর-অস্থাবরের বণ্টনে এদিক-সেদিক করা যায়। (৬/৩৯/১০৭৪)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٦ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم-

পালক মেয়ের নামে সমস্ত সম্পদ লিখে দেওয়া

প্রশ্ন : আমি নিঃসন্তান ছিলাম। আল্লাহ তা'আলার রহমতে আমি একটি কন্যাসন্তান পালক নিয়েছি। আমি চাই, আমার মৃত্যুর পর আমার সকল সম্পদ আমার কন্যা ভোগ করুক। তাই সরকারি এফিডেভিটের মাধ্যমে সকল সম্পদ তার নামে রেজিস্ট্রি করে দিতে চাই। ইসলামী শরীয়তের বিধান আমার এই ইচ্ছাকে অনুমোদন করবে কি না? উল্লেখ্য, বর্তমানে আমার স্ত্রী, পিতা ও এক ভাই জীবিত আছেন। এমতাবস্থায় আমার প্রতি শরীয়তের দিকনির্দেশনা কী?

Scanned by CamScanner

উত্তর : আপনার পিতা ও স্ত্রীকে সম্পদ থেকে বঞ্চিত করা উদ্দেশ্য না হলে আপনার প্রশ্নোল্লিখিত কাজ তথা পালক কন্যাকে সকল সম্পদের মালিক বানিয়ে দেওয়া বৈধ হলেও উত্তম হলো সকল সম্পদ না দিয়ে সর্বোচ্চ এক-তৃতীয়াংশ তাকে দিয়ে অবশিষ্ট সম্পদ ওয়ারিশদের জন্য রেখে দেওয়া। আর যদি এর দ্বারা ওয়ারিশদের বঞ্চিত করা উদ্দেশ্য হয় তাহলে আপনি গোনাহগার হবেন। (১৬/৮২৫/৬৭৯৮)

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ٩٠٢ (٢٧٠٣) : عن أنس بن مالك قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من فر من ميراث وارثه، قطع الله ميراثه من الجنة يوم القيامة».

📖 الفتاوى الهندية (زكريا) ٣٩١/٤ : رجل وهب في صحته كل المال للولد جاز في القضاء ويكون آثما فيما صنع، كذا في فتاوى قاضي خان.

📖 کفایت المفتی (دار الاشاعت) ٨ /١٥٩ : سوال-زید نے اپنے ایک بھائی عمرو کو بچپن سے اپنا بیٹا بنایا؛ کیونکہ زید کے یہاں کوئی اولاد نہیں، ہاں زید کے بھائی بہن موجود ہیں، زید چاہتا ہے کہ عمرو کو جو کہ اس کا متبنی بیٹا ہے اپنی جائداد کا کل حصہ یا جزو حصہ وقف کرے تو وہ ایسا کرنے میں عند اللہ گناہ گار تو نہ ہوگا؟

جواب-زید کو چاہئے کہ اپنی جائداد کا ١/٣ حصہ عمرو کے کیلئے وقف کرے باقی ٣ /٢ دوسرے شرعی وارثوں کے لئے رہنے دے، یہی اس کیلئے بہتر ہے۔

ছেলেদের দেওয়া অংশে নির্মিত ঘরে মেয়েদের দাবি অগ্রাহ্য

প্রশ্ন : পিতা জীবিত থাকতে নিজ সন্তানদের মাঝে ঘরের সকল ফ্ল্যাট ভাগ করে দিয়েছেন এবং খোলা ছাদের অংশ মেয়েরা পাবে না বলেছেন। বর্তমানে ছাদে বানানো ঘরে বোনেরা অংশ নিতে চাচ্ছে। ভাইয়েরা কি দিতে বাধ্য বা বোনেরা কি অংশ পাবে?

উত্তর : পিতা তাঁর জীবদ্দশায় সম্পত্তি বণ্টন করে দিলে তাকে হেবা বা দান বলে। দানের ক্ষেত্রে পিতা স্বাধীন হলেও বিহিত কারণ ছাড়া ছেলেমেয়েদের মাঝে সমতা রক্ষা করা উচিত। বিহিত কারণে তাদের মাঝে কমবেশি করার অনুমতি রয়েছে। তাই প্রশ্নে বর্ণিত ফ্ল্যাটের ছাদে বানানো ঘরের অংশ ছেলেদের নামে দিয়ে তাদের দখলে দিয়ে দিলে মেয়েরা তার মধ্যে দাবি করতে পারবে না। ছেলেদের দখলে না দিয়ে গেলে শুধু 'মেয়েরা পাবে না'–বলার দ্বারা ওই দান কার্যকর হবে না। বরং মৃতের তথা মৃত ব্যক্তির উত্তরাধিকারী সম্পদ হিসেবে তা বণ্টিত হবে। (১৬/৩৮০/৬৫৭৩)

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (زكريا) ٣٩١/٤ : رجل وهب في صحته كل المال للولد جاز في القضاء ويكون آثما فيما صنع، كذا في فتاوى قاضي خان.

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت-

📖 الفتاوى الخانية بهامش الهندية (زكريا) ٣/ ٦١٦ : ولا يجوز لأحد شريكى الملك أن يتصرف فى المشترك بغير إذن الشريك تصرفا يتضرر به الشريك-

হেবা সম্পদের ওপর কবজা না হলে তা মিরাছ সম্পদ গণ্য হবে

প্রশ্ন : ভারত বিভক্তির পর আমার পিতা আসাম রাজ্য থেকে পূর্ব পাকিস্তান বর্তমান বাংলাদেশে পূর্বপুরুষদের অবস্থান টাঙ্গাইলে সপরিবারে প্রত্যার্বতন করেন। শুধু আমার বোন থেকে যায় সেখানে। আমার পিতা ওই বোনের জন্য এক বিঘা জমি দান করেন। কিন্তু তা সরাসরি তার হাতে না দিয়ে অন্য এক জাতির হাতে দিয়েছে, যেন সে তা বিক্রি করে বোনকে টাকা দেয়। এখন আমার পিতা ইন্তেকাল করেছেন। তাই আমরা সম্পদ বণ্টন করব। কিন্তু পরে জানতে পাই, আমার আসামের সেই বোন জমিটির টাকা বা জমি পায়নি। দায়িত্বশীল তা আদায় করেনি। প্রশ্ন হলো, আমাদের বোন যদি পিতার জীবদ্দশায় সেই জমি পেয়ে থাকে তাহলে সে বর্তমানে পুনরায় মিরাছ পাবে কি না? আর যদি বোন সেই জায়গা পেয়ে না থাকে, তাহলে মোট সম্পত্তির সাথে ওই জায়গাও কি বণ্টন করা যাবে? এ ক্ষেত্রে আসামে ছেড়ে আসা জমি থেকে আসামের বোনকে মিরাছ দিলে হবে কি না?

উত্তর : আপনার পিতার জীবদ্দশায় আপনার বোন সেই জমি বা তার মূল্য বুঝে পেয়ে থাকলে তা হেবা বা দান হিসেবে গণ্য হবে। তবে পিতার মৃত্যুর পর শরয়ী অধিকার বলে পুনরায় মিরাছের অংশ পাবে। পক্ষান্তরে তা বুঝে না পেয়ে থাকলে তা এবং বর্তমানে কারো দখলে থাকলে তা হেবা বা দান হবে না। বরং পৈতৃক সম্পত্তি হিসেবে তা ওয়ারিশদের মাঝে বণ্টন করা হবে। এ ক্ষেত্রে আপনার বোনের অংশ ওই জমি থেকে দেওয়া যাবে। (১৬/৭৪১)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

Scanned by CamScanner

ভাই-ভাতিজাকে বঞ্চিত করে স্ত্রী ও মেয়েদের সম্পদ লিখে দেওয়া

প্রশ্ন : আমার তিনটি মেয়ে ও এক স্ত্রী আছে। আমার স্থাবর-অস্থাবর যাবতীয় সম্পত্তি যদি জীবিতাবস্থায় তাদের নামে রেজিস্ট্রি করে দিই, তা জায়েয হবে কি না? অর্থাৎ ছেলে না থাকায় আমার আপন ভাই বা ভাতিজা যে হকদার হতো তাদের কিছু না দিয়ে আমি তাদের বঞ্চিত করার জন্য পাপী হব কি না? যদি পাপী না হই তাহলে কেন তাদের ওয়ারিশ সাব্যস্ত করা হয়েছে? হয়তো বলা যেতে পারে যে মৃত্যুর পর তারা ওয়ারিশ হবে। কিন্তু আমি যদি জীবিতাবস্থায় তাদের সম্পত্তি না দিয়ে আমার উক্ত তিন মেয়েকে এবং স্ত্রীকে দিই তবে কি ওয়ারিশদের বঞ্চিত করলাম? এ ক্ষেত্রে আমি কী করতে পারি?

উত্তর : মালিক নিজ সম্পদ জীবিতাবস্থায় যাকে ইচ্ছা দিয়ে দিতে পারে। নিজ সন্তান হোক বা অপর কেউ হোক। যদি নির্দিষ্ট কোনো ওয়ারিশকে বঞ্চিত করার নিয়্যাতে জীবদ্দশায় বণ্টন করে দেওয়া হয় তাহলে তা কার্যকর হলেও অসদিচ্ছার কারণে গোনাহ হবে। (৭/১৬৭/১৫৭৫)

📖 سنن الترمذي (دار الحديث) ٤/ ١٨٦ (٢١١٧) : عن أبي هريرة أنه حدثه، عن رسول الله صلى الله عليه وسلم قال: «إن الرجل ليعمل والمرأة بطاعة الله ستين سنة ثم يحضرهما الموت فيضاران في الوصية فتجب لهما النار»، ثم قرأ علي أبو هريرة: {من بعد وصية يوصى بها أو دين غير مضار وصية من الله} [النساء: ١٢]ـ إلى قوله ـ {ذلك الفوز العظيم} [المائدة: ١١٩]-

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ٦/ ٢٧٥ : الجواب- دوسرے وارثوں کو محروم کرنے کی نیت سے اپنی ملکیت صرف لڑکیوں کو بخشش کرنا غلط اور موجب گناہ ہے، حدیث میں ہے کہ بعض لوگ تمام عمر خدا کی فرمانبرداری میں گذارتے ہیں لیکن موت کے وقت وارثوں کو محروم کر جاتے ہیں، ایسے لوگوں کو حق تعالی دوزخ میں ڈال دیگا،... ...لہذا بہتر یہی ہے کہ آپ اپنی ملکیت اپنے پاس رکھیں، آپ کے انتقال کے بعد لڑکیوں کو بطور میراث ثلثان (دوحصے) مل جائیں گے اور ایک حصہ دوسرے وارثوں (بھائیوں) کو ملیگا وہ بھی حقدار ہیں، اللہ تعالی نے ان کو حقدار بنایا ہے، اس لئے دل تنگ نہ کیا جائے۔

Scanned by CamScanner

বাবার কেনা অংশ ফুফু থেকে ছেলের কেনা ও মিরাছের হুকুম

প্রশ্ন : আমার দাদা আব্দুল মাজীদ প্রায় ৩০ বছর পূর্বে চার ছেলে ও এক মেয়ে রেখে ইন্তেকাল করেন। ইন্তেকালের পর চার ছেলে মিলে ১/৯ অংশের টাকা দলিল করা ছাড়া বোনকে দিয়ে দেন। এখন প্রায় ৩০ বছর পর যখন তিন ছেলে মারা যায়, শুধু আমার পিতা রহমাতুল্লাহ জীবিত আছেন। এখন ফিরোজা খাতুন আদালতে মামলা দায়ের করে যে আমার সম্পদ দেওয়া হয়নি। আমি আমার সম্পদ চাই। এমতাবস্থায় আমার পিতা ও বাকি তিন ছেলের সন্তানরা ফিরোজা খাতুনকে ডেকে অনেক তর্ক-বিতর্ক হওয়ার পর এ সিদ্ধান্তে উপনীত হয় যে আমরা চার গ্রুপ মিলে চার হাজার করে ১৬ হাজার টাকা দেব, আপনি আমাদের দলিল করে দেবেন। কিন্তু আমার পিতা রহমাতুল্লাহ সাহেব এই সিদ্ধান্ত মানেননি। বরং বলেন, আমি একবার টাকা দিয়েছি, এখন আবার কিসের টাকা দেব, জমি দিলে দে। তখন অবস্থা মারাত্মক হওয়ার আশঙ্কা বিধায় আমি কিছু লোকের সাথে পরামর্শ করে পিতার পক্ষ থেকে চার হাজার টাকা দিয়ে উক্ত তিন গ্রুপের সাথে পিতার অংশ আমার নামে দলিল করে নিই। এখন আমার জানার বিষয় হলো :

(১) প্রায় ৩০ বছরের মধ্যে আমার পিতা রহমাতুল্লাহ সাহেব অনেক জমি বিক্রয় করেন এবং কিছু জমি ক্রয় করেন। এখন আমি ফিরোজা খাতুন থেকে ক্রয়সূত্রে শুধু দাদার থেকে প্রাপ্ত যে জমি বিক্রয় করেনি তার অংশ পাব, নাকি পিতার সমস্ত মালিকানাধীন সম্পদ থেকে তার অংশ পাব?

(২) ফিরোজা খাতুন থেকে প্রাপ্ত সম্পদে মাতা-পিতা ও ভাইদের কোনো হক আছে কি না?

উত্তর : শরীয়তের আইন অনুযায়ী ভাইদের জন্য বোনের হক না দেওয়া মারাত্মক গোনাহ ও বড় অপরাধ। শরীয়ত কর্তৃক তার নির্ধারিত হক দিয়ে দিতে হবে। তবে প্রশ্নের বর্ণনা সত্য হলে তথা চার ভাই মিলে যদি ফিরোজা খাতুনের অংশের টাকা প্রদান করে থাকে, তাহলে ফিরোজা খাতুনের জন্য দ্বিতীয়বার তার সম্পদের দাবি করা জঘন্যতম অপরাধ এবং গোনাহ হবে। এমতাবস্থায় রহমাতুল্লাহ টাকা না দিলেও গোনাহগার হবে না এবং শরীয়ত কর্তৃক সে উক্ত সম্পদের মালিক বলে বিবেচিত হবে, রহমাতুল্লাহ যদি তা সাক্ষ্য-প্রমাণের মাধ্যমে সাব্যস্ত করতে পারে। এমতাবস্থায় ওই সম্পদ অন্য কারো জন্য ক্রয় করাও দুরুস্ত হবে না। পক্ষান্তরে যদি সাক্ষ্য-প্রমাণ না থাকে এমতাবস্থায় রাষ্ট্রীয় আইনের মাধ্যমে বিক্রি করলেও শরয়ী দৃষ্টিকোণে তা সহীহ হবে না। রাষ্ট্রীয় আইনের আওতায় যে ক্রয় করবে সে উক্ত সম্পদের মালিক বলে বিবেচিত হবে, এতে অন্য কারো হক থাকবে না। (১৩/১২৬/৫১৫০)

📖 الفتاوى الهندية (زكريا) ٢٦٨/٤ : إذا كانت التركة بين ورثة فأخرجوا أحدهما منها بمال أعطوه إياه والتركة عقار أو عروض صح قليلا كان ما أعطوه أو كثيرا وإن كانت التركة ذهبا فأعطوه

Scanned by CamScanner

فضة أو كانت فضة فأعطوه ذهبا فهو كذلك لأنه بيع الجنس بخلاف الجنس فلا يشترط التساوي-

📖 الفقه الإسلامى وأدلته ٣٢٤/٥ : يصح الصلح عن حصة الوارث في التركة، وتطبق أحكام البيع، ويسمى هذا الصلح مخارجة. والمخارجة: هي عقد يتصالح فيه أحد الورثة على أن يخرج من التركة، فلا يأخذ نصيبه، نظير مال يأخذه من التركة، أو من غيرها.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٣٢٥/٤ : الأب وابنه يكتسبان في صنعة واحدة ولم يكن لهما شيء فالكسب كله للأب إن كان الابن في عياله لكونه معينا له ألا ترى لو غرس شجرة تكون للأب.

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ٦/ ٥٤٥ : الجواب-آپ چونکہ اپنے والد صاحب کے فوت ہو جانے کے بعد ان کے ترکہ میں حصہ شرعی کے حقدار ہیں اور وہ حصہ آپ کی ملکیت ہے اس لئے آپ کے لئے یہ جائز ہے کہ اپنے حصہ کی جائیداد تقسیم سے قبل یا بعد اپنے بھائیوں میں سے کسی ایک پر فروخت کردیں۔

পিতার সম্পদ সব ছেলেরা সমান পাবে খেদমতগুজার হোক বা না হোক

প্রশ্ন : মাওলানা মোঃ আলী সাহেবের পাঁচ ছেলে। এর মধ্যে আমরা তিন ছেলে আজীবন পিতার কথামতো চলেছি, খেদমত করেছি এবং যৌথ সংসারে টাকা দিয়েছি। কিন্তু মোহাম্মাদুল্লাহ দেশে আয় করে পিতাকে বা সংসারে দেয় না। বিদেশেও আয় করে স্বাধীনভাবে চলছে পিতার অ্যাকাউন্টে দেয়নি। নিজের ছেলেদের অ্যাকাউন্টে দিয়েছে। তার ছেলেমেয়েরা সংসারে ৩৫ বছর পর্যন্ত খেয়ে-পরে বড় হয়েছে। আমরাই তাদের খরচ দিয়েছি। সমান ভাগ নিতে হলে আমাদের ছেলেমেয়েরাও সংসারে তার ছেলেমেয়েদের মতো লালিত-পালিত হয়ে লেখাপড়া করে তাদের মতো শিক্ষিত হবে। তবে আমরা যেভাবে পিতার কথা মেনে চলেছি, পিতাকে কামাই-রোজগার করে দিয়েছি, সেও যদি এভাবে পিতার কথা মানত, দেশ-বিদেশে কামাই করে পিতার অ্যাকাউন্টে বা যৌথ সংসারে দিত তাহলে সেও সমান পেত। কিন্তু সে তো কামিয়ে তার সন্তানদের অ্যাকাউন্টে পাঠিয়েছে, পিতার অ্যাকাউন্টে পাঠানোর কোনো প্রমাণ নেই। সুতরাং উপরোক্ত বর্ণনার ভিত্তিতে মরহুম মাওলানা মোঃ আলী সাহেবের উক্ত দুই ছেলে পিতাকে কামাই-রোজগার না করে দিয়েও স্বাধীনভাবে কামিয়ে স্বাধীনভাবে ছেলে ও বউয়ের অ্যাকাউন্টে পাঠিয়ে স্বাধীনভাবে খরচ করেও কি পিতার সম্পত্তি সবার সমান পেতে পারে? কেননা অন্য ভাইয়েরা উক্ত দুই ভাইয়ের কামাইয়ের পয়সা পিতার

Scanned by CamScanner

অ্যাকাউন্টে না দেওয়ার দরুন পিতার ইন্তেকালের পর পিতার উক্ত দুই ছেলেকে এ কারণে সমান ভাগ দিতে রাজি নয়। মেহেরবানিপূর্বক উক্ত বিষয়টির শরীয়তসম্মত উত্তর দানে কৃতজ্ঞ করবেন।

উত্তর : প্রশ্নের বিস্তারিত বিবরণ পড়ে বোঝা গেল, দুই ছেলে পিতার আর্থিক খিদমত করেনি, অন্যরা যারা পিতার আর্থিক খিদমত করেছে তারা বাবার দু'আ পেয়েছে, সাথে সাথে তাদের আমলনামায় এর সাওয়াবও লেখা হয়েছে, আর যারা করেনি তারা এই ফজীলত ও সাওয়াব থেকে বঞ্চিত রয়েছে। তবে সম্পদ বণ্টনের ব্যাপারে কোনো রকম তারতম্য করা শরীয়তের দৃষ্টিতে দুরুস্ত হবে না, বরং শরীয়তের বিধানুযায়ী বাবার পরিত্যক্ত সম্পদ সব ছেলের মধ্যে সমানভাবে বণ্টন করতে হবে। এটি আল্লাহপ্রদত্ত বিধান, এতে হস্তক্ষেপ করার অধিকার কারো নেই। বিধায় মাওলানা মোঃ আলী সাহেবের পাঁচ ছেলের মধ্যে তার পরিত্যক্ত সম্পদ সমানহারে বণ্টন করতে হবে কাউকে কম দেওয়া যাবে না। (১৩/৪১৮/৫২৮১)

📖 قره عين الأخيار لتكملة رد المحتار (ايچ ايم سعيد) ٨/ ١١٦ :
الإرث جبري لا يسقط بالإسقاط.

নাবালেগ সন্তানের টাকা দিয়ে পিতার নামে কেনা জমির মিরাছের হুকুম

প্রশ্ন : নাবালেগের টাকা দিয়ে পিতা যদি তার নিজের নামে জমি ক্রয় করে, তাহলে এই সম্পত্তির প্রকৃত মালিক কে হবে? তার বাকি ওয়ারিশরা এই সম্পদ থেকে মিরাছ পাবে কি না?

উত্তর : নাবালেগের টাকা পিতা-মাতার নিকট আমানত। তাই নাবালেগের টাকা শুধু নাবালেগের কাজে ব্যবহার করতে হবে। পিতা-মাতা নিজের জন্য নাবালেগের কোনো টাকা-পয়সা ব্যবহার করার অনুমতি নেই। নাবালেগের টাকা দিয়ে পিতা নিজের নামে জমি ক্রয় করতে পারবে না, করলে সে গোনাহগার হবে। এমতাবস্থায় শরয়ী বিধান মতে, উক্ত জমির মালিক ওই নাবালেগই হবে। এতে অন্য কারো হস্তক্ষেপ বৈধ হবে না। (১৩/৬২২/৫৩৬৮)

📖 فتاوى قاضيخان (أشرفيه) ٤/ ٤٤٢ : رجل اشترى لنفسه مال ولده الصغير أو استهلك مال ولده الصغير أو اغتصب حتى وجب عليه الضمان، ذكر الخصاف رحمه الله تعالى أنه لو أفرز من ماله شيئا وأشهد وقال قبضت هذا المال من نفسي لابني الصغير جاز ويصير قابضا.

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ٦٩٦/٥ : لا يجوز أن يهب شيئا من مال طفله ولو بعوض لأنها تبرع ابتداء.

📖 فيه أيضا ٦٩٧/٥ : ولو وهب دارا لابنه الصغير ثم اشترى بها أخرى فالثانية لابنه الصغير-

কারো কাছে রেখে যাওয়া অর্থসম্পদ ও মিরাছ হিসেবে বণ্টন হবে

প্রশ্ন : মরহুম ব্যক্তি বিয়ের পূর্বে চাকরিরত অবস্থায় সংসারের যে সকল আসবাব অথবা অন্য সামগ্রী ক্রয় করে অথবা ক্রয় করতে নগদ অর্থ দেয়, যদি নির্দিষ্টভাবে কাউকে দান অথবা মালিকানা করে না দিয়ে থাকে, সংসারের একজন অথবা সকলেই তা ব্যবহার করে, তবে মৃত্যুর পর শরীয়ত অনুযায়ী সব ওয়ারিশের মধ্যেই বণ্টন হবে কি না? তাতে স্ত্রীর কি হক আছে? কোনো লোক মৃত্যুর পূর্বে যদি কোনো টাকা ওয়ারিশগণের কারো কাছে রেখে যায় অথবা দিয়ে যায় কিন্তু কাউকে মালিকানা না করে, তবে সেই টাকার ব্যাপারে শরীয়তের কী হুকুম? শরীয়ত অনুযায়ী ওয়ারিশদের যদি হক আদায় না করে তবে কি গোনাহ হবে? কী ধরনের গোনাহ হবে?

উত্তর : প্রশ্নে বর্ণিত মরহুম ব্যক্তির রেখে যাওয়া আসবাব ও অন্য সামগ্রী শরীয়ত অনুযায়ী সব ওয়ারিশের মধ্যেই বণ্টন হবে। এতে স্ত্রীর জন্যও হক রয়েছে। যদি মরহুম ব্যক্তির কোনো সন্তান না থাকে তাহলে স্ত্রী মোট সম্পদের এক-চতুর্থাংশ পাবে। আর যদি সন্তান থাকে তাহলে স্ত্রী মোট সম্পদের এক-অষ্টমাংশ পাবে। তদ্রূপ শরীয়তের দৃষ্টিতে মরহুমের রেখে যাওয়া টাকার হুকুমও অনুরূপ। অর্থাৎ ওয়ারিশদের মধ্যে বণ্টিত হবে। শরীয়ত অনুযায়ী ওয়ারিশদের হক আদায় না করলে কবীরা গোনাহ হবে। যেহেতু ওয়ারিশদের হক কোরআন কর্তৃক নির্ধারিত। (১৩/৭১৪/৫৪৩৫)

📖 سورة النساء الآية ١١، ١٢ : ﴿يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا فَرِيضَةً مِنَ اللَّهِ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا ۝ وَلَكُمْ نِصْفُ مَا تَرَكَ أَزْوَاجُكُمْ إِنْ لَمْ يَكُنْ لَهُنَّ وَلَدٌ فَإِنْ كَانَ لَهُنَّ وَلَدٌ فَلَكُمُ الرُّبُعُ مِمَّا تَرَكْنَ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِينَ بِهَا أَوْ دَيْنٍ وَلَهُنَّ الرُّبُعُ مِمَّا تَرَكْتُمْ إِنْ لَمْ يَكُنْ لَكُمْ وَلَدٌ فَإِنْ كَانَ لَكُمْ وَلَدٌ

Scanned by CamScanner

﴿فَلَهُنَّ الثُّمُنُ مِمَّا تَرَكْتُمْ مِنْ بَعْدِ وَصِيَّةٍ تُوصُونَ بِهَا أَوْ دَيْنٍ وَإِنْ كَانَ رَجُلٌ يُورَثُ كَلَالَةً أَوِ امْرَأَةٌ وَلَهُ أَخٌ أَوْ أُخْتٌ فَلِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ فَإِنْ كَانُوا أَكْثَرَ مِنْ ذَلِكَ فَهُمْ شُرَكَاءُ فِي الثُّلُثِ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصَى بِهَا أَوْ دَيْنٍ غَيْرَ مُضَارٍّ وَصِيَّةً مِنَ اللَّهِ وَاللَّهُ عَلِيمٌ حَلِيمٌ﴾

📖 سنن أبي داود (دار الحديث) ٣/ ١٥٤١ (٣٥٦٥) : عن شرحبيل بن مسلم، قال: سمعت أبا أمامة، قال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: " إن الله عز وجل قد أعطى كل ذي حق حقه، فلا وصية لوارث، ولا تنفق المرأة شيئا من بيتها إلا بإذن زوجها، فقيل: يا رسول الله، ولا الطعام، قال: «ذاك أفضل أموالنا» ثم قال: «العور مؤداة، والمنحة مردودة، والدين مقضي، والزعيم غارم» -

মরহুমের গর্ভবতী স্ত্রীর সন্তান প্রসবের পূর্বে মিরাছ বণ্টন করা

প্রশ্ন : এক ব্যক্তি মৃত্যুকালে কয়েকজন সন্তানকে এবং স্ত্রীকে গর্ভবতী অবস্থায় রেখে যান। এখন সন্তানগণ পিতার সম্পত্তি ভাগ করতে চায়। প্রশ্ন হলো, স্ত্রীর গর্ভের সন্তান ভূমিষ্ঠ হওয়ার পূর্বে সম্পত্তি ভাগ করা জায়েয হবে কি? জায়েয হলে গর্ভের যে সন্তান আছে তাকে কি সন্তান ধরে ভাগ করবে? ছেলে না মেয়ে?

উত্তর : সন্তান ভূমিষ্ঠ হওয়ার পূর্বেও সম্পত্তি বণ্টন করা জায়েয। এ অবস্থায় গর্ভের সন্তানকে ছেলে গণ্য করে সম্পদ বণ্টন করা হবে। তবে ঝামেলামুক্ত থাকার জন্য গর্ভ ভূমিষ্ঠ হওয়ার পর বণ্টন করা উত্তম। কারণ অনেক ক্ষেত্রে যমজ সন্তান হওয়ারও সম্ভাবনা থাকে। (১৩/৮৪১/৫৪৩১)

📖 الفقه الإسلامى وأدلته (دار الفكر) ٤١٢/٨ : ورأى الجمهور: أن التركة تقسم من غير انتظار الولادة، منعاً من إضرار الورثة، ومنع المالك من الانتفاع بملكه، ويؤخذ كفيل من الورثة، احتياطاً لحق الحمل من الضياع.

📖 فيه أيضا ٤١٤/٨ : يوقف للحمل من تركة المتوفى أكبر النصيبين على تقدير أنه ذكر أو أنثى -

📖 احسن الفتاوی (سعید) ۹/ ۳۳۴ : تقسیم ترکہ میں بہتر تو یہ ہے کہ حمل کی پیدائش کا انتظار کرلیں تاکہ اس کا وارث یا غیر وارث اور مرد یا عورت ہونا ظاہر ہو جائے، لیکن اگر انتظار نہ کریں اور پیدا ہونے سے پہلے ہی تقسیم کرنا چاہیں، تو حمل کے لئے بتقدیر ذکورۃ و

Scanned by CamScanner

انو میہ جدا جدا دو مسئلے نکالیں، حمل کے سوا باقی وارثوں کو جس صورت میں کم ملے وہ ان کو دے کر مسئلہ سے جو باقی بچے وہ حمل کے لئے امانت رکھیں۔ ایک حمل سے زیادہ بچے پیدا ہو جانے کا بھی احتمال ہے اس لئے بہتر ہے کہ وارثوں سے ضامن لے لیا جائے۔

হেবা করা সম্পত্তি ও হজের জন্য রাখা জমিতে ওয়ারিশদের দাবি

প্রশ্ন : আমার পিতা মরহুম কারী ছফিউল্যাহ সাহেবের দুই পরিবার ছিল। তাঁর মৃত্যুর ৭-৮ বছর পর নিজ বংশীয় বিজ্ঞ আলেম ও গণ্যমান্য লোকজনের পরামর্শক্রমে এবং তাঁদের উপস্থিতিতে দুই পরিবারের মধ্যে তাঁর স্থাবর সম্পত্তি বণ্টন করে দেন। উক্ত বণ্টননামায় উল্লিখিত আলেম ও গণ্যমান্য সালিসদার দস্তখত ও ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক দস্তখত নেওয়া হয়েছে। উক্ত বণ্টনকৃত সম্পদ তিনি ভোগদখলের জন্য আমাদের বুঝিয়ে দেন। উল্লেখ্য, আমার পিতার স্থাবর সম্পত্তি কিছু চাঁদপুর জেলার শাহরাস্তি থানার শিমুলিয়া গ্রামে আর কিছু খুলনা জেলার সদরে। আমাকে (প্রথম পক্ষকে) চাঁদপুর জেলার গ্রামের বাড়ির চাষাবাদের জমির কিছু অংশ দিয়ে যান। দ্বিতীয় পক্ষকে খুলনা সদরের বাড়ির দোকান ও জায়গা এবং দেশের চাষাবাদ জমি থেকে কিছু অংশ দিয়ে যান। আমি (প্রথম পক্ষ) দীর্ঘ ২৪-২৫ বছর যাবৎ ভোগ করে আসছি। তথা বাড়িতে বসবাস, চাষাবাদ, বাগবাগিচা লাগানো ও পুনর্নির্মাণকাজ করে আসছি। ভোগ দখলসূত্রে ২৬/১২/৮৯ ইং বাংলাদেশে সরকারের মাঠ জরিপের কাগজেও আমার নাম হয়। অন্যদিকে দ্বিতীয় পক্ষের একটি জমি আমার পিতা তাদের প্রয়োজনে আমার নিকট বিক্রি করেন। উক্ত জমির রেজিস্ট্রি দলিলে তিনিও উক্ত বণ্টননামার কথা স্বীকার করেন।

দীর্ঘ ২৪ বছর পর দ্বিতীয় পক্ষের ছেলেরা দাবি করছে যে আমার পিতা নাকি তাদের মাকে আমাদের অংশের বাড়িতে অর্ধাংশ দান করেছেন। অথচ এ বিষয়ে আমাদের পিতা কোনো দিন বলেননি এবং তাদের মাও এরূপ দাবি করেনি যে তার স্বামী তাকে বাড়ির অর্ধাংশ দান করেছেন। কিন্তু তার মৃত্যুর পর ছেলেরা দাবি করছে। উক্ত দাবি কতটুকু গ্রহণযোগ্য, তাও আলোচ্য বিষয়। অন্যদিকে আমার পিতা হজের জন্য অসিয়ত করে একখানা জমি তাঁর বড় জামাতার জিম্মায় হজ করার জন্য দিয়ে যান। বর্তমানে তা আমার জিম্মায় আছে। তাঁরা উভয়ে ইন্তেকাল করেছেন। আমার আছে পিতার জিম্মায় হজের হুকুম ছিল না।

শরীয়তের আলোকে উক্ত বণ্টননামা কার্যকর হবে কি না? হয়ে থাকলে এক পক্ষের বণ্টনকৃত সম্পদ তাদের অগোচরে অন্য পক্ষকে দান করলে তা কতটুকু বৈধ হবে এবং হজের জন্য রাখা জমির শরীয়তের বিধান কী?

উত্তর : হেবা তথা দানপত্র কার্যকর হওয়ার জন্য শরীয়ত কর্তৃক নির্ধারিত শর্ত হলো, দানকৃত সম্পদ যাদের দান করা হয় তাদের ভোগদখলে দিয়ে দেওয়া। যেহেতু প্রশ্নে

Scanned by CamScanner

উক্ত শর্ত বাস্তবায়িত হওয়ার বিবরণ দেওয়া হয়েছে বিধায় আপনার পিতার জীবদ্দশায় সম্পদের বণ্টননামা শরীয়তের আলোকে কার্যকর হবে। দ্বিতীয় পক্ষের ছেলেদের দাবি, পিতা তাদের মাকে বাড়ির অর্ধাংশ দান করা হলেও পিতার জীবদ্দশায় ভোগদখলে না দেওয়ার কারণে উক্ত হেবা দান শরীয়তের আলোকে গ্রহণযোগ্য হবে না। আর আপনার পিতার হজের জন্য অসিয়তকৃত রেখে যাওয়া জমি মূল সম্পদের এক-তৃতীয়াংশের বেশি না হলে ওই জমি বিক্রি করে হজ করতে হবে। অন্যথায় এক-তৃতীয়াংশ পরিমাণ বিক্রি করে হজ আদায় করতে হবে। (১৬/৮৩৬/৬৮৩৩)

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٤٢٤ : وإن وهب له الدار والمتاع جميعا وخلى بينه وبينهما صح فيهما جميعا، هكذا في الجوهرة النيرة.

📖 الموسوعة الفقهية الكويتية ٤٢/ ١٣٣ : الأصل أن المناولة والأخذ إقباض وقبض، كذلك تكون التخلية قبضا إذا خلى الواهب بين الموهوب له والشيء الموهوب.

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

বণ্টনের আগেই কিছু সম্পদ ভোগদখলে নেওয়া

প্রশ্ন : জনৈক হাজী সাহেব ও তার স্ত্রী মারা যায়। তাদের ১০০ বিঘার মতো সম্পত্তি আছে। তাদের ওয়ারিশদের মধ্যে এক ছেলে ও তিন মেয়ে ছিল। ছেলেটি বিভিন্ন টালবাহানা করে মেয়েদের পিতা-মাতার মিরাছ থেকে বঞ্চিত করার চেষ্টা করে যাচ্ছে। মেয়েদের পক্ষে ছোট মেয়ের জামাতা আনুমানিক ২৭ বছর ধরে কোর্টে মামলা চালাতে থাকে। ইতিমধ্যে মেয়েরা সম্মিলিতভাবে কিছু সম্পত্তি নামেমাত্র মূল্যে বিক্রি করেছে। কিন্তু ছোট মেয়ের জামাতা আনুমানিক ১০ বছর যাবৎ এককভাবে কিছু জমি ভোগ করতে থাকে। এখন প্রশ্ন হলো, মিরাছ বণ্টন হওয়ার পূর্বে ওয়ারিশদের মধ্যে এককভাবে কেউ সম্পদের কোনো অংশ ভোগ করতে পারবে কি না? যেহেতু মূল সম্পদে তার পাওনা আছে।

উত্তর : মরহুমের স্থাবর-অস্থাবর ত্যাজ্য সম্পত্তি হতে তার দাফন-কাফন ঋণ আদায়করত অবশিষ্ট সম্পদ তার ওয়ারিশদের মাঝে শরীয়তের মুহাম্মদী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর বিধান অনুযায়ী বণ্টন করে দেবে। ওয়ারিশদের প্রাপ্য অংশ না দেওয়ার চেষ্টা করা এবং ওয়ারিশদের হক নিজে ভোগ করা সম্পূর্ণ হারাম মারাত্মক গোনাহ। মেয়েদের প্রাপ্য অংশ বণ্টন করার পূর্বে যৌথ থাকা অবস্থায় অংশীদারদের

Scanned by CamScanner

অনুমতি ছাড়া কোনো মেয়ের একা ভোগ করাও শরীয়তসম্মত নয়। কারণ এতে সকলের অংশ রয়েছে। (১৬/৫১১/৬৫৯৮)

📖 الفتاوى الخانية بهامش الهندية (زكريا) ٣/ ٦١٦ : ولا يجوز لأحد شريكي الملك أن يتصرف في المشترك بغير إذن الشريك تصرفا يتضرر به الشريك-

📖 الدر المختار (سعيد) ٦ /٢٦٨ : (بنى أحدهما) أي أحد الشريكين (بغير إذن الآخر) في عقار مشترك بينهما (فطلب شريكه رفع بنائه قسم) العقار (فإن وقع) البناء (في نصيب الباني فبها) ونعمت (وإلا هدم) البناء، وحكم الغرس كذلك بزازية.

বোনদের সম্পত্তি ভোগ করার বিভিন্ন বাহানা

প্রশ্ন : মৃত লোকের মেয়েদের অনুমতি ছাড়া ছেলেদের সম্পূর্ণ সম্পত্তি ভোগ করার অনুমতি আছে কি না? মেয়েরা অংশ দাবি করবে বলে, সমাজে কত মানুষ মারা গেল, তারা ভাই বেঁচে থাকা পর্যন্ত অংশের দাবি করে নিতে পারেনি। তোমাদের এতই অমানবিক সাহস কোত্থেকে আসে। আর অনেক পরিবারের মেয়েরা ভাইদের রাজি রাখার জন্য হকের জোরদার দাবি করে না। অথচ তারা অনেক কষ্টে দিন যাপন করে, ভাইয়েরা তাদের কষ্টে তেমন দুঃখিত হয় না। আবার কোনো পরিবারে সম্পত্তি কৌশল করে বাধ্য করে বোনদের কাছ থেকে জমি ক্রয় করে, যাতে বোন অংশের দাবি না করে এবং তাদের মন যেন সম্পত্তির দিকে না থাকে। অপারগ হওয়ার কারণে অংশের দাবি করে না। আবার কোন সময় ঝগড়া বেধে দেয়। কোন পরিবারে বাহানা অজুহাত পেশ করে। এ ব্যাপারে শরীয়তে হুকুম কী?

উত্তর : মৃত ব্যক্তির ছেলেরা যেমন পিতার সম্পদের ওয়ারিশ, মেয়েরাও তেমন ওয়ারিশ। কোরআন-হাদীসের দৃষ্টিতে ছেলেমেয়েদের প্রাপ্য অংশের তারতম্য থাকলেও উভয়ের অধিকারে ও মালিকানায় কোনো ধরনের তারতম্য নেই। তাই মৃত লোকের মেয়েদের অনুমতি ছাড়া সব সম্পদ ছেলেদের ভোগ করা জুলুম ও অনধিকার চর্চার শামিল হওয়ায় তা হারাম। কোনো ধরনের কৌশল গ্রহণে বা বাধ্যগত পন্থা সৃষ্টি করে বোনদের অংশ ক্রয় করে নেওয়াও সম্পূর্ণ জুলুম হবে। যেহেতু এ ধরনের কর্মকাণ্ড জাহেলী যুগের বর্বরতার অনুসরণের শামিল, তাই কোরআন-হাদীসের বর্ণনা অনুযায়ী বোনদের অংশ বিন্দুমাত্র হলেও তা বোনদের প্রদান করা ঈমানী কর্তব্য। উপরন্তু যত দিন এসব সম্পদ এককভাবে দখল করে যা উপার্জন করবে, বোনের অংশের উপার্জন বোনদেরকেই প্রদান করতে হবে। অন্যথায় পরকালে ভয়ংকর এবং কঠিন শাস্তির

Scanned by CamScanner

সম্মুখীন হতে হবে। তবে মেয়েরা তাদের অংশ ভাইদের দিয়ে দিতে চাইলে প্রথমে তাদের অংশ বুঝে নিতে হবে। অতঃপর স্বেচ্ছায় বিক্রিও করতে পারে বা নিজেও ভোগ করতে পারে। (১৬/৮৪০/৬৮২৪)

📖 سورة النساء الآية ٢٩ : ﴿يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَأْكُلُوا أَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ إِلَّا أَنْ تَكُونَ تِجَارَةً عَنْ تَرَاضٍ مِنْكُمْ وَلَا تَقْتُلُوا أَنْفُسَكُمْ إِنَّ اللهَ كَانَ بِكُمْ رَحِيمًا﴾

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١١/ ٤٥ (١٦١١) : عن أبي هريرة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «لا يأخذ أحد شبرا من الأرض بغير حقه، إلا طوقه الله إلى سبع أرضين يوم القيامة» -

📖 احسن الفتاوی(سعید) ۹/ ۲۸۱ : جہاں بھائیوں سے حصہ نہ لینے کا دستور ہو وہاں طیب خاطر کا یقین نہ ہونے کی وجہ سے عوض دیکر حصہ میراث روکنا جائز نہیں، بلکہ طیب خاطر کا یقین ہونے کی صورت میں بھی چونکہ اس سے رسم جاہلیت اور ظلم عظیم کی تائید ہوتی ہے اس لئے جائز نہیں۔

বোন নিজের অংশ ভাইকে দিয়ে দিলে আর দাবি করতে পারবে না

প্রশ্ন : পিতার মিরাছ বোনেরা মাফ করে দিলে আর কোনো দাবি থাকবে কি না?

উত্তর : পিতার সম্পত্তি বণ্টন করে বোনদের অংশ বুঝিয়ে দেওয়ার পর বোনেরা যদি তা কাউকে মালিক বানিয়ে দখলদারিত্ব বুঝিয়া দেয়, তবে পুনরায় মালিকানার দাবি করা শরীয়তসম্মত হবে না। (১৬/১৯৬/৬৩৯২)

📖 الفتاوى الهندية (زكريا) ٤ / ٣٧٦- ٣٧٧ : ولا تصح في مشاع يقسم ويبقى منتفعا به قبل القسمة وبعدها، هكذا في الكافي. ويشترط أن يكون الموهوب مقسوما ومفرزا وقت القبض لا وقت الهبة بدليل أنه لو وهب له نصف الدار شائعا ولم يسلم حتى وهب النصف الآخر وسلم الكل تجوز، كذا في الظهيرية.ولو وهب نصف الدار لرجل وسلم ثم وهب النصف الباقي وسلم لا تجوز وكلتاهما فاسدتان، هكذا في النهاية.ولا يتم حكم الهبة إلا مقبوضة ويستوي فيه الأجنبي والولد إذا كان بالغا، هكذا في المحيط.

Scanned by CamScanner

📖 غمز عيون البصائر (دار الكتب العلمية) ٣/ ٣٥٤ : قوله: لو قال الوارث: تركت حقي إلخ. اعلم أن الإعراض عن الملك أو حق الملك ضابطه أنه إن كان ملكا لازما لم يبطل بذلك كما لو مات عن ابنين فقال أحدهما: تركت نصيبي من الميراث لم يبطل لأنه لازم لا يترك بالترك بل إن كان عينا فلا بد من التمليك وإن كان دينا فلا بد من الإبراء-

📖 فتاوی محمودیہ (ادارۂ صدیق) ۲۰ / ۲۳۸ : الجواب- محض نہ لینے سے وارث کی ملک مال مورث سے زائل نہیں ہوتی، لہذا اگر ہندہ وغیرہ نے باب اللہ کو اپنا حصہ ہبہ کرکے باقاعدہ قبضہ کرادیا تھا تب تو ہندہ کے ورثاء کو باب اللہ کے ورثاء سے اس کے لینے کا حق حاصل نہیں اور اگر باقاعدہ ہبہ نہیں کیا تو پھر حق حاصل ہے۔

হেবা সম্পত্তিতে ওয়ারিশদের দাবি অগ্রাহ্য

প্রশ্ন : পিতার ইন্তেকালের পর বোন পৈতৃক সম্পত্তি তার দুই ভাইকে মৌখিক হেবা করে। বোন ইন্তেকালের পর তার একমাত্র সন্তান (ছেলে) উক্ত হেবাকে বলবৎ রাখে। সেই ছেলের ইন্তেকালের পর হেবাকৃত সম্পত্তি মরহুমার নাতিরা পাবে কি না?

উত্তর : পিতার ইন্তেকালের পর বোন পৈতৃক সম্পত্তি তার দুই ভাইকে মৌখিক হেবা করার পর তাদের ভোগদখলকে মেনে নেওয়ার কারণে হেবা সম্পূর্ণ হয়ে যায় বিধায় বোনের ছেলেরা বা নাতিরা হেবাকৃত সম্পত্তি হতে অংশ পাবে না। (১৫/৩৭৮/৬০৯৮)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل (ولو الموهوب شاغلا لملك الواهب لا مشغولا به) والأصل أن الموهوب إن مشغولا بملك الواهب منع تمامها-

📖 کفایت المفتی (دار الاشاعت) ٨/ ١٦٤ : جواب-اگر ہندہ نے وہ حصۂ جائداد عمرو کو ہبہ کرکے قبضہ دیدیا تھا تو بیشک وہ عمرو کی ملک میں داخل ہوگا، مگر قبضہ سے مراد یہ ہے کہ حصۂ موہوبہ کو اپنی جائداد سے علیحدہ متمیز کردیا ہو کیونکہ مشاع کا ہبہ صحیح نہیں ہے اور اپنا قبضہ اس پر سے اٹھالیا ہو، بعد ملک وہبۂ صحیحہ کے ثبوت کے پھر کسی وارث کو حق دعوی نہ ہوگا۔

Scanned by CamScanner

পৈতৃক সম্পত্তি আনতে স্ত্রীকে বাধ্য করা

প্রশ্ন : কোনো স্ত্রী যদি তার পিতার বাড়ি থেকে মিরাছ না নেয়, সে ক্ষেত্রে স্বামী তাকে নিতে বাধ্য করতে পারবে কি না? যদি মিরাছ প্রাপ্য থেকে কম দেয় সে ক্ষেত্রে পরিপূর্ণ আনতে বাধ্য করতে পারবে কি না?

উত্তর : মেয়েদের মিরাছ শরীয়ত কর্তৃক নির্ধারিত তার প্রাপ্য হক। সুতরাং তার প্রাপ্য হকের ব্যাপারে সে স্বাধীন। সে স্বেচ্ছায় উক্ত হক নিতে না চাইলে স্বামীর জন্য তাকে বাধ্য করা জায়েয হবে না। তবে স্বামীর সুপরামর্শ গ্রহণ না করলে পরস্পর মনোমালিন্যের প্রবল সম্ভাবনা থাকাবস্থায় স্বামীর পরামর্শ এড়িয়ে যাওয়া উচিত হবে না। উল্লেখ্য, ওয়ারিশদেরকে বঞ্চিত করার লক্ষ্যে অন্যকে সম্পত্তি দিয়ে দেওয়া (হেবা) গোনাহ। (১০/৩৫০/৩১৩১)

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ٩٠٢ (٢٧٠٣) : عن أنس بن مالك قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من فر من ميراث وارثه، قطع الله ميراثه من الجنة يوم القيامة».

📖 أحكام الأحوال الشخصية فى الشريعة ص ١٢٠ : وبالجملة ليس للزوج ولاية على مال الزوجة مطلقا إلا بتوكيل منها إن كانت أهلا لتوكيله أو بتوكيل ممن له حق الولاية على مالها إن كانت فاقدة الأهلية أو قاصرتها فلو استوى زوجها على شيئ من مالها بدون إذنها فهو غاصب والشريعة توجب عليه أن يرده إليها -

📖 تحفۂ زوجین ص ٦٣ : اگر خاوند عورت کے مملوک مال میں جائز موقع میں خرچ کرنے سے روکے تو عورت کو اس کے حکم کی تعمیل واجب نہیں جبکہ بغیر کسی شرعی وجہ کے روکے لیکن یہ ضروری ہے کہ آپس میں فساد کرنا اچھا نہیں اس لئے حتی الامکان خوب موافقات سے رہنا چاہئے۔

আগে বা পরে মৃত্যুবরণকারী প্রমাণিত না হলে মিরাছ পাবে না

প্রশ্ন : ১৯৭১ সালে স্বাধীনতাযুদ্ধের সময় আমার দাদা হযরত মাওলানা এ কে দেওয়ান বাহরুল উলূম সাহেব এবং আমার পিতা জুলকারনাইন সাহেবকে আমাদের গ্রামের বাজার থেকে কিছু দুর্বৃত্ত ধরে নিয়ে যায়। এর দুই-তিন দিন পর আমার দাদার মৃতদেহ পাওয়া যায়, কিন্তু আমার পিতার মৃতদেহ পাওয়া যায়নি। এমতাবস্থায় কে আগে মারা গেছে তার প্রমাণ পাওয়া যায়নি। এ ক্ষেত্রে ইসলামী শরীয়ত মোতাবেক আমি আমার দাদার/বাবার অংশীদার কি না?

Scanned by CamScanner

উত্তর : শরীয়তের দৃষ্টিতে দুই বা ততধিক লোক যদি একই দুর্ঘটনায় মারা যায় এবং কে আগে মারা গেছে, এ ব্যাপারে কোনো তথ্য না থাকে তাহলে মৃতরা পরস্পর একে-অপরের কাছ থেকে মিরাছ পাবে না। সে হিসেবে আপনার বাবা আপনার দাদার কাছ থেকে মিরাছ সূত্রে কিছু পাবে না। তদ্রূপ মৃত ব্যক্তির ছেলে জীবিত থাকলে নাতিরা মিরাছ পাবে না। তবে আপনার পিতার নিজস্ব কোনো সম্পত্তি থেকে থাকলে তা তার এক ছেলে (আপনার) ও স্ত্রীর মাঝে বন্টন হবে। (১৬/৯৪৩)

📖 الفتاوى الهندية (زكريا) ٦/ ٤٥٧ : إذا مات جماعة من الغرق والحرق ولا يدرى أيهم مات أولا جعلوا كأنهم ماتوا جميعا معا فيكون مال كل واحد منهم لورثته ولا يرث بعضهم بعضا إلا إذا عرف ترتيب موتهم فيرث المتأخر من المتقدم، وكذا الحكم إن ماتوا بانهدام الجدار عليهم أو في المعركة ولا يدرى أيهم مات أولا، كذا في التبيين مثاله أخوان غرقا ولكل واحد تسعون دينارا وخلف بنتا وأما وعما فعند عامة العلماء - رحمهم الله تعالى - يقسم تركة كل واحد بين الأحياء من ورثته البنت والأم والعم على ستة، ولا يرث أحدهما من الآخر وإن علم موت أحدهما أولا ولا يدرى أيهم هو أعطي كل واحد اليقين ووقف المشكوك حتى يتبين أو يصطلحوا، كذا في خزانة المفتين.

📖 رد المحتار (سعيد) ٦/ ٧٩٨ : (قوله: إلا إذا علم إلخ) اعلم أن أحوالهم خمسة على ما في سكب الأنهر وغيره. أحدها: هذا وهو ما إذا علم سبق موت أحدهما ولم يلتبس فيرث الثاني من الأول ثانيها: أن يعرف التلاحق ولا يعرف عين السابق ثالثها: أن يعرف وقوع الموتين معا رابعها: أن لا يعرف شيء ففي هذه الثلاثة لا يرث أحدهما من الآخر شيئا خامسها: أن يعرف موت أحدهما أولا بعينه ثم أشكل أمره بعد ذلك وسيأتي الكلام عليه اهـ ومثله في الدر المنتقى -

মেয়েদের সাথে মরহুমের চাচাতো ভাই কখন মিরাছ পাবে

প্রশ্ন : আমার এক নিকটতম আত্মীয় জনাব এ এম মোহাম্মদ বদিউল আলম সাহেব ১৫-১৬ বছর আগে ইন্তেকাল করেন। ইন্তেকালের সময় তিনি এক স্ত্রী ও পাঁচ

Scanned by CamScanner

কন্যাসন্তান রেখে যান। তারা এ যাবৎকাল মরহুমের সম্পত্তি নির্বিঘ্নে ভোগ করে আসছিল। কিছুদিন যাবৎ মরহুমের একজন চাচাতো ভাই মরহুমের সম্পত্তির ইসলামী শরীয়ত মোতাবেক মালিক বলে দাবি করছে, যা নিষ্পত্তির জন্য উপজেলা চেয়ারম্যানের কোর্টে বিচারাধীন। সে মতে আপনার নিকট আমার আরজ, ইসলামী শরীয়াহ মোতাবেক উক্ত চাচাতো ভাইয়ের মরহুমের ত্যাজ্য সম্পত্তিতে কোনো হক আছে কি না? তা লিখিত আকারে ফাতওয়া দিয়ে বাধিত করবেন।

উত্তর : মরহুম এ এম বদিউল আলম সাহেবের স্থাবর-অস্থাবর সম্পত্তি থেকে তার স্ত্রী ও পাঁচ কন্যাকে ইসলামী শরীয়াহ মোতাবেক তাদের নির্দিষ্ট অংশ বণ্টনের পর যদি মরহুমের পূর্বপুরুষগণ তথা বাপ-দাদা প্রমুখ, অথবা ভাই-ভাতিজা ও তাদের পরবর্তী বংশধর এবং চাচা কেউ মৃত্যুকালে জীবিত না থাকে প্রশ্নে উল্লিখিত চাচাতো ভাই ওয়ারিশ হিসেবে অবশিষ্ট অংশের হকদার হবে, অন্যথায় হকদার হবে না। (১৬/১২৩/৫৪৩৭)

📖 الدر المختار (سعيد) ٧٧٣/٦ : (يحوز العصبة بنفسه وهو كل ذكر) فالأنثى لا تكون عصبة بنفسها بل بغيرها أو مع غيرها (لم يدخل في نسبته إلى الميت أنثى) فإن دخلت لم يكن عصبة كولد الأم فإنه ذو فرض وكأبي الأم وابن البنت فإنهما من ذوي الأرحام (ما أبقت الفرائض) أي جنسها (وعند الانفراد يحوز جميع المال) بجهة واحدة. ثم العصبات بأنفسهم أربعة أصناف جزء الميت ثم أصله ثم جزء أبيه ثم جزء جده (ويقدم الأقرب فالأقرب منهم) بهذا الترتيب فيقدم جزء الميت (كالابن ثم ابنه وإن سفل ثم أصله الأب ويكون مع البنت) بأكثر (عصبة وذا سهم) كما مر (ثم الجد الصحيح) وهو أبو الأب (وإن علا) وأما أبو الأم ففاسد من ذوي الأرحام (ثم جزء أبيه الأخ) لأبوين (ثم) لأب ثم (ابنه) لأبوين ثم لأب (وإن سفل) تأخير الإخوة عن الجد وإن علا قول أبي حنيفة وهو المختار للفتوى -

📖 فيه أيضا ٦/ ٧٧٩ : ثم شرع في الحجب فقال (ولا يحرم ستة) من الورثة (بحال) ألبتة (الأب والأم والابن والبنت) أي الأبوان والولدان (والزوجان) وفريق يرثون بحال، ويحجبون حجب الحرمان بحال أخرى وهم غير هؤلاء الستة سواء كانوا عصبات أو ذوي فروض وهو مبني على أصلين أحدهما (أنه يحجب الأقرب ممن سواهم الأبعد) لما مر أنه يقدم الأقرب فالأقرب اتحدا في

Scanned by CamScanner

السبب أم لا (و) الثاني (أن من أدلى بشخص لا يرث معه) كابن الابن لا يرث مع الابن (إلا ولد الأم) فيرث معها لعدم استغراقها للتركة بجهة واحدة (والمحروم) كابن كافر أو قاتل (لا يحجب عندنا أصلا (ويحجب المحجوب) اتفاقا كأم الأب تحجب بالأب.

📖 فتاوی محمودیہ (ادارۂ صدیق) ۲۰ / ۵۲۰

লিঙ্গ পরিবর্তন হলে মিরাছ কতটুকু পাবে

প্রশ্ন : আমাদের এলাকায় এক ব্যক্তি পুরুষরূপে জন্মগ্রহণ করে এবং পর্যায়ক্রমে সে বালেগ হয়। সে পিতার তিন মেয়ে ও দুই ছেলের মাঝে সবার ছোট। এমতাবস্থায় তার পিতা ইন্তিকাল করে। তার সে ছেলেটি আল্লাহর কুদরতে মেয়ে হয়ে যায় এবং তার আকৃতি সম্পূর্ণ পরিবর্তন হয়ে মেয়ের আকৃতি ধারণ করে। প্রশ্ন হলো, এ ছেলেটি (যে বর্তমানে মেয়ে) তার বোনের দ্বিগুণ সম্পদ পাবে, না বোনদের সমপরিমাণ সম্পদ পাবে?

উত্তর : ইসলামী শরীয়তের আলোকে মৃতের মিরাছী সম্পদ ওয়ারিশগণের অংশ নির্ধারিত হয় মৃত্যুকালীন তাদের অবস্থার ওপর ভিত্তি করে। প্রশ্নোক্ত মেয়েটি যেহেতু তার বাবার মৃত্যুকালে ছেলেই ছিল। তাই সে হিসেবে বোনদের দ্বিগুণ সম্পদ পাবে। (১৬/২৬৩/৬৪৭০)

📖 الدر المختار (سعيد) ٦ /٧٦٧ : كافر مات عن زوجته حاملا ووقفنا ميراث الحمل فأسلمت ثم ولدت ورث الولد ولم أره لأئمتنا صريحا (و) الرابع (اختلاف الدارين) فيما بين الكفار عندنا.

📖 رد المحتار (سعيد) ٦ /٧٦٧ : قوله ولم أره لأئمتنا صريحا) أقول: قيد بقوله صريحا لأن كلامهم يدل عليه دلالة ظاهرة فمنه قولهم إرث الحمل فأضافوا الإرث إليه وهو حمل، وأما اشتراطهم خروجه حيا، فلتحقق وجوده عند موت مورثه، ومن ثم قيل لنا: جماد يملك وهو النطفة.

📖 وفي حاشية الحموي عن الظهيرية: متى انفصل الحمل ميتا إنما لا يرث إذا انفصل بنفسه، وأما إذا فصل فهو من جملة الورثة، بيانه إذا ضرب إنسان بطنها فألقت جنينا ميتا ورث، لأن الشارع أوجب على الضارب الغرة وجوب الضمان بالجناية على الحي دون

Scanned by CamScanner

الميت فإذا حكمنا بالجناية كان له الميراث ويورث عنه نصيبه، كما يورث عنه بدل نفسه وهو الغرة اهـ أقول: فقد جعلوه وارثا وموروثا، وهو جنين قبل انفصاله، ومعلوم أنه حين موت مورثه لم يكن مسلما فلم يوجد المانع حين استحقاقه الإرث، وإنما وجد بعده فكان كمن أسلم بعد موت مورثه الكافر، فلم يكن في الحقيقة إرث مسلم من كافر بل هو إرث كافر من كافر. نعم يتصور عندنا إرث المسلم من الكافر في مسألة المرتد-

কোনো সন্তানকে জমি বিক্রি করে টাকা দিলে সে মিরাছ থেকে বঞ্চিত হবে না

প্রশ্ন : আমি পিতার কাছে টাকা চাইলে বাবা কিছু জমি বিক্রি করে আমাকে টাকা দেয়, যা দ্বারা আমি একটি জমি ক্রয় করে বাড়ি করি। প্রশ্ন হলো, আমি বাবার বিক্রীত জমির টাকা নেওয়ার কারণে মিরাছ থেকে বঞ্চিত হব কি না?

আমার ভাইয়েরা আমাকে মিরাছে শামিল করে না। তারা ভাগ করে নিয়ে যায়। এখন তারা বলে, তোমাকে পিতা আগে জমি বিক্রি করে টাকা দিয়েছে। এ জন্য তারা আমাকে মিরাছ দিতে অস্বীকার করে। এর শরয়ী হুকুম কী?

উত্তর : পিতা নিজ জীবদ্দশায় ছেলেমেয়ের দান বা হেবার মধ্যে সামঞ্জস্য বজায় রাখাই শরীয়তের নির্দেশ। তবে বিশেষ কারণ থাকলে ভিন্ন কথা। তা সত্ত্বেও যদি স্বীয় মালিকানাধীন সম্পদ নগদ টাকা-পয়সা নিজ জীবদ্দশায় কাউকে দিয়ে মালিক বানিয়ে দেয় সে ওই সম্পদ বা টাকার মালিক হয়ে যায়। এতে অন্য ভাইবোনের আপত্তির সুযোগ থাকে না। কেউ আপত্তি করলেও তা গ্রহণযোগ্য হবে না। তাই প্রশ্নের বর্ণনা সত্য হলে আপনার পিতার টাকা আপনার জন্য দান হিসেবে বিবেচিত হবে। প্রদত্ত টাকার কারণে মিরাছ থেকে আপনাকে বঞ্চিত করার অধিকার ভাইবোন কারোরই নেই। শরীয়ত কর্তৃক নির্ধারিত হারে সব ভাইবোনের মধ্যে সম্পত্তি বণ্টন করতে হবে। যারা মিরাছ দিতে অস্বীকার করে সবাই গোনাগার হবে এবং জালিম ও অন্যের সম্পদ ভক্ষণকারী বলে সাব্যস্ত হবে। (১৬/৩৪০/৬৫১৬)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٦ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم -

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٦ : (قوله: وإن قصده) بسكون الصاد ورفع الدال، وعبارة المنح: وإن قصد به الإضرار وهكذا رأيته في الخانية (قوله وعليه الفتوى) أي على قول أبي يوسف: من أن التنصيف بين الذكر والأنثى أفضل من التثليث الذي هو قول محمد رملي.

📖 امداد الفتاوی (زکریا) ۳/ ۴۷۰ : الجواب- فی الدر المختار قبيل باب الرجوع فی الهبة عن الخانية : لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده سوى بينهم يعطى البنت كالابن عند الثاني وعليه الفتوى، فی رد المحتار أی على قول أبی يوسف من أن التنصيف بين الذكر والأنثى أفضل من التثليث الذی هو قول محمد، رملی- چونکہ صورت مسئولہ میں بعض اولاد کو بغرض شادی و تعلیم کے زیادہ دینے سے مقصد دوسری اولاد کو ضرر پہنچانا نہیں بلکہ ایک ضرورت و مصلحت سے زیادہ دیتا ہے، بناء بر روایت بالا اس میں کچھ حرج نہیں، اس زائد کے علاوہ اور جو کچھ ترکہ ہو سب اولاد ذکور واناث کو برابر تقسیم کردینا چاہئے، لیکن صحت تقسیم کے لئے ہر حصہ کا جدا کرنا اور بالغین کا قبضہ بھی کرادینا ضروری ہے۔

ছেলেসন্তান থাকলে বোন ও তার সন্তানরা হকদার হবে না

প্রশ্ন : হালিমা নামে একজন মহিলা মৃত্যুবরণ করার সময় স্বামী, এক ছেলে ও বোন এবং বোনের ঘরের দুজন মেয়ে রেখে যায়। প্রশ্ন হলো, হালিমার রেখে যাওয়ার সম্পত্তিতে বোন এবং বোনের মেয়ে হকদার হবে কি না?

উত্তর : ইসলামী শরীয়তের বিধান অনুযায়ী প্রশ্নে বর্ণিত মৃত হালিমার ঔরসজাত ছেলেসন্তান থাকাকালীন তার বোনেরা এবং বোনের মেয়েরা হকদার হবে না। (১৬/৬৯৪/৬৭৭৩)

📖 البحر الرائق (سعيد) ٨/ ٥٠٦ : قال - رحمه الله - (ولا يرث مع ذي سهم وعصبة سوى أحد الزوجين لعدم الرد عليهما) أي لا يرث ذوو الأرحام مع وجود ذوي فرض أو عصبة إلا إذا كان صاحب

Scanned by CamScanner

الفرض أحد الزوجين فيرثون معه لعدم الرد عليه؛ لأن العصبة أولى.

📖 الفتاوى الهندية (زكريا) ٦/٤٥٠ : السابعة - الأخوات لأم للواحدة السدس وللثنتين فصاعدا الثلث، كذا في الاختيار شرح المختار ويسقط الإخوة والأخوات بالابن وابن الابن وإن سفل وبالأب بالاتفاق وبالجد عند أبي حنيفة - رحمه الله تعالى - ويسقط أولاد الأب بهؤلاء وبالأخ لأب وأم ويسقط أولاد الأم بالولد وإن كان بنتا وولد الابن والأب والجد بالاتفاق، كذا في الكافي.

পিতা থাকাবস্থায় খালা ও তার সন্তানরা মিরাছ পাবে না

প্রশ্ন : মোঃ আব্দুর রহমান নামের এক লোক মৃত্যুবরণ করার সময় তার ওয়ারিশ হিসেবে তার বাবা, খালা ও খালার ঘরের দুই মেয়ে থাকে। প্রশ্ন হলো, আব্দুর রহমানের সম্পত্তিতে খালা ও খালার মেয়েরা হকদার হবে কি না?

উত্তর : আব্দুর রহমানের একমাত্র তার পিতাই হকদার হবে। খালা ও খালার মেয়েরা সম্পদের হকদার হবে না। (১৬/৬৯৪/৬৭৭৩)

📖 البحر الرائق (سعيد) ٨/ ٥٠٦ : قال - رحمه الله - (ولا يرث مع ذي سهم وعصبة سوى أحد الزوجين لعدم الرد عليهما) أي لا يرث ذوو الأرحام مع وجود ذوي فرض أو عصبة إلا إذا كان صاحب الفرض أحد الزوجين فيرثون معه لعدم الرد عليه؛ لأن العصبة أولى.

বাবা-মা থাকতে সন্তান মারা গেলে নাতি মিরাছ পায় না

প্রশ্ন : আমরা দুই ভাই ও চার বোন। একটি বোন একটি পুত্রসন্তান রেখে স্বামী কর্তৃক তালাকপ্রাপ্তা হওয়ার পর দ্বিতীয় বিবাহ হয়। দ্বিতীয় স্বামী কর্তৃক নিঃসন্তান অবস্থায় তালাকপ্রাপ্তা হওয়ার পর আমাদের পিতা-মাতার জীবিতাবস্থায় বোনটি মারা যায়। এমতাবস্থায় তার ওই পুত্রসন্তানটি আমাদের সম্পত্তির ওয়ারিশ হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : শরীয়তের দৃষ্টিতে মাতা-পিতার জীবদ্দশায় ছেলেমেয়ের কেউ মারা গেলে মাতা-পিতার উত্তরাধিকার সম্পত্তি থেকে মৃত ছেলে বা মেয়ের কোনো অংশ থাকে না। সুতরাং প্রশ্নের বর্ণনানুযায়ী আপনার বোন মাতা-পিতা থেকে কোনো উত্তরাধিকার সম্পদ পাবে না। তাই বোনের ছেলের তার মার পক্ষে উত্তরাধিকার সম্পদ দাবি করা অবান্তর। ওই বোনের নিজস্ব কোনো সম্পদ থাকলে সেখানে ছেলে তার অংশ পাওয়ার দাবি করতে পারবে। তবে আপনারা নিজ বোনের ছেলেকে নিজের সম্পদ থেকে স্বেচ্ছায় কিছু দান করা খুবই উত্তম কাজ হবে। (৩/২১৯/৫৬১)

📖 کفایت المفتی (امدادیہ) ۸/ ۳۲۳ : جواب- جبکہ کوئی متوفی اپنا لڑکا اور پوتا چھوڑے تو متوفی کی میراث لڑکے کو ملیگی اور پوتا محروم رہیگا، کیونکہ وراثت میں قرابت قریبہ قرابت بعیدہ کو محروم کردیتی ہے، یہی اصول اس صورت میں بھی جاری ہے کہ بیٹوں کے سامنے پوتے محروم ہوں گے خواہ ان پوتوں کے باپ زندہ ہوں یا وفات پا چکے ہوں۔

নাতি-নাতনির মিরাছ আইন

প্রশ্ন : শুনেছি, বাপ জীবিত অবস্থায় ছেলে মারা গেলে শরীয়তের আইনে নাতি-নাতনিরা দাদার সম্পত্তির কোনো অংশ পায় না। ব্যাপারটি সাধারণ দৃষ্টিতে অমানবিক বলে মনে হয়। কারণ এরূপ অবস্থায় বেশির ভাগ ক্ষেত্রে নাতি-নাতনিরা নাবালেগ থাকার সম্ভাবনা। এ রকম নাবালেগ, অসহায়, এতিমদের সাধারণ বিবেকের দৃষ্টিতে সম্পত্তির অংশ সাধারণ অবস্থার চেয়ে বেশি দেওয়া সমীচীন বলে মনে হয়। তা না করে এ ক্ষেত্রে একেবারে বঞ্চিত করা হলো।

পাকিস্তান আমলে প্রেসিডেন্ট আইয়ুব খান নাকি এ ব্যাপারে একটি আইন প্রণয়ন করেছিলেন। সে আইনটি কী? এবং বর্তমানে বাংলাদেশের আইনে তা বলবৎ আছে কি না? এবং শরীয়তের দৃষ্টিতে ওই আইনের কার্যকারিতা কতটুকু?

উত্তর : আপনি যা শুনেছেন এটাই বাস্তবে শরয়ী বিধান যে, পিতার জীবদ্দশায় ছেলে মারা গেলে নাতি-নাতনিরা দাদার উত্তরাধিকার সম্পত্তির অংশীদার হয় না। একজন মুসলমানের প্রথম দায়িত্ব আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কথা যুক্তিতে না এলেও বিনা সংশয়ে মনেপ্রাণে গ্রহণ করা। আল্লাহর বিধানের সব রহস্য ও মর্ম বোঝার ক্ষমতা মানুষের নেই। আর তা বুঝে না এলে সেটাকে অমানবিক বলা বড় মারাত্মক গোনাহ। তাই কোরআন-হাদীসের কথা যুক্তি ছাড়া মানার নামই ঈমান। তবে যুক্তি তালাশ না করে মেনে নেওয়ার পর মনের সন্তুষ্টির জন্য মর্ম যুক্তি বোঝার চেষ্টা করতে কোনো আপত্তি নেই।

আল্লাহ তা'আলা স্বীয় কোরআনে পাকে যে উত্তরাধিকার সম্পত্তির বণ্টন করেছেন তার নীতি না বোঝার কারণে এ বিষয়টিকে অমানবিক মনে হচ্ছে। কোরআনে পাকে

Scanned by CamScanner

নিকটতম আত্মীয়তার ভিত্তিতেই সম্পত্তি বণ্টন করা হয়েছে। দরিদ্রতা দুঃখ-দুর্দশা বিমোচনের ভিত্তিতে নয়। সুতরাং নাতি-নাতনির তুলনায় ছেলেমেয়েরা তার নিকটতম আত্মীয় হওয়ায় তারাই সম্পত্তি পাওয়ার অধিকার রাখে। নাতি-নাতনিরা ছেলেমেয়ের তুলনায় দূরসম্পর্কের আত্মীয়, তাই তাদের নির্ধারিত সীমিত তরকা থেকে নাতির ভিত্তিতে মাহরুম রাখা হলেও দান-অসিয়ত ইত্যাদির মাধ্যমে দাদার জন্য দারিদ্র্য বিমোচনের ব্যাপক পথ উন্মুক্ত রাখা হয়েছে, যা অত্যন্ত যুক্তিসংগত। তাই এই আইন অমানবিক নয়, বরং এটা মানবতা প্রতিষ্ঠার শ্রেষ্ঠ বিধান।

৬১ সালের আইনে নাতি-নাতনিকে ছেলেমেয়ের স্তরে রেখে তাদের তরকা নাতি-নাতনিদের দেওয়া হয়েছে, যা কোরআন-সুন্নাহর সম্পূর্ণ পরিপন্থী। তা কোনো মুসলমান গ্রহণ করতে পারে না, সেই কোরআনবিরোধী আইন আজও আমাদের দেশে বলবৎ রয়েছে, যা সংশোধন করে কোরআনের বিধান চালু করার চেষ্টা করা সকল ধর্মপ্রাণ মুসলমানের ঈমানী দায়িত্ব। (৮/১০৩/১৯৫৯)

📖 سورة النساء الآية ٧ : ﴿لِلرِّجَالِ نَصِيبٌ مِمَّا تَرَكَ الْوَالِدَانِ وَالْأَقْرَبُونَ وَلِلنِّسَاءِ نَصِيبٌ مِمَّا تَرَكَ الْوَالِدَانِ وَالْأَقْرَبُونَ مِمَّا قَلَّ مِنْهُ أَوْ كَثُرَ نَصِيبًا مَفْرُوضًا﴾

📖 سورة النساء الآية ٨ : ﴿وَإِذَا حَضَرَ الْقِسْمَةَ أُولُو الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينُ فَارْزُقُوهُمْ مِنْهُ وَقُولُوا لَهُمْ قَوْلًا مَعْرُوفًا﴾

📖 التفسير الكبير (دار إحياء التراث) ٩/ ٥٠٣ : وعلم تعالى أن في الأقارب من يرث ومن لا يرث، وأن الذين لا يرثون إذا حضروا وقت القسمة، فإن تركوا محرومين بالكلية ثقل ذلك عليهم، فلا جرم أمر الله تعالى أن يدفع إليهم شيء عند القسمة حتى يحصل الأدب الجميل وحسن العشرة -

📖 مبسوط السرخسى (دار المعرفة) ٢٩/ ١٤١ : وأولاد الابن يقومون مقام أولاد الصلب عند عدم أولاد الصلب في جميع ما ذكرنا لقوله تعالى {يوصيكم الله في أولادكم} [النساء: ١١] واسم الأولاد يتناول أولاد الابن مجازا قال الله تعالى {يا بني آدم} [الأعراف: ٢٧]

.

📖 معارف القرآن (المكتبة المتحدة) ٢/ ٣١٣ : خلاصہ یہ ہے کہ میراث کی تقسیم کے وقت اگر کچھ دور کے رشتہ دار یتیم، مسکین وغیرہ جمع ہو جائیں جن کا کوئی حصہ ضابطۂ شرعی سے اس میراث میں نہیں ہے، تو ان کے جمع ہو جانے سے تم تنگدل نہ ہو بلکہ جو مال خدا تعالی نے تمہیں بلا محنت عطا فرمایا ہے، اس میں سے بطور شکرانہ کچھ عطا کردو، ... ...

Scanned by CamScanner

اس میں مرنے والے کا محروم الارث پوتا بھی آگیا، اس کے چچاؤں اور پھوپھیوں کو چاہئے
کہ اس کو اپنے اپنے حصہ سے بخوشی کچھ دے دیں۔

📖 کفایت المفتی (امدادیہ) ۸/ ۳۲۴ : وراثت کا مدار قرابت پر ہے نہ کہ افلاس واحتیاج
پر، اور قرابت میں واسطہ ذی واسطہ کے لئے حاجب ہوتا ہے، اور قریب کے ہوتے ہوئے
بعید محروم ہو جاتاہے، اگر چہ بعید محتاج اور قریب مالدار ہو۔

লা-শরীকের বিধান

প্রশ্ন : আমাদের দেশে প্রচলিত আছে, দাদার পূর্বে দাদার ছেলে মারা গেলে নাতিরা নাকি দাদার সম্পত্তি থেকে কোনো অংশ পাবে না, যাকে লা-শরীক বলে, এর হুকুম কী?

উত্তর : নাতি পর্যন্ত দাদার সম্পত্তি পৌছার জন্য তার পিতাই হলো একমাত্র মাধ্যম। দাদার বর্তমানে পিতার মৃত্যু হওয়ায় ওই মাধ্যমে দাদার সম্পত্তি পেতে পারে না। শরীয়ত যুক্তিসংগত বিষয়ের সমর্থন করে মাত্র। এতে কোনো অসংগত বিষয়ের প্রবর্তন বা সমর্থন শরীয়ত করেনি—এটাই বাস্তব সত্য। নাতি দাদার সরাসরি ওয়ারিশ না হওয়ার হেতু তাই। এতদসত্ত্বেও শরীয়ত তার জন্য দাদাকে মনোযোগী হয়ে কিছু দান করার জন্য তাগিদ দিয়েছে। অর্থাৎ যুক্তিসংগত কারণে সে ওয়ারিশ না হলেও একেবারে যেন মাহরুম করা না হয় এর জন্য শরীয়ত দাদার প্রতি নাতিকে দানের নির্দেশ প্রদান করে। (৬/১৫৪/১১২১)

📖 الفتاوى الهندية (زكريا) ٦/ ٤٥٢ : فالأقرب يحجب الأبعد كالابن يحجب أولاد الابن والأخ لأبوين يحجب الإخوة لأب ومن يدلي بشخص لا يرث معه إلا أولاد الأم.

📖 البحر الرائق (سعيد) ٨/ ٤٩٤ : قال - رحمه الله - (ويحجب بالابن) أي ولد الابن يحجب بالابن ذكورهم وإناثهم فيه سواء؛ لأن الابن أقرب وهم عصبة فلا يرثون معه بالعصوبة -

📖 فتاوی محمودیہ (زکریا) ۵/ ۲۴ : الجواب- حامدا ومصلیا، حاجی عبد الرزاق صاحب کے انتقال کے وقت ایک لڑکا موجود ہے اور دوسرے لڑکے کی اولاد موجود ہے اور دوسرا لڑکا خود انتقال کر چکاہے تو اس دوسرے لڑکے کی اولاد کو حاجی عبد الرزاق کے ترکہ سے وراثت نہیں ملے گی۔

📖 کفایت المفتی (امدادیہ) ۸/ ۳۲۳ : جواب- جبکہ کوئی متوفی اپنا لڑکا اور پوتا چھوڑے تو متوفی کی میراث لڑکے کو ملیگی اور پوتا محروم رہیگا، کیونکہ وراثت میں قرابت قریبہ قرابت

Scanned by CamScanner

بعیدہ کو محروم کردیتی ہے، یہی اصول اس صورت میں بھی جاری ہے کہ بیٹوں کے سامنے پوتے محروم ہوں گے خواہ ان پوتوں کے باپ زندہ ہوں یا وفات پاچکے ہوں۔

মুসলিম-অমুসলিম পরস্পরের মিরাছ পায় না

প্রশ্ন : আমি হিন্দু ধর্ম ত্যাগ করে মুসলমান হই। আমার বংশের আর কেউ মুসলমান নেই। আমার পিতা মৃত্যুর পূর্বে অসিয়ত করেছেন। আমার ওই মুসলমান ছেলেকে তোমাদের নিকট মিরাছ চাইলে তাকে বঞ্চিত করিও না। এখন আমার মা দিতে রাজি, তবে ভাইয়েরা অস্বীকার করে। আমি শরীয়ত অনুযায়ী উক্ত মিরাছ গ্রহণ করতে পারব কি?

উত্তর : মুসলিম ও অমুসলিম পরস্পর একে-অপর থেকে মিরাছ পায় না বিধায় আপনি আপনার অমুসলিম পিতার মিরাছ পাবেন না। তবে পিতার অসিয়তের পরিপ্রেক্ষিতে আপনার মা ও ভাইয়েরা সন্তুষ্টিচিত্তে আপনাকে কিছু দিলে তা আপনার জন্য নেওয়া নাজায়েয হবে না। বরং হিন্দু-মুসলিমের পরস্পরের অসিয়তের ব্যাপারে রাষ্ট্রীয় আইন থাকলে প্রয়োজনে আদালতের আশ্রয় নিয়ে তা উসুল করতে পারবেন। (১৬/২৯৬/৬৫১৭)

📖 بدائع الصنائع (سعيد) ٧/ ٣٣٥ : وأما إسلام الموصي فليس بشرط لصحة وصيته فتصح وصية الذي بالمال للمسلم، والذمي في الجملة؛ لأن الكفر لا ينافي أهلية التمليك ألا ترى: أنه يصح بيع الكافر، وهبته فكذا وصيته وكذا الحربي المستأمن إذا أوصى للمسلم، أو الذمي يصح في الجملة لما ذكرنا غير أنه إن كان دخل وارثه معه في دار الإسلام، وأوصى بأكثر من الثلث وقف ما زاد على الثلث على إجازة وارثه؛ لأنه بالدخول مستأمنا التزم أحكام الإسلام، أو ألزمه من غير التزامه لإمكان إجراء الإحكام عليه ما دام في دار الإسلام، ومن أحكام الإسلام: أن الوصية بما زاد على الثلث ممن له وارث تقف على إجازة وارثه.

📖 فيه أيضا ٧/ ٣٥٦ : إذا أوصى لرجل بجزء من ماله أو بنصيب من ماله أو بطائفة من ماله أو ببعض أو بشقص من ماله، فإن بين في حياته شيئا، وإلا أعطاه الورثة بعد موته ما شاءوا؛ لأن هذه الألفاظ تحتمل القليل، والكثير، فيصح البيان فيه مادام حيا، ومن ورثته إذا مات؛ لأنهم قائمون مقامه لو أوصى بألف إلا شيئا-

Scanned by CamScanner

📖 البحر الرائق (سعيد) ٨/ ٤٨٨ : وأما ما يحرم به الميراث فأنواع ثلاث الرق والكفر والقتل مباشرة بغير حق أما الرق فلأنه سلب أهلية الملك، وأما الكفر فلقوله - عليه الصلاة والسلام - «لا يتوارث أهل ملتين» يعني لا يرث كافر مسلما ولا مسلم كافرا، وأما القتل فلما يأتي في بابه، وأما الحقوق المتعلقة بالتركة فأربعة الكفن والدفن والوصية والدين والميراث فأول ما يبدأ منها بكفن الميت ودفنه-

মিথ্যা ওয়ারিশ সেজে অন্যের সম্পত্তি নিজের করে নেওয়া

প্রশ্ন : একজন আমেরিকান নাগরিক খ্রিস্টান ধর্মাবলম্বী সমাজসেবক ২০০৩ সালে বিমান দুর্ঘটনায় সপরিবারে মারা গেল। উক্ত ব্যক্তির নামে ব্রিটিশ একটি ব্যাংকে ১৭৫ কোটি টাকা জমা ছিল। কিন্তু উক্ত ব্যক্তি মারা যাওয়ার পর উত্তরাধিকারী হিসেবে আজ অবধি কোনো দাবিদার পাওয়া যায়নি, বা সাব্যস্ত হয়নি। সম্প্রতি এক বাংলাদেশি মুসলমান ব্যক্তি যিনি সমাজসেবার কাজে নিয়োজিত। তিনি উক্ত ব্যক্তির উচ্চপর্যায়ের অফিসারের সহায়তায় উক্ত মৃত খ্রিস্টান ব্যক্তির ওয়ারিশ হিসেবে আন্তর্জাতিক আদালত ও বিলেতি আদালতের রায় পেয়েছেন। এখন উক্ত মৃত্য ব্যক্তির উত্তরাধিকারী হিসেবে তার জমাকৃত টাকার মালিক উক্ত বাংলাদেশি গণ্য হচ্ছেন, যদিও তিনি প্রকৃত উত্তরাধিকারী নন। কিন্তু উক্ত টাকা তিনি সমাজসেবাতেই ব্যয় করার নিয়্যাত রাখেন, যা বাংলাদেশের কোনো এনজিওর মাধ্যমে পরিচালিত হবে। উক্ত টাকা যাতে সঠিকভাবে ব্যবহার হয়, এর জন্য আমাকে উক্ত প্রতিষ্ঠানের চেয়ারম্যান হিসেবে থাকার জন্য অনুরোধ করা হচ্ছে। বর্তমান উক্ত টাকা ব্যাংক থেকে রিলিজ হওয়ার জন্য অনতিবিলম্বে ৬ লক্ষ টাকার প্রয়োজন, যা ট্যাক্স হিসেবে ব্রিটিশ সরকারকে দিতে হবে। এমতাবস্থায় উক্ত সহায়তা করা আমার জন্য শরীয়তসম্মত হবে কি না?

উত্তর : মুসলমান হোক, চাই অমুসলিম–কারো সম্পদ মিথ্যা এবং প্রতারণার মাধ্যমে লাভ করা ইসলামী শরীয়ত অনুমোদন করে না। অবৈধ পন্থায় অর্জিত সম্পদ সেবামূলক কাজে সাওয়াবের নিয়্যাতে ব্যয় করাতে সাওয়াবের পরিবর্তে গোনাহের আশঙ্কা প্রবল। তাই প্রশ্নে বর্ণিত আমেরিকান খ্রিস্টান নাগরিকের মিথ্যা উত্তরাধিকারী দাবি করে সমাজসেবার নিয়্যাতে তার সম্পদ দখল করা বৈধ হবে না। অবৈধ কাজের সহায়তা করা ও অবৈধ বিধায় আপনার জন্য আর্থিক সহায়তা বা সদস্য হওয়া কোনোক্রমেই বৈধ হবে না। বরং নিজেকে উক্ত কাজ থেকে বিরত রাখাই হবে আপনার জন্য উত্তম পন্থা। (১৬/৭১০/৬৭৮৬)

Scanned by CamScanner

📖 الموسوعة الفقهية الكويتية ٣٦ /٤٠ :حرمة مال المسلم والذمي:
اتفق الفقهاء على حرمة مال المسلم والذمي، وأنه لا يجوز غصبه ولا الاستيلاء عليه، ولا أكله بأي شكل كان وإن كان قليلا؛ لقوله تعالى: {يا أيها الذين آمنوا لا تأكلوا أموالكم بينكم بالباطل إلا أن تكون تجارة عن تراض منكم} وقوله عليه الصلاة والسلام: إن دماءكم وأموالكم وأعراضكم حرام عليكم كحرمة يومكم هذا في بلدكم هذا في شهركم هذا وقوله: ألا من ظلم معاهدا أو انتقصه حقه أو كلفه فوق طاقته أو أخذ منه شيئا بغير طيب نفس منه، فأنا حجيجه يوم القيامة -

📖 تفسير ابن كثير (دار المعرفة) ٢/ ٧ : وقوله تعالى: ﴿وتعاونوا على البر والتقوى ولا تعاونوا على الإثم والعدوان﴾ يأمر تعالى عباده المؤمنين بالمعاونة على فعل الخيرات وهو البر، وترك المنكرات وهو التقوى وينهاهم عن التناصر على الباطل والتعاون على المآثم والمحارم، قال ابن جرير: الإثم ترك ما أمر الله بفعله والعدوان مجاوزة ما حد الله لكم في دينكم ومجاوزة ما فرض الله عليكم في أنفسكم وفي غيركم -

সন্তান থাকতে নাতি-নাতনিরা ওয়ারিশ হয় না

প্রশ্ন : মৃত ব্যক্তির ছেলেমেয়ে ও নাতি-নাতনি আছে। এমতাবস্থায় মৃত ব্যক্তির ছেলেমেয়ে ও নাতি-নাতনি সবাই ওয়ারিশ হবে কি না?

উত্তর : মৃত ব্যক্তির ছেলে থাকা অবস্থায় তার নাতি-নাতনি ওয়ারিশ হিসেবে তারা দাদা হতে কিছু পাবে না। তবে দাদা জীবিত থাকা অবস্থায় তার নাতি-নাতনিকে দান হিসেবে কিছু দিতে শরীয়ত উৎসাহিত করেছে তাই হেবা মূলে তাদেরকে কিছু দেওয়া উত্তম। (৯/২৮২/২৬১৫)

📖 رد المحتار (سعيد) ٦ /٧٧٢ : الثانية: يسقطن بالصلبيتين فأكثر إلا أن يكون معهن غلام ليس أعلى منهن فيعصبهن. الثالثة: يسقطن بالابن الصلبي وسيأتي بيانها.

Scanned by CamScanner

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴/ ۳۴۱ : الجواب- زید کو پورا اختیار ہے کہ اپنی جائداد پوتوں کو دیدے یا کسی اور کو دے، لیکن اتنا خیال رہے کہ مستحق کو محروم کرنے قصد نہ ہو کہ یہ ظلم اور معصیت ہے۔ بہتر یہ ہے کہ پوتوں کو کل جائداد نہ دے، بلکہ ایک تہائی کے اندر اندر دیدے اور اپنا مالکانہ قبضہ ہٹا کر ان کا قبضہ کرادے اور جو چیز تقسیم کے قابل ہو ان کو تقسیم کر کے ان کو دیدیا جائے۔

নাতি-নাতনির জন্য দাদা-দাদি কর্তৃক হেবা করা

প্রশ্ন : ১. এক ব্যক্তি দুই ছেলে, দুই মেয়ে ও ভাই এবং মা-বাবা রেখে মারা যায়। মৃতের বাবা-মা মৃতের এতিম ছেলেমেয়েদের জন্য পাঁচ বিঘা জমি, একটি মেশিন ও একটি দোকান হেবা করে দেয়। শরীয়তের দৃষ্টিতে উক্ত হেবা সহীহ হয়েছে কি না?
২. উক্ত মৃতের ছেলেমেয়েরা তাদের দাদার মৃত্যুর পর দাদার সম্পদের মিরাছ পাবে কি না?

উত্তর : ১, ২. প্রশ্নের বর্ণনা মতে, শরীয়তের দৃষ্টিতে উক্ত হেবা সহীহ হয়েছে এবং দাদার মৃত্যুর পূর্বে হেবাকৃত সম্পদ তাদের দখলে দিয়ে দিলে ওয়ারিশদের কোনো দাবি ওই সম্পদে গ্রহণযোগ্য হবে না এবং শরয়ী দৃষ্টিতে মৃতের ছেলেসন্তান থাকা অবস্থায় নাতিরা মিরাছ পায় না বিধায় প্রশ্নের বর্ণনা মতে দাদার মৃত্যুকালে তার নিজের ছেলে থাকায় নাতিরা দাদার ওয়ারিশ হবে না। (১৫/৯৮৩/৬৩০৩)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (و) تصح (بقبول) أي في حق الموهوب له أما في حق الواهب فتصح بالإيجاب وحده؛ لأنه متبرع.
📖 فيه أيضا ٦/ ٧٧٤ : (ويقدم الأقرب فالأقرب منهم) بهذا الترتيب فيقدم جزء الميت (كالابن ثم ابنه وإن سفل.
📖 ملتقى الأبحر (دار الكتب العلمية) ٢/ ١٥٠ : (كتاب الهبة) هي تمليك عين بلا عوض وتصح بإيجاب وقبول، وتتم بالقبض الكامل.
📖 فتاوی محمودیہ (زکریا) ۵/ ۲۴ : الجواب- حامدا ومصليا، حاجی عبد الرزاق صاحب کے انتقال کے وقت ایک لڑکا موجود ہے اور دوسرے لڑکے کی اولاد موجود ہے اور دوسرا لڑکا خود انتقال کر چکا ہے تو اس دوسرے لڑکے کی اولاد کو حاجی عبد الرزاق کے ترکہ سے وراثت نہیں ملے گی۔

Scanned by CamScanner

ছেলেমেয়ে থাকতে জামাতা ও তার সন্তানরা মিরাছ পাবে না

প্রশ্ন : মরহুম লোকমান সাহেব মারা যাওয়ার চার বছর ছয় দিন পূর্বে তার এক মেয়ে মারা যায়। এই মেয়ের স্বামী আছে এবং তিন মেয়ে ও দুই ছেলে আছে। প্রশ্ন হলো, মৃতের পূর্বে মারা যাওয়া মেয়ের স্বামী এবং ছেলেমেয়েরা মিরাছ পাবে কি না? উল্লেখ্য, মরহুম লোকমান সাহেব মারা যাওয়ার সময় উক্ত মেয়ে ছাড়াও তিন ছেলে এবং সাত মেয়ে রেখে যায়।

উত্তর : ইসলামী শরীয়তের বিধান অনুযায়ী মরহুম লোকমান সাহেবের মৃত্যুর পূর্বে মারা যাওয়া মেয়ের স্বামী এবং ছেলেমেয়েরা তার নিজ অবশিষ্ট ছেলে জীবিত থাকার কারণে মিরাছ পাবে না এবং তাদের মিরাছের দাবিও গ্রহণযোগ্য নয়। (১৮/২৩৪/৭৫৬৫)

📖 البحر الرائق (سعيد) ٨/ ٥٠٦ : قال - رحمه الله - (ولا يرث مع ذي سهم وعصبة سوى أحد الزوجين لعدم الرد عليهما) أي لا يرث ذوو الأرحام مع وجود ذوي فرض أو عصبة إلا إذا كان صاحب الفرض أحد الزوجين فيرثون معه لعدم الرد عليه؛ لأن العصبة أولى.

📖 الفتاوى الهندية (زكريا) ٦/ ٤٥٨ : وذوو الأرحام كل قريب ليس بذي سهم ولا عصبة وهم كالعصبات من انفرد منهم أخذ جميع المال، كذا في الاختيار شرح المختار وذوو الأرحام أربعة أصناف: صنف ينتمي إلى الميت وهم أولاد البنات وأولادبنات الابن، وصنف ينتمي إليهم الميت وهم الأجداد الفاسدون والجدات الفاسدات، ...وإنما يرث ذوو الأرحام إذا لم يكن أحد من أصحاب الفرائض ممن يرد عليه ولم يكن عصبة -

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٦/ ٣٤٣ : جواب- شرعا صرف وہی لڑکیاں لڑکے وارث ہوتے ہیں، جو والدین کی وفات کے وقت زندہ ہوں، جن لڑیوں کی وفات والدین سے پہلے ہوگئی وہ وارث نہیں نہ ان کی اولاد کا حصہ ہے۔

মৃতের ভাই কখন মিরাছ পাবে

প্রশ্ন : মৃত ব্যক্তির স্ত্রী, মেয়ে ও ভাই জীবিত। এমতাবস্থায় ভাই কোনো সূত্রে হকদার হবে কি?

Scanned by CamScanner

উত্তর : মৃত ব্যক্তির শুধুমাত্র স্ত্রী, মেয়ে ও ভাই থাকলে স্ত্রী ও মেয়ে তার সম্পদ হতে তাদের নির্ধারিত অংশ নেওয়ার পর ভাই 'আসাবা' হিসেবে অবশিষ্ট সম্পদের হকদার হবে। (৯/২৮২/২৬১৫)

📖 سورة النساء الآية ١٧٦ : ﴿يَسْتَفْتُونَكَ قُلِ اللّٰهُ يُفْتِيكُمْ فِي الْكَلَالَةِ إِنِ امْرُؤٌ هَلَكَ لَيْسَ لَهُ وَلَدٌ وَلَهُ أُخْتٌ فَلَهَا نِصْفُ مَا تَرَكَ وَهُوَ يَرِثُهَا إِنْ لَمْ يَكُنْ لَهَا وَلَدٌ فَإِنْ كَانَتَا اثْنَتَيْنِ فَلَهُمَا الثُّلُثَانِ مِمَّا تَرَكَ وَإِنْ كَانُوا إِخْوَةً رِجَالًا وَنِسَاءً فَلِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ أَنْ تَضِلُّوا وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ﴾

📖 الدر المختار (سعيد) ٦/ ٧٧٤ : ثم العصبات بأنفسهم أربعة أصناف جزء الميت ثم أصله ثم جزء أبيه ثم جزء جده (ويقدم الأقرب فالأقرب منهم) بهذا الترتيب فيقدم جزء الميت (كالابن ثم ابنه وإن سفل ثم أصله الأب ويكون مع البنت) بأكثر (عصبة وذا سهم) كما مر (ثم الجد الصحيح) وهو أبو الأب (وإن علا) وأما أبو الأم ففاسد من ذوي الأرحام (ثم جزء أبيه الأخ) لأبوين -

সৎমায়ের নামে আসা পেনশনের টাকায় মিরাছের হুকুম

প্রশ্ন : আমার আব্বা একজন সরকারি চাকরিজীবী ছিলেন। তিনি বিগত ১৭/৫/২০১২ ইং মৃত্যুবরণ করেন। তিনি সরকারি তহবিল হতে পেনশন পেতেন। বর্তমানে তা আমার সৎমা পান। অর্থাৎ আমার নিজের মার মৃত্যু পর বাবা দ্বিতীয় বিবাহ করেন সেই মার নামে সরকার প্রদান করছে। এখন জানার বিষয় হলো, আমরা সন্তানরা এই টাকা মিরাছ হিসেবে পাব কি না? যদি পাই তাহলে এই টাকা কী নিয়মে পাব?

উত্তর : পেনশন বেতনের অংশ নয়, বরং সরকারের পক্ষ থেকে চাকরিজীবীর জন্য বখশিশ। আর বখশিশের মালিক হওয়ার জন্য ভোগদখল শর্ত। তাই পেনশনের সে টাকা সরকার ওই ব্যক্তির মৃত্যুর পর প্রদান করবে, তার মালিক সে হবে না। বরং সরকার নিয়মতান্ত্রিকভাবে যাকে দেবে সে-ই একমাত্র তার মালিক হবে বিধায় উক্ত টাকায় মিরাছ জারি হবে না। কেননা মিরাছ মরহুমের মালিকানাভুক্ত সম্পত্তিতে জারি হয়। (১৯/২৮৮/৮১২৯)

Scanned by CamScanner

📖 الدر المختار (سعيد) ٥ / ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل (ولو الموهوب شاغلا لملك الواهب لا مشغولا به) والأصل أن الموهوب إن مشغولا بملك الواهب منع تمامها،

📖 فيه أيضا ٦/ ٧٥٩ : (يبدأ من تركة الميت الخالية عن تعلق حق الغير بعينها كالرهن والعبد الجاني) والمأذون المديون والمبيع المحبوس بالثمن والدار المستأجرة وإنما قدمت على التكفين لتعلقها بالمال قبل صيرورته تركة (بتجهيزه) يعم التكفين (من غير تقتير ولا تبذير) ... ...ولو مطلقة على الصحيح خلافا لما اختاره في الاختيار (من ثلث ما بقي) بعد تجهيزه وديونه وإنما قدمت في الآية اهتماما لكونها مظنة التفريط (ثم) رابعا بل خامسا (يقسم الباقي) بعد ذلك (بين ورثته) -

📖 رد المحتار (سعيد) ٥ /٧٥٩ : (قوله الخالية إلخ) صفة كاشفة لأن تركه الميت من الأموال صافيا عن تعلق حق الغير بعين من الأموال كما في شروح السراجية.

📖 امداد الفتاوى (زکریا) ۴/ ۳۴۲ : الجواب- چونکہ میراث مملوکہ اموال میں جاری ہوتی ہے اور یہ وظیفہ محض تبرع واحسان سرکار کا ہے بدون قبضہ کے مملوکہ نہیں ہوتا، لہذا آئندہ جو وظیفہ ملے گا اس میں میراث جاری نہیں ہوگی، سرکار کو اختیار ہے جس طرح چاہے تقسیم کردے۔

অবসর ভাতা থেকে চাচা ও দাদি মিরাছ পাবে কি না

প্রশ্ন : আমার পিতা একজন বেসরকারি স্কুলের মাস্টার ছিলেন। কিছুদিন পূর্বে তিনি ইন্তেকাল করেন। আমার আরো দুই চাচা আর দাদি আছেন। সংসারে সবাই একত্রে, কেউ ভিন্ন হয়নি। আমার আব্বার অবসর ভাতা হিসেবে কিছু টাকা পাবেন, যা পরিবার চলার জন্য দিয়ে থাকেন এবং আমাদের এটাই চলার সম্বল। প্রশ্ন হলো, সে টাকা থেকে আমার চাচা ও দাদি কোনো অংশ পাবে কি না? পেলে কত টাকা পাবেন। উল্লেখ্য, মৃত ব্যক্তি ইন্তেকালের সময় তাঁর স্ত্রী এবং দুই ছেলে ও এক মেয়ে রেখে যান।

উত্তর : অবসর ভাতা মৃত ব্যক্তির মালিকানাধীন কোনো অর্থ নয়, বরং এটা সরকারের পক্ষ থেকে তার পরিবারের জন্য অনুদান। সুতরাং সরকার কর্তৃপক্ষ যাদের উদ্দেশ্য করে এ অনুদান প্রদান করে তারাই এ অর্থের মালিক বলে বিবেচ্য হবে। এতে মিরাছের দাবি করা সহীহ হবে না। (৯/৬১২/২৭০৭)

Scanned by CamScanner

📖 امداد الفتاوی (زکریا) ۴/ ۳۴۲ : الجواب- چونکہ میراث مملوکہ اموال میں جاری ہوتی ہے اور یہ وظیفہ محض تبرع واحسان سرکار کا ہے بدون قبضہ کے مملوکہ نہیں ہو تا، لہذا آئندہ جو وظیفہ ملے گا اس میں میراث جاری نہیں ہوگی، سرکار کو اختیار ہے جس طرح چاہے تقسیم کردے۔

মিরাছ হিসেবে প্রভিডেন্ট ফান্ডের বণ্টননীতি

প্রশ্ন : মৃত আমীন শরীফ। জীবিত আছেন পিতা-মাতা, স্ত্রী ও পাঁচ মেয়ে। মরহুম আমীন শরীফের সরকারি চাকরি হতে বেতন পাওয়ার পূর্বে বেতনের অংশ, যা সরকার কেটে রেখেছে সেগুলো বর্ণিত অংশীদারগণের মধ্যে কিভাবে ভাগ-বণ্টন হবে?

উত্তর : বাধ্যতামূলক প্রভিডেন্ট ফান্ড হতে প্রাপ্ত টাকা সুদ নয়, বরং তা বেতনের অংশ। চাকরিজীবী তার প্রকৃত মালিক। তাই উক্ত টাকা ওয়ারিশদের মধ্যে বণ্টন করা যাবে। আর স্বেচ্ছায় গঠনকৃত ফান্ডের অতিরিক্ত টাকা সুদের অন্তর্ভুক্ত বিধায় তা ওয়ারিশদের মধ্যে বণ্টন হতে পারবে না। বরং গরিবদের দিয়ে দিতে হবে। প্রশ্নের বর্ণনার পরিপ্রেক্ষিতে যদি আমীন শরীফের প্রভিডেন্ট ফান্ড বাধ্যতামূলক হয় তাহলে ওয়ারিশদের সততা প্রমাণে অংশ অনুযায়ী তাদের মধ্যে বণ্টন করা হবে। অন্যথায় (অর্থ স্বেচ্ছায় গঠনকৃত ফান্ড) শুধু আসল টাকাই বণ্টন করা হবে। (৬/৯৬/১১০৪)

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴/ ۴۶۳ : الجواب- ملازم کی کارکردگی کی اجرت کا جز جو کہ جمع کرلیا جاتا ہے، وہ ملازم کا دین ہے اس پر جتنی رقم زائد ملتی ہے وہ اسی کا انعام ہے گو کہ اس پر ابھی ملازم کی ملک حاصل نہیں ہوئی لیکن اس کا اصل مستحق ملازم ہی ہے، ملازمت ختم ہونے پر وہ اس کو وصول کر سکتا ہے، اگر اس سے پہلے اس کا انتقال ہو گیا تو ورثاء پر بحصہ شرعی اس کی بھی تقسیم ہوگی۔

নানির সম্পদ নাতিরা পাবে কি না

প্রশ্ন : জীবিত নানির সম্পদের অংশ মৃত মেয়ের সন্তানরা (নাতিরা) পাবে কি না? যেমন : নানি জীবিত আছেন তাঁর তিন ছেলে ও একমাত্র মেয়ে ছিল। ওই মেয়ে মারা গেছে, তার সন্তান রয়েছে (নাতি আছে)। এমতাবস্থায় জীবিত নানির সম্পদ থেকে মৃত মেয়ের সন্তানরা (নাতিরা অংশ পাবে) কি না?

Scanned by CamScanner

উত্তর : জীবদ্দশায় নিজের সম্পদের অংশ অন্য কেউ পায় না। হ্যাঁ, হেবা বা দানের পদ্ধতিতে পেতে পারে বিধায় প্রশ্নোক্ত অবস্থায় নাতিরা নানির জীবদ্দশায় তাঁর সম্পদের কোনো প্রকার হক দাবি করতে পারবে না। আর নানির মৃত্যুর পর তাঁর ছেলেমেয়ে জীবিত থাকলে নাতিরা মিরাছ সূত্রে কিছু পাবে না। (১৯/৩৪৯/৮১৯১)

📖 البحر الرائق (سعيد) ٨/ ٥٠٦ : قال - رحمه الله - (ولا يرث مع ذي سهم وعصبة سوى أحد الزوجين لعدم الرد عليهما) أي لا يرث ذوو الأرحام مع وجود ذوي فرض أو عصبة إلا إذا كان صاحب الفرض أحد الزوجين فيرثون معه لعدم الرد عليه؛ لأن العصبة أولى.

📖 الدر المختار (سعيد) ٦/ ٧٩١ : باب توريث ذوي الأرحام (هو كل قريب ليس بذي سهم ولا عصبة) فهو قسم ثالث حينئذ (ولا يرث مع ذي سهم ولا عصبة سوى الزوجين) لعدم الرد عليهما (فيأخذ المنفرد جميع المال) -

📖 كفايت المفتى (دار الاشاعت) ٨ / ٣٣٦ : جواب- زید کے بھائی موجود ہوں گے یا بھتیجے موجود ہوں گے تو نواسہ کو میراث میں کوئی حصہ نہیں ملے گا، زید کو یہ حق ہے کہ اپنی زندگی میں نواسہ کو اپنی جائداد میں سے کچھ دیدے اور بہتر یہ ہے کہ ثلث سے زیادہ نہ دے۔

নাতিরা নানার থেকে মিরাছ পাবে কি না

প্রশ্ন : জনৈক ব্যক্তির জীবদ্দশায় তাঁর মেয়ে জহুরা খাতুন তাঁর তিন ছেলে জীবিত রেখে ইন্তেকাল করেন। জানার বিষয় হচ্ছে, মরহুমার ছেলেরা তাঁর নানার সম্পত্তি হতে কোনো অংশ পাবে কি না? উল্লেখ্য, জহুরা খাতুনের অন্য ভাই-বোনেরা বর্তমানে জীবিত।

উত্তর : প্রশ্নে বর্ণিত জহুরা খাতুন যেহেতু তাঁর পিতার পূর্বেই মৃত্যুবরণ করেন, তাই জহুরা খাতুনের ছেলেরা নানার সম্পত্তির অংশীদার হবে না। (১৫/৩৭৮/৬০৯৮)

📖 البحر الرائق (سعيد) ٨/ ٥٠٦ : قال - رحمه الله - (ولا يرث مع ذي سهم وعصبة سوى أحد الزوجين لعدم الرد عليهما) أي لا يرث ذوو الأرحام مع وجود ذوي فرض أو عصبة إلا إذا كان صاحب

Scanned by CamScanner

الفرض أحد الزوجين فيرثون معه لعدم الرد عليه؛ لأن العصبة أولى.

📖 الدر المختار (سعيد) ٦/ ٧٩١ : باب توريث ذوي الأرحام (هو كل قريب ليس بذي سهم ولا عصبة) فهو قسم ثالث حينئذ (ولا يرث مع ذي سهم ولا عصبة سوى الزوجين) لعدم الرد عليهما (فيأخذ المنفرد جميع المال).

📖 کفایت المفتی (دارالاشاعت) ۸ / ۳۳۶ : جواب- زید کے بھائی موجود ہوں گے یا بھتیجے موجود ہوں گے تو نواسہ کو میراث میں کوئی حصہ نہیں ملے گا، زید کو یہ حق ہے کہ اپنی زندگی میں نواسہ کو اپنی جائداد میں سے کچھ دیدے اور بہتر یہ ہے کہ ثلث سے زیادہ نہ دے۔

নাতিদের অংশে নানির হস্তক্ষেপ

প্রশ্ন : মৃত নানার অংশ মিরাছ হিসেবে মায়ের মাধ্যমে নাতিরা পূর্ণরূপে পেয়েছে। কিন্তু নানি চান নাতিদের প্রয়োজন অনুপাতে কিছু অংশ দিয়ে বাকি অংশগুলো তিন ছেলে ও মৃত মেয়ের জন্য সদকায়ে জারিয়া হিসেবে মসজিদ-মাদরাসা ইত্যাদি খাতে দান করতে। তাতে নাতিদের প্রতি নানির কোনো প্রকার বে-ইনসাফি ও গোনাহগার হবেন কি না?

উত্তর : প্রশ্নের বর্ণনা অনুযায়ী যেহেতু নাতিরা মিরাছ সূত্রে নানার সম্পদ থেকে মায়ের অংশের পরিপূর্ণভাবে মালিক হয়ে গেছে। তাই নানির জন্য তাদের সম্পদ সদকা করার কোনো অধিকার নেই। হ্যাঁ, তাদের সন্তুষ্টি সাপেক্ষে পারবেন, যদি তারা সবাই বালেগ হয়। (১৯/৩৪৯/৮১৯১)

📖 السنن الكبرى للبيهقي (دار الحديث) ٦/ ١٨٦ (١١٥٤٥) : عن أبي حرة الرقاشي، عن عمه، أن رسول الله صلى الله عليه وسلم قال: " لا يحل مال امرئ مسلم إلا بطيب نفس منه ".

📖 الدر المختار (سعيد) ٥ /٦٨٧ : (وشرائط صحتها في الواهب العقل والبلوغ والملك) فلا تصح هبة صغير ورقيق، ولو مكاتبا.

📖 الموسوعة الفقهية الكويتية ٤٢ /١٢٢ : اشترط الفقهاء في الواهب أن يكون من أهل التبرع وذلك بأن يكون عاقلا بالغا رشيدا، وأن يكون مالكا للشيء الموهوب.

Scanned by CamScanner

দাদা-দাদির ঘর ও গাছগাছালি ভোগ করা

প্রশ্ন : ১. দাদা যদি আমগাছ, কাঁঠালগাছ এমনকি ফলের গাছ লাগিয়ে যায়, তাহলে নাতি-পুতিদের জন্য খাওয়া জায়েয হবে কি না?
২. পিতামহ-মাতামহ নাতি-পুতিদের জন্য দালানঘর রেখে গেলে সেই দালানের ভাড়ার টাকা ভোগ করা জায়েয হবে কি না?

উত্তর : নাতি-পুতিরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যেহেতু ওয়ারিশ, সুতরাং তাদের জন্য দাদা-নানার রোপণকৃত বৃক্ষের ফলফলাদি খাওয়া জায়েয হবে। দালানঘরের ভাড়ার টাকার হুকুমও অনুরূপ। (১৯/৯৯/৮০১৭)

📖 الفتاوى السرجية (سعيد) ص ١٥١ : أقرب العصبات بنفسها إلى الميت بنو الصلب ثم بنوهم ثم بنو بنيهم وإن سفلوا، ثم الأب ثم الجد أى أب الأب وإن علا-

📖 الفتاوى الهندية (زكريا) ٦ /٤٥١ : فالعصبة نوعان: نسبية وسببية، فالنسبية ثلاثة أنواع: عصبة بنفسه وهو كل ذكر لا يدخل في نسبته إلى الميت أنثى وهم أربعة أصناف: جزء الميت وأصله وجزء أبيه وجزء جده، كذا في التبيين فأقرب العصبات الابن ثم ابن الابن وإن سفل ثم الأب ثم الجد أب الأب وإن علا، ثم الأخ لأب وأم، ثم الأخ لأب ثم ابن الأخ لأب وأم، ثم ابن الأخ لأب ثم العم لأب وأم ثم العم لأب ثم ابن العم لأب وأم، ثم ابن العم لأب ثم عم الأب لأب وأم ثم عم الأب لأب ثم ابن عم الأب لأب وأم، ثم ابن عم الأب لأب ثم عم الجد، هكذا في المبسوط.

কোনো অংশীদার তার অংশ না নিলে কারা পাবে

প্রশ্ন : জনৈক ব্যক্তি মৃত্যুর সময় দুই স্ত্রী ও ছেলেমেয়ে রেখে যান। তারা পিতার মৃত্যুর পর নিজেদের মধ্যে জমি বণ্টন করে নেয়। একজন বোন বিদেশে থাকার কারণে তার অংশ পৃথক করে রেখে যায়। পরে বোন তাদের জানায় যে তার অংশ সে নেবে না। প্রশ্ন হলো, উক্ত বোনের অংশ কারা পাবে এবং কিভাবে পাবে? শুধু আপন ভাইদের মাঝে বণ্টন হবে, নাকি সৎ ভাই-বোনসহ সকলের মধ্যে বণ্টন হবে?

উত্তর : আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত প্রাপ্য বাতিল করার দ্বারা বাতিল হয় না। বাতিল করার পরও তার মালিকানাধীন থেকে যায়। তাই প্রশ্নে বর্ণিত সুরতে প্রবাসী বোন

Scanned by CamScanner

পৈতৃক সূত্রে প্রাপ্য অংশ ছেড়ে দেওয়ার পরও তার মালিকানা থেকে যাবে। হেবা না করা পর্যন্ত অন্য কেউ তার সম্পদের মালিক হবে না। তবে যদি বোন তার অংশকে হেবা করে হস্তান্তর করে দেয়, তাহলে বোন যাকে যতটুকু দেবে, সে ততটুকু নিতে পারবে। (১৯/১৭৩/৮০৭৩)

📖 حاشية الشلبي على التبيين (امداديه) ٥ /٥٠ : (قوله ولا يتصور الإبراء) أي؛ لأن الإبراء عن الأعيان غير المضمونة لا يصح. اهـ

📖 غمز عيون البصائر (دار الكتب العلمية) ٣/ ٣٥٤ : قوله: لو قال الوارث: تركت حقي إلخ. اعلم أن الإعراض عن الملك أو حق الملك ضابطه أنه إن كان ملكا لازما لم يبطل بذلك كما لو مات عن ابنين فقال أحدهما: تركت نصيبي من الميراث لم يبطل لأنه لازم لا يترك بالترك بل إن كان عينا فلا بد من التمليك وإن كان دينا فلا بد من الإبراء -

📖 فتاوی محمودیہ (زکریا) ٨ /٣٦٠ : الجواب- محض نہ لینے سے وارث کی ملک مال مورث سے زائل نہیں ہوتی، لہذا اگرہندہ وغیرہ نے باب اللہ کو اپنا حصہ ہبہ کرکے باقاعدہ قبضہ کرادیا تھا، تب تو ہندہ کے ورثہ کو باب اللہ کے ورثہ سے اس کے لینے کا حق حاصل نہیں اور اگر باقاعدہ ہبہ نہیں کیا تو پھر حق حاصل ہے۔

কোনো সন্তানের নামে সম্পত্তি কিনলেই সে তার মালিক হয় না

প্রশ্ন : আমার পিতা ১৯৭৫ সালে বর্তমান রাজউক তৎকালীন ডিআইটি হতে নিলামে গুলশান এভিনিউয়ে অবস্থিত ৮ আট কাঠা জমি আমার বড় ভাইয়ের নামে ক্রয় এবং তার নামেই জমি রেজিস্ট্রি করেন। যদিও আমার ভাই সে সময় দশম শ্রেণীর ছাত্র ছিল। পরবর্তীতে ১৯৮০ সালে আমার পিতা হজে গিয়ে মারা যান। তারপর হতে আমার ভাই দোতলা অফিস দালান তৈরি করে ভোগদখল করে আসছে। আমরা আমার পিতার অন্যান্য সন্তান, অর্থাৎ আমি ও আমার চার বোন আমাদের পিতার ওয়ারিশ হিসেবে এ জমিটির অংশ দাবি করলে ভাই এ বলে আমাদের নাকচ করে দেয় যে উক্ত জমিটি আমাদের পিতা তার নামে ক্রয় এবং রেজিস্ট্রি করেছেন। মৃত্যুর পূর্বে তাকে কাগজে-কলমে কোনো হেবা করেননি। এমতাবস্থায় আমাদের সম্পত্তির অংশ দাবি করার অধিকার আছে কি?

Scanned by CamScanner

উত্তর : জমি হোক কিংবা অন্য কোনো জিনিস যিনি ক্রয় করেন তিনিই ওই জিনিসের মালিক হন। অতঃপর তিনি অন্য কাউকে হেবা বা বিক্রির মাধ্যমে মালিক না বানালে কেউ ওই বস্তুর মালিক হতে পারে না। শুধুমাত্র ক্রয়কালে অন্যের নামে কাগজ করা বা রেজিস্ট্রি করার দ্বারা মালিকানা হস্তান্তর হয়েছে বলা যায় না। সুতরাং প্রশ্নের বিবরণ মতে, আপনার আব্বাই ওই জমির ক্রেতা, তাই আপনার আব্বাই এর মালিক। পরবর্তীতে তিনি আপনার বড় ভাইকে হেবা করেছেন মর্মে কোনো প্রমাণ না থাকলে মৃত্যু পর্যন্ত তিনিই এর মালিক ছিলেন বলতে হবে। এমতাবস্থায় তাঁর অন্যান্য সম্পদের মতো প্রশ্নে উল্লিখিত জমিও ওয়ারিশিনদের মাঝে শরীয়তের নীতি অনুযায়ী বণ্টন হবে। (১৫/৩৫৭/৬০৯৪)

📖 الدر المختار (سعيد) ٥/ ١٠٩ : لو اشترى لغيره نفذ عليه إلا إذا كان المشتري صبيا أو محجورا عليه فيوقف-

📖 رد المحتار (سعيد) ٥/ ١٠٩ : (قوله: نفذ عليه) أي على المشتري-

📖 امداد الفتاوى (زكريا) ٣/ ٣٨ : الجواب- کسی کے نام سے جائداد خریدنے کے بارہ میں میں نے بہت دفعہ غور کیا اور غالبا ایک دو بار لکھا بھی ہے، ہبہ تو کسی طرح یہ ہو نہیں سکتا، کیونکہ ہبہ ہوتا ہے بعد ملک کے اور یہاں پہلے سے ملک نہیں، اس اشتراہی سے تو خود مالک ہی ہوا ہے اور بعد اشتراء کوئی عقد پایا نہیں گیا، البتہ اگر بعد اشتراء کے کوئی تصرف موجب تملیک پایا جاوے، تو بیشک ملک اس کی ہو جاتی، و اذ لیس فلیس، اس لئے یہ فعل مہمل ہے اگر کسی کو یہ شبہ ہو کہ یہ اشتراء فضولی ہے تو اس مشتری لہ کی اجازت کے بعد اس کی ملک ہو جانا چاہئے، جواب یہ ہے کہ بیع للغیر میں تو اجازت غیر سے اس غیر پر نفاذ ہوتا ہے، مگر شراء للغیر میں خود مشتری پر نفاذ ہوتا ہے، کذا فی الدر المختار، پس اس غیر کی تملیک کے لئے عقد جدید کی حاجت ہو گی۔

টালবাহানা ও ধোঁকা দিয়ে বোনদের সম্পদ না দেওয়া এবং লিখে নেওয়া

প্রশ্ন : আমার নানিরা দুই ভাই ও পাঁচ বোন। নানির পিতা ও মাতার রেখে যাওয়া সম্পদ নিয়ে ভাই-বোনের সম্পর্ক তিক্ত অবস্থায়। প্রথমে নানির আব্বা মারা যান, তখন সম্পদ নিয়ে কথা উঠালে বিভিন্ন অজুহাতে পাশ কেটে যায়। প্রায় ১২-১৪ বছর পর নানির মাও ইন্তেকাল করেন। তখন পুনরায় দাবির পরিপ্রেক্ষিতে বসতে সম্মত হলেও নানির মায়ের সম্পদ দুই ভাইয়ের নামে দিয়ে গেছেন বলে দুই ভাই দাবি তোলে। কথিত আছে, দলিলকালীন তারা বোন নেই বলে উল্লেখ করেছে। আর নানার আব্বার সম্পদ ১২ বছর পর অনুমাননির্ভর হিসাব করে ১২ গণ্ডা পাবে উল্লেখ করে দাম নির্ধারণ করা হয় মাত্র ৪৫ হাজার টাকা এবং নাদাবি লিখে দেওয়ার জন্য বৈঠকে মত দেয়।

Scanned by CamScanner

উল্লেখ্য, তাদের এ বন্টন ও টাকা নির্ধারণ চার বোনই অস্বীকার করেন। তার পরও আমার নানি ও তাঁর আরেক বোন থেকে জোরপূর্বক দস্তখত নিয়ে নেয়। প্রশ্ন হলো,

১. নানির মায়ের সম্পদ দুই ভাইকে দিয়ে গেছে এমন দাবি, যার কোনো দলিল নেই এবং বৈঠকের আগে কোনো দিন তাঁদের জানানোও হয়নি।

২. নানির বাবার সম্পদের অনুমাননির্ভর ভাগ ও মূল্য নির্ধারণ কি গ্রহণযোগ্য? যেখানে বোনদের পক্ষ থেকে তখন এবং এখনো তা নাকচ করেই যাচ্ছে।

৩. নানির বাবা মৃত্যুর ১২-১৪ বছর তারা দুই ভাই যা ভোগ করেছে তাতে বোনেরা কিছুই দাবি করতে পারবে না?

৪. পুনরায় বণ্টনের দাবি করা যাবে কি না?

উত্তর : মৃত ব্যক্তির রেখে যাওয়া সম্পদ তার জীবিত ওয়ারিশদের মধ্যে বণ্টনের যে নীতি শরীয়তে বর্ণনা করা হয়েছে, তার অনুসরণ করা প্রত্যেক ঈমানদার নারী-পুরুষের জন্য অপরিহার্য। ফরযের বিরোধিতা বা অমান্য করার অধিকার কারো নেই। কেউ করলেও তা অগ্রহণীয় এবং জুলুমের পর্যায়ভুক্ত হবে। সুতরাং প্রশ্নপত্রে লিখিত বিবরণ যদি সত্য হয়, তাহলে আপনার নানির পিতা-মাতার রেখে যাওয়া স্থাবর-অস্থাবর সম্পদ দুই ভাই ও পাঁচ বোনের মধ্যে ইসলামী আইন মতে ৯ ভাগ করে প্রতি ভাই দুই ভাগ, প্রতি বোন এক ভাগ করে সম্পদের মালিক বলে বিবেচিত হবে। এর বিপরীত দলিলবিহীন দাবি, অনুমাননির্ভর মূল্য নির্ধারণ ও ১২-১৪ বছর বোনের হক অন্যায়ভাবে ভোগ করা ইত্যাদি অবৈধ ও শাস্তিযোগ্য অপরাধ এবং জুলুমের নামান্তর। অতীতের অন্যায়ের ক্ষমা চেয়ে বোনদের হক আদায় করে দিতে হবে। নতুনভাবে খোদাপ্রদত্ত নীতি অনুসরণ করে বণ্টন করে দেবে, অন্যথায় বোনেরা রাষ্ট্রীয় আইনের মাধ্যমে নিজের প্রাপ্য হক আদায় করে নিতে পারবে। (১৮/৮৮/৭৪৮৫)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١١/ ٤٥ (١٦١١) : عن أبي هريرة، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «لا يأخذ أحد شبرا من الأرض بغير حقه، إلا طوقه الله إلى سبع أرضين يوم القيامة» -

📖 سنن الترمذى (دار الحديث) ٣/ ٤٠٣ (١٣٤٠) : عن علقمة بن وائل بن حجر، عن أبيه قال: جاء رجل من حضرموت ورجل من كندة إلى النبي صلى الله عليه وسلم، فقال الحضرمي: يا رسول الله، إن هذا غلبني على أرض لي، فقال الكندي: هي أرضي وفي يدي ليس له فيها حق، فقال النبي صلى الله عليه وسلم للحضرمي: «ألك بينة؟»، قال: لا، قال: «فلك يمينه؟»، قال: يا رسول الله، إن الرجل فاجر لا يبالي على ما حلف عليه، وليس يتورع من شيء، قال: «ليس لك منه إلا ذلك»، قال: فانطلق الرجل ليحلف له، فقال

Scanned by CamScanner

رسول الله صلى الله عليه وسلم لما أدبر: «لئن حلف على ماله ليأكله ظلما، ليلقين الله وهو عنه معرض» -

📖 الدر المختار (سعيد) ٥/ ٥٤٦ : (و) ذكر (أنه) أي العقار (في يده) ليصير خصما (ويزيد) عليه (بغير حق إن كان) المدعى (منقولا) لما مر (ولا تثبت يده في العقار بتصادقهما بل لا بد من بينة أو علم قاض) -

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ١٤٤ : وسئل شيخ الإسلام عطاء بن حمزة عمن زرع أرض إنسان ببذر نفسه بغير إذن صاحب الأرض هل لصاحب الأرض أن يطالبه بحصة الأرض قال نعم إن جرى العرف في تلك القرية أنهم يزرعون الأرض بثلث الخارج أو ربعه أو نصفه أو بشيء مقدر شائع يجب ذلك القدر الذي جرى به العرف -

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ۲/ ۲۵۴ : الجواب- میراث کی تقسیم کے بارے میں شرعی حکم نہ ماننا اور لڑکیوں کو ان کے حق سے محروم کرنا اور ان کو ان کا حق نہ دینا بہت سخت گناہ کا کام ہے، بلکہ حد کفر تک پہونچ جانے کا اندیشہ ہے، خدائے پاک نے اپنے کلام پاک میں وراثت کے قانون و قواعد بیان کرنے کے بعد صریح الفاظ میں فرمایا ہے وَمَنْ يَعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَيَتَعَدَّ حُدُوْدَهٗ يُدْخِلْهُ نَارًا خَالِدًا فِيْهَا وَلَهٗ عَذَابٌ مُّهِيْنٌ، ... ...لہذا صورت مسئولہ میں بہنوں کو ان کا حق دینا ضروری ہے انکار کرنا رسم کفار کی اتباع ہے۔

ছোট সন্তান মারা গেলে তার নামে থাকা সম্পদের মিরাছ

প্রশ্ন : আমি ও আমার এক ছোট ভাইকে রেখে আম্মাজান ইন্তেকাল করলে আমার নানাজান আমাদের দুই ভাইকে কিছু জমি সাফকাওলামূলে লিখে দেন। কিছুদিন পর আমার ছোট ভাইও ইন্তেকাল করে। আমার আব্বা এখনো জীবিত। ওই জমিটুকুর ব্যাপারে শরীয়তসম্মত বিধান জানানোর জন্য অনুরোধ করছি।

উত্তর : যাদের নামে দানপত্র করা হয় তাদের নামে জমি পৃথক করে দেওয়া দানপত্র শুদ্ধ হওয়ার জন্য পূর্বশর্ত। আর যৌথ নামে দান করা হলেও পরবর্তীতে তাদের ভোগদখলে দিলে এই দানপত্র অশুদ্ধ হলেও তারা জমির মালিক হয়ে যাবে। অতএব

Scanned by CamScanner

আপনার নানার প্রদত্ত জমি আপনাদের বিবেচিত হবে। তবে নানা জীবিত থাকলে জমিটুকু পৃথক করে দ্বিতীয়বার দানপত্র করে বিষয়টি শুদ্ধ করে নেওয়া উচিত। ছোট ভাই মৃত্যুর পূর্বে জমি দখল করে না থাকলে সেই অংশের মালিক আপনার নানা। তাঁর অবর্তমানে তাঁর ওয়ারিশগণ মালিক বলে বিবেচিত হবে। আর দখল করে থাকলে সে মালিক হয়েছে বিধায় আপনি ও আপনার আব্বা ছাড়া আর অন্য কোনো ওয়ারিশ না থাকলে উক্ত জমিসহ তাঁর সমুদয় সম্পত্তির মালিক আপনার আব্বাই হবেন। আর যদি অন্যান্য ওয়ারিশও থাকে তাহলে তারাও ওই জমি ও অন্যান্য সম্পদের অংশীদার হবে। (৭/৩৬১/১৬৭৭)

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٣٧٦ : ويشترط أن يكون الموهوب مقسوما ومفرزا وقتالقبض لا وقت الهبة بدليل أنه لو وهب له نصف الدار شائعا ولم يسلم حتى وهب النصف الآخر وسلم الكل تجوز، كذا في الظهيرية.ولو وهب نصف الدار لرجل وسلم ثم وهب النصف الباقي وسلم لا تجوز وكلتاهما فاسدتان، هكذا في النهاية.ولا يتم حكم الهبة إلا مقبوضة ويستوي فيه الأجنبي والولد إذا كان بالغا،... ... هبة المشاع فيما يحتمل القسمة من رجلين أو من جماعة صحيحة عندهما وفاسدة عند الإمام، وليست بباطلة حتى تفيد الملك بالقبض، كذا في جواهر الأخلاطي.ذكر الصدر الشهيد إذا وهب من رجلين ما يحتمل القسمة حتى فسدت الهبة عنده ثم قبضها يثبت الملك ملكا فاسدا، قال وبه يفتى، كذا في الفتاوى العتابية. لا يثبت الملك للموهوب له إلا بالقبض هو المختار، هكذا في الفصول العمادية.

📖 فيه أيضا ٦/ ٤٤٨ : أما الرجال فالأول الأب وله ثلاثة أحوال: الفرض المحض وهو السدس مع الابن أو ابن الابن وإن سفل، والتعصيب المحض وذلك أن لا يخلف غيره فله جميع المال بالعصوبة وكذا إذا اجتمع مع ذي فرض ليس بولد ولا ولد ابن كزوج وأم وجدة فيأخذ ذو الفرض فرضه والباقي للأب بالعصوبة-

📖 رد المحتار (سعيد) ٦/ ٧٧٤ : (قوله: ويقدم الأقرب فالأقرب إلخ) أي الأقرب جهة ثم الأقرب درجة ثم الأقوى قرابة فاعتبار الترجيح أولا بالجهة عند الاجتماع، فيقدم جزؤه كالابن وابنه على أصله كالأب وأبيه ويقدم أصله على جزء أبيه كالإخوة لغير أم وأبنائهم-

Scanned by CamScanner

📖 كفايت المفتى (امداديه) ٨/ ١٧٢ : جواب- صحت ہبہ کیلئے یہ شرط ہے کہ موہوب مشترک مشاع نہ ہو بلکہ مقسوم مفرز ہو یعنی جو چیز جس کو ہبہ کی جائے اس کو تقسیم کرکے علیحدہ کردیاجائے، اگر موہوب لہم متعدد ہوں تو ہر ایک کا حصہ جداجدا کرکے ہبہ کیاجائے، اگر متعدد اشخاص کو کوئی جائیداد مشترک (بغیر اس کے کہ تقسیم کرکے ہر ایک کا حصہ جدا کردیاجائے) ہبہ کردی جائے تو ہبہ صحیح نہ ہوگا، اور اس شرط کی رعایت کرکے ہبہ کیاگیاہو تو اس کی تمامی اور تکمیل اس پر موقوف رہیگی کہ موہوب لہ کو موہوب پر قبضہ دے دیاجائے، اگر قبضہ نہ دیاگیا اور واہب کا انتقال ہوگیا تو موہوب لہ مالک نہ ہوگا، بلکہ جائداد موہوبہ واہب کا ترکہ قرار پائیگی اور فرائض شرعیہ کے موافق تقسیم ہوگی۔

যৌথ সম্পদ দিয়ে মায়ের নামে জমি ক্রয় করা

প্রশ্ন : আমি একজন সরকারি কর্মকর্তা। আমার বাবা প্রায় ৮ মাস পূর্বে ইন্তেকাল করেন। আমরা তিন ভাই ও দুই বোন। আমি সবার বড়। আমার এক ভাই ও এক বোন বিবাহিত। আর ছোট দুই ভাই ও বোন নাবালেগ। তারা মাদরাসায় পড়ালেখা করছে। আমার মা বর্তমানে জীবিত আছেন। আমার বাবা জীবিত থাকা সত্ত্বেও আমি ৬-৭ বছর যাবৎ সংসারের দায়িত্ব পালন করে আসছি। বর্তমানে একই অবস্থায় আছে। আমাদের সমস্ত সম্পত্তির মালিক আমার বাবা ও মা। বাবার মৃত্যুর পর মায়ের এবং অপর ভাই-বোনের পরামর্শক্রমে আমি সংসারের দায়িত্ব পালন করছি। যে সম্পদ খরিদ করেছি তা মায়ের নামে করা হয়েছে। বর্তমানে আমার বালেগ ভাই বা বোন কেউই পৃথক হতে চান না। তারা সকলেই আমাকেই দায়িত্ব পালন করতে বলছে। এমতাবস্থায় আমার করণীয় কী? উল্লেখ্য, সমস্ত আয়-ব্যয়ের হিসাব আমি ডায়েরিতে লিপিবদ্ধ করেছি।

উত্তর : বাবার মৃত্যুর পর সাথে সাথে তার সম্পদ ওয়ারিশদের হয়ে যায়। তাই ওয়ারিশদের মধ্যে যারা বালেগ তারা যদি একসঙ্গে থেকে আপনার পরিচালনায় সন্তুষ্ট থাকে তা জায়েয হবে। তবে নাবালেগের ক্ষেত্রে তা প্রযোজ্য হবে না। সে ক্ষেত্রে তাদের সম্পদ হিসাব রেখে তাদের জন্য সম্পদ বাড়াবেন, নতুবা জমা রাখবেন। যৌথ সম্পদ দিয়ে মায়ের নামে সম্পদ খরিদ করা নাবালেগের অংশে বৈধ হয়নি। (৫/২৫৮/৮৯৮)

📖 الدر المختار (سعيد) ٦/ ٧٥٩ : (يبدأ من تركة الميت الخالية عن تعلق حق الغير بعينها كالرهن والعبد الجاني) والمأذون المديون والمبيع المحبوس بالثمن والدار المستأجرة وإنما قدمت على

Scanned by CamScanner

التكفين لتعلقها بالمال قبل صيرورته تركة (بتجهيزه) يعم التكفين (من غير تقتير ولا تبذير)... ... (ثم) رابعا بل خامسا (يقسم الباقي) بعد ذلك (بين ورثته)-

📖 رد المحتار (سعيد) ٤/ ٣٠٧ : [تنبيه] يقع كثيرا في الفلاحين ونحوهم أن أحدهم يموت فتقوم أولاده على تركته بلا قسمة ويعملون فيها من حرث وزراعة وبيع وشراء واستدانة ونحو ذلك، وتارة يكون كبيرهم هو الذي يتولى مهماتهم ويعملون عنده بأمره وكل ذلك على وجه الإطلاق والتفويض، لكن بلا تصريح بلفظ المفاوضة ولا بيان جميع مقتضياتها مع كون التركة أغلبها أو كلها عروض لا تصح فيها شركة العقد، ولا شك أن هذه ليست شركة مفاوضة، خلافا لما أفتى به في زماننا من لا خبرة له بل هي شركة ملك كما حررته في تنقيح الحامدية.ثم رأيت التصريح به بعينه في فتاوى الحانوتي، فإذا كان سعيهم واحدا ولم يتميز ما حصله كل واحد منهم بعمله يكون ما جمعوه مشتركا بينهم بالسوية-

📖 أحكام القرآن للتهانوى (إدارة القرآن) ٢/ ١١٧ : وفى الكافى : وللإمام الأعظم قوله تعالى (وآتوا اليتامى أموالهم) المراد بعد البلوغ، فهو تنصيص على وجوب دفع المال بعد البلوغ-

📖 فيه أيضا ٢/ ١٢٧ : لا يجوز لولى اليتيم ولا لوصيه الأكل من مال اليتيم غنيا كان أو فقيرا-

পৃথক ছেলে, ভাইয়ের সম্পদে অন্য ভাইদের দাবি ও পুত্রবধূর পাওনা ঋণ প্রসঙ্গ

প্রশ্ন : আমি মাদরাসায় লেখাপড়া করা অবস্থায় আমার পিতা আমার বিবাহের ব্যবস্থা করেন। আমার বিবাহের পরপরই আমার পিতা আমার লেখাপড়ার যাবতীয় খরচ বন্ধ করে দেন। কিন্তু আমার লেখাপড়ার অধিক ইচ্ছা থাকার দরুন আমি নিজেও আমার চাচার দ্বারা পিতার নিকট লেখাপড়ার খরচের জন্য মাসিক শুধু ১০০-১৫০ টাকা করে দেওয়ার জন্য অনুরোধ করলে আমার চাচার উপস্থিতিতে উত্তর দেন যে তাকে আর কোনো খরচ দিতে পারব না, যেহেতু আমার অন্য ছেলেমেয়েদের পড়ালেখা ও বিবাহের খরচ বহন করতে হবে। আমাকে আর বিরক্ত করো না। আমি পিতার উত্তর শোনার পরপরই বাড়ি থেকে নিরাশ হয়ে বের হয়ে যাই। আমার ভবিষ্যৎ কর্মপন্থা

Scanned by CamScanner

নির্ধারণের জন্য আমি প্রথমে দোকানে চাকরি করি। চাকরির মাধ্যমে আমি পড়ালেখা ও হোমিওপ্যাথি চিকিৎসা শিখি। পরে চাকরি ত্যাগ করে ছোটখাটো কিছু ব্যবসার জন্য বাবার নিকট কিছু টাকা চাই। তাঁর নিকট অর্থবিত্ত থাকা সত্ত্বেও আমাকে টাকা দিতে কিছুতেই রাজি হলেন না। ফলে কয়েকজন লোক থেকে ১৫০০০ টাকা ঋণ করে একটি দোকান নিয়ে ব্যবসা আরম্ভ করি। কিন্তু ভাগ্যের নির্মম পরিহাস, কিছুদিন পর রাস্তা প্রশস্ত করার কারণে আমার দোকানটি ভাঙা পড়ে। এতে ব্যবসা শেষ হয়ে যায়। পরে ব্যবসা চালু করার জন্য অর্থের অভাব পূরণ করার জন্য নিরুপায় হয়ে মামা মাওলানা সলিমুল্লাহসহ পিতার নিকট গিয়ে একখানা জমি এক বছরের জন্য বন্ধক দিয়ে আমাকে কিছু টাকার ব্যবস্থা করে দেওয়ার অনুরোধ করি এবং সঙ্গে সঙ্গে ইহা বলে দিই যে, ইনশাল্লাহ এক বছর পরে উক্ত জমি ছাড়িয়ে দেব। তবুও তিনি রাজি হলেন না। অবশেষে অপারগ হয়ে আমার স্ত্রীর দুই কানি জমি বন্ধক দিয়ে পুনরায় ব্যবসা আরম্ভ করি। এরপর বাবার ভিটা হতে প্রায় ১০ মাইল দূরে রামুতে সপরিবারে চলে আসি। সম্পূর্ণ পৃথকভাবে পরিবার-পরিজন নিয়ে বসবাস করতে থাকি। রামু চলে আসার পূর্বে আমি আমাদের দুই বোন ও এক ভাইয়ের বিবাহের যাবতীয় খরচ বহন করি। তা ছাড়া আমার মাতা-পিতার পোশাক ও ওষুধ খরচ বহন করি। স্ত্রীর পরামর্শক্রমে এক ভাই ও এক বোনের বিবাহ আমার স্ত্রীর সম্পদ দ্বারা সম্পন্ন করি। আমার পিতা জীবিত থাকা অবস্থায় তাঁর এক কানি জমি বন্ধক দিয়েছিলেন। তিনি আমার স্ত্রীর চার ভরি স্বর্ণালংকার বিক্রি করে বন্ধকি জমি উদ্ধার করেন। দুর্ভাগ্যবশত আমার পিতা মারা যান, ফলে আমার স্ত্রীর চার ভরি স্বর্ণ তাকে পূরণ করতে পারেননি। আমার পিতা আমার স্ত্রীকে পরিশোধ করে দেবেন ওয়াদা করেছিলেন। আমার পিতা মারা যাওয়ার সময় চার ছেলে ও চার মেয়ে রেখে যান। তন্মধ্যে আমি সকলের বড়। এখন আমার আরজ এই যে,

১. আমি আমার পিতার স্থাবর-আস্থাবর সম্পত্তির ওয়ারিশ হব কি না?

২. আমার নিজস্ব অর্জিত সম্পদ পিতার অন্য ওয়ারিশগণ পাবে কি না?

৩. জীবদ্দশায় পিতা নিজের বন্ধক দেওয়া জমি খালাস করার জন্য আমার স্ত্রীর চার ভরি স্বর্ণ হস্তান্তর করেছিলেন তা পিতার উত্তরাধিকার সম্পত্তি থেকে আদায় করা অন্য ওয়ারিশগণের ওপর কর্তব্য কি না?

উত্তর : ১. যতক্ষণ পর্যন্ত শরীয়ত বর্ণিত বঞ্চিত হওয়ার কারণসমূহ পাওয়া না যায়, মৃত ব্যক্তির ওয়ারিশগণ শরীয়ত বর্ণিত অংশ অবশ্যই পাবে। তাই প্রশ্নকারী তার পিতার ওয়ারিশ হবে। (২/২১)

📖 سورة النساء الآية ١١ : ﴿يُوصِيكُمُ اللهُ فِيٓ أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنثَيَيْنِ﴾

Scanned by CamScanner

📖 الدر المختار (سعيد) ٦/ ٧٦٢ : (ثم) رابعا بل خامسا (يقسم الباقي) بعد ذلك (بين ورثته) أي الذين ثبت إرثهم بالكتاب أو السنة -

২. কোনো ছেলে যদি বাপের সংসার থেকে ভিন্ন হয়ে স্বয়ংসম্পূর্ণ রোজগার করে, ওই সম্পদের মালিক ওই ছেলেই থাকবে। তাই প্রশ্নকারীর ব্যক্তিগত সম্পত্তির মধ্যে বাপের কোনো ওয়ারিশ অংশ পাবে না।

📖 رد المحتار (سعيد) ٤/ ٣٢٥ : في القنية الأب وابنه يكتسبان في صنعة واحدة ولم يكن لهما شيء فالكسب كله للأب إن كان الابن في عياله لكونه معينا له -

📖 الفتاوى الخيرية ٢/ ٩٢ : سئل فى ابن كبير ذى زوجة وعيال له كسب مستقل حصل بسببه أموالا ومات، هل هى لوالده خاصة أم تقسم بين ورثته ؟

أجاب هى للابن تقسم بين ورثته على فرائض الله تعالى حيث كان له كسب مستقل بنفسه -

৩. মৃত ব্যক্তির সম্পদ ওয়ারিশগণের মধ্যে বণ্টনের পূর্বশর্ত হলো যে কাফন-দাফনের খরচ এবং কর্জ অসিয়ত বাদ দেওয়া। তাই আপনার স্ত্রীর কর্জ প্রমাণিত হলে তা অবশ্যই মৃত ব্যক্তির সম্পদ হতে দিতে হবে।

📖 سورة النساء الآية ١١ : ﴿يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ﴾

📖 الفتاوى الهندية (زكريا) ٦ /٤٤٧ : التركة تتعلق بها حقوق أربعة: جهاز الميت ودفنه والدين والوصية والميراث. فيبدأ أولا بجهازه وكفنه وما يحتاج إليه في دفنه بالمعروف، كذا في المحيط ويستثنى من ذلك حق تعلق بعين كالرهن والعبد الجاني فإن المرتهن وولي الجناية أولى به من تجهيزه -

Scanned by CamScanner

মৃত্যুরোগে আক্রান্ত ব্যক্তির সন্তানের নামে করা হেবা অগ্রহণযোগ্য, সম্পত্তি-আয় সকল ওয়ারিশের মাঝে বণ্টন হবে

প্রশ্ন : আমরা ছয় ভাই ও পাঁচ বোন। আব্বা একজন ব্যবসায়ী ছিলেন। তাঁর একটি দোকান ছিল। তিনি দোকানটির অর্ধেক খরিদ সূত্রে মালিক ছিলেন এবং বাকি অর্ধেক ভাড়া সূত্রে ব্যবহার করতেন। অতঃপর আমার ছোট ভাই ব্যবসার সাথে জড়িয়ে গেল এবং বাবা ধীরে ধীরে ব্যবসার পরিচালনা তার ওপর ছেড়ে দিলেন। ইনকাম ট্যাক্সের ঝামেলা হতে মুক্ত হওয়ার জন্য নিজ নাম বাদ দিয়ে প্রতিষ্ঠানের নাম মেসার্স মাহবুবুল হক ব্রাদার্স রেখে ব্যবসা থেকে সরে এলেন। আব্বার সামান্য পুঁজির ওপরে প্রায় ২০-৩৫ হাজার হতে পারে মাহবুবুল হক ব্যবসা শুরু করে। কয়েক বছর পরিশ্রম করে ব্যবসায় প্রভূত উন্নতি সাধন করে এবং দোকানের যে অর্ধেক অংশ ভাড়া ছিল সেটাও খরিদ করে নেয়। পূর্বের টিনশেড দোকানকে সে পাকা তিনতলা ভবনে পরিণত করে। উল্লেখ্য, গ্রামে আমাদের দুটি বাড়ি রয়েছে। একটি পুরাতন, সেখানে আমরা সবাই মিলে থাকতাম। কোনো কারণবশত আম্মা সেখানে থাকতে অনিচ্ছুক হলে আব্বা নতুন একটি বাড়ি বানান। আম্মা ও অন্য ভাইয়েরা নতুন বাড়িতে চলে যায়। মাহবুবুল হক ও মরহুম বড় ভাইয়ের (যিনি আব্বা থাকতেই মারা যান) পরিবার পুরাতন বাড়িতে থাকত। উভয় বাড়ির দৈনন্দিন খরচপাতি দোকানের আয় থেকেই করা হতো। কিন্তু এতেও অসুবিধা দেখা দিলে তখন আব্বা ছোট ভাই মাহবুবুল হককে নতুন বাড়ির খরচ বাবদ প্রতি মাসে তিন হাজার টাকা আম্মাকে দেওয়ার জন্য ধার্য করে দেন। এভাবেই চলতে থাকে। কিছুদিন পর মাহবুবুল হকের জন্য যখন শারীরিক এবং অন্যান্য অসুবিধায় একা ব্যবসা পরিচালনা কষ্টকর হওয়ায় ছোট ভাই ফজলুল হককে ব্যবসায় সহযোগিতার লক্ষ্যে (উল্লেখ্য, সে অন্য জায়গায় চাকরি করত) দোকানে নিয়ে আসে। আব্বা ফজলুল হকের ব্যক্তিগত হাত খরচের জন্য মাসিক তিন হাজার টাকাক ধার্য করলেন। অতঃপর মাহবুবুল হক অসুস্থ হয়ে পড়লে ফজলুল হকই ব্যবসা পরিচালনা করতে থাকে।

কিছুদিন পর আব্বা ভীষণ অসুস্থ হয়ে পড়েন, আমরা চিকিৎসা করাই। অসুস্থতার কারণে আব্বার মস্তিষ্কের বিকৃতি ঘটে। এ অবস্থায় আব্বা ইন্তেকাল করেন। ইন্তেকালের এক বছর পর জানতে পারি যে ছোট ভাই মাহবুবুল হককে পুরাতন বাড়ি ও দোকান হেবা দান সত্ত্বে রেজিস্ট্রি করে দিয়েছেন। আর এ দাবি অন্য ভাইয়েরা মানতে অস্বীকৃতি জানালে সার্বিক অবস্থার অবনতি ঘটে। রক্তক্ষয়ী সংঘর্ষের হাত থেকে রক্ষাকল্পে সালিসের মাধ্যমে সকলের লিখিত সম্মতিক্রমে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে বছর শেষে ব্যবসায়িক লেনদেনের হিসাব মিটিয়ে যা নগদ টাকা পাওয়া যাবে পাঁচ ভাই মরহুম বড় ভাইয়ের পরিবার ও আম্মাসহ সাত ভাগে ভাগ করে নেবে। এতে বোনদের কোনো অংশ রাখা হয়নি। আব্বার নামে অন্য যেসব স্থাবর সম্পত্তি রয়েছে সেগুলোতে মরহুম বড় ভাইয়ের সন্তানরা শরীয়তের দৃষ্টিতে মিরাছ হিসেবে পায় না। কিন্তু সরকারি

Scanned by CamScanner

আইনে তারা অংশ পায়। উল্লিখিত বিস্তারিত বর্ণনার পরিপ্রেক্ষিতে শরীয়তের দৃষ্টিতে সঠিক সিদ্ধান্ত জানার লক্ষ্যে কিছু প্রশ্ন :

১. পূর্ব বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে মাহবুবুল হকের দাবি অনুযায়ী উক্ত হেবা ও দান স্বত্ব শরীয়তের দৃষ্টিতে কতটপুকু গ্রহণযোগ্য?

২. উক্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানটিকে যৌথ হিসেবে ধরা হবে, নাকি মাহবুবুল হকের একক ধরা হবে?

৩. ওই সময় যদি মাহবুবুল হক কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি নিজ নামে বা স্ত্রীর নামে খরিদ বা জমা করে থাকে সেটা কি তার একক হবে, নাকি সেটাতে সকল ওয়ারিশের অংশ আছে?

৪. সালিসের মাধ্যমে আমরা যে টাকা মাহবুবুল হক থেকে তার সম্মতিক্রমে পেয়েছি (সে তার ওপর আমাদের থেকে স্বীকারোক্তিনামায় দস্তখত করিয়ে নেয়।) তা বৈধ কি না? এবং এ টাকার ওপর বোনদের কোনো দাবি থাকতে পারে কি না?

৫. মরহুম বড় ভাইয়ের সন্তান বা সরকারি আইনের আশ্রয় নিয়ে কোনো একজন ওয়ারিশ বা সকলের সম্মতি ছাড়া অংশীদারিত্বের দাবি করলে তাহা বৈধ হবে কি না?

৬. আব্বার নামের সকল সম্পত্তির দলিলপত্র ছোট ভাই মাহবুবুল হকের কাছেই ছিল। দেশে যখন জরিপকার্য শুরু হয় তখন সে সকল ওয়ারিশিনের সম্মতি ছাড়া মরহুম বড় ভাইয়ের সন্তানদের নামে অন্যান্য ওয়ারিশিনের সমপরিমাণ জমি জরিপ করে নেয়। শরীয়তের দৃষ্টিতে এটি বৈধ হবে কি না?

উত্তর : ১. সন্তানের জন্য পিতার দান গ্রহণযোগ্য হয় যদি তা মৃত্যুরোগে পতিত হওয়ার পূর্বে সম্পাদিত হয়ে থাকে। প্রশ্নের বর্ণনা যদি সত্য হয় তাহলে দানপত্র শরীয়তের দৃষ্টিতে গ্রহণযোগ্য নয়। কেননা মাহবুবুল হককে দেওয়া দানপত্র পিতার মৃত্যুরোগে আক্রান্ত হওয়ার পরই সম্পাদিত হয়েছে। (২/১৭৩/৩০৯৪)

📖 عزیز الفتاوی (دار الاشاعت) ص ۶۹۷ : الجواب- قال فی الدر المختار :
إعتاقه ومحاباته وهبته ووقفه الخ كل ذلك حكمه كحكمه وصية
الخ وفيه ولا لوارثه الخ... ... پس معلوم ہوا کہ مرض الموت میں ہبہ کرنا بحکم
وصیت ہے اور وصیت وارثوں کیلئے درست نہیں ہے۔

২. উক্ত ব্যবসায়প্রতিষ্ঠানকে যৌথ ধরা হবে।

📖 رد المحتار (سعيد) ٤/ ٣٢٦ : حاصله أن الشركة الفاسدة إما بدون
مال أو به من الجانبين أو من أحدهما، فحكم الأولى أن الربح
فيها للعامل كما علمت، والثانية بقدر المال، ولم يذكر أن لأحدهم

Scanned by CamScanner

أجرا؛ لأنه لا أجر للشريك في العمل بالمشترك كما ذكروه في قفيز الطحان والثالثة لرب المال وللآخر أجر مثله -

৩. এ সময়ে মাহবুবুল হকের খরিদকৃত সকল সম্পত্তি মরহুম পিতার ওয়ারিশগণের গণ্য হবে।

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۲/ ۱۵۹ : لیکن اگر زید والدین کے ساتھ رہتا تھا اور رہنا سہنا کھانا پینا ان کے ساتھ تھا اور ان کے ماتحت رہکر کمائی ہوئی رقم سے زمین خریدی ہے تو وہ جگہ والد کی شمار ہوگی اور اس میں والد صاحب کے تمام ورثاء حقدار ہوں گے۔

৪. যেখানে উত্তরাধিকার সূত্রে ভাইদের প্রাপ্য, সেখানে বোনদেরও প্রাপ্য। তাই স্বীকারোক্তি দিয়ে মাহবুবুল হক থেকে ভাইয়েরা যে টাকা নিয়েছে, তা তাদের জন্য বৈধ এবং এতে বোনরাও দাবি করতে পারবে। তবে স্বীকারোক্তি নামায় স্বাক্ষরকারীরা ধারাসমূহ অমান্য করতে পারবে না।

📖 الهداية (دار إحياء التراث) ٣/ ١٩٦ : وأصل هذا أن الدين المشترك بين اثنين إذا قبض أحدهما شيئا منه فلصاحبه أن يشاركه في المقبوض

📖 امداد المفتین ص ۹۱۵ : ابراء نامہ سے دست برداری کا حق نہیں ہے کیونکہ ابراء سے رجوع کسی حال صحیح نہیں ہے۔

৫, ৬. পিতার পূর্বে মৃত্যুবরণকারী ভাইয়ের সন্তানরা অংশীদারত্বের দাবি করতে পারে না এবং এর জন্য সরকারি আইনের আশ্রয় নেওয়াও বৈধ নয়। অবশ্য দাদা স্বেচ্ছায় তাদের জন্য কিছু সম্পত্তি নির্দিষ্ট করে দিয়ে জরিপ করে দিলে তাদের প্রাপ্য হবে। শুধু জরিপের কোনো মূল্য নেই।

📖 امداد المفتین (دارالاشاعت) ص ۸۳۷ : کاغذات سرکاری میں کسی کا نام درج ہو جانے سے شرعا اس کی ملک ثابت نہیں ہوتی جب تک کہ مالک اپنی رضاء سے اس کو مالک نہ بنائے اور قبضہ نہ کرائے۔

ব্যবহৃত আসবাবও মিরাছ হিসেবে বণ্টন হবে

প্রশ্ন : আমার পিতার রেখে যাওয়া সম্পত্তির মধ্যে ঘরে ব্যবহৃত জিনিসপত্রও মিরাছ হিসেবে বণ্টিত হবে কি? বর্তমানে যার যার ঘরে যেসব আসবাব আছে সেগুলো যার

Scanned by CamScanner

যার হবে? আব্বার ব্যবহৃত যেসব আসবাব আমার ঘরে আছে, তা কি আমার আম্মার জন্যই খাস, না সবার মাঝে তা ফারায়েয অনুযায়ী বণ্টিত হবে?

উত্তর : মৃত ব্যক্তির রেখে যাওয়া সম্পত্তির মধ্যে ঘরে ব্যবহৃত জিনিসপত্র ফারায়েয অনুযায়ী বণ্টিত হবে। যৌথ পরিবারে যদিও প্রত্যেকের সুবিধার্থে প্রত্যেকের আসবাব ভিন্ন ভিন্ন হয়ে থাকে, কিন্তু শরীয়ত মতে সকলের ব্যবহৃত আসবাবের মালিক পিতাই হয়ে থাকে। হ্যাঁ, কোনো জিনিস বিশেষ কাউকে মালিক বানিয়ে দেওয়ার সাক্ষী কেউ পেশ করতে পারলে তার মালিক সে হবে। সুতরাং তা ছাড়া ঘরের সকলের জিনিসপত্র পিতার মৃত্যুর পর ফারায়েয অনুযায়ী বণ্টিত হবে।

পিতার ঘরের আসবাবের মধ্যে যদি তাঁর শ্বশুরবাড়ির পক্ষ থেকে দেওয়া কোনো জিনিস থাকে তার মালিক তাঁর স্ত্রীই হবে এবং দেনমোহর বাবদ অলংকারাদি ও পরিধেয় কাপড় এবং বিশেষভাবে কোনো জিনিসপত্র তাঁর স্ত্রীকে মালিক বানিয়ে দেওয়ার প্রমাণ থাকলে এগুলোর মালিক তাঁর স্ত্রী হবে। তা ছাড়া অন্য আসবাব ফারায়েয অনুযায়ী বণ্টন হবে। (৪/৩৫৬/৭৫২)

📖 الدر المختار (سعيد) ٦/ ٧٦٢ : (ثم) رابعا بل خامسا (يقسم الباقي) بعد ذلك (بين ورثته) أي الذين ثبت إرثهم بالكتاب أو السنة -

📖 رد المحتار (سعيد) ٦/ ٧٥٩ : لأن تركه الميت من الأموال صافيا عن تعلق حق الغير بعين من الأموال كما في شروح السراجية.

📖 عزیز الفتاوی (دار الاشاعت) ص ۷۴۳ : الجواب-اس صورت میں جو زیور وغیرہ شوہر نے تیار کرایا یا روپیہ بغرض تیار کرانے زیور کے زوجہ کو دیا وہ بعد مرنے متوفی کے متوفی کا ترکہ شمار ہوگا اور جملہ ورثہ حسب حصص تقسیم ہوگا، بعد ادائے حقوق مقدمہ علی المیراث، عرف اس زمانہ کا یہی ہے کہ جو زیور زوجہ کو دیا جاتا ہے وہ عاریۃً ہوتا ہے مالک اس کا شوہر ہوتا ہے، اسی طرح جو اسباب خانہ داری ظروف وغیرہ شوہر کی ملک ہیں وہ بھی ترکۂ شوہری میں داخل ہے، زوجہ کی ملک صرف وہ اشیاء وزیور وظروف وغیرہ ہیں جو جہیز میں اس کو والدین کی طرف سے دئے گئے یا زوجہ نے اس روپیہ سے خریدے جو اس کو اس کے اقرباء ووالدین وغیرہما کی طرف سے دیا گیا یا وہ کپڑے وغیرہ جو شوہر نے زوجہ کو بطریق نفقہ وملبس دئے۔

যৌথ মিরাছি সম্পত্তি দিয়ে মেহমানদারি, দু'আর মাহফিল ইত্যাদি করা

প্রশ্ন : আমার পিতা মৃত্যুকালে যে সম্পত্তি রেখে যান তা ওয়ারিশদের মাঝে বণ্টনের পূর্বেই আমরা ওয়ারিশরা সবাই মেহমানসহ একসঙ্গে খাওয়াদাওয়া, বসবাস ও অন্যান্য জরুরি খরচ করি। তৎসহ মৃত পিতার কাফন-দাফন, কবরস্থান রক্ষণাবেক্ষণ, জিয়ারত,

Scanned by CamScanner

দু'আর মাহফিল ইত্যাদি বহু প্রকার খরচ করি। অতঃপর ওয়ারিশ থেকে এ ব্যাপারে না-দাবি চাওয়া হয়েছে। তারাও সবাই দাবি ছেড়ে দিয়েছে যে এতে কারো অংশ কমবেশি হয়ে থাকলে তা ধর্তব্য নয়। ওই রূপ কাজ কি শরীয়তসম্মত হয়েছে?

উত্তর : মৃত ব্যক্তির কাফন-দাফনের খরচ পরিমাণ সম্পদ কোনো ওয়ারিশের মালিকানাধীন নয়, তাই এর জন্য কারো অনুমতির প্রয়োজন নেই। প্রশ্নোল্লিখিত বাকি খরচাদির খাত কিছু এমন রয়েছে, যা শরীয়তসম্মত নয়। যেমন টাকা দেওয়ার শর্তে কবর জিয়ারত বা দু'আর মাহফিল, এতে কোনো রকমের টাকা ব্যয় করা বৈধ হবে না। এ ছাড়া অন্যান্য বৈধ খাতে এজমালি সম্পদ থেকে ব্যয় করা বালেগ ও বুদ্ধিসম্পন্ন ওয়ারিশদের অনুমতি সাপেক্ষে জায়েয আছে। নাবালেগ বা জ্ঞান-বুদ্ধিহীন ওয়ারিশদের অনুমতি বা না-দাবি শরীয়তের দৃষ্টিতে গ্রহণযোগ্য নয়। (৪/৩৮১/৭৪৩)

📖 قواعد الفقه (المكتبة الأشرفية) ١/ ١٦ : ٢١ - الأصل أن الإجازة اللاحقة كالوكالة السابقة -

📖 الدر المختار (سعيد) ٦/ ٥٦ : (و) لا (لأجل المعاصي مثل الغناء والنوح والملاهي) ولو أخذ بلا شرط يباح (و) لا لأجل الطاعات مثل (الأذان والحج والإمامة وتعليم القرآن والفقه) ويفتى اليوم بصحتها لتعليم القرآن والفقه والإمامة والأذان.

📖 رد المحتار (سعيد) ٢/ ٢٤١ : وأخذ الأجرة على الذكر وقراءة القرآن، وغير ذلك مما هو مشاهد في هذه الأزمان، وما كان كذلك فلا شك في حرمته وبطلان الوصية به، ولا حول ولا قوة إلا بالله العلي العظيم-

📖 فيه أيضا ٢/ ٢٤٠ : ويكره اتخاذ الضيافة من الطعام من أهل الميت لأنه شرع في السرور لا في الشرور، وهي بدعة مستقبحة: وروى الإمام أحمد وابن ماجه بإسناد صحيح عن جرير بن عبد الله قال " كنا نعد الاجتماع إلى أهل الميت وصنعهم الطعام من النياحة". اهـ ... ... ولا سيما إذا كان في الورثة صغار أو غائب.

📖 الهداية (مكتبة البشرى) ٤/ ٣٦١ : فشركة الأملاك: العين يرثها رجلان أو يشتريانها فلا يجوز لأحدهما أن يتصرف في نصيب الآخر إلا بإذنه، وكل منهما في نصيب صاحبه كالأجنبي".

Scanned by CamScanner

অবৈধ টাকা দিয়ে বাবার নামে ছেলের কিনে দেওয়া জমির অংশ নেওয়া

প্রশ্ন : আমার বড় ভাই সরকারি চাকরিজীবী। তিনি ১২ শতক জায়গা আমার পিতার নামে কিনেছেন। তাঁর টাকার মধ্যে বেশির ভাগই হারাম। তিন ভাইয়ের মধ্যে ওই জমি ভাগ করে দেবেন। এখন আমি উক্ত জমি নিতে পারব কি না? এবং ভোগ করতে পারব কি না? যদি আমার জন্য ভোগ করা ইসলামী বিধান মতে নাজায়েয হয়, তবে উক্ত অংশ তাঁর কেনা দামের পরিবর্তে আমি ভোগ করতে পারব কি না?

উত্তর : যতক্ষণ না বড় ভাই এ কথা বলবে যে আমি অবৈধ সম্পদ দিয়ে জমি ক্রয় করেছি শুধুমাত্র সন্দেহের ভিত্তিতে জমির ভাগ নেওয়া থেকে বিরত থাকার প্রয়োজন নেই। বরং ওই জমি ভোগ করা আপনার জন্য জায়েয হবে। তবে যদি বড় ভাই স্পষ্ট বলে যে অবৈধ সম্পদ দ্বারা উক্ত জমি ক্রয় করা হয়েছে, তাহলে নিজ অংশের মূল্য পরিশোধ করেও ভোগ করতে পারবেন। (৪/৪৩৭/৭৬৩)

📖 رد المحتار (سعيد) ٥/ ٩٩ : وإن كان مالا مختلطا مجتمعا من الحرام ولا يعلم أربابه ولا شيئا منه بعينه حل له حكما، والأحسن ديانة التنزه عنه -

📖 مجمع الأنهر (دار إحياء التراث) ٢/ ٤٦٠ : (ولا يحل انتفاعه) أي انتفاع الغاصب (به) أي بالمغصوب المغير (قبل أداء الضمان) استحسانا والقياس الحل وهو رواية عن الإمام وقول الحسن قول زفر؛ لأن ملكه ثبت بكسبه والملك مبيح للتصرف ولهذا لو وهبه أو باعه صح وجه الاستحسان أن في إباحة الانتفاع به قبل الأداء فتحا لباب الغصب فيحرم الانتفاع لكن جاز للغاصب بيعه وهبته؛ لأنه مملوك له بجهة محظورة كالمقبوض بالبيع الفاسد -

বণ্টনের আগে বোনদের দাবি ছেড়ে দেওয়া ও নাবালেগ থাকতে যৌথ সম্পদ থেকে খরচ করা

প্রশ্ন : এক ব্যক্তি মৃত্যুবরণ করার পর ১০-১২ বছর যাবৎ তাঁর মিরাছ বণ্টন হয়নি। কেননা সামাজিক রেওয়াজ না থাকায় তাৎক্ষণিকভাবে ওয়ারিশদের মাঝে বণ্টন হয়নি। তাঁর ওয়ারিশদের মধ্য দুজন নাবালেগ ছিল। তিনি মৃত্যুর সময় কিছু টাকা ব্যাংকে এবং কিছু বই ও আসবাব স্থাবর-অস্থাবর জমি রেখে যান। উক্ত মিরাছ ওয়ারিশদের মাঝে বিভিন্ন সময়ে বণ্টন হয়, যা নিম্নে দেওয়া হলো। ব্যাংকের টাকা যা দ্বারা কাফন-দাফনের পর কিছু টাকা দু'আ-মাহফিলে খরচ হয়। এরপর অবশিষ্ট টাকা মৃতের স্ত্রী

Scanned by CamScanner

তার দুই এতিম সন্তান ও পরিবারের সবাইকে নিয়ে একান্নভুক্ত পরিবারে খরচ করে। মৃতের কন্যারা ওই টাকার ভাগ পায়নি এবং তারা দাবিও করেনি। এমনিভাবে কিছু বই ও আসবাব রেখে যায়, যা কেউ কেউ চেয়ে নিয়ে যায়, বাকি একটি প্রতিষ্ঠানে দান করে দেওয়া হয়। আর ঢাকা শহরের বাড়ি ও জমি, যার ভাড়ার অর্ধেক মৃতের স্ত্রী নিয়ে সবাই মিলে সংসারে খরচ করত, যার মধ্যে এতিম দুই পুত্র ছিল, কিন্তু চার কন্যাকে ওই বাড়ির ভাড়া দেওয়া হয়নি এবং তারা কোনো রূপ দাবিও করেনি। বরং এক পরামর্শ সভায় মৃতের স্ত্রী ও কন্যারা তাদের অংশ ওই ছয় পুত্রকে স্বেচ্ছায় দান করার ঘোষণা করে। আর কন্যারা বলে যে আমরা আমাদের অংশ নেব না। এরপর ছয় পুত্র উক্ত জমিতে চারতলাবিশিষ্ট দালান নির্মাণ করে। এমনিভাবে গ্রামের জমির অংশ কন্যারা পায়নি এবং দাবিও করেনি। উল্লেখ্য যে পুত্ররা কন্যাদের ঢাকা শহরের জমির পরিবর্তে কুমিল্লা শহরের জমি দান করে। বর্তমানে ফারায়েয সম্পর্কে কিছু বইপত্র পড়ে মৃতের ওয়ারিশদের সন্দেহ হচ্ছে যে নিজেদের মধ্যে ওপরে বর্ণিত উপায়ে যেভাবে বণ্টন হয়েছে তা শরীয়তসম্মত হয়েছে কি না? উপরোক্ত বণ্টনে কোনো ভুল হয়ে থাকলে কিভাবে সংশোধন করতে হবে, পৃথকভাবে বর্ণনার প্রয়োজন।

উত্তর : কোনো ব্যক্তি মৃত্যুবরণ করলে ইসলামী বিধান অনুযায়ী কালবিলম্ব না করে প্রথমে তার স্থাবর-অস্থাবর সম্পদ হতে কাফন-দাফনের ব্যবস্থা করা। তারপর ঋণ থাকলে ঋণ পরিশোধ করার পর অসিয়ত করে থাকলে এক-তৃতীয়াংশ থেকে অসিয়ত পুরা করার পর অবশিষ্ট সম্পদ ওয়ারিশদের মাঝে কোরআন-হাদীস মতে সুষ্ঠুভাবে বণ্টন করে দেওয়া জরুরি। প্রশ্নে বর্ণিত বিবরণ মতে মৃতের মিরাছ ওয়ারিশদের মাঝে সঠিকভাবে বণ্টিত হয়নি।

বিশেষতঃ যেহেতু ওয়ারিশদের মধ্যে নাবালেগ ওয়ারিশদের প্রাপ্য অংশ সংরক্ষিত হয়নি এবং মেয়েদের প্রাপ্য অংশ তাদের মালিকানায় আসার পূর্বেই তারা দাবি ছেড়ে দিয়েছে, যা শরীয়তে গ্রহণযোগ্য নয়। অন্যদিকে এ ঘটনা দীর্ঘদিনের পুরাতন, এমতাবস্থায় এখন সংশোধনের একমাত্র পথ হলো, মৃত ব্যক্তির স্থাবর-অস্থাবর সম্পদ হতে যা বর্তমানে মজুদ আছে, সেগুলো ওয়ারিশদের মাঝে শরীয়তসম্মত পদ্ধতিতে বণ্টন করে দিতে হবে। অতীতে যা ঘটে গেছে, সেগুলোর জন্য একে-অপরকে ক্ষমা করে দিতে হবে। কেউ ক্ষমা না করলে যার কারণে এ ভুল হয়েছে, সে দায়ী থাকবে।

বিশেষভাবে উল্লেখ্য যে, ওয়ারিশদের মধ্য হতে মেয়েদের প্রাপ্য অংশ বণ্টন হওয়ার পর মেয়েরা না নিয়ে কাউকে দিয়ে দিতে চাইলে তা পারবে। বণ্টনের পূর্বে শুধুমাত্র দাবি ছেড়ে দিলে তা শরীয়তের দৃষ্টিতে কার্যকর হবে না। (৮/৫৯/১৯৯৮)

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۱/ ۴۰۸ : الجواب- حامداو مصلیا، ترکۂ میت سے اولا تجہیز و تکفین میت کیجائے، اس کے بعد دین میت ادا کیا جائے، پھر اگر وصیت کی ہو تو ایک ثلث سے وصیت پوری کی جائے، ایک ثلث سے زائد میں وصیت نافذ نہیں ہوتی، الا یہ

Scanned by CamScanner

کہ ورثہ اجازت دیدیں بشرطیکہ ورثہ بالغ ہوں، نابالغ کی اجازت بھی معتبر نہیں، بغیر وصیت مطلقا اور بصورت وصیت ایک ثلث سے زائد ضیافت وغیرہ میں خرچ کرنا درست نہیں جبکہ ورثہ نابالغ ہوں، یاغائب ہوں۔

📖 فتاوی محمودیہ (ادارۂ صدیق) ۲۰ / ۲۳۸ : الجواب- محض نہ لینے سے وارث کی ملک مال مورث سے زائل نہیں ہوتی، لہذا اگر ہندہ وغیرہ نے باب اللہ کو اپنا حصہ ہبہ کر کے باقاعدہ قبضہ کرادیا تھاتب تو ہندہ کے ورثاء کو باب اللہ کے ورثاء سے اس کے لینے کا حق حاصل نہیں اور اگر باقاعدہ ہبہ نہیں کیاتو پھر حق حاصل ہے۔

মা-বাবার সম্পদে ছেলেমেয়ের হক ও পৃথক ছেলের অংশ

প্রশ্ন : জীবিত পিতার স্থাবর-অস্থাবর সম্পত্তিতে ছেলেমেয়ের সরাসরি কিরূপ হক আছে? ছেলেমেয়ে কে কত অংশ পাবে? পরবর্তীতে মা মারা গেলে মায়ের সম্পত্তিতে ছেলেমেয়েরা কে কত অংশ পাবে? এ অবস্থায় মায়ের সম্পত্তিতে ছেলেমেয়ে ছাড়া অন্য কারো কোনো হক আছে কি না? পিতা জীবিত থাকা অবস্থায় সন্তান যদি পিতা থেকে আলাদা হতে চায় তবে পিতার সম্পত্তিতে কোনো হক দাবি করতে পরবে কি না? পারলে কত অংশ পাবে?

উত্তর : পিতার জীবদ্দশায় তার স্থাবর-অস্থাবর সম্পত্তিতে বালেগ সুস্থ ছেলের কোনো হক থাকে না। স্ত্রী, নাবালেগ ছেলে এবং মেয়ে অবিবাহিত হলে তাদের ভরণপোষণ ও প্রয়োজনীয় খরচাদি বাপের দায়িত্ব। এ ছাড়া বাপের সম্পদের জীবিত অবস্থায় কারো কোনো হক নেই, দাবিও করতে পারবে না। তবে স্বেচ্ছায় কাউকে কিছু দিলে তা হেবা তথা দান হিসেবে পরিগণিত হবে। পিতার মৃত্যুর পর তার রেখে যাওয়া সম্পদ জীবিত ওয়ারিশদের মধ্যে শরীয়ত কর্তৃক বণ্টনের যে পদ্ধতি রয়েছে, তা বাস্তব বিচারে মৃত্যুকালে রেখে যাওয়া ওয়ারিশিনের লিস্ট পাওয়া যাওয়ার শর্তে অংশ বণ্টন করা যেতে পারে, তার পূর্বে নয়। (৮/৬৯০/২৩১৮)

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۱/ ۴۳۴ : الجواب-زیداپنی زندگی میں اپنی مملوکہ جائیداد میں تصرف کامختار ہے جس کو جس قدر مناسب سمجھے دیدے کسی کو اعتراض کا حق نہیں، البتہ اتناضرور ہے کہ کسی ہونے والے وارث کو طبعی رنج کی وجہ سے ضرر پہونچانا مقصود نہ ہو۔

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۶/ ۱۴۹ : جن چار لڑکے اور دو لڑکیوں کی شادی کرنا باقی ہے اگلے بچوں کی شادی کے وقت جتنا خرچ ہوا تھاان کو اس قدر بطور بخشش دے کر مالک ومختار بنادیا جائے تاکہ وہ اپنی شادی کے وقت اس کو استعمال کریں، اس کے بعد جو

Scanned by CamScanner

باقی بچے اس کے آپ مالک ہیں جن بچوں کو الگ ہونا ہو وہ الگ ہو سکتے ہیں، ان کو آپ سے
زبردستی مطالبہ کا حق نہیں ہے، اگر آپ ان کو کچھ دیتے ہیں تو سب کو برابر سرابر دیں۔

পৈতৃক সম্পদ না নিয়ে ভাইকে দিয়ে দেওয়া

প্রশ্ন : আমরা তিন বোন ও এক ভাই। বাবা ইন্তেকাল করেছেন। মা জীবিত আছেন। আমরা তিন বোন বিবাহিতা, স্বামীর বাড়িতে থাকি। ভাই সবার বড়, তিনি পিতার সম্পদের দেখাশোনা করেন এবং তা থেকে উপকৃত হন। আমাদের তিন বোনের মাঝে সম্পদ বণ্টন করা হয়নি। তবে আমরা তিন বোন এ কথার ওপর ঐকমত্য করেছি যে ভাই যদি আমাদের কোনো সম্পদ নাও দেয়, তাহলে আমরা কোনো অভিযোগ করব না। কিন্তু আমরা উলামায়ে কেরামের কাছে তার ইসলামী বিধিবিধান জানতে চাই এবং আমরা সম্পদ না নিলে সাওয়াবের অধিকারী হব কি না?

উত্তর : ইসলামী শরীয়তের দৃষ্টিতে পিতা মারা যাওয়ার পর তার রেখে যাওয়া সম্পদ তার জীবিত ওয়ারিশিনের মধ্যে আল্লাহ তা'আলা প্রদত্ত বণ্টনের নীতিমালা মোতাবেক বণ্টন করে দেওয়া অপরিহার্য কর্তব্য। অন্যথায় যে বা যারা মৃত ব্যক্তির সন্তান-সন্ততির মধ্যে শরীয়তের নীতিমালা অনুযায়ী সম্পদ হারাহারি ভাগ-বণ্টন করবে না, তারা অপরাধী ও গোনাহগার হিসেবে বিবেচিত হবে। সুতরাং আপনাদের প্রশ্নের বর্ণনা যদি সত্য হয়ে থাকে তাহলে পিতার মৃত্যুর সাথে সাথে হক দিয়ে দেওয়া আপনার বড় ভাইয়ের একান্ত দায়িত্ব ছিল, তা না করে এত দিন একাকী ভোগ করা যদি আপনাদের সন্তুষ্টি এবং অনুমতি সাপেক্ষে হয়ে থাকে তাহলে কোনো অসুবিধা নেই, অন্যথায় এত দিন বোনদের হক না দেওয়া তার জন্য উচিত হয়নি। শরীয়ত কর্তৃক এবং রাষ্ট্রীয় আইনে প্রাপ্য হকের দাবি করার অধিকার বোনদের রয়েছে বিধায় আপনারা আইন/সালিসের মাধ্যমে প্রাপ্য হক আদায় করে নিতে পারেন। নেওয়ার পরে পরবর্তীতে ইচ্ছা করলে তা ভাইকে দানও করে দিতে পরেন। ভাইকে দান করাতে অবশ্যই সাওয়াব পাওয়া যাবে। (১৪/৪৯৩/৫৬৬৫)

📖 سورة النساء الآية ١١ : ﴿يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنثَيَيْنِ فَإِن كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِن كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِّنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِن كَانَ لَهُ وَلَدٌ فَإِن لَّمْ يَكُن لَّهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِن كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِن بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ آبَاؤُكُمْ

Scanned by CamScanner

وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا فَرِيضَةً مِنَ اللهِ إِنَّ اللهَ كَانَ عَلِيمًا حَكِيمًا﴾

📖 سورة النساء الآية ١٤ : ﴿وَمَنْ يَعْصِ اللهَ وَرَسُولَهُ وَيَتَعَدَّ حُدُودَهُ يُدْخِلْهُ نَارًا خَالِدًا فِيهَا وَلَهُ عَذَابٌ مُهِينٌ﴾

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٨٧ : قال الإمام أبو منصور يجب على المؤمن أن يعلم ولده الجود والإحسان كما يجب عليه أن يعلمه التوحيد والإيمان؛ إذ حب الدنيا رأس كل خطيئة نهاية مندوبة وقبولها سنة قال - صلى الله عليه وسلم - «تهادوا تحابوا».

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٦/ ٣٠٥ : البتہ اگر وارث سب عاقل وبالغ ہوں تو اپنی خوشی سے ساری وراثت ایک وارث کو دے سکتے ہیں۔

কোনো সন্তানের নামে বাবার করা ঋণ ও অন্যান্য ঋণ ত্যাজ্য সম্পত্তি দিয়ে পরিশোধ করবে

প্রশ্ন : কয়েক বছর পূর্বে আমার আব্বা ইন্তেকাল করেন। তখন আব্বার ওপর অনেক কর্জ ছিল। যেমন–ব্যাংক লক্ষাধিক টাকা পাবে। এলাকার লোকজনও প্রায় লক্ষাধিক টাকা পাবে। আর যখন আব্বা ইন্তেকাল করেন, তখন ৮-৯ কানি জমি ছেড়ে গেলেন। বর্তমানে আমার আম্মা আর আমরা ছয় ভাই ও তিন বোন ওয়ারিশ হিসেবে আছি। তিন বোনের শাদি হয়ে গেছে এবং বড় ভাই আব্বা জীবিত থাকাকালীন থেকেই নিজ স্ত্রী নিয়ে আলাদা হয়ে গেছে। তখন থেকে আমরা বাকি পাঁচ ভাই আম্মাসহ আব্বার রেখে যাওয়া জমিগুলো ভোগ করছি, এখন পর্যন্ত সেভাবে আছে। উল্লেখ্য যে ব্যাংক যে কর্জগুলো পাবে সব হলো বড় ভাইয়ের নামে। এখন প্রশ্ন হলো :

১. ব্যাংকের যে কর্জ আছে এগুলো আদায় করা কি আমরা বাকি ওয়ারিশিনেরও কর্তব্য, না শুধু বড় ভাইয়ের দায়িত্ব? যেহেতু ওই টাকা দিয়ে বর্তমানে যে ঘর আছে এবং ঘরের জায়গা আছে ওইগুলোতে খরচ করা হয়েছে, অর্থাৎ ওই টাকার মুনাফা সবাই ভোগ করছি।

২. আর এখন কি মিরাছ বণ্টন হবে, না আগে আব্বার কর্জ আদায় করা হবে? যদি আগে কর্জ আদায় করা হয় পরে বণ্টন হয় তাহলে যত দিন পর্যন্ত কর্জ আদায় শেষ হবে না, তত দিন পর্যন্ত ওই জমিগুলো আগের মতো আমরা ও ভাই, আম্মাসহ ভোগ করতে পারব কি না? যেহেতু এখানে বড় ভাই এবং তিন বোনেরও অংশ আছে, নাকি মিরাছ বণ্টন হয়ে যাবে আর ওয়ারিশিনের মধ্যে কর্জগুলো ভাগ করে দেওয়া হবে? শরয়ী দৃষ্টিকোণ জানালে উপকৃত হব।

Scanned by CamScanner

উত্তর : ইসলামী শরীয়তের বিধান মতে মৃত ব্যক্তির রেখে যাওয়া স্থাবর-অস্থাবর সম্পদ থেকে তার কাফন-দাফন শেষে সম্পদ বাকি থাকলে তা দ্বারা প্রথমে কর্জ পরিশোধ করা হবে। এরপর বাকি সম্পদ থেকে অসিয়ত করে থাকলে এক-তৃতীয়াংশ দ্বারা অসিয়ত পূরণ করে বাকি সম্পদ তার ওয়ারিশদের মধ্যে বণ্টন হবে। সুতরাং প্রশ্নকারীর স্বীকারোক্তি মতে কর্জ থাকায় যদিও বড় ছেলের নাম ব্যবহৃত হয়েছে, কিন্তু বাস্তবে কর্জ বাপের কর্জ হিসেবে ব্যাংক ও অন্যান্য সব কর্জ মরহুমের সম্পদ থেকে পরিশোধ করতে হবে। কর্জ পরিশোধ করার পূর্বে কোনো ওয়ারিশের জন্য সম্পদ বণ্টন হতে পারবে না। কর্জ পরিশোধের পর অবশিষ্ট সম্পদ শরীয়তের বণ্টননীতির ভিত্তিতে সব ওয়ারিশের মাঝে বণ্টন হবে। (১০/৬০৮/৩২৬০)

📖 مبسوط السرخسى (دار المعرفة) ٢٩/ ١٣٧ : قال علماؤنا - رحمهم الله - الدين إذا كان محيطا بالتركة يمنع ملك الوارث في التركة -

📖 الفتاوى السراجية مع قاضيخان (أشرفيه) ٤/ ٤٣٦ : قال : أول ما يبدأ من تركة الميت تجهيزه وتكفينه بما يحتاج إليه ودفنه، ثم قضاء ديونه الأولى فالأولى، ثم تنفذ وصاياه من ثلث ما بقى بعد الدين والكفن، ثم قسمة الباقى بين ورثته على فرائض الله تعالى، ثم العصبات الأقرب فالأقرب-

যৌথ সম্পদ দ্বারা উপার্জিত অর্থবিত্তে সকলের হক আছে, মাকে কোনো সন্তানের কাছে যেতে বাধা দেওয়া

প্রশ্ন : আমাদের এলাকায় এক পরিবারে পাঁচ ভাই। পিতা জীবিত নেই এবং মিরাছও বণ্টন হয়নি। এমতাবস্থায় ওই পাঁচ ভাইয়ের মধ্য থেকে একজন এজমালি টাকা নিয়ে বিদেশ যায় এবং পুরো পরিবারের দেখাশোনা করে। পরবর্তীতে ওই ভাই নিজের উপার্জিত সম্পদের সাথে অন্য ভাইদের থেকে কিছু টাকা নিয়ে একটি বাড়ি ক্রয় করে। তাদের মধ্য থেকে অন্য এক ভাই দোকান করে ১৩-১৪ লক্ষ টাকা ঋণী হয়ে স্বীয় স্থান থেকে পালিয়ে যায়। আর ওই ঋণদাতাগণ তার বাড়িতে গিয়ে অনেক গালমন্দ করে। অবশেষে তার অন্য চার ভাই মিলে ওই টাকা পরিশোধ করে দেয়। এখন ওই চার ভাই মাকে বলে আপনি যদি ওই এক ভাইয়ের সাথে থাকতে চান তাহলে আমাদের সাথে থাকতে পারবেন না। পক্ষান্তরে যদি আমাদের সাথে থাকেন তাহলে ওই ভাইয়ের নিকট যেতে পারবেন না। আর ওই চার ভাই মিলে এ সিদ্ধান্ত নিয়েছে যে ওই ভাইকে শুধুমাত্র পিতার রেখে যাওয়া সম্পদের অংশ দেবে, পরবর্তীতে উপার্জিত সম্পদের অংশ দেবে না। এখন প্রশ্ন হলো :

Scanned by CamScanner

১. ওই এক ভাই শুধুমাত্র পিতার রেখে যাওয়া সম্পদের অংশ পাবে? নাকি পরবর্তীতে অন্য ভাইয়েরা নিজেদের উপার্জিত অর্থ দিয়ে যে সম্পদ ক্রয় করেছে ওই সম্পদের অংশও পাবে।

২. ওই এক ভাই যে আয়-রোজগার না করে শুধু সংসারের সম্পদ নষ্ট করেছে, তার অন্য ভাইদের চাপে পড়ে তার মা ওই ছেলে থেকে সকল ধরনের সম্পর্ক ছিন্ন করতে পারবে কি না? উল্লেখ্য যে পরবর্তীতে ক্রয়কৃত সম্পদের মধ্যে ওই এক ভাইয়ের অর্থের কোনো অংশ নেই।

উত্তর : বাপের রেখে যাওয়া স্থাবর-আস্থাবর সব সম্পত্তি তার সব ছেলের মাঝে সমানভাবে বণ্টন হবে। আর সম্পদ বণ্টন করার পূর্বে সবাই মিলে যৌথভাবে উক্ত সম্পদের ওপর ভিত্তি করে যে সম্পদ বৃদ্ধি করেছে, তাতেও সবাই সমান অংশ পাবে, কোনো ভাইকে উক্ত সম্পদ হতে বঞ্চিত করা জায়েয হবে না। আর চার ভাই মিলে মাকে পঞ্চম ভাইয়ের ওখানে যেতে বাধা প্রধান করা এবং তার থেকে সম্পর্ক ছিন্ন করার জন্য চাপ প্রয়োগ করা শরীয়ত সমর্থিত নয়। (১০/৯৭৫/৩৪২৯)

📖 رد المحتار (سعيد) ٤/ ٣٢٥ : وكذا لو اجتمع إخوة يعملون في تركة أبيهم ونما المال فهو بينهم سوية، ولو اختلفوا في العمل والرأي اهـ وقدمنا أن هذا ليس شركة مفاوضة ما لم يصرحا بلفظها أو بمقتضياتها مع استيفاء شروطها، ثم هذا في غير الابن مع أبيه؛ لما في القنية الأب وابنه يكتسبان في صنعة واحدة ولم يكن لهما شيء فالكسب كله للأب -

📖 احسن الفتاوى (سعيد) ٦/ ٣٩٤ : يہ رقم مشترک ہے اور اس میں تمام بھائی برابر کے حصہ دار ہیں قال فی التنوير وشرحه : (وما حصله أحدهما فله وما حصلاه معا فلهما) نصفين إن لم يعلم ما لكل (وما حصله أحدهما بإعانة صاحبه فله ولصاحبه أجر مثله بالغا ما بلغ عند محمد. وعند أبي يوسف لا يجاوز به نصف ثمن ذلك)-

যৌথ দোকান ও তার আয়ের মধ্যে সকল ওয়ারিশ আনুপাতিকহারে অংশীদার হবে

প্রশ্ন : একজন লোক মৃত্যুকালে পাঁচ ছেলে ও দুই মেয়ে রেখে যায়। সে একটি দোকান রেখে যায়, যে দোকানের মধ্যে পাঁচ ছেলে ও দুই মেয়ে পিতার সন্তান-সন্ততি হিসেবে সমানভাবে মালিক। তার মেজ ছেলে আগে থেকে দোকানটি দেখাশোনা করত, বাকিরা

Scanned by CamScanner

করত না। বরং তারা পড়ালেখায় রত ছিল। তাই তার মৃত্যুর পর মেজ ছেলেটি দোকান দাবি করছে, আর বাকি ছেলেরা পড়ালেখা করছে। এখন প্রশ্ন হলো, তার মেজ ছেলেটি উক্ত দোকানের আয় দ্বারা তার বাকি চার ভাইকে না জানিয়ে শুধু নিজের নামে জায়গাজমি খরিদ করা শরীয়তে জায়েয হবে কি না? এবং দোকান থেকে নিজের মনে যা চায় সে হিসেবে খরচ করা জায়েয হবে কি না?

উত্তর : প্রশ্নের বর্ণনা যদি সত্য হয় তাহলে পিতার রেখে যাওয়া দোকানে যেহেতু সবাই শরীয়তসম্মত অংশীদার হিসেবে মালিক, তাই ওই দোকানের উপার্জিত আয়ের মধ্যেও সবাই নিজ নিজ অংশ অনুপাতে মালিক হবে। সুতরাং মেজ ভাই ওই দোকানের আয় দ্বারা বাকি চার ভাইকে না জানিয়ে নিজের জন্য জায়গাজমি ক্রয় করা এবং দোকান থেকে মনমতো খরচ করা শরীয়ত পরিপন্থী ও সম্পূর্ণ অবৈধ। তবে অন্য ভাইদের সম্মতিক্রমে মেজ ভাই দোকানের পরিচালনার দায়িত্ব গ্রহণ করে থাকলে ওই দোকানের আয় দিয়ে নিজ নামে ক্রয়কৃত জমির মধ্যেও ওয়ারিশদের অংশ থাকবে। (৬/১৪০/১১১২)

📖 الفقه الإسلامی وأدلته (دار الفكر) ٤/ ٧٩٤ : وأما الربح فيكون على قدر رأس المال متساوياً أو متفاضلاً، فإن كان رأس المال متساوياً بينهما (أي مناصفة) يكون الربح بينهما متساوياً، سواء شرط العمل عليهما أو على أحدهما؛ لأن استحقاق الربح عند الحنفية إما بالمال أو بالعمل أو بالتزام الضمان، وقد وجد التساوي في رأس المال، فينبغي التساوي في الربح.

📖 الفتاوى السراجية (سعيد) ص ٨٥ : ولو عمل أحدهما فى المالين دون الآخر بعذر أو بغير عذر كان الربح بينهما -

📖 امداد الفتاوی (زکریا) ۴/ ۳۴۵ : بعد تقدیم حقوق متقدمہ علی المیراث ترکہ زید کا (۱۲۸) سہام پر منقسم ہو کر ساتوں لڑکوں میں سے ہر لڑکے کو ۱۴، ۱۴ اور دونوں لڑکیوں کو ۷- ۷ اور زوجہ کو ۱۶ ملیں گے ... اور باقی ترکہ حسب حصص بالا مشترک ہے، پھر بقیہ لڑکے جو یکجا کام کرتے رہے اگر یہ کام سب حصہ داروں کی رضامندی سے تھا تو نفع میں بھی سب شریک ہوں گے، اور اگر بعض ورثہ راضی نہ تھے تو وہ نفع میں شریک نہ ہونگے، البتہ یہ نفع بوجہ اس کے کہ مال غیر میں تصرف بلااذن تھا جائز نہ ہوگا، بلکہ اس کا تصدق واجب ہوگا۔

📖 احسن الفتاوی (سعید) ۶/ ۳۹۴ : یہ رقم مشترک ہے اور اس میں تمام بھائی برابر کے حصہ دار ہیں قال فی التنویر وشرحه : (وما حصله أحدهما فله وما حصلاه معا فلهما) نصفين إن لم يعلم ما لكل (وما حصله

Scanned by CamScanner

أحدهما بإعانة صاحبه فله ولصاحبه أجر مثله بالغا ما بلغ عند محمد. وعند أبي يوسف لا يجاوز به نصف ثمن ذلك)-

মেয়ে এবং বোন থাকলে বৈমাত্রেয় ভাই অংশীদার হবে না

প্রশ্ন : জনৈক ব্যক্তির দুই স্ত্রী। প্রথম স্ত্রীর ঘরে এক ছেলে আলাউদ্দীন এবং এক মেয়ে। দ্বিতীয় স্ত্রীর ঘরে এক ছেলে জসীমউদ্দীন। আলাউদ্দীন যখন মারা যায় তখন একদিকে তার এক বোন, এক মেয়ে ও এক স্ত্রী জীবিত। অন্যদিকে তার বৈমাত্রেয় ভাই জসীমউদ্দীন জীবিত ছিল, পরে জসীমউদ্দীন মারা যায়। প্রশ্ন হলো, আলাউদ্দীনের সম্পত্তি থেকে জসীমউদ্দীনের ছেলেমেয়েরা অংশ পাবে কি না?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে মৃত ব্যক্তির মেয়ে এবং আপন বোন জীবিত থাকাবস্থায় বৈমাত্রেয় ভাই সম্পত্তি পায় না। সুতরাং আলাউদ্দীনের সম্পত্তি থেকে জসীমউদ্দীন কোনো অংশ পায়না বিধায় তার মৃত্যুর পর আলাউদ্দীনের সম্পত্তি থেকে তার ছেলেমেয়েদের অংশ পাওয়ার কোনো প্রশ্নই আসে না। (৬/৩৬৭/১১৭৯)

📖 السراجى ص ٢١ : ويسقط بنو العلات أيضا بالأخ لأب وأم وبالاخت لأب وأم إذا صارت عصبة -

জুমু'আ তরক করে উপার্জনকারীর ত্যাজ্য সম্পত্তি ভোগ করা বৈধ

প্রশ্ন : জুমু'আর আযানের পর সব ধরনের কামাই-রোজগার হারাম। তাই যদি হয় তাহলে যে ব্যক্তি দীর্ঘ অনেক বছর যাবৎ জুমু'আ তরক করে কামাই-রোজগারে ব্যস্ত, তার কামাই ভোগ করা জায়েয হবে কি না? তার মৃত্যুর পর তার রেখে যাওয়া সম্পত্তি ওয়ারিশদার হিসেবে গ্রহণ করা জায়েয হবে কি না।

উত্তর : জুমু'আর নামাযের আযানের পর নামাযের প্রস্তুতি ছাড়া ক্রয়-বিক্রয়সহ সর্বপ্রকারের ব্যস্ততা সম্পূর্ণ নিষিদ্ধ। এতদসত্ত্বেও কেউ যদি নামায বা নামাযের প্রস্তুতি বাদ দিয়ে সে সময়ে কামাই-রোজগারে ব্যস্ত থাকে অন্য কোনো শরয়ী অসুবিধা না থাকলে সেই উপার্জিত টাকা তার জন্য হারাম বলা যাবে না। যদিও সে শরয়ী নির্দেশ লংঘন করার কারণে গোনাহগার হবে। তাই তার কামাই ভোগ করা জায়েয হবে এবং মৃত্যুর পর তার রেখে যাওয়া সম্পত্তি ওয়ারিশগণের জন্য গ্রহণ করা বৈধ হবে। (৬/৬৩৫/১৩৪২)

Scanned by CamScanner

📖 بدائع الصنائع (سعيد) ١/ ٢٧٠ : وكذا يكره البيع والشراء يوم الجمعة إذا صعد الإمام المنبر وأذن المؤذنون بين يديه لقوله تعالى {يا أيها الذين آمنوا إذا نودي للصلاة من يوم الجمعة فاسعوا إلى ذكر الله وذروا البيع} [الجمعة: ٩] والأمر بترك البيع يكون نهيا عن مباشرته وأدنى درجات النهي الكراهة.ولو باع يجوز؛ لأن الأمر بترك البيع ليس لعين البيع بل لترك استماع الخطبة.

📖 البناية (دار الفكر) ٣/ ١٠٦ : وقال الأترازي: قوله في وجوب السعي وحرمة البيع فيه نظر، لأن البيع وقت الأذان جائز لكنه يكره، وبه صرح في " شرح الطحاوية "، وهذا لأن النهي في معنى لغيره لا يعدم المشروعية.قلت: فيه اختلاف العلماء، فقال أبو حنيفة، وأبو يوسف ومحمد وزفر والشافعي - رحمهم الله - يجوز البيع مع الكراهة، وهو قول الجمهور-

সহোদর ভাই থাকলে বৈমাত্রেয় ভাই ও বোন অংশীদার হবে না

প্রশ্ন : মৃত মুসলিম সুন্নি নিঃসন্তান ভাইয়ের বৈমাত্রেয় বোন (মা দুই, বাপ এক) ভাইয়ের সম্পত্তির অংশ পাবে কি? পেলে অংশ কতটুকু পাবে? উল্লেখ্য, মৃত ব্যক্তির স্ত্রী, এক ভাই, এক বোন বৈমাত্রেয় (মা দুই, বাপ এক) জীবিত আছে। মৃত দুই বড় ভাইয়ের সন্তান বর্তমান আছে।

উত্তর : প্রশ্নের বিবরণের পরিপ্রেক্ষিতে শরীয়তে মুহাম্মাদীর বিধানানুযায়ী মৃত ব্যক্তির সহোদর ভাই থাকার কারণে তার বৈমাত্রেয় বোন ভাইয়ের সম্পত্তি হতে বঞ্চিত হবে। (৬/৭৭৮/১৪৩৭)

📖 السراجى ص ٢٣ : ويسقط بنو العلات أيضا بالأخ لأب وأم وبالأخت لأب وأم إذا صارت عصبة -

কারো নামে নমিনি করলেই সে সম্পদের মালিক হবে না

প্রশ্ন : কোনো ব্যক্তি তার ভাইকে নমিনি বানিয়ে মারা গেলে তার মৃত্যুর পর উক্ত টাকাগুলো এককভাবে সেই পাবে, নাকি ওয়ারিশগণ সবাই পাবে?

Scanned by CamScanner

উত্তর : কেউ কোনো ব্যক্তিকে নমিনি বানালেই ওই ব্যক্তির মৃত্যুর পর সে ব্যাংক এ্যাকাউন্টে রক্ষিত টাকার মালিক হবে না। সে তার ভাই হোক, ছেলে হোক বা অন্য কেউ। বরং ওই টাকা মৃত ব্যক্তির সমস্ত ওয়ারিশগণ তাদের অংশ অনুযায়ী পাবে। এক্ষেত্রে যাকে নমিনি করা হয়েছে সে মৃত ব্যক্তির শরিয়া মোতাবেক ওয়ারিশ হলে সে ও তার নির্দিষ্ট অংশ পাবে। (১৭/১৮৭/৬৯৮১)

📖 سورة النساء الآية ١١ : ﴿فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا فَرِيضَةً مِنَ اللَّهِ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا﴾

📖 رد المحتار (سعيد) ٤/ ٤٣٥ : إن المدرس لو مات أو عزل في أثناء السنة قبل مجيء الغلة وظهورها من الأرض، يعطى بقدر ما باشر، ويصير ميراثا عنه-

📖 مجلة الأحكام العدلية (كارخانه تجارتِ كتب) ص ٢١٠ : المادة (١٠٩٢) كما تكون أعيان المتوفى المتروكة مشتركة بين وارثيه على حسب حصصهم كذلك يكون الدين الذي له في ذمة آخر مشتركا بين وارثيه على حسب حصصهم.

মোহরানা বাবদ দেওয়া জমিতে অন্যের দাবি অগ্রাহ্য

প্রশ্ন : রজব আলী প্রথমে বিবাহ করেন হাসিনাকে। তাঁর ঘরে একটি মেয়ে হয় শামসুন্নেসা। এরপর রজব আলীর প্রথম স্ত্রী মারা যান। তারপর দ্বিতীয় বিবাহ করেন ফাতেমাকে ৬০ শতক জমি মোহরানা হিসেবে দিয়ে। দ্বিতীয় স্ত্রী ফাতেমা তিনটি মেয়েসন্তান রেখে মারা যান। জানার বিষয় হলো, রজব আলী দ্বিতীয় বিবাহ করার সময় ফাতেমাকে যে ৬০ শতক জমি দিয়েছেন, তার মধ্যে মরহুম রজব আলীর প্রথম স্ত্রীর মেয়ে শামসুন্নেসা কোনো অংশ পাবে কি না? নাকি দ্বিতীয় স্ত্রীর তিন মেয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

উত্তর : মরহুমা ফাতেমার উক্ত তিন মেয়ে ছাড়া আর কোনো ওয়ারিশ না থাকলে তাঁর সমস্ত সম্পদ ওই তিন মেয়ের মধ্যেই বণ্টন হবে। আর কোনো ওয়ারিশ থাকলে

Scanned by CamScanner

ভিন্নভাবে বণ্টন করা হবে। তবে শামসুন্নেসা মরহুমা ফাতেমার সম্পদের অংশ পাবে না। (১৭/২৭১/৭০২৪)

📖 السراجی ص ۱۰ : أصحاب هذه السهام اثنا عشر نفرا، أربعة من الرجال وهم الأب والجد الصحيح والأخ لأم والزوج، وثمان من النساء وهن الزوجة والبنت وبنت الابن وإن سفلت والأخت لأب وأم والأخت لأم والأم والجدة الصحيحة -

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۱/ ۴۴۲ : الجواب- اگراور کوئی وارث نہیں تو ترکہ دونوں لڑکیوں کو ملے گا، سوتیلا (شوہر کا لڑکا) اس کا وارث نہیں۔

📖 کفایت المفتی (دار الاشاعت) ۸/ ۳۱۴ : سوتیلی ماں کے ترکہ میں ان لڑکوں کا کوئی حق نہیں ہے۔

ধোঁকা দিয়ে সম্পদ নিজের নামে লিখে নেওয়া

প্রশ্ন : আমার পিতা চাচা থেকে ক্রয় সূত্রে মালিকানা সম্পত্তির আংশিক জায়গা অজানা সত্ত্বে বেদখল থাকে। সে বেদখল জায়গা ছোট ভাই আমার বোনদের ১ শতাংশের সাথে সকল ভাই-বোনের অজান্তে চার বোন থেকে রেজিস্ট্রি করে নেয়। এটি শরীয়তসম্মত কি না?

উত্তর : মালিকানাধীন বেদখল জায়গায় সকলের প্রাপ্য অধিকার রয়েছে বিধায় প্রশ্নোক্ত ছোট ভাইয়ের জন্য বেদখল জায়গায় তার চার বোনের প্রাপ্য অংশ ছাড়া বাকি অংশ তার মাতা ও ভাইদের হক হওয়ার কারণে তার জন্য ভোগ করা বৈধ হবে না।

উল্লেখ্য, বোনদের নিকট হতে তাদের অনিচ্ছায় তাদের ধোঁকা দিয়ে স্বাক্ষর নেওয়া হলে শরীয়তে তাদের হক এবং মাতা ও অন্য ভাইদের ন্যায় বিদ্যমান থাকবে। তাই পূর্ণ সম্পদকে শরীয়তসম্মতভাবে বণ্টন করে নিতে হবে। (১৩/১০২২/৫৫৩৬)

📖 الفتاوى الخانية بهامش الهندية (زكريا) ٣/ ٦١٦ : ولا يجوز لأحد شريكي الملك أن يتصرف في المشترك بغير إذن الشريك تصرفا يتضرر به الشريك-

Scanned by CamScanner

বাবার টাকা দিয়ে দাদার নামে কেনা জমিতে সন্তানদের মিরাছ

প্রশ্ন : আমি একজন মহিলা। শরীয়তের বিধান মেনে চলতে আগ্রহী। এ জন্য অনুগ্রহপূর্বক আপনি আমার সমস্যাটির উত্তর শরীয়তসম্মত সমাধান লিখে পাঠালে খুব উপকৃত হব।

আমার পিতা আমার দাদার নামে কিছু মাটি কেনেন। দুর্ভাগ্যবশত আমার দাদার আগেই আমার পিতা স্ত্রী ও দুই সন্তান রেখে মারা যান। দুনিয়ার আইনে চাচাদের সাথে আমরাও দাদার ওই সম্পত্তির অংশ পেয়েছি। কিন্তু শরীয়তের আইনে আমার তা গ্রহণ করা জায়েয হবে কি না?

এদিকে আমি একেবারে নিরাশ্রয়। আমার স্বামী আমাকে নিতান্ত অন্যায়ভাবে তালাক দিয়েছেন। আমার একটি অবিবাহিতা চাকরিজীবী মেয়ে ছাড়া আমার দায়িত্ব নেওয়ার আর কেউ নেই। আমি কি সেই মেয়ের ওপর ভরসা করে ভাড়া বাসায় থাকব?

উত্তর : শুধুমাত্র কারো নামে সম্পদ ক্রয় করা তার মালিকানা ও দানপত্র সাব্যস্ত হওয়ার জন্য যথেষ্ট নয়, বরং তার ভোগদখলে দিয়ে দেওয়া দানপত্র কার্যকর হওয়ার পূর্বশর্ত। তাই আপনার পিতা যদি নিজ অর্থ দ্বারা আপনার দাদার নামে মাটি খরিদ করে তার ভোগদখলে দেওয়ার পূর্বে মারা যায়, তবে ওই সম্পদ আপনার পিতার মিরাছ হিসেবে বণ্টন হবে এবং আপনি মিরাছের অধিকারী হবেন। আর যদি ভোগদখলে দেওয়ার পর মারা যায়, তবে শরীয়তের আইন অনুসারে আপনি মিরাছের অধিকারী না হলেও দাদার ওয়ারেশিনের সম্মতিক্রমে ওই সম্পদ থেকে হিস্যা গ্রহণ করা জায়েয হবে।

আপনার চলার মতো আয়ের ব্যবস্থা না হওয়ার আগ পর্যন্ত আপনার ভরণপোষণের দায়িত্ব মেয়ের ওপর থাকবে এবং প্রয়োজনে আপনি ভাড়া বাসায় থাকতে পারেন। কিন্তু কোনো মহিলা স্বামী গ্রহণ করে স্বামী-স্ত্রীর জীবন যাপন করার উপযোগী থাকা সত্ত্বেও স্বামীবিহীন আরেক মহিলার ওপর ভরসা করে থাকা ইসলামী শরীয়তে কাম্য নয়। (৯/৪৯৩/২৭০৩)

📖 الفتاوى الهندية (زكريا) ٤ /٣٧٤ : ومنها أن يكون الموهوب مقبوضا حتى لا يثبت الملك للموهوب له قبل القبض وأن يكون الموهوب مقسوما إذا كان مما يحتمل القسمة وأن يكون الموهوب متميزا عن غير الموهوب ولا يكون متصلا ولا مشغولا بغير الموهوب حتى لو وهب أرضا فيها زرع للواهب دون الزرع، أو عكسه أو نخلا فيها ثمرة للواهب معلقة به دون الثمرة-

📖 فيه أيضا ٤ /٣٧٧ : ولا يتم حكم الهبة إلا مقبوضة ويستوي فيه الأجنبي والولد إذا كان بالغا، هكذا في المحيط. والقبض الذي

Scanned by CamScanner

يتعلق به تمام الهبة وثبوت حكمها القبض بإذن المالك، والإذن تارة يثبت نصا وصريحا وتارة يثبت دلالة.

📖 مبسوط السرخسي (دار المعرفة) ٢٩ /١٤١ : من الإخوة وأولاد الابن يقومون مقام أولاد الصلب عند عدم أولاد الصلب في جميع ما ذكرنا لقوله تعالى {يوصيكم الله في أولادكم} [النساء: ١١] واسم الأولاد يتناول أولاد الابن مجازا قال الله تعالى {يا بني آدم} [الأعراف: ٢٧]. وعند نزول الآية لم يكن بقي أحد من صلب آدم - عليه السلام - وقال ابن عباس - رضي الله عنه - لرجل أي أب لك أكبر فتحير الرجل ولم يفهم ما قال له فتلا ابن عباس قوله عز وجل {يا بني آدم} [الأعراف: ٢٧] وجعل يقول من كنت ابنه فهو أبوك فإن اجتمع أولاد الصلب وأولاد الابن فإن كان في أولاد الصلب ذكر فلا شيء لأولاد الابن ذكورا كانوا، أو إناثا أو مختلطين لأن الذكر من أولاد الصلب مستحق لجميع المال باعتبار حقيقة الاسم.

📖 الدر المختار (سعيد) ٣ /٦٢٢- ٦٢٤ : وفي الخلاصة: المختار أن الكسوب يدخل أبويه في نفقته. وفي المبتغى: للفقير أن يسرق من ابنه الموسر ما يكفيه إن أبى ولا قاضي ثمة وإلا أثم (النفقة لأصوله) ولو أب أمه ذخيرة (الفقراء) ولو قادرين على الكسب والقول لمنكر اليسار والبينة لمدعيه (بالسوية) بين الابن والبنت، وقيل كالإرث، وبه قال الشافعي. (والمعتبر فيه القرب والجزئية) فلو له بنت وابن ابن أو بنت بنت وأخ النفقة على البنت أو بنتها؛ لأنه (لا) يعتبر (الإرث) إلا إذا استويا كجد وابن ابن فكإرثهما إلا لمرجح.

📖 رد المحتار (سعيد) ٣ / ٦٢٣ : (قوله ولو قادرين على الكسب) جزم به في الهداية، فالمعتبر في إيجاب نفقة الوالدين مجرد الفقر، قيل وهو ظاهر الرواية فتح، ثم أيده بكلام الحاكم الشهيد،... ... (قوله بالسوية بين الابن والبنت) هو ظاهر الرواية وهو الصحيح هداية، وبه يفتى خلاصة، وهو الحق فتح.

Scanned by CamScanner

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۷۳۸ : کاغذات سرکاری میں کسی کا نام درج ہو جانے سے شرعا اس کی ملک ثابت نہیں ہوتی جب تک کہ مالک اپنی رضاء سے اس کو مالک نہ بنائے اور قبضہ نہ کرائے۔

এতিমের সম্পদ এওয়াজ-বদল করা

প্রশ্ন : আমি ও আমার ভাই আমীর হোসেন নিজেদের কেনা একই বাড়ির দুই অংশে দীর্ঘ ২২ বছর যাবৎ বসবাস করে আসছি। ৮ বছর পূর্বে সে তিন পুত্র, এক কন্যা ও এক স্ত্রী রেখে মারা যায়। চলতি বছর তার স্ত্রী-পুত্ররা দাবি তুলছে, তাদের পিতা তাদের ঠকিয়েছে। তাই তারা নিজেদের অংশ আমাকে ছেড়ে দেবে, এর পরিবর্তে আমি যেন আমার একক কেনা জমি তাদের ছেড়ে দিই। উল্লেখ্য, তার দুই পুত্র এখনো নাবালেগ, তারা বড় ভাই, বোন ও মায়ের তত্ত্বাবধানে রয়েছে। এমতাবস্থায় যদি আমি এতিম জড়িত সম্পত্তি নিয়ে আমার একক কেনা সম্পত্তি তাদের ছেড়ে দিই। তারা বড় হওয়ার পর তাদের জমি যা আমাকে ছেড়ে দেবে তাতে দাবি করার শরীয়ত মতে কোনো সুযোগ থাকবে কি না?

উত্তর : নাবালেগ ছেলেমেয়ের লেনদেন শরীয়ত কর্তৃক এবং প্রচলিত রাষ্ট্রীয় আইনের আওতায় গৃহীত ও ধর্তব্য নয়। অভিভাবকদের জন্যও তাদের সম্পদে হস্তক্ষেপ করার অনুমতি নেই বিধায় নাবালেগ ছেলেমেয়ে থাকাবস্থায় তাদের সম্পদ পরিবর্তন করা যাবে না। তবে তারা বালেগ হয়ে গেলে তাদের অনুমতি সাপেক্ষে রাষ্ট্রীয় আইনের আওতায় প্রশ্নে বর্ণিত পদ্ধতি অবলম্বন করা নাজায়েয হবে না। (১২/৫০৪)

📖 الدر المختار (سعيد) ٧١١/٦ : وجاز بيعه عقار صغير من أجنبي لا من نفسه بضعف قيمته، أو لنفقة الصغير أو دين الميت، أو وصية مرسلة لا نفاذ لها إلا منه، أو لكون غلاته لا تزيد على مؤنته، أو خوف خرابه أو نقصانه، أو كونه في يد متغلب درر وأشباه ملخصا.

قلت: وهذا لو البائع وصيا لا من قبل أم أو أخ فإنهما لا يملكان بيع العقار مطلقا ولا شراء غير طعام وكسوة، ولو البائع أبا فإن محمودا عند الناس أو مستور الحال يجوز ابن كمال -

📖 احسن الفتاوی (سعید) ۱۹۵/۷ : الجواب-زید کا وکیل اگر زید کے والد یا دادا کا وصی تھا تو یہ مبادلہ درست ہے بشرطیکہ زید کو مبادلہ میں ملنے والی زمین زید کی زمین سے دوگنا قیمت کی ہو اس سے کم قیمت کی ہو تو درست نہیں، اگر اس وکیل کو زید کے والد یا دادا نے

Scanned by CamScanner

متعین نہیں کیا تو وہ کسی صورت میں بھی زید کی زمین فروخت نہیں کرسکتا، یہ مبادلہ کالعدم تصور کیا جائیگا۔

মৃত নারীর কোনো ওয়ারিশ নেই, আছে স্বামীর অন্য ঘরের মেয়ে–করণীয় কী

প্রশ্ন : আছিমন নামক এক মহিলা মারা গেছে। তার আপনজন কে আছে জানা নেই। তবে তার মৃত স্বামীর এক মেয়ে আছে। ওই মৃত স্বামীর মৃত পুত্রগণের পুত্রগণ ও কন্যাগণ আছে। এ ছাড়া তার আর কোনো আত্মীয়ের পরিচয় জানা নেই। মহিলাটি প্রায় ৪৫ বছর পূর্বে মারা গেছে। বর্তমানে আছিমন কিছু জায়গার মালিক, তার মিরাছ কিভাবে বণ্টিত হবে?

উত্তর : প্রশ্নের বর্ণনা মতে, আছিমন মৃত স্বামীর মেয়ে ও তার মৃত পুত্রগণের পুত্র ও কন্যাগণ বলতে যদি স্বামীর অন্য সংসারের মেয়ের পুত্র ও তার পুত্র ও কন্যাগণ বোঝায়, তাহলে ইসলামী বিধান অনুযায়ী কেউই আছিমনের পরিত্যক্ত সম্পদের অংশীদার হবে না। তবে আছিমনের নিকটতম ও দূরবর্তী অন্য কোনো ওয়ারিশ আছে কি না, সে জন্য পূর্ণ অনুসন্ধান চালিয়ে কোনো সিদ্ধান্তে উপনীত না হওয়া পর্যন্ত তার পরিত্যক্ত সম্পদ আমানত হিসেবে সংরক্ষণ করতে হবে। পূর্ণ অনুসন্ধানের পরও কোনো ওয়ারিশ পাওয়া না গেলে উক্ত সম্পদ কোনো দ্বীনি কাজে ও মুসলমানদের সেবামূলক কাজে খরচ করা হবে। (৬/৩৯৯/১২৬৫)

📖 الفقه الإسلامی وأدلته (دار الفکر) ۸/ ٤٠٧ : اتفقت المذاهب الأربعة على أن المال الذي يتركه الميت، ولم يكن له مستحق بإرث أو وصية، يوضع في بيت المال، غير أنه عند الحنفية والحنابلة ليس بطريق الإرث، وإنما من باب رعاية المصلحة، فيصرف في مصارف المصالح العامة لجميع المسلمين، إذ لا مستحق له، كما يوضع فيه مال الذمي الذي لا وارث له-

📖 السراجی ص ٦- ٧ : ثم يقسم الباقي بين ورثته بالكتاب والسنة وإجماع الأمة فيبدؤ بأصحاب الفرائض وهم الذين لهم سهام مقدرة فی کتاب الله تعالى بالعصبات من جهة النسب والعصبة كل من ياخذ ما أبقته أصحاب الفرائض، وعند الانفراد يحرز جميع المال ثم بالعصبة من جهة السبب وهو مولى العتاقة ثم عصبته على الترتيب ثم الرد على ذوى الفروض النسبية بقدر

Scanned by CamScanner

حقوقهم ثم ذوى الأرحام ثم مولى الموالاة ثم المقرله بالنسب على الغير بحيث لم يثبت نسبه بإقراره من ذلك الغير إذا مات المقر على إقراره ثم الموصى له بجميع المال ثم بيت المال -

📖 کفایت المفتی (امدادیہ) ۸/ ۳۲۶ : جواب- مرحوم کا کوئی قریب یا بعید کا وارث موجود ہو تو مرحوم کا مال اس کا حق ہے، اگر وہ کہیں باہر کے تھے تو ان کے وطن سے تحقیق کی جائے اور تکمیل تحقیق تک مال امانت رکھا جائے۔

📖 امداد الفتاوی (زکریا) ۴/ ۳۵۵ : الجواب- امور خیر میں صرف کرنا قائم مقام بیت المال کے ہے۔

স্বামী ও দুই মেয়ের মধ্যে সম্পদের বণ্টন

প্রশ্ন : আমি মুহাম্মাদ আঃ হাকীম, পিতা মৃত মনির উদ্দীন। আমার স্ত্রী জামীলা খাতুন, পিতা মৃত ইয়াছিন মুরশিদ। আমি আর আমার স্ত্রী মিলে সাড়ে ১১ শতাংশ জমি ক্রয় করি। আমার স্ত্রী মারা যায়। মৃতকালে স্বামী, ছেলে ও দুই মেয়ে রেখে যায়। কিছুদিন পর ছেলে অবিবাহিত অবস্থায় মারা যায়। আমি ও আমার দুই মেয়ের মধ্যে শরীয়ত মোতাবেক জমিটি ভাগ করে দিয়ে কৃতার্থ করবেন।

উত্তর : স্বামী-স্ত্রী মিলে যে জায়গা ক্রয় করা হয়েছে, তন্মধ্যে স্ত্রীর ক্রয় সূত্রে অংশটুকু শরীয়তের বিধান মতে বর্ণিত ওয়ারিশগণের সত্যতা প্রমাণে নিম্নে বণ্টন করা হলো। যথা : আপনার অংশ ৩৭.৫% বাকি ৬২.৫ % আপনার দুই মেয়ের অংশ। (৬/৬৫৬/১৩৭৯)

📖 سورة النساء الآية ١١، ١٢ : ﴿يُوصِيكُمُ اللهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا فَرِيضَةً مِنَ اللهِ إِنَّ اللهَ كَانَ عَلِيمًا حَكِيمًا ○ وَلَكُمْ نِصْفُ مَا تَرَكَ أَزْوَاجُكُمْ إِنْ لَمْ يَكُنْ لَهُنَّ وَلَدٌ فَإِنْ كَانَ لَهُنَّ وَلَدٌ فَلَكُمُ الرُّبُعُ مِمَّا تَرَكْنَ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِينَ بِهَا أَوْ دَيْنٍ وَلَهُنَّ الرُّبُعُ مِمَّا تَرَكْتُمْ إِنْ لَمْ يَكُنْ لَكُمْ وَلَدٌ فَإِنْ كَانَ لَكُمْ وَلَدٌ فَلَهُنَّ الثُّمُنُ مِمَّا تَرَكْتُمْ مِنْ بَعْدِ وَصِيَّةٍ تُوصُونَ بِهَا أَوْ دَيْنٍ وَإِنْ كَانَ رَجُلٌ يُورَثُ كَلَالَةً أَوِ امْرَأَةٌ وَلَهُ

Scanned by CamScanner

أَخٌ أَوْ أُخْتٌ فَلِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ فَإِنْ كَانُوا أَكْثَرَ مِنْ ذَٰلِكَ فَهُمْ شُرَكَاءُ فِي الثُّلُثِ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصَىٰ بِهَا أَوْ دَيْنٍ غَيْرَ مُضَارٍّ وَصِيَّةً مِنَ اللَّهِ وَاللَّهُ عَلِيمٌ حَلِيمٌ﴾

বোনের সম্পত্তি তার ওয়ারিশরা ভোগ করবে

প্রশ্ন : আমার এক বোন অসুস্থ হয়ে মারা যায়। আমার সাথে তার স্বামীর দ্বিতীয় বিবাহ হয়েছে। স্বামী আমার বোনকে টাকা-পয়সা খুবই কম দিত। আমার বোনের দুই মেয়ে আছে, তারা আমার পরিবারের সাথেও থাকে আবার তার পিতার সাথেও থাকে এবং তাদের পিতাও খরচ দেয়। এমতাবস্থায়

(ক) উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত বোনের সম্পত্তি কে ভোগদখল করবে?

(খ) বোনের জীবদ্দশায় তার সম্পত্তি বিক্রি হলে টাকা-পয়সা কে পাবে?

(গ) বোনের অবর্তমানে তার সম্পত্তি কে পাবে কিংবা কিভাবে বণ্টন হবে।

উত্তর : (ক,খ) আপনার বোনের উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পদ অথবা উক্ত সম্পদ বিক্রীত টাকা-পয়সা তার জীবদ্দশায় সে নিজেই ভোগ করবে। তার অমতে অন্য কারো ভোগ করার অধিকার নেই।

(গ) আপনার বোনের অবর্তমানে স্বামী জীবিত থাকলে তার মূল সম্পদকে ১২ ভাগ করে স্বামী ৩ অংশ, দুই মেয়ে ৮ অংশ আর অবশিষ্ট ১ অংশ ভাই-বোনেরা পাবে। তবে ভাই বোনের দ্বিগুণ পাবে। (১৭/৮৫০/৭৩৪০)

📖 سورة النساء الآية ١١ : ﴿يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا فَرِيضَةً مِنَ اللَّهِ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا﴾

📖 الدر المختار (سعيد) ٦/ ٧٧٠ : (والربع للزوج) فأكثر كما لو ادعى رجلان فأكثر نكاح ميتة وبرهنا ولم تكن في بيت واحد منهما ولا دخل بها فإنهم يقسمون ميراث زوج واحد لعدم الأولوية (مع أحدهما) أي الولد أو ولد الابن (والنصف له عند عدمهما) فللزوج حالتان النصف والربع.

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (زكريا) ٢/ ٣٢٩ : وكذا الحكم في الزوجين إذا لم يكن لهما شيء ثم اجتمع بسعيهما أموال كثيرة فهي للزوج وتكون المرأة معينة له إلا إذا كان لها كسب على حدة فهو لها، كذا في القنية. وما تغزله من قطن الزوج وينسجه هو كرابيس فهو للزوج عندهم جميعا، كذا في الفتاوى الحمادية.

মেয়েদের সম্পদ না দিয়ে চাচা-ভাতিজাদের ভোগ করা

প্রশ্ন : আমাদের দেশে একটি নিয়ম আছে। তা হলো, যদি কোনো ব্যক্তির ছেলে না থাকে, শুধুমাত্র মেয়ে থাকে, তবে ওই ব্যক্তির মৃত্যুর পর তার সমস্ত সম্পত্তির মালিক তার ভাই ও ভাতিজারা হয়ে থাকে–এ নিয়ম শরীয়তসম্মত কি না? যদি না হয় তবে শরীয়তসম্মত পদ্ধতি কী?

উত্তর : প্রচলিত এ নিয়ম শরীয়ত পরিপন্থী। শরীয়তসম্মত পদ্ধতি হচ্ছে, ছেলে না থাকাবস্থায় শুধু একজন মেয়ে থাকলে বাপের পরিত্যক্ত সম্পদের অর্ধেক একাধিক হলে সকলে মিলে দুই-তৃতীয়াংশ সম্পদের মালিক হবে। স্ত্রী থাকলে সে দুই আনা সম্পদের মালিক হবে। অন্য কোনো ওয়ারিশ না থাকলে বাকি সম্পদ মৃত ব্যক্তির সহোদর ভাই-বোনরা পাবে। (১৭/৯৮৫/৭৪১২)

📖 سورة النساء الآية ١١ : ﴿يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا فَرِيضَةً مِنَ اللَّهِ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا﴾

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ١٠/ ٥٠٣ : الجواب- عورت (بیوی) ہو، تو آٹھویں حصہ کی وہ حقدار ہے اور لڑکیاں چھ ہیں وہ آپ کے ترکہ میں سے دو ثلث کی حقدار ہیں، آپس میں برابر سرابر تقسیم کرلیں، اس کے بعد جو بچے اس میں بھائی بہن حقدار ہوں گے اور للذکر مثل حظ الانثیین کے اصول پر بھائی کو دو حصے اور بہن کو ایک حصہ (یعنی ایک بھائی کو دو بہنوں کے برابر) ملیگا۔

Scanned by CamScanner

باب المفقود

পরিচ্ছেদ : নিখোঁজ ব্যক্তির উত্তরাধিকার

নিখোঁজ ছেলে বাপের ওয়ারিশ কি না

প্রশ্ন : এক ব্যক্তি প্রায় ৩২ বছর থেকে নিখোঁজ। সব ধরনের তত্ত্ব-তালাশের পরও তাকে খুঁজে পাওয়া যায়নি। এদিকে তার নিখোঁজ হওয়ার ১৪ বছর পর তার পিতা ইন্তেকাল করে। এখন মুফতি সাহেবের কাছে জিজ্ঞাসা হলো, উক্ত নিখোঁজ ব্যক্তি ও তার পিতার ত্যাজ্য সম্পত্তির হুকুম কী?

উত্তর : উক্ত নিখোঁজ ব্যক্তি তার পিতার ত্যাজ্য সম্পত্তি থেকে কোনো অংশের মালিক সাব্যস্ত হবে না। তবে তার অংশ পরিমাণ অবশ্যই সংরক্ষণ করে রাখতে হবে। আর তার ব্যক্তিগত সম্পত্তিও কাউকে বণ্টন করে দেওয়া যাবে না। তবে তার স্ত্রী-সন্তানরা প্রয়োজনমতো তার সম্পদ থেকে খরচ করতে পারবে। উক্ত নিখোঁজ ব্যক্তির সমবয়সী সবাই মারা যাওয়ার পর তাকেও মৃত ধরে তার সম্পত্তি ওয়ারিশদের মাঝে বণ্টন করা যাবে। (১৬/৭/৬৩৫২)

📖 الفتاوى الهندية (زكريا) ٢/ ٢٩٩ : هو الذي غاب عن أهله أو بلده أو أسره العدو ولا يدرى أحي هو أو ميت ولا يعلم له مكان ومضى على ذلك زمان فهو معدوم بهذا الاعتبار، وحكمه أنه حي في حق نفسه لا تتزوج امرأته ولا يقسم ماله ولا تفسخ إجارته وهو ميت في حق غيره لا يرث ممن مات حال غيبته، كذا في خزانة المفتين.

📖 فيه أيضا ٢/ ٣٠٠ : ينفق من ماله على من تجب عليه نفقته، حال حضرته بغير قضاء كزوجته وأولاده وأبويه وكل من لا يستحقها بحضرته إلا بقضاء فإنه لا ينفق عليه كالأخ والأخت ونحوهما -

নিখোঁজ ব্যক্তির সম্পদ বিক্রি ও ভোগ করা

প্রশ্ন : আমাদের এলাকার একজন লোক ১৯৭৪ সালে নিখোঁজ হয়। কিন্তু তার ৪-৫ বছর আগে, অর্থাৎ ১৯৬৯ সালে তার একটি সন্তানও নিখোঁজ হয়। এখন আমার জানার বিষয় হলো, উল্লিখিত ব্যক্তিদ্বয়ের সম্পদ তাদের ওয়ারিশদের জন্য বিক্রি করা জায়েয হবে কি না এবং তা ভোগ করতে পারবে কি না?

Scanned by CamScanner

উত্তর : নিরুদ্দেশ হওয়া ব্যক্তির সম্পদ তাদের বয়স ৯০ বছর হওয়া পর্যন্ত বিক্রি করা জায়েয হবে না এবং তা ভোগ করাও যাবে না, বরং তা হেফাজত করে রাখতে হবে। তাদের স্ত্রী-সন্তান ও মাতা-পিতা ন্যায্য পরিমাণ ভরণপোষণ বাবদ খরচ নিতে পারে। সুতরাং প্রশ্নে উল্লিখিত ব্যক্তিদের সম্পদ কারো জন্য বিক্রি করা জায়েয হবে না এবং স্ত্রী-সন্তান, মাতা-পিতা বাদে অন্য ওয়ারিশরা ভোগও করতে পারবে না। (১৮/২৫০/৭৫৬১)

📖 الفتاوى الهندية (زكريا) ٢/ ٢٩٩ : هو الذي غاب عن أهله أو بلده أو أسره العدو ولا يدرى أحي هو أو ميت ولا يعلم له مكان ومضى على ذلك زمان فهو معدوم بهذا الاعتبار، وحكمه أنه حي في حق نفسه لا تتزوج امرأته ولا يقسم ماله ولا تفسخ إجارته وهو ميت في حق غيره لا يرث ممن مات حال غيبته، كذا في خزانة المفتين.

📖 فيه أيضا ٢/ ٣٠٠ : ينفق من ماله على من تجب عليه نفقته، حال حضرته بغير قضاء كزوجته وأولاده وأبويه وكل من لا يستحقها بحضرته إلا بقضاء فإنه لا ينفق عليه كالأخ والأخت ونحوهما -

নিখোঁজ ছেলের স্ত্রী ও সন্তানরা শ্বশুর ও দাদার সম্পদ পাবে কি না

প্রশ্ন : আমার দাদা হাজী আসআদ আলী। তার দুই ছেলে ও দুই মেয়ে। দাদা আসআদ আলীর জীবিত অবস্থায় বড় ছেলে নিখোঁজ হয়ে যায়। বড় ছেলে আবিদুর রহমানের নিখোঁজের দুই বছর পর দাদার ইন্তেকাল হয়। বড় ছেলে আবিদুর রহমানের এক মেয়ে ও স্ত্রী আছে। উল্লেখ্য, ৫ বছর পূর্বে এই স্ত্রীর অন্য স্থানে বিবাহ হয়ে যায়। এখন আবিদুর রহমানের এই মেয়ে ও স্ত্রী দাদা আসআদ আলী থেকে সম্পদ পাবে কি না? পেলে কতটুকু পাবে? বিঃদ্রঃ. বড় ছেলে নিখোঁজ হয়েছে প্রায় ২৫ বছর পূর্বে।

উত্তর : ইসলামী বিধান মতে, যদি কোনো ব্যক্তি হারিয়ে যায় অনুসন্ধানের পরও তার কোনো খোঁজ না পাওয়া যায় তাহলে তার সম্পদের ব্যাপারে জীবিত বলে ধর্তব্য। তাই তার সম্পদের বণ্টন না করে তার জন্য রেখে দেওয়া হবে। আর তার সম্পদের রক্ষণাবেক্ষণ সরকারের দায়িত্ব। যখনই সে উপস্থিত হবে তার সম্পদ তাকে ফিরিয়ে দিতে হবে। যদি তার বয়স ৯০ বছর অতিবাহিত হয়ে যায় সরকার কর্তৃক তার মৃত্যু ঘোষণা করা হয় তখন তার সম্পদ জীবিত ওয়ারিশদের মধ্যে বণ্টিত হবে। আর পিতৃসম্পদ বাপের অন্য ওয়ারিশদের মধ্যে বণ্টন হবে, নিখোঁজের ওয়ারিশদের মধ্যে নয়।

Scanned by CamScanner

সুতরাং প্রশ্নের বর্ণনা সত্য হলে আসআদ আলীর সম্পদ শরীয়তে মুহাম্মদীর বিধান মতে তিন ভাগ করে দুই ছেলের দুই ভাগ ও দুই মেয়ের এক ভাগ হিসাব বণ্টন করতে হবে। নিখোঁজ আবিদুর রহমানের সম্পদ সরকার কর্তৃক বা এলাকাবাসী আমানতদার ব্যক্তির নিকট তা আমাতনস্বরূপ থাকবে। বর্তমান অবস্থার প্রেক্ষাপটে উক্ত সম্পদ কোনো ব্যাংকের তত্ত্বাবধানে সংরক্ষণ রাখাই নিশ্চয়তার সঠিক ব্যবস্থা বলে বিবেচিত। আবিদুর রহমান কখনো ফিরে এলে তার সম্পদ সে পেয়ে যাবে। অন্যথায় আসআদ আলীর ওয়ারিশ তথা এক ছেলে ও দুই মেয়ের মধ্যে তা বণ্টন করতে হবে। আবিদুর রহমানের ওয়ারিশদের মাঝে উক্ত সম্পদ বণ্টন করা যাবে না। (১১/৩১৩/৩৫৩)

📖 بدائع الصنائع (سعيد) ٦ / ١٩٧ : وأما حكم ماله: فهو أنه إذا مضت من وقت ولادته مدة لا يعيش إليها عادة يحكم بموته ويعتق أمهات أولاده ومدبره وتبين امرأته ويصير ماله ميراثا لورثته الأحياء وقت الحكم ولا شيء لمن مات قبل ذلك، ولم يقدر لتلك المدة في ظاهر الرواية تقديرا.

📖 رد المحتار (سعيد) ٤/ ٢٩٦ : (قوله: إلى موت أقرانه) هذا ليس خاصا بالوصية بل هو حكمه العام في جميع أحكامه من قسمة ميراثه وبينونة زوجته وغير ذلك -

📖 الفتاوى الهندية (زكريا) ٦/ ٤٥٦ : كذا في المحيط قال مشايخنا رحمهم الله تعالى: مدار مسألة المفقود على حرف واحد إن المفقود يعتبر حيا في ماله ميتا في مال غيره حتى ينقضي من المدة ما يعلم أنه لا يعيش إلى مثل تلك المدة، أو تموت أقرانه وبعد ذلك يعتبر ميتا في ماله يوم تمت المدة أو مات الأقران -

📖 فيه أيضا ٦/ ٤٥١ : وباقي العصبات ينفرد بالميراث ذكورهم دون أخواتهم وهم أربعة أيضا: العم وابن العم وابن الأخ وابن المعتق، كذا في خزانة المفتين.

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ٦/ ٥٤٢ : الجواب-شریعت مقدسہ میں مفقود الخبر ۹۰ سال تک زندہ اور اپنی جائیداد کا مالک ہوتا ہے۔اس لئے جب تک مفقود الخبر کی عمر ۹۰ سال نہ ہو جائے اور مسلمان حاکم اس کی موت کا فیصلہ نہ کردے اس وقت تک اس کی جائیداد کو تقسیم نہیں کیا جائے گا، جب مسلمان حاکم یا قاضی کی طرف سے اس کی موت کی تصدیق وفیصلہ ہو جائے، تو اس وقت موجود ورثاء میں اس کی جملہ جائیداد بطور میراث تقسیم ہوگی اور فوت شدہ ورثاء محروم ہوں گے۔

Scanned by CamScanner

নিখোঁজ ছেলেকে বঞ্চিত করে অন্যদের সম্পদ হেবা করে দেওয়া

প্রশ্ন : একজন লোক ১৫-১৬ বছর পূর্বে কাউকে না বলে বাড়ি থেকে চলে গেছে। বর্তমানে সে কোথায় আছে, জীবিত না মৃত, তা তার পিতা কিংবা বাড়ির কোনো লোকই বলতে পারে না। এ দীর্ঘ সময়ের মাঝে বাড়ির খোঁজখবর নেয়নি এবং কোনো প্রকার সাহায্য-সহযোগিতাও করেনি। পিতা তার ছোট ছোট ছেলেমেয়ে নিয়ে অতি কষ্টে সংসার চালাচ্ছেন এবং তিনি খুবই দুর্বল হয়ে পড়েছেন। তাই পিতার ইচ্ছা হলো, তিনি তাঁর জমিজমা সবার মাঝে নিয়ম অনুযায়ী বণ্টন করে দেবেন। উক্ত পরিস্থিতিতে পিতা যদি তাকে সম্পত্তির কোনো অংশ না দিয়ে অন্যদের মাঝে বণ্টন করে দেন, তাহলে এ ব্যাপারে শরীয়তের ফয়সালা কী?
উল্লেখ্য, ওই ছেলে বাড়ি থেকে চলে যাওয়ার কিছুদিন পর পত্রের মাধ্যমে তার স্ত্রীকে তালাক দিয়েছে। তার সন্তানও আছে। পিতা তাকে বিয়ে দিয়েছেন। বাড়িতে থাকাকালীন সময় সে পিতার অনেক আর্থিক ক্ষতি করেছে এবং পিতার মানহানিকর কাজ করেছে। চলে চাওয়ার চার বছর পরও কিছু ক্ষতি করেছে। পিতার উপকার হতে পারে–এমন কোনো কাজ সে করেনি এবং চলে যাওয়ার পর পিতার অনেক জরিমানা দিতে হয়েছে। পিতার এই ভয়ও আছে যে তাকে জমি দিলে হয়তো ভালো কাজে যাবে না। এ ব্যাপারে বিস্তারিত জানতে চাই।

উত্তর : বাপ যদি জীবিত অবস্থায় তার ছেলেসন্তানের মাঝে সম্পত্তি বণ্টন করে দিতে চায় শরীয়তের দৃষ্টিতে তা জায়েয হবে। তবে এ ক্ষেত্রে ছেলেমেয়ে উভয়কে সমানভাবে দেওয়াটাই উত্তম। হ্যাঁ, ছেলেসন্তানের মধ্যে যদি কেউ বাপের অবাধ্য এবং শরীয়ত গর্হিত কাজে টাকা-পয়সা ব্যয় করায় অভ্যস্ত এবং বাবার প্রবল আশঙ্কা যে ভবিষ্যতে ওই ছেলে সম্পত্তি ভালো কাজে ব্যয় করবে না। যেমন–প্রশ্নের বর্ণনা থেকে স্পষ্ট বোঝা যাচ্ছে তাহলে এমতাবস্থায় বাবা যদি তাকে সম্পত্তি থেকে বঞ্চিত করতে চায় শরীয়তের আলোকে তা জায়েয হবে। (৪/২৪৮)

📖 البحر الرائق (سعيد) ٧/ ٢٨٨ : وفي الخلاصة المختار التسوية بين الذكر والأنثى في الهبة ولو كان ولده فاسقا فأراد أن يصرف ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه لأن فيه إعانة على المعصية.

📖 امداد الفتاوی (زکریا) ۳/ ۴۷۰ : اگر کسی وجہ شرعی سے مثل نافرمانی وایذا رسانی وفسق وظلم وغیرہ پسر کو بے حق کیا تو گناہ بھی نہ ہوگا اور اگر بے وجہ کیا تو گناہ ہوگا۔

Scanned by CamScanner

Scanned by CamScanner

من يرد الله به خيرا يفقهه في الدين

فتاوى فقيه الملة

ফাতাওয়ায়ে ফকীহুল মিল্লাত

তত্ত্বাবধান ও দিকনির্দেশনায়

ফকীহুল মিল্লাত মুফতী আব্দুর রহমান (রহ.)

প্রতিষ্ঠাতা : মারকাযুল ফিকরিল ইসলামী বাংলাদেশ

বসুন্ধরা, ঢাকা।

১২

প্রকাশনায়

ফকীহুল মিল্লাত ফাউন্ডেশন বাংলাদেশ

বসুন্ধরা, ঢাকা।

Scanned by CamScanner